প্রথম প্রকাশ : বৈশাথ ১৩৬৭/এপ্রিল ১৯৬০
প্রকাশিকা : লতিকা সাহা। মডার্ন কলাম। ১০/২এ, টেমার লেন, কল-৯
মন্ত্রাকর : দ্বলাল জানা। নিউ গঙ্গামাতা প্রিশ্টিং। ১৯ডি, গোয়াবাগান শিষ্ট, কল-৬
প্রচ্ছদ : পার্থপ্রতিম বিশ্বাস

উৎসগ' নীলকণ্ঠের [দোয়েলকে

টোবা টেকসিং 29 খোদার কসম 29 হেরে চলে গেল 00 লাইসেম্স 02 গ্রম্খ সিং-এর উইল 87 কালো শালোয়ার de ইদন 95 অধে'ক নারী 99 নয়া কান্ত্ৰ RO স্বরাজের জন্য 20 দিনশ শ' উনিশের একটি ঘটনা 254 नारानोनात रे नुत 204 আমি কেন লিখি 282

এক নজরে মণ্টো

788

উদ্র সাহিত্যের খোদাতাল্লা মণ্টো

"এখানে সাদাত হাসান মণ্টোকে দফন করা হয়েছে। তার ব্রকের গভীরে গঙ্গের রহস্য এবং মম'কথা তা এখানে কবরে শায়িত। যেন মাটির নিচে শুয়ে শুয়ে ভাবছে, সে বিরাট গল্পকার, না খোদাতাল্লা।"

মশ্টোর ইচ্ছে ছিল, তার কবরের ওপর এই কথাকটি লেখা থাক। এ তার অহংকার নয়, বরং বলা যায়, খোদাতাল্লার থেকে বড় একজন কথাশিলপীর আত্মবিশ্বাস। আর যে আত্মবিশ্বাস—স্ভির যে প্রচম্ভ ব্যথা এবং
বেদনা সেই ব্যথা এবং বেদনা তার দেহের প্রতিটি রক্তের তন্দ্রীতে নিয়ভ
প্রবাহিত হতে হতে ভাকে সমাজের গহীন অন্ধকারে টেনে নিয়ে গিয়েছিল।

টেনে নিয়ে গিয়েছিল বললে ভ্লে হবে, তিনি স্বেচ্ছায়—আবেগে সমাজের সেই মানুষের মধ্যে গিয়ে দাঁড়িয়েছেন, দাঁড়িয়ে সেই পাঁক গায়ে না লেপটেও, সেই পাঁকের এক একটি কীটের মম' বাথাকে তুলে ধরার চেণ্টা করেছেন।

মণ্টোর সাহিত্যিক জীবন শ্রুর হয় 'লা মিজারেবল' এবং গোকীর গলপ অনুবাদের মধ্যে দিয়ে। 'লা মিজারেবল' এবং গোকীর গলেপর মধ্যে মানুষের জীবনের যে সভ্যতা, যে নিবিড় মমতা এবং যে গভীর বোধ এবং ব্যথা, তা তিনি তাঁর লেখক জীবনের শ্রুরুতেই অনুভব করেন—সেই ব্যথা বেদনার অতস্থলে যে অন্য এক মন এবং দ্ল'ভ চিত্তা ল্বিকয়ে আছে, তা আঁতিপাতি খ্ব'জে বের করার জন্যে তাঁকে অনুপ্রাণিত করে। তাঁর জীবনের প্রথম দিককার গলেপ মোপাসাঁ বারবার এসেছে—তাঁকে প্রভাবিত করেছে। তিনি নিজেই আর এক মোপাসাঁ হয়ে উঠেছেন।

মণ্টোর প্রথম গলপ সংগ্রহ 'আতিশপারে'। এই গলপ সংগ্রহ পড়লে বোঝা যায় জীবনের শ্রুর থেকেই তিনি মানুষের ব্যথা-বেদনা এবং দৃঃখ কল্ট সম্পর্কে গভীর ভাবে ভাবিত। মানুষের ওপর মানুষের যে নাননে ধরনের অত্যাচার, সেই অত্যাচারের বিরুদ্ধে তিনি চীংকার করে উঠেছেন— বিদ্রোহ ঘোষণা করেছেন।

কিন্তু এই বেদনা এবং বিদ্রোহ মণ্টো কোন রাজনৈতিক এবং দশনের গভীর বিশ্বাস থেকে অনুভব করেননি, বরং বলা যেতে পারে, এ ছিল এক সংবেদন শীল লেখকের তাৎক্ষণিক প্রতিক্রিয়ার অনুর্বন ভাঁকে গ্রুপ লেখাক প্রেরণা জর্বগরেছে। আর এই অত্যাচারিত—নিষাতিত সমাজের বিরুদ্ধে তিনি বিদ্রোহের যে ঝাডা পরবর্তা জীবনে উড়িয়ে দিয়েছিলেন, তা স্বাভাবিক এবং অভ্যন্ত মানবিক ও সামাজিক দ্ভিট সম্পন্ন মান্ত্রও হোঁচট খেতে খেতে গ্রহণ করতে পারেননি। কখনও কখনও তিনি তাঁদের প্রশংসা কুড়িয়েছেন। কখনও বা হয়েছেন প্রচাড আক্রমণের সম্মুখীন। এক্রিদন তাই তিয়ি উদ্ব্রণ সাহিত্যের 'আত্তক' হয়ে উঠলেন।

কেন তিনি 'আত ক' হয়ে উঠলেন—চিরাচরিত গ্লপ বলার সব িছ প্রথা
—এমন কি পরিচিত পাত পাতীকেও ছ "ড়ে ফেলে দিয়ে তুলে ধরলেন
অংধকারের সেই চিরায়ত মান্মকে, যারা য্ণ য্ণ ধরে শোষিত নিয়তিত।
যাদের মান্য দেখেও না দেখার ভান করে। মণ্টো তাদেরই দিকে তাকালেন।
তাকিয়ে অনুসাংধংস্ আর নিবিড় মমতা দিয়ে তাদের মান সংজ্গতকে
দক্ষ সাজেনির মতো বাবচ্ছেদ করে দেখলেন—পর্থ করলেন অজানা অদেখা
এক জগতকে, যে জগতকে এর আগে এমন ভাবে কেউ পর্থ করে দেখার
দঃসাহস করেনি।

তার এই দ্বংসাহস তাকে এমন এক জারগার দাঁড় করিয়েছিল ষেখানে
. দাঁড়িয়ে তিনি আমাদের এই 'ভদ্র' এই 'শিক্ষিত' এই 'মাজি'ত' সমাজকেই
আসলে আরোশে বাবচ্ছেদ করেছেন।

সাদাত হোসেন মণ্টোকে ব্ৰুতে হবে—অনুধাবন করতে হবে এখানে
দাঁড়িয়ে উন্মন্ত মন নিয়ে। কারণ মণ্টো আমাদের চিরাচরিত ধ্যান ধারণার
চিরাচরিত মার্গে বর্শা তুলে ধরেছেন। আর সেই বর্শা নিয়ে নিজের ব্রুকেই
অব্যোরে কাঁদতে কাঁদতে সমানে রক্ত কারিয়ে দিয়েছেন। আর রক্ত কারাতে
কারাতে তিনি নিজেই জ্ঞান হারিয়েছেন—উন্মাদ হয়ে গিয়েছেন। তাই তিনি
উদ্ব সাহিতে)র 'আতৎক' হয়ে উঠেছিলেন।

মশ্টোর লেখার রাশিয়ান সাহিত্যের প্রভাবকে অন্বীকার করা যায় না,
কিনি নিজেও কোন দিন করার চেন্টা করেননি। 'শগল' 'নারা' এবং 'নয়া কান্ন'-এ তিনি মান্যের বিদ্রোহী আত্মাকে উপদ্থিত করেছেন। কিন্তু এ বিদ্রোহ ছিল অভাববোধ এবং প্রতিক্রিয়া থেকে উন্তৃত। 'নয়া কান্নের', কোচওয়ান মংগ্র ইংরেজ সওয়ারিকে মেরে আর 'নারা'-র কেশবলাল শেঠজীকে গালি দিয়ে তাদের অপমান অভাব বোধ এবং তাংক্ষণিক ষে প্রতিক্রিয়া, তার প্রতিশোধ নেয়। মন্টোর গলেপ এই ষে রাজনৈতিক এবং সামাজিক বিদ্রোহ, তা ক্রমেই ষোন-বিদ্রোহে রুপাণ্ডরিত হয়। কিন্তু এই বিদ্রোহের মেজাজ তেমনি রয়ে গেল। তাঁর সেই আক্রমোন্ম্র 'আত্তকবাদী' যে অভিত্যা এবং ব্যক্তিম তাঁর মধ্যে কোন ফারাক স্থিত করোন। মন্টো ষোন পবিত্যার জায়গায় ষোন-প্রবৃত্তিকে যাচাই করতে চেয়েছেন—কারণ তিনি মনে করতেন, এই দ্বাশ্য পচা গলা সমাজের নৈতিকতা যোন পবিত্যা নয়—যোন অবদমনে। আর দার্শনিক অভিপ্রায়ে মান্যের মধ্যে স্থিত হয়েছে যোন-বিকৃতি। তাই মন্টোর মতো সংবেদন গীল লেখক এই যোন বিকৃতির যে সামাজিক ও মান্সিক রুপ তাটুকরো টুকরো করে ছি ডে ফেলেছেন। তাই তাঁকে 'অল্লীল কথা শিক্ষাণী এবং যোন ভাবনায়উন্দীপ্ত লেখক' হিসেবে চিহ্নিত করলে, তিনি তার জ্বাবে স্কুপ্রতি ভাবে বলেছেন ঃ

"যে বাংগে আমরা বিচরণ করছি, সে যাগ সম্পর্কে যাদ আপান আপরিচিত ইন, তবে আমার গলপ পড়ান। যদি আপান আমার গলপ সহা করতে না পারেন, তবে বাঝতে হবে এ যাগকে আর সহা করা যাছে না। আমার মধ্যে যে বাটি-বিচ্ছাতি আছে, তা এ যাগেরই বাটি বিচ্ছাতি। আমার লেখার মধ্যে কোন বাটি নেই। যা নিয়ে আমাকে দোষারোপ করা হছে, তা বাস্তবে আধানিক সমাজেরেই দোষ। আমি অরাজকতা চাই না। আমি সেই সংস্কৃতি, সেই সভ্যতা আর সেই সমাজকেই টাকরো টাকরো করব, যা স্বয়ং নাজা—উলঙ্গ। আমি উলঙ্গতাকে কাপড় পরানোর কোন চেণ্টা করিন। কারণ এ কাপড় পরানোর কাজ আমার নয়, দার্জার। লোকে বলে আমার কলম কালো। কিন্তু আমি কালো পাটাতনের ওপর কালো চক দিয়ে লিখতে চাই না। আমি সাদা চক এই জন্যেই হাতে তুলো নিয়েছি, যাতে কালো পাটাতনের যে কালোরূপ তা আরও স্পণ্ট হয়ে ওঠে।'

এ জ্বনোই বোধ হয় মন্টো স্থাদর এবং মানবিকতা-সম্পন্ন মান্ধকে এমন ভাবে চিত্রিত করেছেন, যাতে তথাকথিত 'ভালো মান্ধের' নিচতা, সেই নিচতা যেন ঘূণায় জ্জানিত হয়।

'নীলম' গলেপর রাজিকিশোরের যে দীপামান পবিহতা, তার মধ্যেই ল্কিয়ে আছে তার নোংরা আত্মার অভিলাষ। আর এই অভিলাষকে ঢেকে: রেখেছে তার চাকচিকামর পবিহতা। কিন্তু 'বাব্ গোপীনাখ'-এ আমরা দেখতে পাই বাব্ গোপীনাথ বিলাসী, তার জীবনে পবিহতার কোন ছান লেই, কিন্তু সেই বিলাসীতার মধ্যে লুক্তিরে আছে আর এক গোপীনাথ, বে দরদী, সংচরিত—মানুবের দুঃখ কন্টে আকুল হয়ে ওঠে।

রাজকিশোর সমাজে প্রতিষ্ঠিত। তার স্কুলর ব্যবহার এবং আন্মার পরিতা দিয়ে সে সমাজকে মুক্ষ করে রেখেছে। কিন্তু রাজকিশোরের ষে মানবাত্মা তা অনেক আগেই দফন হয়েছে। তার মধ্যে মানবিকতার কোন নাম-গণ্য নেই। সে খোকাবাজ—ঠগ। কিন্তু বাব্ গোপীনাথের চরিত্র রাজকিশোরের ঠিক বিপরিত। রাজকিশোরের মতো সে অন্যের সঙ্গে খোকাবাজী করে না—সে নিজেই নিজেকে খোকা দেয়—নিজেই নিজেকে ঠকার।

'বেশ্যা বাড়ি আর পারৈর মাজার—এই দ্ব'জায়গাতেই আমি আমার আন্ধার শাণিতর লাভ করি। সেখানে মেঝে থেকে ছাদ পর্য'ত শ্বেশ্ব ধোকা আর শঠতায় পরিপ্রেণ'। আর যে মান্য নিজেকে ঠকাতে—ধোকা দিতে চায়, তার কাছে এর চেয়ে আর ভালো জারগা কি হতে পারে।'—এ হচ্ছে বাব্ব গোপীনাথের চরিত্র।

রাজকিশোরের বিপরিত ধমী চরিত্র চিত্রাভিনেতা শ্যামকে মণ্টো স্থিভিকরেছন। শ্যামের মধ্যে আছে সহিস্কৃ-তার উষ্ণতা, আর রাজকিশোরের মধ্যে নিহিত অহংকারের এক হিম শীতলতা। শ্যাম মদ্যপ কিশ্তু তার ছিল বিশাল প্রদর। যে প্রদরে কোন সার্থপরতা নেই। বাব্ গোপীনাথ আর শ্যাম মদ্যপ হওয়া সত্ত্বেও তাদের চরিত্রের মধ্যে এমন ভব্যতা ছিল, যা রাজকিশোরের মধ্যে ছিল না। বরং তার মধ্যে ছিল জঘন্যতা—নোংস্পামো। তাই নীলম রাজকিশোরে সম্পর্কে বলে, 'আমি তার ঠোঁটে এক সর্বনাশা জ্বালা-ধরা চুম্বনের ক্রলাম, আমার মনে হল, ও বেন এক হতবৃন্ধের মতো আমার চুম্বনের ক্রশেশ শীতল হয়ে গেল।' রাজকিশোর সম্পর্কে এ এক অভিমানী তর্বাীর উদ্ধি।

ষারা বাইরে এবং অশ্তরে সত্য সতাই 'ভালো মান্র' মণ্টো তাদের নিম্নে কলম ধরেননি। কলম ধরার প্রয়োজনও অনুভব করেননি। মণ্টো অহমদ নদিম কাসবী সম্পর্কে বলেন, 'এই সত্যবাদী ভদ্র এবং ভালো মান্র সম্পর্কে আমি কি লিখব—'তিনি সতিাই ভদ্র।'

মণ্টো বোনতাকে বে ভাবে চিত্রিত করেছেন, তা অন্য বোন লেখকের মডেনই হরতো আপাত দ্খিটতে একই রকম বাস্তবধ্মী। কিন্তু মণ্টো অমন সমস্যা তার মধ্যে উপস্থিত করেছেন বা বৌন সর্বাশ্বভাবে এক পাশে সরিয়ে অন্য এক সামাজিক এবং মানবিক সমস্যা বিজয়ীর মতো মাথা তুলে দাঁড়িয়েছে। আর তিনি দেখাতে চেন্টা করেছেন এক থেকে এক খারাপ মানুষ—সে দালাল ব্যাভিচারী খুনি গুল্ডা বেশ্যা বেই হোক না কেন, তার মধ্যেও আছে টিমটিম প্রদীপ শিখা। বে প্রদীপ শিখা মশালের রূপ ধারণ করার মতোই শত্তি রাখে। সমাজ যদি তার কৃতিমতা কপটতা এবং জভামি ইত্যাদিকে ছাঁরড়ে ফেলে দিতে পারে, তবে জাঁবন জ্যোতিমার স্বন্ধ এবং আনন্দে ভরপরে হয়ে উঠতে পারে। কিন্তু মণ্টো তাঁর গদপ পাঠককে এমন এক 'দক' দিতে অভান্ত যে, সাধারণ পাঠক সেই 'দক' গ্রহণ করতে না পেরে ট্রাজিকতার বিমর্থ হয়ে পড়েন। আর মণ্টোকে গালি দিতে থাকেন।

মন্টোর কাছে তাই প্রাকৃতিক মানুবই সাক্রা মানুষ। এই মানুব তাই দেবতাও নয়, পদা্ও নয়। ডি এইচ লয়েদেরর এই সিম্পাণ্ডের প্রতি তিনি বিদ্বস্ত ছিলেন। নিছক কোন ধমীয় বিদ্বাস তাঁর ছিল না। বরং বলা বায় তিনি সম্পূর্ণভাবে ধমায় কুসংস্কার-মৃত্ত একজন নাজিক মানুব—মেনাস্তিকতা মানুবের ব্যক্তিমকে বিকশিত করে—তাকে মহয়য়ান করে তোলে। এই কুসংস্কারজয় সমাজকেই মণ্টো তাঁর সর্ব শান্ত দিয়ে বায়বার বিশ্ব করেছেন এবং নিজেকেও তাঁর হাত থেকে রেহাই দেননি। মণ্টোর এই বিশ্বাস অত্তত তাঁর দৃটি গলেপর মধ্যে অনায়াস ভাবে এসেছে—বেশানে তাঁর প্রাকৃতিক মানব বন্য বুগের আদি মানব নয় বরং নৈতিকতার অভিসিক্ত এ বুগের আর এক দীবা মানুষ।

'পাঁচ দিন' গলেপ মণ্টো এমন একজন প্রফেসারের চরিত্র আঁকেন যে সারা জীবন ধরে তার যে দৈহিক ইচ্ছা, সেই ইচ্ছাকে জ্যোর করে দাবিয়ে রাখেন। কিন্তু জীবনের শেষ পাঁচ দিনে সে একটি মেয়ের যৌন সংসর্গে আসে। এবং তার দেহে নিজের ক্ষয় রোগের বিজ্ঞান্য দিয়ে আত্মতৃত্তি লাভ করে। কিন্তু মৃত্যুর সময় সে বিনা ন্বিধায় ন্বীকার করে, তার জীবন ফেরেবাবজীতে ভরপরে। 'এক ন্বাভাবিক ইচ্ছাকে হত্যা করা হয়তো অনেক বড় মহান ব্যাপার, কিন্তু তার চেয়েও মহান হচ্ছে মান্বকে হত্যা করা। মান্বের এই প্রাকৃতিক ইচ্ছাকে অবদমিত করা জ্বামুম ছাড়া আর কি।'

কিন্তু 'ৰাসভ' গণ্ডেপ বাসত তার নিজের যে দর্ব'লভা, সেই দর্ব'লভাকে জয় করে। সে জানত তার স্ত্রী এক অবৈধ মৃত সন্তানকে জন্ম দিয়েছে। কিন্তু সে এই অবৈধ সন্তানের রহস্যকে উদ্বাটিত না করে, বরং নিজের হাতে সে শিশ্ব সন্তানকে কবর দেয়। কবর দিয়ে সে তার স্থীর এক প্রচন্ড পাপানভাতির বে বেদনা, সেই বেদনাতে ভালোবাসার মধ্বর স্পর্শ লাগায়।

'মোজেল'-এর মধ্যেও আমরা এমনই এক দ্বল'ভ মানবিক সন্তাকে দেখি— যে সন্তা সচারচর দেখা যার না। মোজেল ম্বসলমান পরিবার পরিবেভিত এক ইহুদি মেয়ে। অনেক ঘটের জল-থাওয়া। সে কোন সমাজ কোন ধম' কোন নৈতিকতার পরওয়া করে না। কিল্তু তার মধ্যে এমন কতকগর্বিল স্ক্রেম মানবিক অন্ভর্তি লইকিয়ে ছিল, যা হিল্দ্-ম্বসলমানের দালার সময় প্রস্ফ্টিত হয়ে ওঠে। আর যে প্রস্ফ্টিত অন্ভর্তি ব্বকে নিয়ে সে তার একদা প্রোমক হিলোচনের বাগদন্তার প্রাণ বাঁচানোর জন্যে নিজের প্রাণ স্বেছায় উৎসর্গ করে। মোজল তথাকথিত ধর্ম নৈতিকতা সব কিছুরে যে চিরায়ত ধারণা তা ভেঙে তছনছ করে দেয়।

'ম্বরাজের জন্যে' গলেপর গোলাম আলীকে তার যে স্বাভাবিক ইচ্ছা এবং অভিলাম, তা যদি পরেণ করতে দেওয়া হত, তবে সে এক মহান ব্যক্তিতে এবং সমাজের আর দশ জনের কাজে লাগতে পারত। কিন্তু সে এক দৈহিক এবং মানসিক রোগের শিকার। এ রকম মান্য স্বাভাবিক ভাবেই নপ্রংসক হয়—কল্পনায় নিজের ইচ্ছা প্তি করে এবং কাপ্রের্ষে পর্যবসিত হয়। ফলে সে নিজেই নিজেকে দেখে ভয় পায়।

'শ্বরাজের জনো' গলেপ মণ্টো শ্বাধীনতা আন্দোলনের এমন এক কালকে এবং এমন এক নেতৃত্বকে দেখিয়েছেন, যে নেতৃত্ব সমগ্র আন্দোলনকে নিস্তেজ —নপ্রংসক করে দিয়েছে। সেই কালের এই 'মহান,' 'দাপটে', নেতা বাবাজী আর কেউ নন, প্রয়ং গাম্বীজী। আর তার আশ্রম হচ্ছে স্বরমতী আশ্রম, যে আশ্রমে স্থানরী মেয়েরা ঘি-দৃষ্ধ থেয়ে লাবণো উম্ভাষিত, আর প্রব্যুষরা হাড়গিলে—যুক্ছেত ব্রহ্মচর্ষের মহান ব্রত পালন করতে করতে নিঃশেষিত হচ্ছে।

'স্বরাজের জনো' পড়তে পড়তে চমকে উঠতে হয়। মনে হয় কে বলেছে, মণ্টো রাজনীতির উত্থান-পতন সম্পর্কে সচেতন ছিলেন না, বা ভাবতেন না।

তাই এই আন্দোলনের একজন উৎসাহী কলী কর্মণী গ্রনাম আলী ব্রহ্মচর্য

পালন করতে করতে রোগের শিকার হয়।

'শ্বরাজের জন্যে' গলগটি মণ্টোর এক অসমান্য রাজনৈতিক গলপ। পড়তে পড়তে মনে হয় সেই রাজনৈতিক তাংপয' আজও কংগ্রেসের মধ্যে অট্টে। আজও সেই রাজনীতি নিয়ে তারা ফেরেববাজী করছে। দেশকে ক্রমেই পঙ্গা অথব' এবং নপা্ংসক করে তুলছে।

উদ্ব সাহিতাকে মণ্টো অনক অসাধারণ গলপ বা অফসানা উপহার দিয়েছেন তার মধ্যে ক্ষত, কালো সালোয়ার, মামী, মোজেল, খুলে দাও, টোবা টেকসিং বিশেষ ভাবে উল্লেখযোগ্য। 'টোবা টেকসিং' লেখার জনো, তাকে কয়েক মাস পাগলা গারদে পাগলদের সঙ্গে কাটাতে হয়। দেশ বিভাগের ওপর এমন গলপ আর দ্বটি ভারতীয় সাহিত্যে লেখা হয়েছে কিনা সন্দেহ।

তাঁর 'ব্', ঠা'ডা গোশ্ত', 'কালো সালোয়ার' 'ধে'ায়া' এবং 'ওপর নিচে এবং মাঝখানের' বির্দেধর অগ্নীলতার মামলা দায়ের করা হয়। 'থুলো দাও' গলপ প্রকাশ করার জন্যে উদ্ব মাসিক পঠিকা 'ন্কশ' ব'ধ করে দেওয়া হয়। আর 'ঠা'ডা গোশ্ত'এ-র জন্যে 'জাবেদ'-কে জরিমানা দিতে হয়। 'ওপর নিচে এবং মাঝখানে-র' এক কিন্তি ছাপার পর সরকার ব'ধ করে দেয়। ফলে কোন পঠিকাই আর পরবত'ী কিন্স্তিগ্লো ছাপতে রাজি হয় না। নিজেই পরবতী সময়ে বই হিসেবে ছাপিয়ে বের করেন।

উদ্যেশ সহিত্যক মুমতাজ মুফতির গলেপর মটিতা তাঁর গলেপ হয়তো তেমন কোন গভীর মনোবিশ্লেষণ নেই, কিব্তু দেহের এক প্রচম্ভ আকুতি এবং বিশ্লেষণ আছে। বোধহয় সে জন্যেই মন্টোর গল্পকে বড় বেশী অল্পীল বলে মনে হয়। আর তাই তাঁর গলেপ বারবার সতেজ—তরতাজা গোশ্তে, রাখালক হান—উলঙ্গ গোশ্ত, লিপ্নিটক-মাখা বাসি গোশ্ত, গোশ্তের নানা রঙ নানা মাপ নানা টুকরো আর গোশ্ত থেকে উন্গারিত ধোঁয়া দেখা বায়। এই 'শরীর সর্বন্ধ্বতা' সম্পর্কে তাই সমালোচক আহমদ নদিম কাসিমীর বন্ধবাকে পালটা আক্রমণ করে মন্টো বলেন ঃ

"তুমি মেয়েদের শরীরের রহস্য কতট্বকু জানো? তুমি এখনও বিশ্নেশাদি পর্যাত করনি। মদও চেখে দেখনি। নারীর দেহে মোপাসাঁ জল বিন্দরে যে অসাধারণ রূপ স্ভিট করেছেন, সেই স্ভিট তুমি কিভাবে অনুভব করবে? যদি তিনি এই রূপ এবং রঙের যথার্থ বর্ণনা না দিতেন তবে

সেই নারীকে কপট বলে মনে হত। জলের এই ছোট ছোট বিন্দ্র ভার জীবনে এনে দিয়েছে ঐশ্বর্য। নিশ্চরই কৃষকদের নিয়ে গলপ লিখেছ। ভার অর্থ এ নর যে, তুমি কৃষক রমণীদের মনোবৃত্তি জানো বা ব্রেথ ফেলেছ। মেরেদের নিয়ে লেখার সময় মেরে হয়ে যেতে হয়। তলস্তয় কখনও কখনও গাণ্বীপনা করেছেন। কিন্তু তুমি কি মনে কর আনা কার্রাননার পায়ের ওপর লেখার সময় তেমন কোন ইচ্ছা কি তাঁর মধ্যে জাগর্ক হয়েছিল, বেমন জাগর্ক হয়েছিল মেপাসাঁর তাঁর নায়িকার শরীরের ওপর গোলাপী আভার জলের বিন্দ্র দেখে। শোন, আহমদ নদিম কাসিমী, তুমি হচ্ছ সাহিত্যের বিদেশ মন্ত্রী। আর আমি হচ্ছি গৃহ্মন্ত্রী।"

মণ্টোর এই যে নগনতা, বাশতবতঃ তা হচ্ছে আধ্বনিক সভ্যতার যে পাপ, সেই পাপের বিরুদ্ধে প্রচ্ছন্ন বিদ্রোহ। আর এই প্রচ্ছন্ন বিদ্রোহের মধ্যে আমরা খ'বজে পাই মণ্টোর ক্ষোভ ঘ্ণা এবং ভালোবাসাও। কৃষণ চন্দর ভাষার বলা হয় 'কে যেন তার গলপ থেকে সমস্ত রকম কোমলতা এবং মিষ্টতা ছিনিরে নিয়েছে। বোধ হয় সে স্বয়ং তার গলপ থেকে সমস্ত কোমলতা এবং মিষ্টতাকে ধাকা দিতে দিতে বের করে দিয়েছে। আমার বিশ্বাস কোন উৎপীড়কের মনোভাবের প্রভাব থেকে সে এ কাজ করেছে। 'শালা নিকাল যা, নিকাল যা—জিশেগী বড়া কঠিন'।

তাঁর গণেপ তাই আবেগের কোন স্থান নেই। সমস্ত আবেগকে তিনি ম্বাড ধাকা দিয়ে বের করে দিয়েছেন।

মশ্টোর সমদত গণপকে অনুধাবন করতে হবে—ব্রুতে হবে এই রুক্ক মাটির ওপর দাঁড়িয়ে—বেখানে কোন মায়া কোন মমতা কোন ভালোবাসা নেই। আছে শুধু উৎপীড়ন—লাঞ্ছনা।

প্রথিতখশা প্রগতিশীল কবি সদার জাফরীর ভাষায় মণ্টো সম্পর্কে বলা বার ঃ

"সে ছিল সংবেদনশীল, তাই তাকে দ্ব'বার পাগলা গারদে বেতে হয়।
তার মধ্যে কোন ল্কোচ্রি—গোপনীয়তা ছিল না বলে তাকে আদালতের
কাঠগড়ার দাঁড়াতে হয়। মেজাজী ছিল বলে দ্বশমনদের সঙ্গে লড়াই করতে
হরেছে। অভিমানী ছিল তাই না খেরে মরতে হয়েছে। প্রথম থেকেই
ছিল পিপাসার্ত সেজনো মদ ধরে। বে চে থাকার কোন পথ খবিজে বের
করতে না পেরে মারা গেল। কিন্তু সে ছিল শিল্পী, তাই মরেও বে চে

রইল। আর্পনি হরতো শেবে জিজেন করবেন, এত রুক্ক এত খারাপ কথা সে কেন বলত? এত রুক্ক কথা সে বলত, কারণ এই সমাজই তাকে এমন করেছে। তার মতো হাজার হাজার লাখ লাখ মান্বও এমনি হরেছে। তার রুক্ষ কথার ধরন, আমাদের অবশাই ক্ষতি করেছে, লাভ হরেছে অনেক অনেক বেশী। মন্টোর এই রুক্ষ খারাপ কথা আমাদের সাহিত্যে এক অম্ল্য সম্পদ—এই সম্পদকে আমরা বাঁচিয়ে রাখব। আর সে সম্পদ আমাদের জীবিত রাখবে।

মণ্টোর স্থিত্ব ব্যথা বেদনা তীক্ষ্যতা ব্যক্ত এখানে,—এই ব্লক্ষ খারাপ শব্দ সম্ভারের মধ্যেই নিহিত রয়েছে। আর যে ব্লক্ষ শব্দ সম্ভার এবং মেজাজ থেকে খ'বজে নৈতে হবে সেই অজানা—অদেখা জগতের এক প্রক্ষের বিদ্রোহকে। আর যে প্রক্ষের বিদ্রোহের ঝাডা উড়িরে দিতে গিরে একজন মানুষ ক্ষত-বিক্ষত বিধাসত ভূখা এবং নাজা হয়েছেন। তাঁর দেশ— পাকিস্তান সরকার তার বিরব্ধে একাধিক মামলা দারের করেছেন—পাগলা গারদে পাঠিয়েছেন। পাঠিয়ে দেশের 'লালীনতা'—দেশের মর্যাদা', ধর্মের পবিহতো' রক্ষা করতে চেয়েছেন।

মশ্টো একজন বিতকিত লেখক। আমার মতে তিনি বিতকি তই খেকে বান। কারণ বিতকের বড়ই তাঁকে জীবতত এবং সজীব করে রাখবে।

क्मरणय रचन

টোবা টেকসিং

দেশ বিভাগের দ্ব-তিন বংসর পর পাকিস্তান এবং হিন্দুর্ব্বানের সরকারের থেয়াল হল কয়েদীদের মতো পাগলদেরও আদান প্রদান হওয়া প্রয়োজন। অর্থাং যে সব মুসলমান পাগল হিন্দুস্থানের পাগলা গারদে আছে তাদের পাকিস্তানে এবং যে সব হিন্দু ও শিখ পাকিস্তানের পাগলা গারদে আছে তাদের হিন্দুস্থানে পাঠিয়ে দেওয়া হবে।

জানি না এ ঠিক ছিল কি বৈঠিক ছিল। যাই-ই হোক, ব্ঝদার মান্বের রায় অন্সারে উচ্চস্ভরের কনফারেশ্স হল এবং শেষে এক দিন পার্গলদের আদন-প্রদানের বাবন্থা ঠিক হয়ে গেল। খ*্টিয়ে খ*্টিয়ে অন্সাধান চালানো হল। যে সব ম্সলমান পার্গলদের আত্মীঃ-স্বজন হিশ্দুছানে আছে তাদের সেখানেই রাখা ঠিক হল। আর পার্টিক্সতান থেকে যেহেতু সব হিশ্দু এবং শিখ হিশ্দুছানে চলে গিয়েছে তাই কাউকেই আর এখানে রাখার কথাই ওঠে না। যত হিশ্দু এবং শিখ পার্গল ছিল তাদের প্রিলশের পাহারায় সীমান্তে পেশছে দেওয়া হল। ওিদককার কোন খবর নেই। কিল্তু এ দিকে লাহোরের পার্গলা গারদে এই আদান-প্রদানের খবর পেশছলে খ্ব মজার মজার ঘটনা ঘটল। এক ম্সলমান পার্গল, যে বারো বংসর ধরে প্রতিদিন নিয়্মিত 'জমিদার' পহিকা পড়ে আসছে, তাকে তার এক বংশ্ব জিছেস করল, "মোলভী সাহেব, এই পার্কিনেন বংশুটা কি?" মৌলভী সাহেব খ্ব গভীর ভাবে কিছ্ব চিন্তা করে বলল, "হিশ্দুছানের মধ্যে এ এমন এক জায়্রগা যেখানে খ্রু তৈরী হয়।"

মৌলভী সাহেবের উত্তর শানে তার বন্ধা আর কোন কথাই বলল না।
একজন শিখ পাগল আর একজন শিখ পাগলকে জিজেস করল,
"সদারিজী, আমাদের হিন্দাস্থানে কেন পাঠানো হচ্ছে? আমার তো
ওখানকার ভাষা জানা নেই।"

অন্য শিখ পাগলটি হেসে বলল, "আমার কিন্তু হিন্দ্বস্থানের ভাষা জানা জাছে। তবে হিন্দ্বস্থানীরা খুব ডাঁটের মাথায় চলা-ফেরা করে।"

ু একদিন এক মুসলমান পাগল স্নান করতে করতে এমন জোড়ে প্রক্রিক্তান জিন্দাবাদ' ধুনি দিল যে, পা পিছলে সে শানের ওপর পড়ে বেহুশ হরে গেল। এমন কিছু পাগল ছিল বাদের ঠিক পাগল ৰলা বার না। এদের অধিকাংই ছিল খুনী। এই সব খুনীদের সঙ্গে স্থাড়িড অফিসাররা ফাঁসীর দড়ি থেকে তাদের বাঁচানোর জন্যে অনেক চেণ্টা-চরিত্র করে এখানে পাঠিরেছে।

এরা অবশ্য কিছু কিছু বোৰে, দেশ বিভাগ কেন হয়েছে এবং পাকিস্ভান কি। কিন্ত সমুহত ঘটনা সম্পর্কে তারাও বিশেষ কিছু জানে না। খবরের কাগজ থেকে সমস্ত ঘটনা আঁচ করা সম্ভব নয়। আর পাহারাদার সিপা**ইরাঙ** অख এবং তাদের ব্যবহার ভীষণ রক। ওদের আলাপ-আলোচনা থেকে कान किन्द्र है दिविदा आत्म ना। जाना किन्द्र बार महस्यम वाली किया नार्य अक्कन मान्य जाएन, गाँक कारतम-हे-जालम वना एत । हैनि मानवमानस्य करना जरु भाषक सम्य वानिस्तरहरून-मात्र नाम शाकिन्छान । কিন্তু এই পাকিন্ডান কোথায় আছে ? এর উন্দেশ্য, প্রয়োজনীয়তা সম্পর্কে जादा किছारे **कारन ना। कादल भागमा गाद्रामद ब**दा मवारे **छेन्याम।** বাদের মাথা একেবারে বিগড়ে বারনি, তাদের চিণ্ডা তারা পাকিস্তানে আছে, না হিন্দু-হানে আছে। যদি হিন্দু-হানে থাকে তবে পাকি-তান কোখায়, আর যদি পাকিস্তানে থাকে তবে এই জায়গা কিছুদিন আগেও হিন্দু-হান ছিল। একজন পাগলা হিন্দু-হান পাকি-তান, পাকি-তান-হিন্দুস্থানের এমন চড়কি পাকের মধ্যে পড়ল যে তার মাথা আরো বিগড়ে গেল। ঝাট দিতে দিতে সে একদিন এক গাছের ডালে বসে পাকিস্তান এবং হিন্দান্থানের মোলিক সমস্যার ওপর লাগাতার দু'বণ্টা ভাষণ দিল। সিপাইরা তাকে নীচে নামতে বললে সে আরো ওপরের ভালে চড়ে বসল। তাকে ধমকানো এবং ভয় দেখানো হলে সে বলল, ''আমি হিন্দুছানেও পাকতে চাই না, পাকিস্তানেও না। আমি এই গাছের ওপরেই পাকব।"

ব্যক্তির তার রাগ ঠান্ডা করা হলে সে গাছ থেকে নেমে এমে হিন্দ্ব এবং শিখ বন্ধ্বদের গলা জড়িয়ে ধরে কাঁদতে লাগল। তাকে ছেড়ে এরা সব হিন্দ্রছানে চলে যাবে এই চিন্তায় তার মন দুঃখে ভরে উঠল।

এখানে একজন মুসলমান এম এস সি পাশ রেডিও ইঞ্জিনিয়ার পাগল ছিল। অন্যান্য পাগলদের থেকে তার একট্ বিশেষদ ছিল। বাগানের বিশেষ এক অংশে সে দিন-ভর ঘুরে বেড়াত, হঠাং-ই তার মধ্যে এক পরিবত[া]ন দেখা দিল। সে ভার সমস্ত জামা-কাপড় খুলে পাহারাদারকে

িদিল এবং উলঙ্গ হয়ে সাবা বাগান ঘুরে বেড়াতে লাগল।

চনার্টের এক মুসলমান পাগল, বে উন্মাদ হওয়ার আগে মুসলিম লীগের একজন সক্রির কমণী ছিল, হঠাং-ই সে স্নান-করা বংধ করে দিল। ভার নাম ছিল মুহম্মদ আলী। একদিন সে তার জানালা দিয়ে ঘোষণা করল সে মুহম্মদ আলী জিলা। তাকে দেখে একজন শিখ পাগল মাস্টার তারা সিং হয়ে গেল। সামনা-সামনি হলে খুনো-খুনীর ভয় ছিল বলে দুর্ম্ব পাগলদের পূথক পূথক সেলে বংধ করে রাখা হল।

লাহোরের এক তর্ণ হিন্দ্ব উকিল, যে প্রেমে ব্যর্থ হয়ে পাগল হয়েছিল—সে যখন শ্বনল অমৃতসর হিন্দ্বস্থানে পড়েছে তখন তার খ্বক কন্ট হল। কারণ এই শহরের এক হিন্দ্ব তর্বণীর সঙ্গে তার এক সময় প্রেমছিল। যদিও সেই তর্বণী উকিলকে আঘাত দিয়েছিল তব্বও সে পাগলা গারদের এই পরিবেশে থেকেও তাকে ভূলতে পারেনি। তাই সে হিন্দ্ব এবং ম্বলমান সেই সব নেতাদের গালাগালি করত যারা একজাট হয়েছিন্দ্বস্থানকৈ দ্ব'ট্করো করেছে। তার প্রেমিকা হিন্দ্বস্থানী হয়েছে আর সে পাকিন্তানী।

আদান-প্রদানের কথা যখন শরে হল, তখন অন্যান্য পাগলরা তাকে ব্রশলো এ জন্যে তার দৃঃখ করে লাভ নেই। যে হিন্দুস্থানে তার প্রেমিকা আছে সেখানে তাকেও পাঠিয়ে দেওয়া হবে। কিন্তু লাহাের ছাড়তে সে একেবারেই রাজী নয়। কারণ তার বিশ্বাস, অমৃতসরে তার প্রাকটিস চলবে না। ইউরােপিয়ান ওয়াডে দৃ্র'জন এয়াৎলা ইন্ডিয়ান পাগল ছিল। তারা যখন ব্রহতে পারল হিন্দুস্থানকে স্বাধীনতা দিয়ে ইংরেজরা চলে গিয়েছে, তখন তাদের খ্ব দৃ্রখ হল। তারা দ্র'জন লা্কিয়ে লা্কিয়ে ঘণ্টার পর ঘণ্টা এই ভীষণ সমস্যা নিয়ে আলোচনা করতে লাগল, পাগলা গারদে তাদের পোজিসন কি রকম হবে ? ইউরােপিয়ান ওয়ার্ড থাকবে, না তুলে দেওয়া হবে ? ব্রেকফাস্ট পাওয়া যাবে, না পাওয়া যাবে না ? ভবল র্বিটর বদলে কি তাদের তন্দ্রির খেতে হবে ?

একজন শিখ ছিল—বাকে পাগলা গারদে দেওরার পর দীর্ঘ পনেরো বংসর পার হয়ে গিয়েছে। সব সময়েই তার মুখ দিরে এক বিচিত্র ভাষা বৈর হত "ও পড় দি গিড়-গিড় দি এক্স দি বে ধ্যানা দি, মংগ দি, দাল আও দি লাজটেন।" দিনে বা রাত্রে কোন সময়েই সে শ্বতো না। পাহারাদাররা বলতো এই দীর্ঘ পনেরো বংসরে সে এক মৃহুতের জনোও ঘুমোরনি। শোরতিন। হ'া, কখনো কখনো বা কোন দেয়ালে ঠেদ দিয়ে দাঁড়াও।
সব সময় দাঁড়িয়ে থাকার জন্যে তার পা দুটি সোজা হয়ে গিয়েছিল। দুই
উরু ফুলে শক্ত হয়ে গিয়েছিল। কিশ্তু এই ভীষণ কন্ট সত্ত্বেও সে আরাম
করত না। হিশ্দুহান-পাকিহতানের পাগলদের আদান-প্রদান নিয়ে পাগলা
গারদে যখন কোন আলাপ-আলোচনা হত তখন সে খুব মনোযোগ দিয়ে তা
শুনতো। কেউ যদি তাকে জিজ্জেস করত, তোমার কি মনে হয়, তখন সে
উত্তর দিত, "ও পড় দি গিড়-গিড় দি এক্স দি বে ধ্যানা দি, মংগ দি, দাল
আও দি, পাকিহতান গভণামেন্ট।"

পরে সে আও দি পাকিস্তান গভণ'মেশ্টের জায়গায় যোগ করল আও দি টোবা টেকসিং এবং সব পাগলদের জিজ্জেস করতে আরুস্ভ করল, যেখানে সে থাকত সেই টোবা টেকসিং কোথায় ? কিন্তু তারা কেউ-ই জানত না টোবা টেকসিং পাকিস্তানে না হিন্দুস্হানে। যারা তার প্রশেনর উত্তর দেওরার চেণ্টা করত, তারা নিজেরাই চড়িক পাকে পড়ে যেত। শিয়ালকোট প্রথমে হিন্দুস্হানে ছিল, এখন শুনুনছে পাকিস্তানে। কে জানে, যে লাহোর পাকিস্তানে, আগামী কালই হয়তো তা হিন্দুস্হানে চলে যাবে—কিন্বা সারা হিন্দুস্হানই পাকিস্তান হয়ে যাবে। এমন কোন্ মানুষ আছে যে তার বুকে হাত রেখে বলতে পারে হিন্দুস্হান আর পাকিস্তান হঠাং একদিন লোপাট হয়ে যাবে না—আর দুনিয়ায় যার কোন নাম নিশানাই থাকবে না।

ঝ'রে পড়তে পড়তে এই শিখ পাগলের মাথায় খুব অলপ চুলই আর অবশিষ্ট ছিল। স্নান করা সে প্রায় ছেড়েই দিয়েছিল। তার দাড়ি আর মাথায় চুল জট পেকে গিয়েছিল। ফলে তার চেহারা ভয়ানক দেখাচ্ছিল। কিল্তু এই মানুষটি ছিল একেবারে সোজ। পনেরো বংসরে সে একদিনও কারও সঞ্জে ঝগড়া-ঝাটি করেনি। পাগলা গারদের পুরনো চাকর তার সম্পর্কে শুধু এই টুকুই জানে, টোবা টেকসিং-এ একদিন তার জমিদারীছিল। সে ছিল পায়সাওয়ালা জমিদার। কিল্তু হঠাং-ই তার মাথার গণেডাগোল হয়। তাই তার আত্মীয়রা মোটা মোটা লোহার শিকলে বেল্বৈ তাকে এখানে নিয়ে আসে দমাসে একবার তারা তার থোঁজ-খবর নিতে আসত। কিল্তু যেদিন থেকে হিল্কুহান-পাকিস্তানের গণেডাগোল দরেই হল সেদিন থেকে তারা আর আসে না।

তার নাম ছিল শবন সিং। কিন্তু সবাই তাকে টোবা টেকসিং বলত।
সে আদৌ জানত না আজ কোন্দিন কোন্মাস, কোন্বংসর। কিন্তু প্রতি
মাসে যে সময় তার আত্মীর-শ্বজনরা তার সঙ্গে দেখা-সাক্ষাং করতে আসত
তখন সে আপনার থেকেই ব্রুতে পারত। সে পাহারাদারদের বলত তার
সাক্ষাং-এর দিন আসছে। ঐ দিন সে খ্ব ভালোভাবে দ্নান করত, গারে
বেশ করে সাবান মাখতো আর মাথায় তেল দিয়ে চির্নি করত। নিজের
জামা কাপড় সে কোন দিনই বের করত না, কিন্তু সেদিন সে তা বের করে
পরত। আর সেজে-গ্রেজ তাদের সঙ্গে দেখা করতে যেত। তারা তাকে
কিছ্ম জিজ্ঞেস করলে, সে কোন উত্তরই দিত না। কথনো কথনো শ্বেম্
বলত, "ও পড় দি গিড-গিড় দি লালটেন।"

তার একটি মেয়ে ছিল—প্রতিমাসে এক আঙ্কল করে বেড়ে উঠতে উঠতে আজ সে পনেরো বংসরের য্বতীতে পরিণত হয়েছে। শবন সিং তাকে চিনতেই পারেনি। যথন সে বাচ্যা ছিল তখন সে তার বাবাকে দেখে খ্ব কাদতো। আর য্বতী হওয়ার পর তার চোথ দিয়ে শ্ব্ব অঝোরে ঝরে পড়ত অশ্বধারা।

পাকিদ্তান আর হিন্দুদ্ধানের কাহিনী শুরু হলে সে অন্য পাগলদের জিল্পেন করতে আরুভ করল, টোবা টেকসিং কোথার ? সংতোষজনক কোন উত্তর না পেয়ে তার চিন্তা দিন দিন বাড়তে লাগল। এখন আত্মীয়ান্দ্রস্কাদের সঙ্গে আর দেখা-সাক্ষাংও হয় না। আগে সে নিজের থেকেই বুকতে পারত তারা তাকে দেখতে আসছে। স্থদর তাকে তাদের আসার খবর জানিয়ে দিত। এখন সেই স্থদয়ের আওয়াজট্রকুও তার দত্থ হয়ে গিয়েছে।

তার খ্ব ইচ্ছে করত ধারা তাকে ভালোবাসত, তার জন্যে ফল-মিঠাই আর কাপড় নিয়ে আসত—তারা আত্মক। সে যদি তাদের জিজ্জেস করত, টোবা টেকসিং কোথায় তবে তারা নিশ্চয় সতিয় কথাই বলত। সে জানতে পারত টোবা টেকসিং পাকিশ্তানে না হিন্দু-হানে। সে জানে ধেখানে তার জমিদারী ছিল সেই টোবা টেকসিং থেকেই তারা এখানে আসত।

পাগলা গারদে আর একজন উন্মাদ ছিল সে নিজেকে খোদা বলে জাহির করত। একদিন শবন সিং তাকে জিজেস করল, টোবা টেকসিং পাকিস্তানে না হিন্দুস্হানে। কিন্তু সেই খোদা তার অভ্যাস মতো হো হো করে হেসের বলল, "টোবা টেকসিং পাকিস্তানেও নর, হিন্দ্রুস্থানেও নর। কারণ আমি এখনও হাকুম জারী করিনি।"

শবন সিং এই খোদাকে করেকবার অন্নয়-বিনর করে বলল, "তুমি হ্রুম দিয়ে দাও না, তা হলেই তো কলাট চুকে যায়।" কিল্তু খোদা ভীষণ ব্যাসত ছিল, কারণ তার আরো করেকটি হ্রুম জারী করার বাকী ছিল। একদিন শবন সিং তার ওপর ভীষণ চটে গিয়ে বলল, "ও পড় দি গিড়-গিড় দি এক্স দি বে খ্যানা দি, মংগ দি, দাল আও ওয়াহে গ্রের্ দি খালসা এয়াও ওয়াহে গ্রেক্সী দি ফতহ—জো বোলে সো নিহাল সত্ শ্রী অকাল।"

তার এই কথার অর্থ ছিল তুমি মুসলমানদের খোদা—তুমি বদি শিখদের খোদা হতে তবে নিশ্চয়ই আমার কথা শুনতে।

আদান-প্রদানের কয়েকদিন আগে টোরা টেকসিং-এর এক মুসলমান বংধু তার সঙ্গে দেখা করতে এল। এর আগে সে কোন দিন তার সঙ্গে দেখা করতে আসেনি। শবন সিং তাকে দেখে একদিকে সরে দাঁড়াল এবং ফিরে যেতে লাগল। কিন্তু সিপাইরা তাকে ধরে বলল, "তোমার বংধু ফজলু-দুনীন।"

শবন সিং ফজল শ্বনকৈ এক নজর দেখে বিড়-বিড় করে কিছু বলতে লাগল। ফজল শ্বনীন এগিয়ে এসে তার কাঁধে হাত রেখে বলল, "আমি অনেক দিন থেকে ভাবছি তোমার সঙ্গে দেখা করব। কিণ্তু সময় করে উঠতে পারিনি, তোমার বাড়ির সবাই ভালোভাবেই হিন্দ স্হানে পেশছৈ গিয়েছে। আমার পক্ষে যতখানি সম্ভব সাহায্য করার তা করেছি। কিন্তু তোমার মেয়ে রুপ কাউর…"

বলতে বলতে ফজলকুদশীন থেমে গেল। শবন সিং কোন কিছু চিচ্তা করতে লাগল।—"আমার মেয়ে রূপে কাউর!"

ফজলদেশীন থেমে থেমে বলতে লাগল, "হ"্যা···ও—ও···ঠিক-ঠাক আছে···ওদের সাথেই চলে গিয়েছে।"

শবন সিং চুপ করে থাকল। ফজলুন্দীন বলতে লাগল, "ওরা আমাকে তোমার খোঁজ-খবর নিতে বলেছে। আমি শুনেছি তুমি হিন্দুন্হানে বাছে—ভাই বলবীর সিং এবং ভাই বধওয়া সিংকে আমার সেলাম দিও—আর বোন অমৃত কাউরকেও। ভাই বলবীর সিংকে বলো সে যে দুটি বাদামী রঙের মোষ ছেড়ে গিরেছে তার মধ্যে একটি মর্দা নাক্যা দিরেছে আর

একটি মাদী বাচ্চা। কিন্তু চোদ্দ দিনের মাথায় মাদী বাচ্চাটা মরে গিয়েছে। তোমাদের জন্য আমার কিছু করার থাকলে বলো, আমি আমার সাধ্যি মতে। করব। তোমার জন্যে সামান্য একটা মরুণ্ডে নিয়ে এসেছি।"

শবন সিং মর্শেডর প্রেলি নিয়ে তার পাশে যে সিপাইটা দাঁড়িয়ে ছিল তার হাতে দিল। ফজল্ম্দানকে জিজেস করল, "টোবা টেকসিং কোথায়?" ফজল্ম্দান আশ্চযের সঙ্গে বলল, "কোথায়? কেন যেখানে ছিল সেখানেই সাছে।"

শবন সিং আবার জিজেস করল, "পাকিস্তানে, না হিন্দুস্থানে?" ফজলান্দীন থতমত খেয়ে বলল, "হিন্দুস্থানে—না না পাকিস্তানে।" শবন সিং বিড়বিড় ফরতে করতে চলে গেল—"ও পড় দি গিড়-গিড় দি এরা দি বে ধ্যানা দি, মংগ দি, দাল আওদি পাকিস্তান এয়াও হিন্দুস্থান অফ্ দি দুরে ফিটে ম*়।"

আদান-প্রদানের ব্যবহা হয়ে গিয়েছিল। এদিক থেকে ওদিকে, ওদিক থেকে এদিকে আসা-যাওয়ার পাগলদের নামের তালিকা এসে গিয়েছিল এবং আদান-প্রদানের তারিখও জানিয়ে দেওয়া হয়েছিল। যখন লাহোরের পাগলা গারদ থেকে লারি বোঝাই করে হিন্দু ও শিখ পাগলদের সীমান্তের দিকে পাঠানো হল তখন বেশ শীত পড়ে গিয়েছিল। ভারপ্রাপ্ত অফিসাররাও পাগলদের সঙ্গে ছিলেন। উভয় পক্ষের স্থপারেনটেনডেও পরস্পরের সঙ্গে দেখা করলেন, এবং অফিসিয়াল কাজ কর্ম শেষ হওয়ার পর আদান প্রদান শ্রের হয়ে গেল। আদান-প্রদান সমস্ত রাহি ধরে চলল।

পাগলদের লার থেকে নামানো এবং অন্য অফিসারদের হেফাজতে দেওঃ খুব কদটসাধ্য ব্যাপার ছিল; অনেকে তো লার থেকে নামতেই চাইছিল না। যারা লার থেকে নেমেছিল তাদের সামলানো ছিল এক সাধ্যাতীত ব্যাপার। কারণ তারা এদিক ওদিক ছুটে পালিয়ে যাচ্ছিল। যারা একেবারে উলন্দ ছিল তাদের কাপ্ড পরতে গেলে তা টেনে খুলে ফেলছিল। কেউ কেউ খিদিত-খাদতা করছিল, কেউ বা গান গাইছিল। নিজেদের মধ্যে মারপিট ঝগড়াঝাটিও পুরোদমে চলচ্ছিল—কাল্লাকাটি করছিল। কান পেতে শোনা যাচ্ছিল না। উল্মাদ মেয়েদের গণ্ডোগোল ছিল একট্ ভিন্ন ধ্রনের—সদি তাদের এতো বেশী ছিল যে দাঁতে দাঁত ঠক ঠক করে বাজছিল।

অধিকাংশ পাগলই এই আদান-প্রদানকে মোটেই পছন্দ করছিল না।
তারা ব্ৰুতেই পারছিল না নিজেদের জারগা থেকে তুলে তাদের কোথার
ফেলে দেওয়া হচ্ছে! যারা অন্প-বিশ্তর আন্দাজ করতে পারছিল তারা
'পাকিশ্তান জ্বিশ্দাবাদ'—'পাকিশ্তান মুদ'বাদ' ধর্নি দিছিল। দ্ব-তিন
বার হাতা-হাতি হতে হতে থেমে গেল, কারণ কোন-কোন মুসলমান এবং
শিথের এই ধর্নি শর্নে মাথা গরম হয়ে গিয়েছিল।

অবশেষে শবন সিং-এর পালা এল। তাকে যখন অন্য পারে পাঠানের জন্যে অফিসার লেখালেখি করছিলেন তখন সে তাঁকে জিজ্জেস করল, "টোবা টেকসিং কোথায়? পাকিস্তানে, না হিন্দ্রস্থানে!" তার প্রশন শ্নে অফিসার হেসে বললেন, "পাকিস্তানে।"

অফিসারের উত্তর শানে শবন সিং ছিটকে সরে গেল। তারপর ছাটতে ছাটতে তার পেছনে যে সব বংধারা দাঁড়িয়ে ছিল তাদের কাছে এসে হাজির হল। পাকিস্তানের সিপাইরা তাকে জাের করে টেনে ওপারে নিয়ে যেতে লাগল। কিংতু শবন সিং এক পা-ও এগাতে চাইল না। চীংকার করে বলতে লাগল, ''টোবা টেকসিং কােথায়—ও পড় দি গিড়-গিড় দি এক দি বে ধাানা দি, মংগ দি, দাল দি আও টোবা টেকসিং এাাড পাকিস্তান।''

তাকে খ্ব বোঝানো হল, "দ্যাখো, টোবা টেকসিং এখন হিল্দুস্থানে চলে গিয়েছে। যদি এখনও না গিয়ে থাকে তবে খ্ব তাড়াতাড়ি তাকে পাঠানো হবে।" কিল্তু সে কোন কথাই শ্নল না। তাকে জোর করে ওপারে নিয়ে যাওয়ার চেন্টা করল। কিল্তু শবন সিং হিল্দুস্থান আর পাকিস্তানের মাঝখানে একটি জায়গায় তার সোজা পা নিয়ে দাঁড়িয়ে গেল। এমনভাবে সে দাঁড়াল যেন কোন শক্তিই তাকে এখান থেকে একচুল সরাতে পারবে না। শবন সিং খ্ব রহ্ণন ছিল বলে কেউ আর তার ওপর জবরদ্দিত করল না। তাকে ঐখানে ঐভাবে ছেড়ে দিয়ে আদান-প্রদানের কাজ চলতে লাগল।

স্মৃধ ওঠার ঠিক আগে ঐ জায়গায় তেমনি দাঁড়িয়ে শবন সিং হঠাৎ ভীষণ জােরে চীৎকার করে উঠল। দুই দিককার আফিসাররা চীৎকার শা্নে তার দিকে ছাটে এল। তারা দেখল, যে মান্য দীর্ঘ পনেরো বছর ধরে নিজের পায়ের ওপর দাঁড়িয়ে ছিল, সে মাটিতে মাখ থাবড়ে পড়ে আছে। তার পায়ের কাছে সার দিয়ে দাঁড়িয়ে আছে হিন্দুছানের পাগলরা আর মাথার দিকে সার দিয়ে পাকিস্তানের পাগলরা। আর দ্ব' সারির মাঝখানে—যে জায়গার কোন নাম নেই সেখানে পড়ে আছে টোবা টেকসিং।

খোদার কসম

ঐদিক থেকে মুসলমান, আর এদিক থেকে হিন্দরা এখনও যাওয়া-আসা করছে। প্রতিটি ক্যাম্পই লোকে গাদাগাদি। এমন গানাগাদি যে, তিল ধারণের আর জায়গা নেই। তা সত্তেও ক্যাম্পগর্লোতে ঠুসে ঠুসে লোক চুকানো হছে। থাওয়া দাওয়ার যে বাবছা তা না বললেও চলে। এই মানুষগর্লো যাতে রোগে আক্তান্ত না হয় তারও কোন রক্ম বাবছা নেই। রোগ ক্রমেই ছড়িয়ে পড়ছে। এর প্রতি কে নজর দেবে ? এক লম্ডভম্ড পরিবেশ।

সময়টা উনিশশ' আটচিল্লিশের প্রারম্ভ। খ্র সম্ভব মার্চ মাস। এদিক গুদিক—দর্শিকেই রাজাকারদের শ্বারা 'অপস্থত' মেয়ে আর শিশ্বদের উন্ধারের প্রশংসনীয় কাজ শ্রুর হয়েছে। হাজার হাজার প্রর্য নারী ছোকরা হ্রকরি এই পবিত কাজে অংশ গ্রহণ করছে। যথন এদের কাজ করতে দেখি তখন আমি আনন্দে ডগমগ হয়ে উঠি। ডগমগ হয়ে উঠি তার কারণ, মান্য স্বয়ং মান্যের দর্শ্ব কণ্ট লাঘ্য করার জন্যে চেণ্টা করছে। যাদের সমস্ত কিছ্ব লব্বিত হয়েছে, তারা যেন আর লব্বিত না হয় তার জন্যে চেণ্টা করছে—কিণ্তু কেন এ চেণ্টা ?

এই চেন্টা কি এজন্যে তো, তাদের আচলে যেন আর কোন দাগ না লাগে? তারা যাতে তাদের রক্তান্ত আঙ্কল চেটে নিয়ে আবার দদতরখানের ওপর প্রেষ্থ মান্ষের সঙ্গে বসে রুটি খেতে পারে? অনোরা যখন চোধ বশ্ধ করে আছে, ঠিক তখনই কি মন্যুখের সুই-স্থতে: দিয়ে ছে'ড়া কাপড়ের মতো লুক্তি ইঞ্জতকে রিপ্ক করার চেন্টা চালানো হচ্ছে।

কিছ ই ব্রুতে পারছিলাম না। মনে হল ঐ রাজাকারদের যে কাজ কারবার, তাকেই যেন সম্মানিত করা হচ্ছে।

তাদের হাজারো রক্ষের কঠিন থেকে কঠিনতর যে সমস্যা তার সম্মা্থনি হতে হচ্ছিল। হাজরো রক্ষের ঝামেলা পোয়াতে হত, আর তার মোকাবিলাও করতে হত। কারণ ধারা মহিলা এবং ছাকরিদের উঠিয়ে নিয়ে গিয়েছিল, তারা একই জারগায় স্থির হয়ে বসে ছিল না। আজ এখানে তো কাল ঐখানে। আজকে এই মহলার আছে, কালকে চলে গিয়েছে আর এক মহল্লায়। আর আস-পাশের লোকজনও তাদের কোন ভাবে মদদ দিত না।

অদ্ভূত অদ্ভূত সব থবর শ্নেতে পাওয়া যেত। একজন লিয়াজো অফিসার আমাকে বলেন, সাহরণপ্রে দ্²জন মেয়ে পাকিস্তানে তার বাপ-মার কাছে ফিরে যেত অস্বীকার করে, আর একজন বললেন, জলন্ধরে আমি একজন মেয়েকে জাের জবরদ্হিত করে নিয়ে যাওয়ার চেন্টা করলে সেই পরিবারের সবাই আমাকে বলে মেয়েটি তাদের পরিবারের গৃহবধ্। দ্রের কােথাও বেজাতে যাছে । কয়েক জন মেয়ে তাে বাপ মার হাত থেকে বাঁচার জনাে পথেই আত্মহতাা করে। কেউ কেউ বা উন্মাদ হয়ে গিয়েছে। এমন মেয়েও দেখলাম যাদের মদ গােলা আদতে পরিণত হয়েছে। তেন্টা পেলে জলের বদলে মদ থায়। আর কুংসিং কুংসিং সব গাালি-গালাজ করে।

আমি যখন এই সব মেয়ে আর মহিলাদের কথা ভাবি তখন আমার চোখের সামনে শ্ব্ব ভেসে ওঠে উ'চ্—ফ্লেল-ওঠা পেট। এই ফ্লেল-ওঠা পেটগ্লোর পরিণতি কি হবে ? এই পেটগ্লোলা যা দি র ভতি ', তার মালিক কে হবে—পাকিস্তান, না হিন্দুস্তান ?

আর এই ন' মাসের যে ভার, সেই ভার কে খালাস করবে,—পাকিস্তান, না হিন্দুস্তান ? এই যে অত্যাচার আর দুর্দেশা তা কোন্ জমা-খরচের খাতায় লেখা হবে ? হয় তো এই জমা-খরচের খাতার অনেক প্রতাই খালি থেকে যাবে।

গভ'বতী মেয়েরা আসছে—যাচ্ছে।

আমি ভাবছিলাম, এদের কেন ভাগিয়ে নিয়ে-যাওয়া বলা হচ্ছে—এদের কবে অপহরণ করা হয়েছে ? অপহরণ তো এক রোমাণ্টিক ব্যাপার, আর যাতে দ্ব'জনেরই মনের আন্তরিক সায় থাকে। এ এমন এক খাদ, যে খাদে ঝাঁপিয়ে পড়ার সময় দ্ব'জনেরই রক্তের তন্তীগ্বলো ঝনঝন করে বেজে ওঠে। কিন্তু এ কেমন অপহরণ, যে অপহাতাকে জোর করে ঘরে বন্দী করে রাখতে হয়।

কিন্তু তখন এমন এক জামানা চলছিল, যখন তক'-বিতক' এবং যুক্তি একেবারে মূল্যহীন। যে সময় প্রচম্ড গরমের মধ্যেও মানুষ দরজা জানলা বন্ধ করে ঘুমতো। আমিও ঠিক তেমনি প্রদয় আর মন্তিন্কের সমুস্ত দরজা-জানালা বন্ধ করে দিয়েছিলাম। সেই সময় অবশাতা হাট করে খুলে রাখা খুবই প্রয়োজন ছিল, কিন্তু আমি কি করতে পারি? আমি কোন

কিছ,ই ভাবতে পারছিলাম না।

গর্ভবতী মেয়েরা আসছে—যাচ্ছে।

এই তামাম তেজারতি কারবার এক বৈশিষ্ট্য নিয়ে চলছিল। সাংবাদিক গলপকার এবং কবিরা তাদের কলম তুলে ব্যুহততার সঙ্গে মৃগায়া করে চলেছিল। কিন্তু তথন গলপ আর কবিতায় এমন এক স্রোত বয়ে চলেছিল যে, তা স্বতস্ফ্ত ভাবেই স্থিট হচ্ছিল। কলমের প্রতিটি পদক্ষেপই বেন টলমল করছিল। তাতে এমন এক সত্যতা নিহিত ছিল যে, সবাই ক্লোখে জালে উঠছিল।

একজন লিয়াজো অফিসারের সঙ্গে আমার দেখা হল। সে আমাকে বলল, তুমি এত গম্ভীর কেন ?

আমি তার প্রশেনর কোন জবাব দিলাম না।

সে আমাকে একটা গলপ বলল। অপস্থত মেয়েদের খ'বজে বের করার জন্যে আমি চারদিকে ছব্টে বেড়াচ্ছিলাম। এক শহর থেকে আরেক শহর, এক গ্রাম থেকে আরেক গ্রাম, তারপর আরেক গ্রাম। এক গাল থেকে আরেক গলি, এক মহল্লা থেকে আরেক মহল্লার ছব্টে বেড়াচ্ছিলাম—খবুব সামান্য মণি-মবুক্তাই হাতে আসছিল।

আমি মনে মনে বললাম, এ কেমন মণি-ম্ভা · · · · আসল না নকল ?

তুমি ঠিক ব্ঝতে পারবে না, কত রক্ম কল্টেরই না সম্মুখীন হতে হয়েছে। না হাক তোমাকে আমি একটা ঘটনা বলছি না আমি সীমাণেতর এ পারে বহুবার এসেছি। আর প্রতিবারই এক বৃদ্ধাকে দেখেছি। বৃদ্ধা মুসলমান। বরস পঞ্চাশের ওপর। একে আমি প্রথম জলম্বরে দেখি। ক্লান্তিতে ভেঙে পড়া, মগজ একেবারে খালি। উদাস উদাস চোখ, ধ্বলো বালিতে মাথার চুল জট পাকানো। পরনে শত ছিল্ল কাপড়। না ওর দেহের প্রতি, না ওর মনের প্রতি কোন থেয়াল ছিল। কিন্তু ওর চোখ দেখে বোঝা যাচ্ছিল, কাকে যেন ও আতিপাতি খালছে।

আমার বোন আমাকে বলল, মহিলাটি আঘাত সহা করতে না পেরে পাগল হয়ে গিয়েছে। ওর বাড়ি পাতিয়ালা। ওর একমাচ মেয়েকে ও খঁরুছে পাছে না। আমরা অনেক চেন্টা করেছি, মেয়েটিকে খঁরুজ বের করার জনো। কিন্তু কোন লাভ হয়নি। খুব সম্ভব দালার সময় মারা গিয়েছে, কিন্তু ব্রিড় কিছুবুতেই তা মানতে রাজি নয়। ন্বিতীয়বার আমি এই বৃশ্ধাকে সাহরণপুরে এক লরির আন্তার দেখি।
এবার তার অবস্থা আগের চেয়ে অনেক খারাপ এবং শরীর আরও ভেকে
গিয়েছে। ওর ঠোঁটের ছাল চামড়া উঠে গিয়েছে। মাথার চুল সাধ্দের
মতো জট পাকানো। আমি ওর সঙ্গে আলাপ করলাম। চাইলাম, যাতে ও
মিথো খোঁজা খাঁজি ছেড়ে দেয়। তাই আমি খুব আন্তরিকতার সঙ্গে
ওকে বললাম, আন্মা তোমার মেয়েকে কোতল করা হয়েছে। পাগলী আমার
দিকে ঘ্রে তাকাল, কোতল, না হতেই পারে না। ওর কণ্ঠে যেন এক অসমী
বিশ্বাস স্থিট হল, না ওকে কেউ মারতে পারে না—আমার মেয়েকে কেউ
হত্যা করতে পারবে না।

আর ও চলে গেল মেয়েটির ব্যর্থ খোঁজে। ভাবলাম, তালাশ, খোঁজাখ বিজ তারপর…। কিশ্তু এই পাগলীর এমন বিশ্বাস কি করে হল যে, ওর মেয়ের ওপর কেউ রূপাণ তুলতে পারে না – কেন কোন ধারালো ছোরা বা অন্য কিছ্ ওর গর্দানের ওপর নামতে পারে না—ও কি অমর—না ওর মমতা অমর ? মমতা অবশাই অমর। ওকি নিজের মমতা খ বৈজে বেড়াচ্ছে—আর সেই মমতাই কি ওকে কোথাও হারিয়ে দিয়েছে…?

ততীয়বার কাজের ফেরে ওকে আমি আবার দেখি। এবার সে একবারে বেহাল হয়ে গিয়েছে। বলা যেত পারে প্রায় উলঙ্গ। আমি ওকে কাপড় দিলাম, কিন্ত ও সে-কাপড় নিল না।

আমি তাকে বললাম, আম্মা, আমি ঝুট বলছি না, ভোমার মেয়েকে পাতিয়ালাভেই হত্যা করা হয়েছে।

সে আবার তেমনি দৃঢ়ে বিশ্বাসের সঙ্গে বলে উঠল, তুই মিথ্যে কথা বলছিস।

আমি আমার কথা বিশ্বাস করানোর জন্যে বললাম, না আমি সত্যি বলছি। অনেক কাল্লা কাটি তুমি করেছ—আমার সঙ্গে চল। আমি তোমাকে পাকিস্তানে নিয়ে যাব।

ও আমার কথা শ্বনল না। বিড়বিড় করে কি যেন বলে চলল। বিড়বিড় করতে করতে ও ভীষণ চমকে উঠল। আবার তেমনি জোরালো কপ্ঠেব্রুত সাগল, না আমার মেয়েকে কেউ হত্যা করতে পারে না।

আমি জিজ্ঞেস করলাম, কেন?

ব্যাড় আবেগে বলতে লাগল, ও খ্ব খ্বস্থর্ত—এত খ্বস্থর্ত হে,

ওকে কেউই হত্যা করতে পারবে না—এমন কি ওর গালে কেও একটি চড় পর্য'ত মারতে পারবে না।

ভাবতে লাগলাম, সতিই কি ও এত স্থানরী ? প্রত্যেক মার চোখেই তার সাতান চাল্র-স্থা। সতিই হয়তো ও স্থানরী কিল্তু এই তুফানে এমন কোন লোল্য আছে যা মান্থের লোমশ হাত থেকে বাঁচতে পেরেছে! হয়তো পাগলী এই সব মনে মনে ভেবে নিজেকেই ধোকা দিছে—পালিয়ে যাওার তো হাজারো পথ আছে --দ্বঃখ এমন এক চকমিনার যেখান থেকে হাজার হাজার লাখ লাখ পথের জাল বিছিয়ে দেয়া যায়।

সীনাল্ডের এ পারে আমাকে অনেকবার আসতে হয়েছে। প্রতিবারই সেই পাগরীকে দেখেছি। এখন শুধু ওর দেহের হাড় ক'খানিই রয়ে গিয়েছে। চোখের দ্ভিট শক্তি কমে গিয়েছে। লেংচে লেংচে চলা ফেরা করে। কিল্ডু নেয়েকে খোঁজা-খ'াজি হেড়ে দেয়নি। খাবই মনেযোগ দিয়ে খাঁলে চলেছে। ওর বিশ্বাস তেমনি আগের মতোই হিহর—নিশ্চল, ওর মেয়ে এখনও জীবিত। কারণ ওর মেয়েকে কেউই হত্যা করতে পারে না।

অনেকেই আনাকে বলল, এই ব্যক্তির মাথা খারাপ হয়ে গিয়েছে। ভালো হয় একে পাকিস্তানে নিয়ে গিয়ে পাগলা গারদে দাও।

আমি ওদের কথা ঠিক মনে করলাম না। কারণ ওর এই মিথ্যে মিথো খ'্ছে চলার মথ্যেই ওর জীবনে অবলম্বন নিহিত হয়ে আছে। যে অবলম্বন আমি ওর কাছ থেকে ছিনিয়ে নিতে চাই না। এক বিশাল পাগলা গারদ, যে পাগলা গারদে ও মাইলের পর মাইল পদচারণা করে পায়ের যেন ভূষণ মিটিয়ে চলেছে, সেখান থেকে ওকে তুলে নিয়ে গিয়ে ছোট্ট চার দেয়ালের একটি পাগলা গারদে কয়েদ করতে চাই না।

শেষবার ওকে আমি অমৃতসরে দেখি। ওর দ্বরণা দেখে আমার চোখ জলে ভরে ওঠে। আমি ফয়সালা করে ফেলি, ওকে পাকিস্তানেই সঙ্গে করে নিয়ে যাব আর পাগলা গারদে ভতি করে দেব।

ফরিদ-চকে দাঁড়িয়ে ও ওর কম জোর চোখ দিয়ে এ দিক ওদিক দেখছিল। চকে বহু লোকজন চল-ফেরা করছিল। আমি আমার বোনের সঙ্গে এক দোকানে বসে একটা অপস্তত মেয়ে সম্বশ্ধে কথবাতা বলছিলাম। যে অপস্তত মেয়েটির সম্পক্তে আম খবর পেয়েছি, বাজার সব্বিনিয়ায় এক হিন্দু বোনের বাড়িতে সে আছে। কথাবাতা শেষ হয়ে গেলে আমি উঠলাম। ঠিক করলাম, পাগলীকে কোন রকমের বৃথিয়ে সৃথিয়ে পাকিস্তানে নিয়ে যাব। এমন সময় একজোড়া তর্ণ তর্ণীকে সে দিক দিয়ে যেতে দেখলাম। মেয়েটির মাথার ওপর সামান্য একট্য ঘোমটা টানা। মেয়েটির সঙ্গে একজন শিখ তর্ণ। দেখতে বেশ ছিমছাম আর স্থানর। চোখ-মুখও চটকদার।

পাগলীর সামনে দিয়ে যখন তারা যাচ্ছিল, তাকে দেখে তর্ন্বটি ম্হত্তের জন্যে থমকে দাঁড়াল। সে দ্'পা পেছনে সরে এসে মেয়েটির হাত চেপে ধরল। এই অপ্রত্যাশিত ঘটনায় হকচিকরে গিয়ে মেয়েটি তার মাথার ঘোমটা এ টু সরিয়ে নিল। ধোলাই করা সাদা ওড়নার ফাঁক দিয়ে আমি তার গোলাপী মূখখানা এক ঝলক দেখলাম। আর যার সোন্ধু বাখ্যা করার মতো শন্দ কনে পরিভাষা আমার ঠোঁটে জুগবে না।

আমি ও দর খাব কাছেই দাঁড়িয়েছিলাম। শিখ তর্নাটি এই সোন্দর্ষের দেবীকে ঐ পাগলীর দিকে ইশারা করে খাব চাপা গলায় বলল, তোমার মা।

তর্ণীটি মুহ্তের জন্যে ওর দিকে তাকাল। তাকিয়েই ঘোমটা টেনে দিল। টেনে দিয়ে শিখ তর্ণটির হাত চেপে ধরে খুব চাপা স্বরে বলল, চলো।

আর তারা দ্ব'জনেই রাণতা থেকে একট্ব এদিকে সরে এসে খ্ব দ্বত হাটতে লাগল। পাগলী তারস্বরে চে'চিয়ে উঠল, পালাচ্ছে—পালাচ্ছে।

ও খবে ঘাবড়িয়ে গিয়েছিল। আমি ওর কাছে গিয়ে জিজেন করলাম, আমা, কি ব্যাপার!

ও থরথর করে কাঁপছিল। কাঁপতে কাঁপতে বলছিল, ওকে দেখেছি ···· আমি ওকে দেখেছি।

আমি তাকে জিজ্ঞেস করলাম, কাকে দেখেছ ?

ওর দ্ব'চোখের গভীরে জল টল্মল করছিল। বলল, আমার মেয়েকে·····যে পালিয়ে গিয়েছে, তাকে।

আমি ওকে পরিপ্রেণ বিশ্বাস দেওয়ার জন্যে বললাম, আমি খোদার কসম খেয়ে বলছি, ও মরে গেছে।

আমার কথা শনেতেই, পাগলী চকের ওপর পড়ে মারা গেল।

কেউ কেউ শ্বান জিতেই আনন্দ পায়, কিন্তু ও জিতে আবার তা হেরে গিয়ে খুশী হয় ।।

জিততে ওর খাব মাশকিল হয় না, কিন্তু হারতে কয়েকবার ওকে খাব মাশকিলে পড়তে হয়। প্রথমে ও ব্যাভেক চাকরি করত, কিন্তু যখন বারকা বে ওর অগাধ ধন-দৌলত দরকার তখন ওর বাধা আর আত্মীয়-ম্বজনরা ওর এই খেয়ালকে হেসে উড়িয়ে দিতে চাইল। কিন্তু ও একদিন ব্যাভেকর চাকরি ছেড়ে বোম্বাই চলে গেল এবং খাব অলপ দিনের মধ্যেই বাধাবাধৰ এবং আত্মীয়ম্বজনদের টাকা-প্রসা দিয়ে সাহায্য করতে লাগল।

বোম্বাইতে পয়সা উপার্জ'নের বেশ কয়েকটা পথ ওর কাছে খোলা ছিল, কিন্তু ও ফিল্মের দুনিয়াকেই ঠিক করে নিল। এতে পয়সা ছিল, ইঙ্জতও ছিল। এই দুনিয়াতে বিচরণ করে ও দ'বুহাতে পয়সা লুটতে পারে এবং উড়াতেও পারে। তাই ও এই জায়গাতেই খেলতে শুরু করল।

লাখ-লাখ টাকা নয়, কোটি-কোটি টাকা ও উপার্জন করে উড়িয়ে দিল।
উপার্জন করতে ওর যে সময় লেগেছিল উড়িয়ে দিতে তা লাগেনি। ফিলেমর
জন্যে একটি গান লিখল। লিখে লাখ টাকা পেয়ে গেল। কিন্তু এই এক
লাখ টাকা বেশ্যাখানায়, বাইজির মহফিলে, ঘোড়-দৌড়ের মাঠে এবং জ্বয়ার
আছেয়ে উডিয়ে দিতে ওর বেশ কিছ্ব দিন লাগল।

ও একটি ফিল্ম তৈরি করল। তাতে দশ লাথ টাকা লাভ হল। এই টাকা কিভাবে উড়ানো যায় ওর কাছে তা এক সমস্যা হিসেবে দেখা দিল। তাই প্রতিটি পদক্ষেপে পদস্থলনের ব্যবস্থা ও তৈরি করে নিল। ও তিনটি গাড়ি কিনল—একটা নতুন, আর দুটো প্রনা। এই প্রেরা গাড়ি দুটি যে অকেজাে তা ও ভালােভাবেই জানত। এই গাড়ি দুটো ও বাড়ির বাইরে ফেলে রাখল যাতে ভেঙে চুরে নন্ট হয়ে যায়। আর যেটা নতুন সেটা গ্যারেজে বন্ধ করে রাখল—ভাবটা যেন পেট্রোলের অভাবে চালাতে পারছে না। টাাক্ষিই ওর কাছে ঠিক ছিল। ভারে টাক্সি নিত, মাইল খানেক বাওয়ার প্র টাক্সি থামাত। থামিয়ে কোন জ্বয়ার আভায় ঢ্কে পড়ত। দ্ব-আড়াই হাজার টাকা হেরে পরিদন আভা থেকে বাইরে বের হত। টাক্সি

বাইরে তেমনিই দাঁড়িয়ে রইত। ট্যাক্সিতে চড়ে বাড়ি যেত এবং ইচ্ছা করেই ট্যাক্সির ভাড়া দিতে ভূলে যেত। সংখ্যায় আবার বের হত, ট্যাক্সি দাঁড়িয়ে থাকতে দেখে বলত, আরে বংশ্ব, তুমি এখনও দাঁড়িয়ে আছ। অফিসে চল, তোমাকে ভাড়া দেওয়ার ব্যবস্থা করে দিচ্ছি অফিসে পেশছৈ ও আবার ভাড়া দিতে ভূলে যেত। আর্ অ

একটার পর একটা ওর ফিল্ম হিট হল। সাফলোর যত রেকর্ড ছিল সব ওর কাছে মুমান হয়ে গেল। টাকার পাহাড় জয়ে উঠল। সম্মান ও মর্যাদা আকাশকে স্পর্শ করল। ক্ষেপে গিয়ে ও আরও দ্ব তিনটি ফিল্ম তৈরি করল, কিল্তু সেই ফিল্মগর্বলি হিট না করায় অসাফলোর এক উদাহরণ হয়ে দাঁড়াল। ওর এই অসাফলা অন্যকে পথে বসাল। কিল্তু ও আবার সজে সজে আহ্তিন গ্রিটেয়ে নিল। যারা পথে বসেছিল তাদের ও ভরসা দিল, আর ও এমন ফিল্ম তৈরি করল, মনে হল তা যেন সোনার থনি।

নারী সম্পর্কিত ব্যাপারেও ওর হার-জিত এমনই চক্রাকারে চলত। কোন
মহফিল বা কোন বেশ্যালয় থেকে এ ফটি মেয়েকে তুলে আনল, তারপর তাকে
সম্মানের উ'চু আসনে বসিয়ে দিল। এ< তার নারীত্বের সমস্ত সৌন্দর্য
মনান হওয়ার পর ও তাকে এমন স্থ্যোগ করে দিত যাতে ও অন্য কারো গলায়
ব্বলে পড়ে।

বড় বড় প'র্বজিপতি এবং স্থানরী প্রেমিকাদের সঙ্গে ওকে মর্থোমর্থি হতে হত। ও এক হাত বাজি লড়ে যেত। রাজনীতির চাল লালত। এই কাটা-গ্রুমে হাত দিয়ে ও নিজের পছাদ মতো ফর্ল তুলে নিয়ে আসত। এবং পর্যাদ ই নিজের কোটে লাগিয়ে কোন উদার মান্যকে স্থযোগ দিত যেন সে এক কটকায় ফ্লটা ছিনিয়ে নিয়ে যায়।

এই সময় ফারস্ রোডের এক জুয়ার আছায় লাগাতার দশ দিন ধরে যাওয়া-আলা শুরু করল—হেরে যাওয়া ওর ওপর জাঁকিয়ে বসেছিল। ও সবে খুব স্থানরী আর সতেজ এক একট্রেসকে হারিয়েছে এবং এক ফিল্ম তৈরি করে দশ লাখ টাকা বরবাদ করে দিয়েছে। কিন্তু এই দুটি দুর্ঘটনা ঘটা সত্ত্বেও ওর কোন আঙ্কেল হয়নি। এ দুটি জিনিসই অপ্রত্যাশিত ভাবে ওর হাত থেকে ছিটকে বেরিয়ে গিয়েছিল। ওর ধারণা যে ভুল তা এবার প্রমাণত হল। তাই এবার ফারস্ রোডের জুয়ার অভায় কড়ায়-গাডায় হিসেব করে এক বিশেষ অঞ্ক পর্যান্ত ও হারতে লাগল।

প্রতিদিন সম্ব্যায় পকেটে দ্ব'শ টাকা নিয়ে ও পবন প্রলের দিকে চলে বেত। ওর টাাক্সি হাট করে খোলা ঘরের জানালাগ্রলোর সঙ্গে সঙ্গে ছর্টে চলত এবং বেশ কিছুর দ্রে যাওয়ার পর এক ইলেকট্রিক পোস্টের কাছে এসে থেমে যেত। ও ট্যাক্সি থেকে নামত। নেমে তার প্রের্ কাঁচের চশমাটাকে একবার চোখের ওপর ঠিক ভাবে বাসিয়ে নিত। তারপর ধর্বিতর কোঁচা ঠিক করে একবার ডান দিকে—যেখানে লোহার শিকের ওধারে যে কুংসিত মেয়ে মানুষটি ভাঙ্গা আয়না নিয়ে নিজের সাজ্ব-গোজে বাস্ত থাকত সেদিকে তাকাত। তারপর তরতর করে সি*ডি বেয়ে দোতালার আছায় উঠে যেত।

দশ দিন ধরে ও লাগাতার ফারস্ রোডের এই জ্বাথানায় দ্ব'শ টাকা করে হারার জন্যে আসছে। কখনও কখনও দ্ব্-এক হাত খেলার পরই ওর এই দ্ব'শ টাকা খতম হয়ে যেত. আবার কখনও হারতে হারতে ভার হয়ে যেত।

এগারো দিনের দিনে যখন ওর ট্যাক্সি ইলেকট্রিক পোস্টের কাছে এসে দাঁড়াল তখন ও ওর পূর্ব কাঁচের চশমাটা এবং ধর্তির কোঁচা ঠিক করে নিয়ে এক নজর বাঁয়ে তাকাল। হঠাং ওর মনে হল গত দশ দিন ধরে ও এই কুংসিত মেয়েমান্সটিকে দেখে আসছে। এই মেয়েমান্সটি প্রতিদিনের মতো আজকেও ভাঙা আয়না সামনে নিয়ে একটি কাঠের ওপর বসে সাজ্বগোস্কে বাসত ছিল।

জানলার কাছে এগিয়ে এসে ও এই আধ বয়সী মেয়ে মানুষ্টিকে খুব মনযোগ দিয়ে দেখতে লাগল। দেখল তার গায়ের রঙ মিশ কালো কিন্তু চটকদার, থুতনির ওপর ছোট ছোট নীল রঙের স্থই দিয়ে বিন্দি আঁকা। যে বিন্দিগ্লো তার গায়ের চামড়ার রঙের সঙ্গে মিলে মিশে এক হয়ে গিয়েছে। তার দাঁতগ্লোও কেমন বেচপের। পান আর তামাকের ছোপ-ছোপ দাগ। ওর অবাক লাগল এই মেয়েমানুষ্টির কাছে কে আসে!

ও জানালার আরও কাছে এগিয়ে গেলে সেই কুৎসিত মেয়েমান্বটি একট্ মুচকি হাসল। আয়না একদিকে সরিয়ে রেখে সে খিদত দিয়ে বলল, "কি সেঠ থাকবে?"

ও আরও ভালোভাবে সেই মেয়েমান্রটির দিকে তাকাল। এই বয়সেও সেই মেয়ে মান্রটির আশা ছিল তার খন্দের আছে। ও খ্ব আশ্চর্য হল। তাই ও তাকে জিজ্জেস করল, "বাঈ তোমার বয়স কত?" প্রশ্ন শানে মেয়ে মানার্ষটির বাক ধড়াস করে উঠল। মার কুচকিরে সে মারাঠী ভাষায় এক গালি দিল। ও নিজের ভুল বাকতে পারল। বাকে বেশ লভ্জার সঙ্গে বলল, "বাঈ, আমাকে মাফ কর। আমি এমনিই তোমাকে এ প্রশন করেছিলাম। তুমি প্রতিদিন সাজ-গোজ করে বসে থাক বলে আমার খাব আশ্চর্য লাগে। তোমার কাছে কেউ আসে?"

মেয়ে মানুষটি এ প্রশ্নের কোন জবাব দিল না। ও আবার নিজের ভূল ব্রুতে পারল এবং অত্যত সরলতার সঙ্গে জিঙ্কেস করল, 'তোমার নাম কি বাঈ ?''

মেয়ে মানুষ্টি পদ্র্ণা সরিয়ে ভেতরে যাওয়ার জন্যে পা বাড়িয়ে ছিল, কিল্ড ওর প্রদুন শুনে প্রমুকে দাঁড়িয়ে গেল। বলল, "গঙ্গা বাঈ।"

"গঙ্গু বাঈ, তুমি প্রতিদিন কত কামাও?"

ওর কণ্ঠে সহানভেতি এবং দরদ ছিল। গঙ্গা বাঈ জানালার **শিকের** কাছে এগিয়ে এসে বলল, "ছ-সাত টাকা, কোন কোন দিন কিছাই কামাতে পারি না।"

- "ছ-সাত টাকা, আর কোন কোন দিন কিছুই কমাতে পারি না' গছত্ব বাল-এর কথাগনলৈ আওড়াতে আওড়াতে ওর দু'শ টাকার কথা মনে হল। যে দু'শ টাকা ওর পনেটে ছিল এবং যা হারার জন্যে ও সঙ্গে করে এনেছিল। হঠাংই ওর মনে এক ইচ্ছা জেগে উঠল। ও গঙ্গত্ব বালকৈ বলল, "দেখ গঙ্গ্ব বাল, তুমি তো প্রতিদিন ছ-সাত টাকা কামাও—তুমি আমার কাছ থেকে দশ টাকা করে নিও।"
 - —"কেন থাকার জন্যে?"
- —"না, সমনে কর আমি থাকার জন্যেই তোমাকে এই টাকা দিচছি।" গঙ্গু বাঈকে এই কথা বলে ও পকেটে হাত ঢোকাল এবং দশ টাকার একটা নোট বের করে শিকের ফাঁক দিয়ে তার দিকে বাড়িয়ে দিয়ে বলল, "এই নাও।"

গঙ্গ[ু] বাঈ নোটটা নিল। কিন্তু সে অবাক হয়ে ওর দিকে তাকিয়ে রইল।

ও বলল, ''গঙ্গু ব:ঈ, আমি তোমাকে প্রতিদিন এই সময় দশ টাকা করে দিয়ে যাব। কিণ্তু একটা শত' আছে।''

^{—&}quot;শুক ?"

—"শর্ত হচ্ছে, দশ টাকা নেয়ার পর তুমি খাবার টাবার থেয়ে ঘরে শরের থাকবে…রাত্রে যেন তোমার ঘরে বাতি জলেতে না দেখি।"

গঙ্গু বাঈ-এর ঠোঁটে এক অভ্তুত দুঃখের হাসি খেলে গেল।

—"হাসির কথা নয়, আমি আমার কথা অক্ষরে অক্ষরে পালন করব।"
এই কথা বলে ও ওপরে জ্বার আন্ডার চলে গেল। সি*ড়ি দিয়ে উঠতে
উঠতে ও ভাবল, এই টাকাতো আমি হারার জন্যেই নিয়ে এসেছি। দ্ব'শ
টাকা নয়, একশ নথাই টাকা হারব।

করেকটি দিন এমনি ভাবে চলে গেল। প্রতিদিন ওর ট্যাক্সি ঠিক সম্ধার সময় ইলেকট্রিক পোন্টের কাছে এসে থামত। দরজা খুলে ও বাইরে বেরিয়ে আসত। এবং প্রের্ কাঁচের চশমা দিয়ে ডান দিকে গঙ্গু বাঈ-এর দিকে তাকাত। দেখত গঙ্গু বাঈ জানলার ধারে চৌকির ওপর বসে আছে। নিজের ধ্রতির কোঁচা ঠিক করতে করতে ও জানলার কাছে এগিয়ে যেত এবং গঙ্গু বাঈ-এর দিকে দশ টাকার একটা নোট বাড়িয়ে দিত। গঙ্গু বাঈ নোটটা মাথায় ঠেকিয়ে কুনিশি করত। আর ও একশ' নখ্বই টাকা হারার জন্যে দোতলায় উঠে যেত। এর মধ্যে দ্ব-তিন বার জ্বাম হেরে রাত্রি এগারোটাবারোটা বা দ্বটো-তিনটার সময় ও নীচে এসে দেখেছে গঙ্গু বাঈ-এর ঘর বাধা।

প্রতিদিনের মতো সেদিনও দশ টাকা দিয়ে দোতলায় গেল। কিন্তু দশটা বাজতে না বাজতেই ওর ছাটি হয়ে গেল। সেদিন তাসের পাতা এমন পড়ল যে কয়েক ঘণ্টার মধ্যে ওর একশ' নম্বাই টাকা হাওয়া হয়ে গেল। দোতলা থেকে নেমে ও যখন ট্যাক্সিতে বসতে গেল তখন গঙ্গা বাঈ-এর ঘরের দরজা খোলা। আর সে জানালার ধারে চেকির ওপর নসে খন্দেরের জন্যে প্রতীক্ষা করছে।

ট্যান্ধি থেকে নেমে ও গঙ্গানু বাঈ-এর ঘরের দিকে এগনুলো। ওকে দেখে গঙ্গান বাঈ ঘাবড়িয়ে গেল। কিন্তা, ততক্ষণে ও জানালার ধারে পে'ছি গিবেছিল।

—"গন্ধ বাঈ, একি ব্যাপার ?"

গঙ্গু বাঈ ওর প্রশেনর কোন জবাব দিন না।

—''খ্বে আফসোসের কথা, তুমি তোমার কথা রাখনি।···আমি তোমাকে বলেছিলাম, রাত্রে যেন তোমার ঘরে বাতি জ্বলতে না দেখি।

কিন্তু তুমি এখানে এইভাবে বসে আছ !"

ওর কশ্ঠে দৃঃখ ছিল। গঙ্গু বাঈ চিন্তায় পড়ে গেল।
—"তুমি খুব খারাপ"—বলে ও যাওয়ার জন্যে ঘুরে দাঁড়াল। গঙ্গু বাঈ বলল, "সেঠজী, দাঁড়াও।"

ও দাঁড়িয়ে পড়ল। গঙ্গু বাঈ ধীরে ধীরে, এক একটি শব্দ চিবিয়ে চিবিয়ে বলল, "হ্যা, আমি খুব খারাপ। কিন্তু এখানে সাচ্চা কে!… সেঠজী তুমি দশ টাকা দিয়ে একটি বাতি নিভিয়েছ।…একট্ তাকিয়ে দেখতো কত বাতি জ্বলছে।"

ও একদিকে সরে দাঁড়াল এবং সরে সার ঘর গ্লোর ওপর জানালায় চোথ ব্লাল। একটি নয়, অসংখ্য সার সার বাতি রাত্তির ধ্সের পরিবেশে টিম টিম করে জলছে। "তুমি কি এই সমস্ত বাতি নেভাতে পারবে?"

ও ওর চশমার পর্র কাঁচের মধ্যে দিয়ে গঙ্গ বাঈ-এর মাথার ওপর লটকানো বাল্ব-এর দিকে তাকাল। তারপর গঙ্গ বাঈ এর ধ্সের শরীরের দিকে ওর ঘাড় হে ট করে বলল, "না, পারব না গঙ্গ বাঈ, পারব না।"

ও যখন ট্যাক্সিতে উঠে বসল, তখন ও অন্তেব করল ওর পকেটের মতো গুর হৃদয়ও শ্ন্যে—খালি। অব্ব কোটোয়ান ছিল খ্বই মুপ্রেষ । তার টাঙ্গার ঘোড়াও ছিল শহরের এক নন্বর ঘোড়া। যে-সে সওয়ারি সে কখনও নিত না । বাঁধা খন্দের ছিল । এই বাঁধা-ধরা খন্দেরদের কাছ থেকে দিনে দশ-পনেরো টাকা পেলেই অব্যুর কাছে যথেন্ট ছিল । অন্যান্য কোটোয়ানদের মতো নেশা-ভাঙ সে করত না । সব সময় পরিকার পরিছয় জামা-কাপড় পরে সেজে-গ্রেজ থাকা সে খ্রে পছন্দ করত ।

তার টাঙ্গা যখন ঘ্ঙুরের আওয়াজ তুলে রাস্তা দিয়ে চলে যেত তখন আপনা-আপনি সবার চোখ তার টাঙ্গার ওপর গিয়ে পড়ত। "ঐ-যে ফ্লেবাব্ অব্ব যাড়ে। দেখ কেমন ডাঁট নিয়ে বসে আছে। পাগড়িটা দেখ, কেমন তেরচা করে বে*ধেছে!"

লোকের চোথের এই ভাষা যথন অব্ব শ্নত তথন তার ঘাড় এক অভিজাত্য বোধে ফ্লে উঠত এবং তার ঘোড়ার চাল আরও আকর্ষণীয় হয়ে উঠত। ঘোড়ার লাগাম অব্বর হাতে এমন কায়দায় ধরা থাকত, থেন তা ধরার কোন প্রয়োজনই নেই। মনে হত, ঘোড়া ধেন বিনা-ইশারায় চলেছে। তার মালিকের হ্কুমের কোন প্রয়োজন নেই। কথনও কথনও এমন মনে হত, অব্ব আর তার ঘোড়া চুল্লী দেন অভিল্ল। যেন প্রয়ো টাঙ্গাটাই একটি জীবন। আর এই জীবন অব্ব ছাড়া আর কে হতে পারে।

যে সব সওয়ারিদের অথ্য নিতে অম্বীকার করত তারা মনে মনে অথ্যকে গাল দিত। কেউ কেউ আবার অভিশাপও দিত,—'ভগবান যেন এর অহংকার নণ্ট হয়, টাঙ্গা-ঘোড়া যেন নদীতে পড়ে।''

অব্বর ঠোঁটের ওপর ষে হাল্কা-হাল্কা গোঁফের রেখা ছিল, তাতে আছ্মবিশ্বাসের এক মিল্টিহাসি লেগে থাকত। তাকে দেখে কোন কোনে কোচ্যেয়ান, জনলে-পন্ডে মরত। অব্বর দেখাদেখি কয়েকজন কোচোয়ান এদিকসোদক থেকে ধার-দেনা করে টাঙ্গা বানাল। টাঙ্গাকে পিতলের সাজ দিয়ে
সাজাল। কিল্তু তব্ তাদের টাঙ্গা অব্বর সাজ-বাটের কাছে দাঁড়াতে পারল
না। তাদের টাঙ্গা-বোড়ার চেয়ে অব্বর টাঙ্গা-বোড়াকে লোকে বেশী প্রদ্ধে

একদিন দুপুরে অব্ব এক গাছের ছায়ায় তার ঘোড়াকে বে'ধে টাঙ্গার ওপর বসে একট্ ঝিম্চিল এমন সময় একটি শব্দ তার কানের কাছে গ্ন গ্ন করে উঠল। অব্ব চোথ মেলে তাকাল। দেখল একজন মহিলা টাঙ্গার পাশে দাঁড়িয়ে আছে। অব্ব এক ঝলক তাকে দেখে নিল। সেই মহিলার উচ্চারিত যৌবন তার প্রদর্মক এফোঁড় ওফোঁড় করে দিল। সে মহিলা ছিল না, ছিল যোল সতেরো বংসরের তর্নণী। ছিপছিপে কিব্ স্থগঠন। উজ্জ্বল শ্যামবর্ণ। কানে র্পোর ছোট ছোট দ্বল। সোজা সি'থি। তীক্ষ্ম নাক। আর নাকের ডগায় উজ্জ্বল তিল। পরনে লম্বা কামিজ আর নীল রঙের গারারা। মাথায় ওড়ানা।

মেয়েটি তার্ণ্যের কণ্ঠে অব্বাকে জিজ্জেদ করল, ''এটি স্টেশন যেতে কত নেবে ?''

অব্দর ঠোঁটের মুচকি হাসি এক নিমেষে দুক্ট্মির হাসিতে পাল্টে গেল। বলল, "কিছে লাগবে না।"

মেরেটির শ্যামবণ মনুখের ওপর লালিমা ছে**রে গেল,—'**'কত নেবে দেটশন যেতে ?''

অন্বর চোথ দিয়ে তাকে অবগাহন করতে করতে বলল, ''তোর কাছ থেকে আমি কি নেব রে! চলে আয়—টাঙ্গাতে বস।''

মেরেটি সন্তদ্ত হয়ে তার হাত দুটি নিজের স্থডোল বুকের ওপর রেখে থডটুকু সম্ভব ঢাকার চেণ্টা করল। 'তুমি কেমন ধরনের কথা বল?''

অব্দ্র হেসে বলল, "আয়, উঠে বস। তুই যা দিবি তাই নিয়ে নের।"
মেয়েটি একট্ম চিন্তা করল। তারপর পাদানিতে পা দিয়ে টাঙ্গাতে
উঠে বসল। বসে বলল, "জলদি স্টেশনে নিয়ে চল।"

অব্দ পেছন ফিরে তাকিয়ে বলল, "তোর খুব জলদি আছে, তাই না !" —"হায়, হায়, তু…"মেয়েটি আরও কিছু বলতে গিয়ে থেমে গেল।

টাঙ্গা ছন্টতে লাগল ক্ষেটিতেই লাগল। ঘোড়ার খনেরে নীচ দিয়ে কয়েকটি রাস্তা ছন্টে পার হয়ে গেল। মেরেটি লক্ষায় জড়-সড় হয়ে বঙ্গের রইল। অব্দর ঠোটে দন্তন্দ্র দন্তন্ম হাসি ঝিলিক দিচ্ছিল। বেশ দেরী হয়ে যাচ্ছিল বলে মেরেটি ভয়াত কশ্চে তাকে জিজ্জেস করল, "এখনও স্টেশন আসেনি ?"

অব্ব বেপরোয়া ভাবে উত্তর দিল, "এসে যাবে। তোর আমার ক্টেশ্ন তো একই।"

—"মানে ?"

অম্ব্র, পেছন ফিরে মেয়েটির তাকিয়ে বলল, "কি এতটাকু বাঝিস না, তার-আমার স্টেশন একই? অম্ব্রথমন তোকে দেখেছে তথনই এক হয়ে গিয়েছে। তের জানের কসম, তোর গোলাম মনুট বলছে না।"

মেয়েটি তার মাথার ওড়না টেনে দিল। ওর চোথই ওকে বলে দিচ্ছিল অব্দুকী বলতে চায় তা ও বুঝে ফেলেছে। আর তার মুখ দেখে মনে হচ্ছিল অব্দুর কথায় সে একট্বও ক্ষুন্ন হয়নি। কিন্তু তার দ্বিধা ছিল দ্ব'জনের স্টেশন এক হোক আর না হোক অব্দু তো স্থাদর। কিন্তু বিশ্বাসযোগ্য হবে তো! স্টেশনে গিয়ে আর কি হবে, তার গাড়ি কখন চলে গিয়েছে কে জানে ?

অব্যুর প্রশেন সে চমকে উঠল, "কি এতো ভাবছিস ?"

ঘোড়া বেশ মেজাজে দ্বলকি চালে চলছিল। ভিজে-ভিজে একটা হাওয়া বইছিল। রাম্তার দ্ব'ধারের গাছগুর্নি ছবুটে ছবুটে চলে যাচ্ছিল। আর তার ডালগুর্নি অ'বুকে ছিল। ঘুঙ্বুরের শশ ছাড়া আর কোন শশ ছিল না। অব্ব ঘাড় ফিরিয়ে মেয়েটির শ্যামবর্ণ সৌন্দর্যকে নিজের হৃদয়ে গে'থে নিচ্ছিল। কিছ্কুক্ষণ পর সে জানালার একটি শিকের সঙ্গে ঘোড়ার লাগাম বে'ধে একলাফে পেছনের সিটে মেয়েটির পাশে গিয়ে বসল। ও চুপচাপ বসে ছিল। অব্ব ওর হাত দ্বটি ধরে বলল, ''দে তোর লাগাম আমার হাতে দে।''

মেয়েটি শাধা বলল, "ছেড়ে দে"। কিন্তু তার আগেই সে অন্বার বাহাপাশে আবন্ধ হল। সে কোন আপত্তি করল না। নিশ্চয়ই সেই সময় তার প্রদয়ে খাব তোলপাড় চলছিল। যেন নিজেকে ছেড়ে তা উড়ে ষেতে চাইছিল।

অব্ব ধীরে ধীরে তার ভালোবাসার কণ্ঠে তাকে বনতে লাগল, "এই টাঙ্গা এই ঘোড়া আমার জীবনের থেকেও প্রিয়। আমি একাদশ পীরের কসম থেয়ে বর্লাছ, এই টাঙ্গা-ঘোড়া আমি বেচে তোর জন্যে সোনার বালা গড়ে দেব। নিজে ছে ডা-ফাটা কাপড় পরব, কি তু তোকে রাজকুমারী সাজিয়ে রাথব। ওয়াদহ লা-শরিকের কসম থেয়ে বলছি জীবনে এই আমার প্রথম প্রেম। তুই যদি আমার না হোস তবে তোর সামনেই আমার গলা কেটে ফেলব।"

তারপর সে মেয়েটিকে নিজের বাহ্পাশ থেকে মৃত্ত করে দিল। বলল, ''জানি না আমার কি হয়ে গিয়েছিল, চল, তোকে স্টেশনে ছেড়ে আসি।''

মেরেটি ধীরে বলল, ''না, তা-আর হয় না। তুমি আমার গারে হাত দিয়েছ।''

অন্বর মাথা ক'বেক গেল, ''আমাকে মাফ করে দে—ভূল হয়ে গিয়েছে।"
—"ভূলটাকে কি শেষ পর্যাত মানিয়ে নিতে পারবে?"

মেয়েটির কংঠে চ্যালেঞ্জ ছিল। যেন কেউ অন্ব্রকে বলল, ''এই টাঙ্গা থেকে সামনে এগিয়ে নিয়ে যাও নিজের টাঙ্গা।'' অন্ব্র হে'ট মাথা সোজা হয়ে গেল। তার চোথ ঝিলিক দিয়ে উঠল।

অব্দর তার বলিষ্ঠ ব্রেকর ওপর হাত রেখে বলল, ''অব্দ্র তোর জনো নিজের জান দিয়ে দেবে।''

মেয়েটি তার হাত অব্বর দিকে প্রসারিত করে দিয়ে বলল, "এই নে আমার হাত।"

অস্ব্ তার হাত দৃঢ়তার সঙ্গে চেপে ধরে বলল, "কসম আমার যৌবনকে, অস্ব্ তোর গোলাম।"

পরের দিন অব্দ্র আর সেই মেয়েটির নিকা হয়ে গেল। মেয়েটি গ্রুজরাটের কোন এক জেলার মুচির মেয়ে। তার নাম ইনায়ত বা নীতি। নিজের আত্মীয়স্বজনদের সঙ্গেও এখানে এসেছিল। স্টেশনে ওরা যখন প্রতীক্ষা করছিল তখন অব্দর সঞ্জেও র সাক্ষাং হয়। আর সেই সাক্ষাংই সঙ্গে সঙ্গে ভালোবাসার মহল গড়ে তুলল। অব্দু টাঙ্গা-ঘোড়া বেচে দিয়ে র্যাণিও নীতির জনো কোন সোনার বালা গড়ে দেয়নি, কিব্তু তার জমানো টাকা দিয়ে সে তার জনো সোনার দুল কিনেছিল। রেশমের কয়েকটি জামা-কাপড়ও তৈরী করেছিল।

রেশমী জামা-কাপড় পড়ে সে যখন অব্দরে সামনে এসে দাঁড়াত তখন তার প্রদয় নেচে উঠত—"কসম পবিত্র পঞ্চতনের নামে, দর্নিয়াতে আমার চেয়ে খ্রশীতে পাগল মান্য আর দ্টি নেই।" নীতিকে সে তার ব্কেজড়িয়ে নিয়ে বলত, "তুই আমার দিল কী রাণী।"

দ্ব'জনেই যৌবনের পাগলপনায় ডুবে ছিল। গাইত হাসত দ্বরে বেড়াত আর দ্ব'জন দ্ব'জনের শভে কামনা করত। এক মাস এমনি ভাবে কেটে গেল। কিন্তু একদিন হঠাৎ প্রবিশ এসে অন্বকে গ্রেফতার করল। নীতিকেও ধরে নিয়ে গেল। অব্দর ওপর অপহরণের মামলা চলল। নীতি একট্ও টলল না। কিন্ত তা সত্ত্বেও অব্দর দ বৈংসরের কারাদন্ড হল। আদালত যথন এই ফরমান দিল, তথন নীতি অব্দকে জড়িয়ে ধরল। কাঁদতে কাঁদতে ও শাধ্য বলল "আমি আমার মা-বাবার কাছে যাব না—ঘরে বসে তোমার জনো অপেক্ষা করব।"

অব্ব তার পিঠে টোকা মেরে বলল, "বে'চে থাক,…টাঙ্গা-ঘোড়া আমি দীনার জিম্মায় রেখে গেলাম…ভাড়া উশ্বল করে নিস।"

নীতির বাবা-মা ওকে অনেক বোঝাল, কিত্তু ও কিছুতেই তাদের সঙ্গে গেল না। ক্লাত হয়ে অবশেষে তারা হাল ছেড়ে দিল। নীতি একাই থাকতে লাগল। সন্ধ্যার সময় দীনা ওকে পাঁচ টাকা করে দিয়ে যাচ্ছিল। এই পাঁচ টাকা ওর খরচ-খরচার পক্ষে যথেষ্ট ছিল। আর তাছাড়া মোকদ্দমার জন্যে প্রতিদিন পাঁচ টাকা থেকে যা খরচ করে বাঁচত তাও ওর কাছেইছিল।

সপ্তাহে একবার জেলখানায় নীতি আর অন্বর দেখা-সাক্ষাৎ হত। আর এইসময়ট্কু ছিল ওদের ফাছে খবই সংক্ষিপ্ত। নীতির কাছে খতট্কু জমা টাকা ছিল তা অন্বর আরামের জন্যে খরচ হয়ে গেল। এক সাক্ষাতে অন্বন নীতির খালি কানের দিকে তাকিয়ে জিজ্ঞেস করল, "নীতি তোর কানের দ্বল কোথায়?"

নীতি হেসে দিল। ছেসে শাক্ষীর দিকে একবার তাকিয়ে অন্ব,কে বলল, "চুপ হয়ে গেলে কেন?"

অস্ব বেশ কিছ্টো রুষ্ট হয়ে বলল, ''আমার কথা তোকে এত ভাবতে হবে না। যে ভাবেই থাকি না কেন, ভালোই আছি।''

নীতি কোন জবাব দিল না। সময়ও শেষ হয়ে গিয়েছিল। তাই হাসতে হাসতে সে ওখান থেকে বেরিয়ে এল। কিন্তু বাড়িতে এসে খুব কাঁদল। অনেকক্ষণ ধরে কাঁদল, কারণ অন্বর শরীর একেবারে ভেঙ্কে গিয়েছিল। এবারের সাক্ষাতে অন্বরেক প্রায় চিনতেই পারছিল না। দোহারা-চেহারার অন্বরে ভেঙ্কে ভেঙ্কে অধেকি হয়ে গিয়েছিল। নীতির মনে হচ্ছিল অন্বরেক অন্বরে দৃঃখ কুরে কুরে খাছে। তার বিছেদেই অন্বরেক এমন করে দিয়েছে। কিন্তু সে জানত না অন্বরেক ক্ষয়রোগে ধরেছে। এ অন্থ সে উত্তরাধিকার স্ত্রে পেয়েছে। অন্বর বাবা অন্বর চেয়ে বিলণ্ড

ছিল, কিন্ত্র ক্ষয়রোগ তাকেও অলপদিনের মধ্যে কবরে নিয়ে গিয়েছিল। অব্রুর বড় ভাইও স্থাপর জোয়ান ছিল। কিন্ত্র পরিপূর্ণ যৌবনে এই অস্থ্য তাকেও পিষে মারে। অব্রু এ ব্যাপারে সম্পূর্ণ অনভিজ্ঞ ছিল। তাই জেলের হাসপাতালে সে যখন শেষ নিশ্বাস নিচ্ছিল, তখন দর্থথে সেবলল, "ওয়াদহর লা-শরীকের কসম খেয়ে বলছি, যদি জানতাম এত তাড়াতাড়ি মারা যাব তবে তোকে কখনও বিবি করতাম না-----আমি তোর ওপর অনেক জ্বলুম করেছি---আমাকে মাফ করে দে---আর আমার এক নিশানা আছে —-আমার টাঙ্গা-ঘোড়া....একট্ব নজর দিস---আর ছুম্মী বেটার মাথায় হাত বর্বলিয়ে বলিস, অব্রু তোকে ভালোবাসা পাঠিয়েছে।"

অব্ব মারা গেল—আর নীতিরও সব কিছু মারা গেল। কিশ্তু ও ছিল সাহসী মহিলা। এই দুঃখকে ও সহা করে নিল। ঘরে একা একা পড়ে থাকত। সন্ধ্যার সময় দীনা আসত। এসে তাকে ভরসা দিয়ে বলত, "কোন কিছু ভেব না ভাবী, খোদার ওপরে কারও হাত নেই। অব্ব আমার ভাই ছিল—আমার পক্ষে যা করা সম্ভব, খোদার হুকুমে আমি তা করব।"

প্রথম প্রথম নীতি কিছুই বুঝতে পারত না। কিন্তু যখন শোকের দিন প্ররো হল, তখন দীনা খোলাখালি তাকে বিয়ে করতে বলল। দীনার কথা শানেই নীতির মনে হল ওকে ঘাড় ধাকা দিয়ে ঘরের বাইরে বের করে দেয়। দীনাকে শাধা সে বলল, "ভাই, আমি বিয়ে করব না।"

সেই দিন থেকে দীনার ব্যবহারও পালটে গেল। আগে প্রতি দিনই সম্ধায় পাঁচ টাকা আদায় হত। এখন কোন দিন চার টাকা কোন দিন তিন টাকা করে দিতে লাগল। বাহানা দিতে লাগল খ্ব মন্দা চলছে। আবার কখনও কখনও দ্ব-দ্ব তিন-তিন দিন বেপান্তা হয়ে থাকতে লাগল। কখনও বলত অস্থ করেছে, কখনও বাহানা দিত গাড়ি খারাপ হয়ে গিয়েছে সেজন্যে ঘোড়া জ্বততে পারিনি। ব্যাপারটা যখন ব্বতে পারল, তখন সে দীনাকে বলল, "ভাই দীনা, তোমার আর হয়রান হওয়ার প্রয়োজন নেই। টাঙ্গা-ই ঘোড়া আমাকে জমা দিয়ে যাও।"

অনেক টালবাহানার পর মুখ কাচুমাচু করে সে টাজা এবং ঘোড়া নীতিকে ফেরত দিল। যাওয়ার সময় দীনা মাঝেকে দিয়ে গেল। মাঝে ছিল অস্বুর বন্ধু। সেও কয়েকদিন পরে নীতির কাছে বিয়ের প্রার্থনা করল। নীতি অস্বীকার করলে তার চোথের ভাষাও পাল্টে গেল। সহান্ভ্তিট্রতি সব উবে গেল। তার কাছ থেকেও নীতি টাঙ্গা-ঘোড়া ফেরত নিয়ে নিল। এবং এক অচেনা কোচোয়ানকে দিল।

এক সন্ধ্যায় সে যখন পয়সা দিতে এল তখন সে নেশায় ব্রুদ ছিল। দরজায় পা দিয়েই সে নীতির গায়ে হাত দেওয়ার চেণ্টা করল। নীতি তাকে খুব একচোট নিল এবং কাজ থেকে ছাড়িয়ে দিল।

আট দশ দিন টাঙ্গা-ঘোড়া এমনিই আশ্তাবলে পড়ে রইল। ঘাস এবং দানার খরচ ছাড়াও আস্তাবলের ভাড়া ছিল। নীতি এক অশ্তুত চিশ্তায় দিন কাটাচ্ছিল। কেউ বিয়ের প্রার্থনা করে, কেউ তার অসম্মতির ওপর হাত লাগানোর চেণ্টা করে, কেউ পয়সা মেরে দেয়। বাইরে বের হলে মানুষ খারাপ নজরে ঘুরে ঘুরে দেখে। এক রাতে তার এক প্রতিবেশী দেয়াল টপকে তার ঘরে এল এবং তার গায়ে হাত দিল। ভাবতে ভাবতে নীতির পাগল হয়ে যাবার উপক্রম, এখন সে কি করে।

একদিন বসে ভাবতে ভাবতে তার মাথায় এল, আমি কেন নিজেই টাঙ্গা জনুতি না—নিজেই চালাই। যখন সে অব্দর সঙ্গে বেড়াতে বের হত তখন তো সে নিজেই টাঙ্গা চালাত। শহরের রাস্তা-ঘাটও তো জানা। কিম্ত্র সে আবার ভাবল, লোকে কি বলবে? তার মন এবং চেতনাই তাকে উত্তর জোগাল—এতে কি আছে, মেয়েরা মেহনত করে রোজগার করে—কয়লার খনিতে কাজ করে, অফিসে-দপ্তরে কাজ করে, ঘরে বসেও কাজ করার মেয়েতো হাজার হাজার আছে। যেমন করেই হোক পেট চালাতে হবে।

করেকদিন ধরে নীতি চিশ্তা-ভাবনা করল। শেষে সে ঠিক করল, টাঙ্গা সে নিজেই চালাবে। নিজের ওপর তার প্রেরাপ্রির বিশ্বাস ছিল। স্তরাৎ খোদার নাম নিয়ে সে আস্তাবলে গেল। টাঙ্গা জ্বততে দেখে সমস্ত কোচোয়ানরা অবাক হয়ে রইল। কেউ মজার ব্যাপার ভেবে একচোট হাসল। যারা বয়স্ক ছিল তারা নীতিকে এ কাজ না করার জন্যে বোঝাল। এ ঠিক নয়। কিশ্ত্ব নীতি তাদের কথায় কান দিল না। টাঙ্গা ঠিক-ঠাক করে নিল। পিতলের তকমাগ্রিল পরিষ্কার করে ঝকমক করে তুলল। ঘোড়াকে খব্ব আদের করল। আর অখ্বর সঙ্গে মনে মনে ভালোবাসার কথা বলতে বলতে আস্তাবলের বাইরে বেরিয়ে এল। কোচোয়ানরা আশ্চর্য হয়ে গিয়েছিল টাঙ্গা চালানোর কৌশলে নীতির নিপ্রণ হাত দেখে।

শহরে হৈ-চৈ পড়ে গেল, স্থন্দরী মেয়েমান্য টাঙ্গা চালাছে। সমস্ত জায়গায় শ্ধ্ এই একই আলোচনা চলছিল। লোক এই আলোচনা শ্নছিল আর প্রতীক্ষা করছিল কখন এই রাস্তা দিয়ে ও টাঙ্গা ছুটিয়ে যাবে।

প্রথমে প্রথমে প্রেম্ব-সওয়ারিরা টাঙ্গায় উঠতে দ্বিধা করছিল, কিন্ত্র্
অন্প দিনেই সে-দ্বিধা দ্রে হয়ে গেল। এবং খ্র রোজগার হতে লাগল।
এক মিনিটের জন্যেও নীতির টাঙ্গা খালি থাকত না। এক সওয়ারি নামতে
না নামতেই আর একজন উঠে বসত। কে তাকে প্রথম ডেকেছে তাই নিয়ে
কখনও কখনও সওয়ারিদের মধ্যে লডাই প্রযান্ত হয়ে যেত।

কাজের চাপ যখন বেড়ে গেল তখন নীতি টাঙ্গা চালানোর সময় ঠিক করে নিল। সকাল সাতটা থেকে দুশুর বারোটা পর্যান্ত, এবং দুটো থেকে সন্ধ্যা ছটা পর্যান্ত। এই সময়টাকুই তার নিজের কাছে সাখকর মনে হত। চুমীও বেশ খুশী। কিন্তা ও অন্ভব করতে লাগল অধিকাংশ মানুষই তার নৈকটাতার জন্যে টাঙ্গায় চড়ে। বিনা মতলবে, বিনা উদ্দেশ্যে ওকে এদিকে ওদিকে নিয়ে যেত। নিজেদের মধ্যে কুংসিত ঠাট্টা তামাশা করত। শুধু ওকে শোনানোর জন্যেই এ সব কথা-বাতা বলত। ওর মনে হতে লাগল ও নিজেকে না বেচলেও মানুষ চুপি চুপি ওকে কেনা-কাটি করছে। তাছাড়া ও জানত শহরের সমস্ত কোচোয়ানরা ওকে ভালো চোখে দেখছে না। এসব জানা সত্তেও ও এতটাকু উৎকণ্ঠ ছিল না। নিজের আত্মাবিশ্বাসের জন্যে ও সন্তান্ট ছিল।

একদিন মিউনিসিপ্যাল কমিটি নীতিকে ডেকে পাঠাল এবং তার লাইসেন্স কেড়ে নিল। কারণ হিসেবে বলল, "মেয়েমান্স টাঙ্গা চালাতে পাবে না।"

নীতি জিজ্জেস করল, "জনাব মেয়েমানুষ টাঙ্গা কেন চালাতে পারবে না ?"

কমিটি জবাব দিল, 'ব্যাস, চালাতে পারবে না, তোমার লাইসেন্স বাজেয়াপ্ত করা হল।"

নীতি বলল, "হ্জার, টাঙ্গা-ঘোড়াও বাজেয়াপ্ত করে নিন। কিল্তু আমাকে অণ্ডত এইটাকু বলান, "মেয়েমানাষ কেন টাঙ্গা জাততে পারবেনা? মেয়েরা চরকা চালিয়ে পেট চালাতে পারে, ট্কার বয়ে রোজগার করতে পারে; লাইনের ওপর কয়লা কুড়িয়ে নিজের পেটের জন্যে খাবার

সংগ্রহ করতে পারে, তবে আমি কেন টাঙ্গা চালাতে পারব না ? আমি আর কোন কাজ জানি না। টাঙ্গা-ঘোড়া আমার স্বামীর। কেন আমি তা চালাতে পারব না । হ্জুর আপনি দয়া কর্ন। মেহনত-মজদ্বির আপনি কেন বাধ করে দিচ্ছেন ? আমি কি করব ? আমাকে বলে দিন।"

অফিসার বলল, ''ধাও, বাজারে গিয়ে বস। ঐথানে ভালো কামাই হবে।"

অফিসারের কথা শানে নীতির ভেতর যে আসল নীতি ছিল তা জালে ছাই হরে গেল। খাব ধীরে 'আছা জী' বলে ও বেরিয়ে এল। জলের দামে টাঙ্গা-ঘোড়া বিক্রি করে দিয়ে ও সোজা অব্দর কবরের কাছে গেল। কিছাক্ষণ নিজ্ঞাব হয়ে দাড়িয়ে রইল। ওর চোখের জল একেবারে শাকিয়ে গিয়েছিল—যেমন বর্ষার পর প্রচাড রৌদ্রের তাপ খেতের নরম নরম ভাবকে শাকিয়েদের। ওর বাব ঠোঁট খালে গেল। কবরকে সানোধন করে বলল, 'অব্দ তোর নীতি আজ কমিটির দপ্তরে মারা গিয়েছে।"

শ্বের এই কথাটাকু বলে ও চলে এল। পরের দিন ও আজি পেশ করল। নিজের দেহ বেচার লাইদেশ্য ও পেরে গেল।

গুরমুখ সিং-এর উইল

প্রথমে ট্রকটাক চাকু-চালাচালি, তারপর দ্র-তরফের জাের লড়াইয়ের খবর আসতে লাগল। এই দড়াইয়ে চাকু, রুপাণ, তলায়ার এবং বন্দর্ক বেপরায়া চলল। কখনও কখনও বা দেশী বােমা ফাটার খবরও আসতে লাগল।

অমৃতিসরের অধিকাংশ মান্বেরই ধারণা ছিল এই সাম্প্রদারিক দাঙ্গা বেশী দিন স্থায়ী হবে না। আপাতত উৎসাহ উদ্দীপনা আছে, এই উৎসাহ উদ্দীপনা মিইরে গেলেই অবস্থা আপসে-আপ ঠিক হয়ে যাবে। এর আগেও এরকম দাঙ্গা অমৃতসরে বার কয়েক হয়েছে। কিল্তু দাঙ্গা বেশী দিন চলেনি। খবে বেশী হলেও মেরেকেটে দশ-পনেরো দিন, তারপর অবস্থা শান্ত হয়ে থিতিয়ে পড়েছে। এর আগে যে সব দাঙ্গা-হাঙ্গামা হয়েছে তার সঙ্গে তুলনা করে লোকে মনে করেছে কিছ্বদিনের মধ্যেই দাঙ্গা থিতিয়ে ঠাডা হয়ে যাবে। কিল্তু তা না হয়ে অবস্থা দিন দিন আরও খারাপের দিকে যেতে লাগল।

হিন্দ্পাড়ায় ষেসব মুসলমান থাকত তারা পাড়া ছেড়ে পালাতে লাগল। আর মুসলমানপাড়ায় ষেসব হিন্দ্ থাকত, তারা তাদের বাড়ি-ঘর ছেড়ে স্বাক্ষিত জায়গায় গিয়ে আগ্রয় নিতে শ্রু করল। কিন্তু এ বাবস্থা যে অস্থায়ী তা ব্রুতে কারো অস্ববিধা হল না। কারণ দাসার এই যে বিষক্রিয়া -এই বিষক্রিয়াতে সব-কিছ্ম জ্বলেপ্রের থাক না হয়ে যাওয়া প্রধন্ত শান্তি আসবে না।

মিঞা আবদলে হাই একজন রিটায়ার্ড সাব-জজ। তাঁর দৃঢ় বিশ্বাস, অবস্হা খ্ব তাড়াতাড়ি ঠিক হয়ে যাবে। আর তিনি খ্ব একটা উৎকুণিঠত হয়ে ওঠেননি। তাঁর এক ছেলে আর এক মেয়ে। ছেলের বয়স বছর এগারো আর মেয়ে সতেরো। আর ছিল বহু প্রেনো এক চাকর। বয়স প্রায় সন্তরের কাছাকাছি। খ্বই ছোট পরিবার। দাঙ্গা শ্রুর হওয়ার পর মিঞা সাহেব ঘরে বেশ কিছু রেশন মজ্যুত করলেন। ঘরে খাবার মজ্যুত থাকায়—তিনি অত্যুত্ত এ বিষয়ে নিশ্চিল্ত ছিলেন। খোদা না করে, অবস্হা খারাপের দিকে গেলে—দোকান-পাট যদি বশ্ধ হয়ে যায়, তবে খাওয়া-দাওয়ার ব্যাপারে তাঁকে কোন ম্বিবতে পড়তে হবে না। কিন্তু তাঁর ভরা-য্বতী মেয়ে স্বগরা খ্বই চিন্তিত। তাঁর তেত্তলা বাড়ি। অন্যান্য বাড়ির চেয়ে বেশ উটু।

চিলে কোঠা থেকে শহরের তিন-চতুর্থাংশ বেশ ভালোভাবেই নন্ধরে আসে। আজ কয় দিন ধরে সন্থারা দেখছে আশপাশে কোথাও-না-কোথাও আগন্ন জনলছে। প্রথম প্রথম ফায়ার বিগেডের ঘণ্টার ঠনঠন শব্দ শোনা ষেত। এখন আর তা শোনা ষায় না। আর তাই আগন্ন বিস্তীণ এলাকা ছড়িয়ে পড়েছে ক্রমশ।

রাতের দৃশাগ্রলো একট্ব ভিন্ন ধরনের। ঘুটঘুটে অধ্ধকারে আগ্রনের বিরাট বিরাট হলকা চোথে পড়ে। মনে হয় ষেন কোন দেবতার মুখ দিয়ে আগ্রনের ফোয়ারা ছুটছে। আর কিম্ভূত কিম্ভূত আওয়াজ শোনা ষায়— 'হর হর মহাদেও' আর 'আল্লা হো আকবর' ধ্বনি মিলে মিশে এক ভয়ঙ্কর রূপ ধারণ করেছে।

সন্গরা ভয়ে শিটকিয়ে এ ঘটনা আর তার বাবার কানে তোলেনি। তোলেনি, কারণ এর আগেও সে বলেছিল। তাতে তিনি বলেছিলেন, ভয়ের কোন কারণ নেই, সব ঠিক হয়ে যাবে। মিঞা সাহেবের বলার ধরনই এমন—য়েন কিছুই হয়িন। বাবার এইরকম কথা বলার ধরনে তার মধ্যেও কিছুটা ভরসা আসত। কিশ্তু যখন বৈদ্যাতিক তার কেটে দিল এবং জল বশ্ব হয়ে গেল তখন সন্গরা মিঞা সাহেবকে তার উদেরগের কারণ জানাল। ভয়ে সম্প্রস্ত সন্গরা বলল অতত কিছুদিনের জন্যে হলেও শ্রিফপ্রের চলে য়েতে। কারণ শ্রিফপ্রেই প্রতিবেশী মুসলমানরা যাছে। মিঞা সাহেব তাঁর য়েবায় সেই রায়েই অটল রইলেন। বললেন "মিছিমিছি তুই ভয় পাচ্ছিস কেন? অবস্হা খ্রব তাড়াতাড়ি ঠিক হয়ে যাবে।"

কিন্তু অবন্থা ঠিক না হয়ে বরং আরও খারাপের দিকে চলে গেল। ধে পাড়ায় মিঞা আবদলে হাই থাকতেন, সেই পাড়ায় ম্সলমানরা পাড়া উদ্ধাড় করে পালিয়ে গেল। আর এদিকে ভগবানের অসীম কৃপায় একদিন মিঞা সাহেব পক্ষাঘাতে আক্রান্ত হয়ে শ্যাাশায়ী হলেন। ছেলে বশরত আগে একা-একাই গোটা বাড়িতে উপরে নীচে ছোটাছর্টি এবং নানারকম খেলা খেলত। কিন্তু বাবা অসমুস্থ হয়ে পড়লে সে বাবার খাটিয়া ধরে বসে পড়ল এবং অবস্থার গতি অনম্ভব করার চেন্টা করতে লাগল।

তাদের বাড়ির লাগোয়া বাজার। সেই বাজার একেবারে নিস্তব। ডাক্তার গ্লোম মুস্তাফার ডিসপেন্সারি বহুদিন থেকে বন্ধ পড়ে রয়েছে। গ্লাম মোস্তাফার ডিসপেন্সারি ছাড়িয়ে ডাঃ গ্রুরাদিতার ডাক্তারখানা। ঝুল বারান্দা থেকেই স্থাবা দেখল, তাঁর ডিসপেশ্সারিতেও তালা ক্লছে। এদিকে মিঞা সাহেবের অবস্হা খ্বই আশঙ্কাজনক। কী করবে স্থাবা কিছুই ব্রুতে পারল। কিছুই সে চিন্তা করতে পারছিল না। বশরতকে একট্র দ্রের নিয়ে গিয়ে সে বলল, 'খোদার দিব্যি দিয়ে বলছি, বশরত, এখন তুমিই কিছুর একটা উপায় করো। জানি এখন বাইরে বেরোলে খ্ব বিপদ। কিন্তু তোনাকেই যেতে হবে—কাউকে ডেকে আনো। আখার অবস্হা খ্বই খারাপ।''

বশরত বেরিয়ে পড়ল। কিন্তু বেরুতে না বেরুতেই সে আবার ছুটে ফিরে এল। ওর মুখ কেমন হলুদের মতো ফ্যাকাশে হয়ে গিয়েছে। চকে রক্তে লতপত একটা লাশ সে দেখতে পায়। আর সেই লাশের কাছেই এক দঙ্গল মানুষ একটা দোকান লুট করছে। স্বুগরা ভয়ে জড়সড় তার ভাইকে দু হাত দিয়ে বুকের মধ্যে জড়িয়ে ধয়ে। এবং অবসম হয়ে বসে পড়ে। আর এদিকে বাবার যে অবস্হা তাও সে আর সহ্য করতে পায় ছল না। মিঞা সাহেবের বাঁ অঙ্গে কোন অনুভবশান্তি ছিল না। যেন তাতে প্রাণের কোন চিহুমান্ত নেই। কথাও কেমন জড়িয়ে গিয়েছিল। বেশার ভাগ সময়েই তিনি ইশারায় কথা বলতেন। ইশারায় তিনি যেন বলতেন, সুগয়া, ভয়েয় কোন কারণ নেই। খোদার মেহেরবানিতে সব ঠিক হয়ে যাবে।

কিণ্ডু কিছুই ঠিক হল ন।। রোজার মাস শেষ হয়ে আসছিল। আর মার দ্বিদন বাকী। মিঞা সাহেবের ভরসা ছিল, ঈদের আগেই অবস্হা বিলকুল ঠিক হয়ে যাবে। কিণ্ডু মনে হচ্ছিল, ঈদের দিনই যেন কেয়ামডের দিন আসছে। কারণ চিলেকোঠা থেকে শহরের প্রায় সব জায়গায় ধোঁয়া দেখা ষেত। রায়ে বোমা ফাটার এমন বিকট আওয়াজ শোনা যেত যে সারা রায়ি একদশ্ভের জন্যেও স্বগরা আর বশরত দ্বচোথ এক করতে পারত না। এমনি বাবার সেবাশ্র্র্যার জন্যে স্বগরাকে রাত জাগতে হত। কিণ্ডু এখন এই বোমা ফাটার বিকট আওয়াজ যেন তার মগজে গেঁথে বসে গিয়েছে। একবার সে তার পক্ষাঘাতগ্রন্থ বাবার দিকে তাকাত, আর একবার ভীত-সম্ভ্রন্থ তার ভায়ের দিকে। আর সন্তর বছরের ব্রুড়ো চাকর আকবর—সে বাড়িতে থাকা আর না-থাকা দ্ব'-ই সমান। সারা দিন-রাত নিজের ঘরে পড়ে থকথক কেশেই চলেছে আর গাদায় গাদায় কফ ফেলছে।

একদিন স্বারা রাগে দিশেহারা হয়ে তাকে গালিগালাঞ্জ করে বলল,

"তুমি কোন কন্মের নও। দেখতে পাচ্ছ না মিঞা সাহেবের কী অবস্হা। তুমি হচ্ছ এক নম্বরের নিমকহারাম। এখন বখন মিঞা সাহেবের জন্যে কিছু করা দরকার তখন তুমি কাশতে কাশতে দম বন্ধ হওয়ার ভড়ং দেখাচছ। যারা সতিকার নোকর তারা প্রভুর জন্যে নিজেকে বলি দিতেও শ্বিধা করে না।"

সন্গরা গালিগালাজ দিয়ে তার মনটাকে কিছুটা হালকা করে চলে গেল। কিন্তু পরে তার খবে অন্বতাপ হল। কী প্রয়োজন ছিল এই গরিব বেচারাকে গালিগালাজ করার। রাত্রে আকবরের জন্যে একটা থালাতে খাবার বেড়ে সে যখন তার ঘরে গেল, দেখল আকবরের ঘর খালি। বশরত সমস্ত ঘর তোলপাড় করে খালে। কিন্তু আকবরকে পাওয়া গেল না। সদর দরজার খিল খোলা। সন্গরা ব্যতে পারল, মিঞা সাহেবের জন্যে সে বাইরে গিয়েছে। সন্গরা খোদার কাছে মোনাজাত করল, খোদা ওর যেন কিছু না হয়। দাদিন পেরিয়ে গেল। কিন্তু আকবর আর ফিরে এল না।

সন্ধ্যার সময়। এমন অনেক সন্ধ্যা স্থারা আর বশরত দেখেছে। যে সন্ধ্যার ঈদের প্রে'ভাস পাওয়া যায়। আকাশে একচিলতে চাঁদ দেখার জন্যে তারা কত উৎসাহ আর আকৃতি নিয়েই না তাকিয়ে থাকত। পরের দিন ঈদ। আজকে শুধ্র চাঁদকে প্রার্থনা করার দিন। এক ঝলক দেখার জন্যে তারা দ্বজনেই কত উতলা খাকত। আকাশে যেখানে চাঁদ ওঠে সেখানে যদি ঘন মেঘ দিয়ে ঢেকে যেত, তবে কী রাগই না তাদের হত। কিন্তু আজকের সারা আকাশ ধোঁয়ার মেঘে ঢেকে গিয়েছে। স্থার আর বশরত দ্বজনে চিলেকোঠায় চড়ল। দ্রের কোন কোন বাড়িতে অন্ধকারের মধ্যে মান্যজনের আবছা ম্তি' দেখা যাচ্ছিল। বোঝা যাচ্ছিল না তারা চাঁদ দেখছে, না ধিকধিক আগ্রন দেখছে।

আজ যেন চাঁদও বেশ কুশলী হয়ে উঠেছে। ধোঁয়ার যে পরে পদা তার ফাঁক দিয়ে সে মূখ বাড়াল। স্বারা দ্ব' করতল তুলে প্রার্থনা করল, খোদা, তুমি মেহেরবানি করে আমার আম্বাজানকে স্কুহ করে দাও। আর বশরতের এমন রাগ হচ্ছিল যে, কী এক হাঙ্গামা এসে ঈদের এই স্কুদের দিনটা কই মাটি করে দিয়ে গেল।

দিন তখনও পশ্চিম দিকে ঢলে পড়েনি। সন্ধারে যে অঞ্ধকার তা তখনও তেমন গাঢ় হয়নি। জল-ছিটানো উঠোনে মিঞা সাহেবের চারপাই পেতে দেওয়া হয়েছিল। চারপায়ের ওপর তিনি নিস্পন্দের মতো শুয়ে ছিলেন। তাঁর চোথ দুটি আকাশের দিকে স্থির নিবন্ধ। কী বেন ভাবছিলেন। দিনের চাঁদ দেখে এসে সুগরা তাঁকে সেলাম করল। উনি ইশারাতে সুগরাকে উত্তর দিলেন। সুগরা মাথা কোকালে, যে হাতে বল আছে সে হাত তুলে তিনি ওর মাথায় স্নেহে হাত বুলাতে লাগলেন। সুগরার দু'চোথ দিরে টপটপ করে জল পড়তে লাগল। মিঞা সাহেবেরও দু-চোথ জলে ভরে উঠল। তিনি সুগরাকে সাহস দেয়ার জন্যে অনেক কণ্টে জড়িয়ে জড়িয়ে বললেন, "আল্লাহ-তআলা সব ঠিক করে দেবে।"

ঠিক এই সময় সদর দরজায় কেউ ঠকঠক করল। মিঞা সাহেব স্থারকে বললেন, "দেখ তো, কে এসেছে।"

স্থারা ভাবল, হয়তো আকবর ফিরে এসেছে। তার দ্ব চোথ আনন্দে চকমক করে উঠল। বশরতের হাত ধরে বলল, "মনে হচ্ছে আকবর এসেছে। একবার গিয়ে দেখে এসো।"

সন্গরার কথা শন্নে মিঞা সাহেব মাথা নাড়িয়েে যেন বললেন, 'না, না, আকবর নয়, অন্য কেউ।'

স্থগরা তার বাবাকে বলল, 'আকবর না হলে আর কে হতে পারে আবনা?'

মিঞা আবদলে হাই তাঁর কণ্ঠের সমস্ত শক্তি দিয়ে কিছু বলার চেন্টা
করলেন। কিন্তু তিনি কিছু বলার আগেই বশরত ফিরে এল। ভরে সে
কাঁপছিল। বড় বড় নিশ্বাস নিচ্ছিল। বশরত স্থগরাকে এক ধান্ধা দিয়ে
চারপাই থেকে সরিয়ে দিয়ে কাঁপতে কাঁপতে বলল, "একজন শিখ এসেছে।"

স্থারা ভয়ে চীংকার করে উঠল ; "শিখ ! কী বলছিস ?" বশরত বলল, "দরজা খুলতে বলছে।"

স্থগরা এক ঝটকায় বশরতকে টেনে জড়িয়ে ধরল। বাবাকেও চারপাইয়ের ওপর এক লহমায় তুলে বসিয়ে দিল। এবং ভাবলেশহীন চোখে তাঁর দিকে তাকিয়ে রইল।

হঠাৎ মিঞা সাহেবের পাতলা দু'ই ঠোঁটের ওপর এক অদ্ভূত মিণ্টি হাসি থেলে গেল। বললেন, "যাও, দরজা খুলে দাও…গুরুমুখ সিং এসেছে।"

বশরত প্রতিবাদ জানিয়ে বলল, "না, গ্রেম্থ সিং নয়, অন্য কেউ।"

মিঞা সাহেব নিশ্চিত ভাবে আবার বললেন, "স্থগরা, দরজা খুলে দাও, গুরুমুখই এসেছে।"

স্গরা উঠে দাঁড়াল। গ্রেম্খ সিৎকে সে চেনে। পেনসন নেওয়ার

আগে তার বাবা এই শিখের একটা কাজ করে দেন। ব্যাপারটা কী ঘটেছিল তা স্থারার অত ভালোভাবে মনে নেই। বোধ হয় তাকে এক মিথ্যে মামলা থেকে তার বাবা বাঁচিয়েছিলেন। তারপর থেকে প্রতিটি রমজানের ঈদের আগের দিন সে রুমালী সেওই-এর এক থাল নিয়ে তাদের বাড়িতে আসে। তার বাবা বহুবার তাকে বলেছেন, "সর্বারজী, আপনি কেন মিছিমিছি এই কণ্ট করেন?" হাত জোড় করে সে বলত, "মিঞা সাহেব, বাহে গ্রুক্তীর কৃপায় আপনার সব কিছুই আছে। এ এক সামান্য উপহার। আমি জনাবের খিদমতের জন্যে এর বেশী আর কী করতে পারি। আপনি আমার জন্যে যা করেছেন, আমার একশ প্রেষ্থও সে ঋণ শোধ করতে পারবে না। ভগবান আপনার ভালো কর্নন।"

প্রতি বছর ঈদের আগের দিন গ্রেম্থ সিং সেওই-এর থলে নিয়ে আসত। তার এই আসা স্থগরার এত পরিচিত যে, আজকে সে কেন তার ঠকঠক শব্দ শ্নেও ব্রুতে পারল না। বশরতও দশ বছর ধরে তাকে দেখে আসছে। ও কেন বলল, গ্রেম্থ সিং নয়; অন্য কেউ এসেছে। আর কেই-ই বা হতে পারে! ভাবতে ভাবতে স্থগরা সদর দরজার কাছে গেল। দরজা খ্লবে, না এখান থেকে জিজ্জেস করবে, 'কে'। এমন সময় আবার দরজায় ঠকঠক আওয়াজ হল। স্থগরার বৃক্ ভয়ে জোরে জোরে ওঠা-নাম করতে লাগল। কোনরকমে সে গলা দিয়ে আওয়াজ বের করে জিজ্জেস করল, "কে?"

বাইরে থেকে আওয়াজ এল, ''আজ্ঞে···আজ্ঞে···আমি নদ'রে গুরুমুখ সিং-এর ছেলে··সেন্ডোখ।''

সন্গরার সাহস কিছনটা ফিরে এল। বেশ নমতা এবং ভদুতার সঙ্গে সে বলল, "আপনি কিভাবে এলেন ?"

বাইরে থেকে জবাব এল, "সাহেব কোথায় ?"

স্বারা বলল, "তিনি অস্ত ।"

সদ'রে সন্তোথ সিং ব্যথিত হয়ে বলল, ''ওহ…'' তারপর সে কাগজের ঠোঙায় একটা খরখর শব্দ করে বলল, ''সেওই নিয়ে এসেছি…সদারজী পরলোক গমন করেছেন…মারা গিয়েছেন।''

স্বগরা জিজেস করল, "মারা গিয়েছেন ?"

রাইরে থেকে জবাব এল, "আজে, হাঁ…গত এক মাস হল মারা গিয়েছেন… মারা ষাওয়ার আগে বলে গিয়েছেন, 'দেখ, জজ সাহেবের জনো দশ বছর ধরে ক্লমজানের ঈদে সেওই নিয়ে যাই। আমার মৃত্যুর পর এ কাজ তোমাকে করতে হবে।' আমি তাকে ওয়াদা দিয়েছি—ওয়াদা রাখতে এসেছি—
সেওইটা নিন।''

সন্তোথ সিং-এর কথা শানে সন্গরার দা চোথ বেয়ে জল গড়িয়ে পড়তে লাগল। দরজাটা সে একটা ফাঁক করল। সদার গারমাথ সিং-এর ছেলে সেওই-এর ঠোঙাটা সামনে এগিয়ে ধরল। সাগরা ঠোঙাটা এক হাতে নিয়ে বলল, "থোদা, সদারজীকে দীর্ঘায়া কর্ন।"

গ্রমাথ সিং-এর ছেলে এক মাহতে চুপ করে থেকে জিজ্জেস করল, 'জিজ সাহেব কি অসাছ ?''

স্থার বলল, ''জী, হাাঁ,।''

"িক অসুখ হয়েছে ?"

"পক্ষাঘাত।"

"ইস, সদারজী যদি বে চৈ থাকতেন, শানলে খাব দাঃখ পেতেন সমৃত্যুর আগেও জজ সাহেবের কথা বলেছেন। বলতেন, জজ সাহেব মান্য নন, দেবতা। ভগবান যেন তাঁর আয়া দেন। ভাবে আমার প্রণাম জানাবেন।"

সম্তোথ সিং এই দ্কোরটি কথা বলে উঠোন থেকে আবার রাস্তার নামল। স্থারা একবার মনে মনে ভাবল, বলে—জজ সাহেবের জন্যে একজন ডাক্তার ডেকে দিতে।

সদার গ্রমাথ সিং-এর ছেলে সন্তোথ সিং জজ সাহেবের বাড়ি থেকে বেরিয়ের কয়েক পা এগাতেই চারজন লোক তাকে ঘিরে ধরল।

দর্জনের হাতে জনলত মশাল। আর দর্জনের হাতে কেরোসিনের টিন এবং আগ্রন লাগানের অন্যান্য জিনিস্।

তাদের একজন সন্তোথ সিংকে জিজ্ঞেস করল, "কী সদারজী, তোমার কাজ হয়ে গিয়েছে তো ?

সশ্তোখ মাথা কাত করে বলল, "হার্ট, হয়ে গিয়েছে।"

লোকটি বেশ দেমাকের সঙ্গে হেসে জিজ্ঞেস করল, "তবে এখন জজ সাহেবের মামলা ঠাণ্ডা করে দিই।"

''হাাাঁ···তোমাদের যা মজি কর,'' বলে সদার গারমাখ সং-এর ছেলে হাটতে শারা করল।

কালো শালোয়ার

দিল্লী আসার আগে ও আন্বালা ছাউনিতে থাকত, সেখানে কয়েকজন গোরা ওর শন্দের ছিল। এই গোরাদের সঙ্গে মেলামেশার জন্যে ও দশ-পনেরোটা ইংরেজী শব্দ শিখে গিয়েছিল। ওদের কাছ থেকে শেখা এইসব শব্দ ও অবশ্য সব সময় ব্যবহার করত না। কিন্তু দিল্লী এসে ওর কারবার যখন মন্দা হল তখন ও ওর প্রতিবেশী তমনচা জানকে বলল, ''দিস লাইফ ভেরি ব্যাড। —এই জীবন এত কন্টকর যে একট্র খাবারও জোগাড় হয় না।''

আন্বালা ছাউনিতে ওর ধান্ধা খুব ভালোভাবে চলত। ছাউনির গোরারা মদ খেয়ে ওর কাছে আসত। আর ও তিন চার ঘন্টার মধ্যে আট দশটি গোরার সঙ্গে কাজ-কারবার প্রেরা করে বিশ তিশ টাকা রোজগার করে নিত। আর এই গোরারাই ওর দেশের লোকদের মোকাবিলা করার জন্যে খুব জবরদন্ত ছিল। এর অর্থ, অবশ্য এই নয় য়ে, গোরারা য়ে ভাষায় কথা বলত তা স্বলতানা ব্রুতে পারত না বরং এই ভাষা না জেনে স্বলতানা ভালোই করেছিল। যদি তারা ওর কাছে কিছু জানতে চাইত তবে ও মাথা কাত করে বলত, "সাহেব, তোমাদের কথা আমি ব্রুথ না।" আর তারা মদি বেশী জবরদন্তি করত তবে ও নিজের ভাষায় তাদের গালি-গালাজ দিত। তারা যদি অবাক হয়ে ওর মুথের দিকে তাকিয়ে থাকত তবে ও বলত, "সাহেব, তোমরা একেবারে উল্লু কা পট্ঠা। হারমজাদা—ব্রুছে ?" যখন সাহেবদের এইভাবে গালিগালাজ করত তখন ওর কঠে কোন তেজ থাকত না, বরং ভালোবাসায় গদগদ হয়ে বলত। ওরা যখন হাসত তখন ওদের মুখ দেখে স্বলতানার মনে হত যেন বিলকুল উল্লু কে পট্ঠে।

কিশ্ত্র এখানে, দিল্লীতে ও যতদিন হয় এসেছে তার মধ্যে একদিনও কোন গোরা ওর কাছে আর্সেনি। তিন মাস ধরে ও হিশ্দৃস্থানের এই শহরে আছে. শ্বনেছে এই শহরে বড় লাট সাহেব থাকেন—ির্যান গরমের সময় সিমলাতে যান। এই তিন মাসে মাত্র ছ'জন মানুষ ওর কাছে এসেছে। মাত্র ছ'জন অর্থাৎ মাসে দ্ব'জন। আর এই ছ'জন খন্দেরের কাছ থেকে খোদার নামে শপথ করে বলা যায় ও মাত্র সাড়ে আঠোরো টাকা কামিয়েছে। তিন তিন টাকার চেয়ে বেশী কেউ দিতেই চায় না। এই ছ'জনের মধ্যে পাঁচ জনের কাছে স্লুলতানা তার রেট দশ টাকা বলেছিল। কিশ্ত, আশ্চর্যের কথা তারা প্রত্যেকেই বলেছিল, তিন টাকার বেশী এক কানা কড়িও দেব না। জানি না কেন তারা প্রত্যেকেই ওকে তিন টাকার সামগ্রী ভাবল। তাই ষষ্ঠ খন্দের যখন এল তখন ও নিজেই তাকে বলল, দেখ, "আমি প্রেরা তিন টাকা নেব। এর এক-আধলা কম বললে হবে না। তোমার মার্জ হয়তো থাক, নয় চলে যাও।" ষষ্ঠ খন্দেরটি ওর এই জবাব শানে কোন দর-দাম না করে রাজি হয়ে গেল। ঘরের দর্জা বশ্ব করে যখন নিজের কোট খালতে লাগল তখন স্লুলতানা তাকে বলল, "দাধের জন্যে একটা টাকা দাও দোখ।"

পর্রো একটাকা সে সর্লতানাকে দিল না, নতান রাজার একটা চকচকে আধর্বলি পকেট থেকে বের করে দিল। আর সর্লতানাও চটপট সেই আধর্বলিটা নিয়ে নিল, যা পাওয়া যায় তাই যথেষ্ট।

তিন মাসে সাড়ে আঠোরো টাকা। মাসে বিশ টাকা তো এই বাড়িরই ভাড়া—যাকে বাড়ির মালিকরা ইংরাজীতে 'ফারাট' বলে। এই ফারাটে এমন স্যানেটারি ব্যবস্থা ছিল যে, লোহার শিকল ধরে টানলেই সমস্ত নোংরা জলের তোরে একেবারে নীচের নদ'মায় হাওয়া হয়ে যেত এবং খাব শব্দ হত। প্রথম প্রথম এই শব্দে ও খাব ভয় পেয়ে যেত। প্রথম দিন ও যখন পায়খানায় গেল সেদিন ওর কোমরে একটা টনটনে ব্যথা হচ্ছিল। কাজ সেরে উঠতে গিয়ে ও এই শিকল ধরে নিজেকে কোন মতে সামলে নেয়। এই শিকল দেখে ও ভেবে ছিল, তাদের যাতে অস্ক্রবিধা না হয় সেই জনোই হয়তো এই বাড়িতে শিকল কালিয়ে রাখা হয়েছে। কারো কোন অস্ক্রবিধা হলে যাতে এই শিকলের সাহায্য নিতে পারে। কিন্তু যেই ও শিকল ধরে উঠে দাঁড়ানোর চেন্টা করল, তখন ওপরে খট করে একটি আওয়াক্ষ হল। আর জল এমন তোরে শব্দ করে বের হল যে ভয়ে ও চীংকার করে উঠল।

খোদাবক্স তখন অন্য একটা ঘরে নিজের ফটোগ্রাফির জিনিস পত্র গোছ-গাছ করছিল এবং পরিংকার একটি বোতলে হাইড্রো-ক্লোরাইন ঢালছিল। স্বলতানার চীংকার শ্বনে সে দৌড়ে বাইরে বেরিরে এল। স্বলতানাকে জিজ্ঞেস করল, "কি ব্যাপার, কি হয়েছে। তুমিই কি চীংকার করেছিলে?" সনুলতানার বনুক ধড়াস ধড়াস করছিল। ও বলল, "পায়খানায় এটা কি! মাঝখানে রেলগাড়ির মতো এটা কি ঝালিয়ে রেখেছে। আমার কোমরে ব্যথা। ভাবলাম, এটা ধরে দাঁড়াই। যেই না আমি শিকল ধরে টানলাম অমনি তা এমন শব্দ করে উঠল যে তোমাকে আমি কি বলব!"

শ্বনে খোদাবক্স একচেট হাসল। তারপর সে এই স্যানেটারি সম্পর্কে স্বলতানাকে সব ব্রিয়ে দিল। বলল, "এ এক নতুন ফ্যাশান, শিকল ধরে টানলেই সমঙ্ক নোংরা নীচে নেমে যায়।"

খোদাবক্স আর স্কাতানার মধ্যে আপনা থেকেই কিভাবে সম্পর্ক গড়ে উঠেছিল সে এক দীর্ঘ ইতিহাস। খোদাবক্স এক সময় রাওলিপিণ্ডিতে থাকত। এন্টেণ্স পাশ করার পর সে লরি চালানো শেখে, আর চার বছর ধরে সে রাওলিপিণ্ডি থেকে কাম্মীর পর্যণ্ড লরি চালানোর কাজ করত। সেই সময় কাম্মীরে এক মেয়ের সঙ্গে তার ভাব হয়। সেখান থেকে সে তাকে ভাগিয়ে নিয়ে আসে। লাহোরে সে কোন কাজ জোগার করতে না পারায় মেয়েটিকৈ সে পেশায় লাগিয়ে দেয়। দ্বতিন বছর এই ভাবেই চলে, কিন্তু একদিন সেই মেয়েটি অন্য একজনের সঙ্গে পালিয়ে যায়। খোদাবক্স জানতে পারল সে আম্বালায় আছে। সে তার খোঁজে সেখানে আসে আর সক্লতানাকে পায়। সক্লতানাও তাকে পছন্দ করে, পরে দ্বুজনের মধ্যে সম্পর্ক গড়ে ওঠে।

খোদাবক্স সেখানে আসতেই সন্লতানার কারবার হৃ হৃ করে বেড়ে ওঠে। মেরেমান্ধেরা সাধারনত অংধ বিশ্বাসী, তাই সন্লতানা ভাবল খোদাবক্স ভগবান। কারণ সে আসাতেই ওর বাজার এত রমরমা হয়েছে। এই বিশ্বাসের জন্যে খোদাবক্সের মর্যাদা ওর কাছে আরও বেড়ে গেল।

খোদাবক্স ছিল পরিশ্রমী মানুষ। সারা দিন পায়ের ওপর পা দিয়ে বসে থাকা সে মোটেই পছন্দ করত না। একজন ফটোগ্রাফারের সঙ্গে তার বশ্বত্বে হয়। রেলওয়ে স্টেশনের বাইরে বক্স-ক্যামেরা দিয়ে সে ফটো তুলতো। তার কাছ থেকেই খোদাবক্স ফটো তোলার কাজ শিখে নিল, এবং সল্লতানার কাছ থেকে ষাট টাকা নিয়ে একটা ক্যামেরাও কিনে ফেলল। খীরে ধীরে একটা পদা তৈরী করাল, দুটো চেয়ার কিনল এবং ফটো খোয়ার সমস্ত সর্ক্সাম কিনে সে নিজেই কারবার খুলো বসল।

কারবার ভালোই চলছিল। খুব অল্প দিনের মধ্যেই আম্বালা ছাউনিতে

সে জাঁকিরে বসল। এখানে সে গোরাদের ফটো তুলত। এক মাসের মধ্যেই ছাউনির অনেক গোরার সঙ্গৈ তার পরিচর হরে গেল। এবং পরে স্লেতানাকে সে তাদের কাছে নিয়ে আসতে লাগল। খোদাবক্সের মাধ্যমে ছাউনির অনেক গোরাই স্লেতানার খন্দের হয়ে গেল।

স্কৃতানা কানের দ্বল কিনল। পাঁচ তোলার আটটি কৎকনও তৈরী করাল। দশ-পনেরোটা দামী দামী শাড়িও কিনল। ঘরে ফানির্চার ও অন্যান্য জিনিসও এল। এই আশ্বালা ছাউনিতে বেশ স্থেই ছিল, কিন্তু হঠাং খোদাবক্সের মনে কি হল তা কে জানে, সে দিল্লী চলে আসা ঠিক করল। স্বলতানা খোলাবক্সকে কিভাবে না করে, কারণ খোদাবক্সকে ও নিজের সোভাগ্য বলে বির্ণবাস করে! ও হাসিম্থেই দিল্লী যাওয়ার প্রস্তাব মেনে নিল। ও ভেবেছিল এত বড় শহর যেখানে লাট সাহেব থাকেন সেখানে ওর ধান্দা আরও ভালোভাবে চলবে। নিজে দিল্লীর অনেক প্রশংসা শ্রেছিল। তাছাড়া সেখানে হজরত নিজাম্বিদ্ন আউলিয়ার মাজার আছে। এই মাজার সম্পর্কে ওর মনে অগাধ শ্রুখা ছিল। দেরী না করে ঘরের সমস্ত আসবার পত্র বিক্রি করে খোদাবক্সের সঙ্গেও দিল্লী চলে এল। এখানে এসে খোদাবক্স বিশ্ব টাকায় এই ফারাট ভাড়া নিল এবং দ্বেজনে একসঙ্গে থাকতে লাগল।

একই রকম দেখতে নতুন বাড়িগনুলো রাস্তার পাশ দিয়ে এক কাতারে বহুদ্রে চলে গিয়েছিল। মিউনিসিপাল কমিটি শহরের এই অংশ বেশ্যাদের জন্যেই বানিয়ে দিয়েছিল। যাতে এরা শহরের যেখানে-সেখানে ঘাঁটি গেড়ে না বসে। নীচে দোকান আর ওপরে এই ফ্যাটে। সমস্ত দালানগর্মলি একই ডিজাইনে তৈরী হয়েছিল বলে মাঝে মাঝে নিজের ফ্যাটে খাঁকে বের করতে ওকে অসম্বিধায় পড়তে হত। কিন্তু লিম্ব্রেওয়ালা যথন তার দোকানে সাইন বোড টাজিয়ে দিল তথার ওর নিশানা ঠিক হয়ে গেল।

'এখানে ময়লা কাপড় ধোলাই করা হয়'—বোডের এই লেখা পড়েই ও নিজের ফ্যাট চিনে নিতে পারত । এই রকম আরও অনেক নিশানা ও ঠিক করে নিয়েছিল। যেখানে বড় বড় হরফে 'কয়লার দোকান' লেখা সেখানে ওর বাংধবী হীরা বাঈ থাকত, সে মাঝে মাঝে রেডিওতে গান গাইতে যেত। যেখানে 'ভদ্রলোকদের জন্যে নানারকম খাবার পাত্যা যায়' লেখা আছে সেখানে ওর আর এক বাংধবী মুখতার থাকত। নেওরারের কারখানার ওপরে অনবরী থাকত। সে ঐ কারখানার শেঠের কাছে চাকরী করত। রাত্রেও শেঠকে কারখানা দেখা-শোনা করত হত বলে সে অনবীর কাছেই থেকে যেত।

কারবার চাল্ম হওয়ার পর সাধারণত খ্ব অলপ খরিন্দারই আসে। কিন্তু বখন এক মাস সম্লতানা বেকার থাকল তখন ও নিজের মনকে বোঝাল। কিন্তু দ্'মাস চলে যাওয়ার পরও যখন কোন মান্ম তার ঘরে এল না তখন ও খ্ব চিন্তায় পড়ে গেল। ও খোদাবক্সকে বলল, "খোদাবক্স প্রেরা দ্'-মাস হয় আমি এখানে এসেছি, এর মধ্যে কৈউ আমার ঘরে এল না। জানি, আজকাল বাজার খ্ব মন্দা, কিন্তু তার মানে এই নয় যে মাস ভর কারো মৃশ্ব দেখব না।"

খোদাবক্সের নিজেরই এ ব্যাপার খটকা ঠেকছিল, কিন্তু সে চুপ করেছিল। সন্তানা যখন নিজে থেকে কথা তুলল তখন সে বলল, "আমিও ক'দিন থেকে এই কথাই ভাবছি। একটা ব্যাপার মনে হচ্ছে, যুদ্ধের জন্যে লোকজন বিভিন্ন চক্করে পড়ে এই রাস্তা ভূলে গিয়েছে। কিম্বা এও হতে পারে...." সে কথা শেষ করার আগেই সি ড়ৈতে কারো পায়ের শব্দ শোনা গেল। খোদাবক্স এবং স্কোতানা—দ্ব'জন সি ড়ির সেই আওয়াজের দিকে তাকাল।

দরজায় কেউ একজন শব্দ করল। খোদাবকা লাফিয়ে গিয়ে দরজা খুলল। একজন লোক ভেতরে ঢুকল। এ ছিল প্রথম খন্দের, যে তিন টাকায় রফা করল। এর পর আরও পাঁচজন আসে, অর্থাৎ তিন মাসে ছ'জন, যাদের কাছ থেকে স্কুলতানা মাত্র সাড়ে আঠারো টাকা উশ্বল করে।

বিশ টাকা তো ওই ফা্যাটেরই ভাড়া। তাছাড়া জলের ট্যাক্স, ইলেকট্রিক বিল, খাওয়া-দাওয়া, জামা-কাপড়, ওষ্ধ-টম্ধের থরচ তো প্থক। অথচ কোন আমদানী নেই। তিন মাসে সাড়ে আঠারো টাকাকে কোন আমদানী বলা যায় না। স্লেতানা খ্ব চিন্তায় পড়ে গেল। সাড়ে পাঁচ তোলার যে আটাট কৎকন ও আন্বালায় বানিয়ে ছিল তা এক এক করে বিক্তি করে দিল। শেষ কৎকনিট যথন বিক্তি করার সময় এল তথন ও খোদাবক্সকে বলল, "ত্মি আমার কথা শোন, চল আন্বালায় ফিরে যাই। এখানে কি আছে ? তামার হয়তো ভালো লাগছে, কিন্ত্র এই শহর থেকে আমার মন উবে গেছে। তোমার কাজ-কারবারও তো আন্বালাতে ভালো চলত। চল,

সেখানেই ফিরে বাই । বা ক্ষতি হয়েছে তা ভূলে যাওয়ার চেন্টা কর । যাও এই কন্ফনটা বেচে এস । আমি জিনিস-পত্র বে*ধে-টেধে তৈরী থাকছি । আজকে রাতের গাড়িতে এখান থেকে রওনা হব ।"

খোদাবক্স স্বলতানার হাত থেকে কৎকনটা নিয়ে বলল, 'আম্বালায় ফিরে বাওয়ার আর ইচ্ছে নেই। এই দিল্লীতে থেকেই কামাব। তোমার এই চুড়ি এক এক করে আবার ফিরিয়ে আনব। আল্লার ওপর ভরসা রাখ। এ আল্লার কারসাজি। এখানেও তিনি একদিন কোন না কোন পথ বাতলিরে দেবেন।"

কিন্তু যথন পাঁচ পাঁচটি মাস চলে গেল এবং থরচের তুলনায় আমদানী এক চতুর্থাংশেরও কম হতে লাগল তথন সন্বতানা খ্ব চিন্তায় পড়ে গেল। খোদাবক্সও এখন প্রায়ই সারা দিন কোথাও উধাও হয়ে থাকতে লাগল। সেজন্যেও সন্বতানার মনে দর্খ ছিল। অবশা আশ-পাশে মেলা-মেশা করার মতো দ্ব-একজনের সঙ্গে যে ওর পরিচয় ছিল না তা নয়, যাদের সঙ্গেও কয়েক ঘণ্টা কাটিয়ে দিতে পারে। কিন্তু প্রতিদিন তাদের ওথানে গিয়ে ঘণ্টার পর ঘণ্টা বসে গলপগ্রুজব করা ওর কাছে ভালো লাগত না। আন্তে আন্তেও ওর এই বান্ধবীদের সঙ্গেও মেলা-মেশা বন্ধ করে দিল। সারা দিন ও ওর নিজের ফাঁকা ঘরেই চুপচাপ বসে থাকত। কখনও ও স্থপন্নির কাটত, কখনও প্রবনো আর ছে ডাল্ডা জামা-কাপড় সেলাই করত। কখনও বাইরের ব্যালকনিতে এসে জানালার সঙ্গে ঠেস দিয়ে ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে সামনের রেলওয়ে শেডের মধ্যে দাঁড়িয়ে থাকা বা চলন্ত ইঞ্জিনের দিকে উদ্দেশাহীন ভাবে ও তার্কিয়ে থাকত।

রাগতার অন্য দিকে ছিল মাল-গানুদাম, যে মাল-গানুদাম এক দিক থেকে আরেক দিক পর্যণত প্রসারিত ছিল। ডান দিকে টিনের শেডের নীচে বড় বড় গাঁট পড়ে থাকত, আর চারদিকে নানা রকমের জিনিস-পতে স্তপোকার। বাঁরে খোলা মাঠ, যে খোলা মাঠে অসংখ্য লাইন বিছানো। রোদ্রে লোহার এই লাইনগালো যখন ঝকমক করে উঠত তখন স্লোতানা নিজের হাতের দিকে তাকাত। ওর হাতের নীল নীল শিরাগালোও ঐ লাইনের মতোই প্রস্কৃটিত হয়ে উঠেছে। এই দীর্ঘ আর খোলা মাঠে সব সময় ইঞ্জিন আর গাড়ি চলাচল করত। কখনও এ দিকে যাচে, কখনও ওদিকে। ইঞ্জিন আর গাড়ির ঝিকবিক আওরাজ সব সময়ে লেগেই থাকত। খাব ভোরে ও

ষধন ব্যালকনিতে এসে দাঁড়াত তথন এই দৃশ্য বড় অন্তুত দেখাত। কুরাশার মধ্যে যথন ইঞ্জিনের মুখ দিয়ে ঘন ধোঁয়া বের হয়ে অপরিচ্ছন আকাশের দিকে উঠত তথন মনে হত থেন মোটা সোটা আর নাদ্মস-ন্দ্স মান্যগ্রেলা এক এক করে ওপরে উঠে যাচছে। বান্পের বড় বড় জলবিন্দ্রগ্রিলও রেল-লাইন থেকে আওয়াজ করে বের হয়ে আসত এবং চোখ মিটমিট করতে করতে হাওয়ায় মিলিয়ে ধেত। যথন গাড়ির কামড়াগ্রেলাকে এক ধারা দিয়ে ছেড়ে দিত তথন ওর নিজের কথা খ্র বেশা করে মনে পড়ে যেত। ওর মনে হত কেউ ওর জীবনের লাইনে এক ধারা দিয়ে ওকে ছেড়ে দিয়েছে। আর ও আপনা-আপনি সেই লাইন ধরে এগিয়ে চলেছে। অন্যান্য স্বাই লাইন বদল করছে, আর ও ছুটেই চলেছে—না জানি কোন্ দিকে চলেছে! এমন একদিন আসবে যথন এই ধারার জাের আন্তে আন্তে শেষ হয়ে যাবে আর ও কোথাও এসে একেবারে থেমে যাবে। এমন এক জায়গায় থেমে যাবে যেখানে ওর দেখাশোনা করার কেউ থাকবে না।

ঘণ্টার পর ঘণ্টা রেলের এই এ কে-বে কৈ যাওয়া লাইন, আর দাঁড়িয়ে থাকা বা চলত ইঞ্জিনের দিকে ও উদ্দেশাহীন ভাবে তাকিয়ে থাকত। আর একটার পর একটা কল্পনা ওর মনে থেলে যেত। যথন ও আন্বালা ছাউনিতে থাকত তথন ওর ঘর দেশৈনের খুব কাছেই ছিল। কিংতু যেখানে ও কোন দিন এইসব দুশাগালোকে এভাবে দেখার চেন্টা করেনি। কখনও কখনও ওর মনে হত সামনে জালের মতো বিছানো এই রেল-লাইন এবং মাঝে মাঝে যে বান্প আর ধোঁয়া উঠছে তা যেন এক বিরাট বেশ্যাখানা। সেখানে অসংখ্য গাড়ি ছিল আর তার মাঝে বেশ কিছু বড়সর ভারি ইঞ্জিন এদিক থেকে ওদিক টইল দিছিল। এই ইঞ্জিনগুলোকে দেখলে স্কুলতানার সেঠজী বলে মনে হত, যারা আন্বালাতে কখনও কখনও ওর ঘরে যাতায়াত করত। আবার যখন কোন ইঞ্জিন ধীরে ধীরে সার সার গাড়ির পাশ দিয়ে চলে যেত, তখন ওর মনে হত কেউ যেন বেশ্যাপট্রির মাঝ দিয়ে ওপরের ঘরের দিকে তাকাতে তাকাতে যাছে।

স্কৃতানা জানত এই ধরনের উদ্ভট চিন্তা মাথার গণ্ডগোল থেকেই হয়। যখন প্রায় সব সময়েই ওর এই ধরনের উদ্ভট কল্পনা হতে লাগল, তথন ও ব্যালকনিতে যাওয়া ছেড়ে দিল। খোদাবক্সকে ও বারবার বলল, "দেখো, আমার অবস্থাটা একট্র বিবেচনা কর। তুমি দ্ব'দশ্ড ঘরে থাক। আমি সারাদিন অস্থাছের মতো পড়ে থাকি।" কিন্তু খোদাবক্স সব সমরেই ওকে আশ্বাস দিয়ে বলত, আমার জান, আমি বাইরে কিছ্ব কামানোর জন্যে ঘ্রের বেড়াচ্ছি। আল্লা রহম করলে খ্রব অন্পদিনের মধ্যেই আমি এই বাধা পার হয়ে যাব।

পাঁচ মাস হয়ে গিয়েছিল। এর মধ্যে না স্থলতানা না খোদাবক্স কেউ বাধা পার হতে পারেনি।

মহরমের মাস এগিয়ে আসছিল। মহরমের সময় যে কালো কাপড় পরতে হয় তা স্থলতানার কাছে ছিল না। মুখতার লেডি হেমিল্টনের এক নতুন কাটের কামিজ বানিয়ে ছিল, সেই কামিজের হাতা ছিল কালো জজেটের। এই কামিজের সঙ্গে ম্যাচ করার জন্যে তার কাছে কালো সানিনের শালোয়ার ছিল। সেই শালোয়ারের রঙ ছিল কাজলের মতো চমকদার। অনবরীও রেশমী জজেটের একটি স্থলর শাড়ি কিনে ছিল। সে স্থলতানাকে বলে, এই শাড়ির নীচে সে সাদা বোদিকর পেটিকোট পরবে, কারণ এটাই নতুন ফ্যাশান। এই শাড়ির সঙ্গে পরার জন্যে অনবরী কালো মথমলের একজেড়া নরম জন্তো কিনেছিল। এইসব জিনিস দেখে স্থলতানার খ্বেদুঃখ হল, কারণ মহরম পালনের জন্যে এ সব কেনার কোন সামর্থ ওর ছিল না।

অনবরী এবং মুখতারের কাছে নতুন পোষাক দেখে ও যথন ঘরে ফিরে এল তখন ওর মন খুব উদাস হয়ে গিয়েছিল। মনে হচ্ছিল একটা ফোড়ার মতো কিছু ওর নিজের ভেতরে হয়েছে। ওর ঘর একেবারে খালি ছিল। অন্যান্য দিনের মতো আজকেও খোদাবক্স বাইরে ছিল। অনেকক্ষণ পর্যাত ও শতরঞ্জির ওপর পাশ বালিশে মাথা রেখে শুয়ে থাকল। কিতু যখন ওর ঘাড় ধরে গেল তখন ও ব্যালকনিতে গিয়ে দাঁড়াল। দাঁড়াল এই দুঃখময় কল্পনাকে নিজের মন থেকে সরিয়ে ফেলার জন্যে।

সামনে রেল-লাইনের ওপর বগিগন্বলা ঠায় দাঁড়িয়ে ছিল, কিণ্ডু কোন ইঞ্জিন ছিল না। তথ্ন সন্ধ্যার সময়। রাস্তার ওপর জল ছিটিয়ে দেওয়া হয়েছিল বলে ধ্বলো বসে গিয়েছিল। বাজারে লোকভানের চলাচলা শ্রুর হয়ে গিয়েছিল, আর ধারা এদিক-সেদিক উ'কিব্যুকি মারছিল তারা চুপচাপ কোন বরে ঢুকে পড়ছিল। ঠিক এই ধরনের একজন লোক বাড় উট্ট করে স্থলতানার দিকে তাকাল। স্থলতানা মৃচিক হেসে দিল। সে মৃহ্তের জন্যে খোদাবক্সের কথা ভূলে গেল, কারণ রেল-লাইনের ওপর একটা ইঞ্জিন এসে গিয়েছিল। স্থলতানা ওকে খুব ভালোভাবে খাঁটিয়ে খাঁটিয়ে দেখতে লাগল। ধাঁরে ধাঁরে ওর মনে হতে লাগল ইঞ্জিনও কালো পোশাক পড়ে রয়েছে। এই অম্ভূত ধরনের দৃঃখের চিন্তা ও মন থেকে হটানোর জন্যে যখন রাম্তার দিকে তাকাল তখন দেখল সেই লোকটি গর্র গাড়ির কাছে দাঁড়িয়ে আছে, যে এই কিছ্মুক্ষণ আগে ওকে কামাতুর চোখে দেখেছিল। স্লুভানা তাকে হাত নাড়িয়ে ইশারা করল। লোকটি এদিক-ওদিক তাকিয়ে অম্ফুট কেঠে বলল, "কোন দিক দিয়ে আসব ?" স্লুভানা তাকে ওপরে ওঠার রাম্তা দেখের দিল। লোকটি কিছ্মুক্ষণ দাঁড়িয়ে রইল, তারপর ফুডিবোজের মতো ওপরে উঠে এল।

স্বলতানা তাকে শতরঞ্জির ওপর বসাল এবং গণপ শরের করার জন্যে বলল, ''ওপরে আসতে এত ভয় পাচ্ছিলেন কেন?''

স্কুলতানার কথা শানে লোকটি এক ঝলক মিণ্টি হাসল। হেসে বলল, "তুমি কিভাবে ব্যুঝলে। ভয়ের কি আছে?"

সালতানা তাকে বলল, 'বললাম তার কারণ, আপনি অনেকক্ষণ ঐখানে দাঁড়িয়ে ছিলেন আর কিছা চিল্টা কর্ছিলেন।"

সন্তানার কথা শন্নে সে আবার হাসন, "তর্নি ভুল ব্ঝেছ, আমি তোমার ওপরের ফরাটের দিকে দেখছিলাম। ঐখানে দাঁড়িয়ে একটি মেয়ে একজন লোককে ব্ডো আঙ্গলে দেখাছিল। এই দৃশ্য আমার বেশ ভালোই লাগছিল। এর মধ্যে সব্জ বালব জালে উঠল তাই আমি একট্ব দাঁড়িয়ে গেলাম। সব্জ আলো আমি খ্ব ভালোবাসি। দেখতে খ্ব ভালো লাগে।" বলে ঘরের চারদিকে একবার সে চোখ ফিরিয়ে নিয়ে উঠে দাঁড়াল।

তাকে উঠতে দেখে স্লতানা বলল, "কি, আপনি চলে যাচ্ছেন ?"

লোকটি বলল, ''না, তোমাদের এই ঘরগ্মলো দেখতে চাই, চলো ঘ্ররিয়ে সব ঘর দেখাও।''

স্বৃলতানা তাকে তিনটি ঘর এক এক করে ঘ্রিয়ে দেখাল। লোকটি মুখ বুজে ঘরগ্রিল দেখাল। তারা দু'জনে আবার আগের ঘরে যেখানে সেই লোকটি বসে ছিল সেখানে ফিরে এল। এসে লোকটি বলল, ''আমার নাম শংকর।''

এই প্রথম স্কোতানা শব্দরকৈ খ" বিটিয়ে দেখল। মাঝারি উক্তা। খবেই
সাধারণ চেহারা, কিশ্ত ওর চোখ দ্বিট ছিল অসাধারণ স্বচ্ছ আর স্কের।
আর সেই চোখে কি ধরনের যেন এক অশ্ভূত উশ্জ্বলতা ছিল। ব্যায়াম
করা শক্ত সামর্থ দেহ। কানের কাছে কয়েক গোছা চুলে পাক ধরেছিল।
ধ্সের রঙের একটা প্যাশ্ট পরে ছিল। গায়ে যে সাদা সার্ট ছিল তার কলার
ছিল ঘাডের ওপর ওঠানো।

শঙ্কর শতরঞ্জির ওপর এমন গ্যাট হয়ে বসে ছিল, যেন শঙ্কর নয় সন্নতানা নিজেই তার খন্দের। এই অন্ভব সন্নতানাকে বিচলিত করে তল্লেল। তাই সে শঙ্করকে বলল, "আদেশ কর্ন।"

শঙ্কর বসেই রইল। স্বলতানার কথা শ্বনে, সে শ্বয়ে পড়ে বলল, "আমি কি আদেশ করব, ত্রমিই কর। ত্রমিই তো আমাকে ডেকেছ।"

স্বলতানা ওর কথার কোন জবাব না দেওয়াতে সে উঠে বসল। আমি ভেবেছিলাম, "যাক তুমিই শোন। তুমি যা ভেবেছ তা ভূল। আমি সেই-সব লোকদের একজন নই যারা কিছ্ দিয়ে যায়। ডাক্তারের মতো আমারও ফিস আছে। আমাকে ডাকলে ফিস দিতেই হবে।"

তার কথা শানে সালতানার মাথা ঘারে উঠল। কিশ্তা তা সম্বেও ও অনায়াসে হেসে উঠল, ''আপনি কি কাজ করেন ?''

শঙ্কর জবাব দিল, "তোমরা যে কাজ কর সেই কাজ।"

- —"কি ?"
- —"ত্রমি কি কর?"
- —"আমি কিছুই করি না।"
- "আমিও কিছ্ করি না।"

স্বলতানা রেগে বলল, "এটা তো ঠিক নয়……আপনি কোন না কোন কাজ নিশ্চয়ই করেন।"

শতকর খ্ব বিনয়ের সজে উত্তর দিল, "ত্মিও নিশ্চয়ই কিছু না কিছু কর।"

- —"কিছুই করি করি না।"
- --- "আমিও কিছ, করি না।"

—"তবে এস, দ্ব'জনে কিছব করি।" তৈরী আছি, কিশ্তব কিছব করার জন্যে আমি কখনও পরসা দিই না।"

"নিজের বর্ণিথকে একট্র চিকিৎসা করএটা লঙ্গরখানা নয়।"

—"আমিও ভলেণ্টিয়ার নই।"

স্বলতানা আর কথা না বাড়িয়ে থেমে গেল। ও জি**ভেনে করল,** ভলেশ্টিয়ার কি!"

শঙ্কর বলল, 'উল্লু কে পট্ঠে।"

- "वाभि छहा, कौ भऐ ि नहे।
- —"ত্রমি না হতে পার, কিশ্ত্ব তোমার সঙ্গে যে থাকে দেই খোদাবক্স উল্লব্ধ কা পট্ঠা।"
 - —"কেন ?"
- —''কেন? ও বেশ কিছুদিন ধরে এমন এক ফাকিরের কাছে ওর ভাগ্য ফেরানোর জন্যে যাতারাত করছে যার নিজের ভাগাই জং ধরা তালার মতো বংধ।" বলে শংকর হেসে উঠল।

স্লতানা শঙ্করের কথা শানে বলল, "তামি হিন্দ্র, তাই আমাদের এই ফিকরেকে নিয়ে ঠাট্রা করছ।"

শঙ্কর বলল, 'বেশ্যাখানায় হিশ্দ্-ম্সলমানের প্রশ্ন ওঠানো উচিত নয়। বড় বড় পশ্চিত এবং মৌলভীরাও এখানে এসে ভদ্রলোক বনে যায়।''

- —"কি উটপটাং কথা বলছ, থাকবে কিনা বল ?"
- —''থাকব, ঐ শতে' যা তোমাকে আগে বলেছি।''

স্কুলতানা উঠে দাঁড়িয়ে বলল, 'গ্লাও, নিজের রাস্তা ধর।''

শব্দর হেলে দুলে উঠে দাঁড়াল। পার্যেটের পকেটে দু'হাত ঢুকিয়ে ষেতে যেতে বলল, "আমিও মাঝে মাঝে এই বাজার দিয়ে যাতায়াত করি। তোমার যদি কখনও কোন দরকার হয়, তবে ডাকবে অমি খুবে কাজের লোক।"

শাংকর চলে গেল। স্কোতানা কালো পোশাকের কথা ভূলে গিয়ে অনেকক্ষণ ধরে শাধু ওর কথাই ভাবতে লাগল। এই মানুষ্টির কথাবার্তা তার দঃখকে অনেকখানি হাল্কা করে দিয়েছিল। যদি সে আন্বালায় আসত, যেখানে ও সুখে ছিল, সেখানে স্কোতানা তাকে অন্য চোখে দেখত এবং খাব সম্ভবত তাকে ধাকা দিয়ে বের করে দিত। কিল্ত্ এখানে ও উদাস হয়ে দিন কাটায়, তাই শাংকরের কথা ওর খাব ভালো লাগল।

সন্ধ্যার সময় যখন খোদাবক্স এল তখন স্থলতানা তাকে ক্সিজ্ঞেস করল, ''ত্রিম আজ সারা দিন কোথায় উধাও হয়ে ছিলে ?''

খোদাবক্স ক্লান্তিতে ভেঙ্গে পড়েছিল। বলল, "পর্রনো কেল্লা থেকে আসছি। সেখানে একজন ফকির কিছ্দিন হল এসে রয়েছেন তার কাছেই প্রতিদিন যাই যাতে আমাদের দিন ফেরে।"

- —"সে তোমাকে কিছু, বলেছে?"
- "না, এখনও সে মেহেরবান হয়নি। স্বলতানা, আমি যেভাবে তার খিদমত করছি, তা কখনও বৃথা যাবে না। আল্লার যদি রুপা থাকে তবে নিশ্চয় দিন ফিরবে।"

স্বলতানার মহরম পালনের কথা মনে পড়ে গেল। খোদাবক্সকে ও অল্ল-ভরা সিক্ত কণ্ঠে বলল, ''সারাদিন তুমি বাইরে বাইরে থাক। আর আমি এখানে খাঁচায় বন্দী হয়ে থাকি। না কোথাও যেতে পারি, না আসতে গারি। মহরম মাথার ওপর এসে গিয়েছে। তুমি এর কোন ব্যবস্থা কর। কালকে আমার কাপড় চাই। ঘরে এক কানা কড়িও নেই। কংকনগর্বলি ছিল, তাও এক এক করে গিয়েছে। তুমিই বল কি হবে? ……ফকিরের পিছে আর কতদিন ঘুরে বেড়াবে। আমার মনে হচ্ছে দিল্লিতে খোদা আমাদের থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। আমার কথা যদি শুনুনতে চাও তবে নিজের কাজ শুরু করে দাও। তাতে কিছু সুরাহাই হবে।''

খোদাবকা শতরঞ্জির ওপর শুরে পড়ে বলল, "কাজ শুরু করার জন্যেও তো সামান্য কিছু পু *জি চাই। ·····খোদার নামে, এখন এ রকম দুঃখজনক কথা বল না। আমি আর সহ্য করতে পারছি না। সত্যি সত্যি আম্বালা ছেড়ে মন্ত ভুল করেছি। কিন্তু যা ঘটে তা আল্লাই ঘটান, তিনি আমাদের ভালোর জন্যেই করেন। জানি না, আর কতদিন কণ্ট সহ্য করার পর আমরা…''

স্বাতানা তাকে থামিয়ে দিয়ে বলল, "খোদার নামে কসম, তুমি কিছ্ব কর। চুরি করে হোক ডাকাতি করে হোক আমাকে শালোয়ারের কাপড় এনে দাও। আমার কাছে সাদা বোদিকর কামিজের কাপড় আছে, তা আমি রঙ করিয়ে নেব। সাদা শিফনের একটা ওড়না আছে। দেওয়ালির সময় ত্মি আমাকে দিয়েছিলে। কামিজের সঙ্গে সেটাও আমি রঙ করে নেব। শ্বধ্ব একটা শালোয়ার দরকার, ত্মি যেমন করে পার তা জোগাড় করে দাও। ···আমার জানের কসম, বেমন করে পার এনে দাও। না এনে দিলে আমার শ্রাশ্ব খাও।''

খোদাবাক্স উঠে বলল, "তাম শাধা কসম দিয়েই চলেছ। এক আমি কোখা থেকে আনব…আফিম খাওয়ার জন্যে আমার কাছে একটি পয়সাও নেই।"

- —"যেমন করে পার আমাকে সাড়ে চারগন্ত কালো সাটিন এনে দাও।"
- —"প্রার্থনা কর, আজ রাত্রে যেন আল্লা দ্ব-তিন জনকে পাঠিয়ে দেন।"
- —"ত্রমি কিছ্ব করবে না । তত্রিম ইচ্ছে করলে এ কটা পরসা নিশ্চরই জোগাড় করতে পার । যুশ্ধের আগে এই সাটিনের গজ ছিল বারো থেকে চোম্প আনা । এক এক গজের দাম পাঁচশিকে । সাড়ে চার গজে কত টাকা লাগবে ?"
- "তহুমি যখন বলছ, আমি কিছ**ু এ**কটা ব্যবস্থা করব।" বলে খোদাবক্স উঠে দাঁড়াল। "নাও, এখন এসব ভালে যাও। আমি হোটেল থেকে খাবার নিয়ে আসি।"

रहारिन थिरक शावात अन । **थि**रत-पिरत मृ'जित मृतत अपून ।

ভোরে খোদাবক্স প্রনো কেল্লার ফকিরের কাছে গেল, আর স্লুলতানা ব্রুকলাই রইল। কিছ্কণ শ্রুয়ে এবং ঘ্রাময়ে কাটাল, তারপর ও সাদা শিফনের ওড়না ব্রুবং সাদা বােচ্কির কামিজ বের করল এবং নীচে লা ভুতে রঙ করতে দিয়ে দিল। কাপড় ধােয়া ছাড়াও সেখানে রঙ করার কাজও হত। লা ভুতে রঙ করতে দিয়ে ও ফিল্ম মাাগাজিন পড়তে লাগত। মাাগাজিনে ফিল্মের গলপ এবং গান দ্ব-ই ছিল। মাাগাজিন পড়তে পড়তে ও ঘ্রাময়ে পড়ল। যখন ঘ্রম ভাঙল তখন চারটে বেজে গিয়েছিল, কারণ রৌদ্র তখন নদামার কাছে সরে গিয়েছিল। সনান-টান করে যখন ও দেখল হাতে কোন কাজ-কমা নেই তখন ও গরম চাদর গাায়ে জড়িয়ে বাালকনিতে এসে দাঁড়াল। প্রার ঘণ্টা খানেক ও বাালকনিতে চুপচাপ দাড়িয়ে রইল। সন্ধ্যা হয়ে গিয়েছিল। আলো জনলে উঠছিল। নীচের রাস্তার খলমল আলোর রাম্ম চোখে এসে লাগছিল। শীতের ভাবটা একট্ তার হয়ে উঠল, এই তারতা স্লুলতানা ভালোই লাগল। চলন্ত টাঙ্গা আর মটোরগ্রেলাকে অনেক অনেকক্ষণ ধরে ও তাকিয়ে তাকিয়ে দেখছিল। হঠাৎ ও শঙ্করকে দেখতে পেল। বাড়ির নীচে এসে সে ঘড় উ চু করে স্লুভনার দিকে তাকিয়ে হেসেদিল।

সূত্রতানা বিনা ন্বিধায় তাকে ওপরে আসার জন্যে ডাকল।

শত্কর যখন ওপরে এল তখন স্কৃতানা খুব বিরত বোধ করল, কারণ শত্করকে সে কি বলবে ! ও কোন চিন্তা ভাবনা না করেই তাকে ডেকেছিল। শত্করের মধ্যে এমন কোন একটা স্বচ্ছন্দ এবং স্বাভাবিক ভাব ছিল যেন এটা তার নিজের ঘর। প্রথম দিনের মতো আজকেও সে পাশ বালিশে মাখা রেখে শ্রের পড়ল। স্কৃতানা যখন তার সঙ্গে বেশ কিছ্কুল কোন কথাই বলল না, তখন সে নিজেই বলল, "ত্বিম আমাকে শ'বার ডাকতে পার আবার শ'বার চলে যেতে বলভে পার।…এই ধরনের কথার আমি কখনও অসন্তর্ভট হই না।"

স্বলতানা থ্বে টালমাটালে পড়ে গেল। বলল, কুনা বসো, তোমাকে যেতে কে বলছে।"

ওর কথার শঞ্কর হেসে উঠল। বলল, ''আমার শতে' তর্মি রাজী ?''

- "কি শত ?" স্বলতানা হেসে জিজ্জেস করল, "কেন আমাকে নিকা করছ নাকি ?"
- —"নিক্ বিয়ে, কেন ?" তাম নিকা করে সারা জীবন কারো সঙ্গে থাকবে, না আমি তার সম্ব আমাদের জন্যে নয় তাছেড়ে দাও এই অসম্ভব ব্যাপার, কোন কাজের কথা বল।"
 - —"বলো" কি কথা বলব ?"
- —"ত্রমি মেয়ে মানুষ, এমন কথা বলো যাতে দিল বদলে যায়। এই দ্রনিয়াতে শুখু দোকানদারি নেই, অন্য আরও কিছু আছে।"

স্বলতানা মনে মনে শঙ্করকে গ্রহণ করে নিয়েছিল। বলল, "খোলসা করে বলো, তুমি আমার কাছে কি চাও ?"

- —"অন্যে যা চায় তাই-ই চাই।" বলে শুকর উঠে বসল।
- —"তবে তোমার সঙ্গে অন্যের পার্থক্য কোথায় রইল ?"
- —"তোমার আর আমার মধ্যে কোন ফারাক নেই। ওদের সঙ্গে আমার আসমান আর জমিনের পার্থক্য। এমন অনেক কথা আছে, যা জিজেস করা যায় না—ব্রুখতে হয়।"

স্বৃপতানা বেশ কিছ্মুক্ষণ ধরে শৃষ্করের এই কথার মানে অনুভব করার চেষ্টা করল। তারপর বলল' "আমি ব্যুখতে পেরেছি।"

—"তবে বলো, তুমি কি বলতে চাও?"

- —"তর্মি জিতে গিরেছ, আমি হেরে গিরেছি। কিণ্ড; আমি বলছি, আজ পর্যণত কেউ এমন কথা আমার কাছ থেকে আদায় করতে পারেনি।"
- "ত্রিম ভুল বলছ। এই মহল্লায় খ'্জলেই ত্রিম এমন অনেক সহজ-সরল আর সাদ। সিধে মেয়ে মান্য হয়তো পাবে যারা বিশ্বাসই করতে পারেব না কোন মেয়ে তার পরাজয় এমনভাবে স্বীকার করতে পারে। আর যে পরাজয় ত্রিম বিন। শ্বিধায় স্বীকার করে নিচ্ছ তারা তা মুখে স্বীকার না করলেও, তোমার এই সতা হাজার হাজার মেয়ের মধ্যে আছে। তোমার নাম স্বলতান না ?"

—"হ'্যা স্বলতান।"

শঙ্কর উঠে দাঁড়াল। তারপর হেসে বলল, "অমোর নাম শঙ্কর… আমার এই নামও এক অভ্যত—উটপটাং। যাক, চল, ভেতরে চল।"

শঙ্কর এবং স্লতানা যে ঘরে শতরঞ্জি বিছানো ছিল সে ঘর থেকে হাসতে হাসতে বেরিয়ে এল। কি কথায় তারা হাসছিল তা কে জানে! কিল্কু শঙ্কর যখন চলে যাওয়ার জনে। পা বাড়াল তখন স্লতান তাকে বলল, "শঙ্কর আমার একটা কথা রাখবে ?"

শঙ্কর বলল, "আগে বল, তারপর।"

স্বালতানা কিছুটো শ্বিধান্বিত কপ্টে বলল, "তুমি হয়তো বলবে আমি দাম উশ্বাল করতে চাইছি, কিন্তু..."

—বল, বলে ফেল···থামলে কেন ?"

স্বলতানা সাহস সন্তর করে বলল, "এমন কোন কথা নয়, মহরম আসছে, আমার কাছে এত পরসা নেই যে কালো শালোরার বানাই। আমার এখান-কার সমস্ত দ্বঃখের কথাতো ত্বমি শ্বনেছ। আমার কাছে যে কামিজ আর ওড়না ছিল তা আমি রঙ করতে দিয়ে এসেছি।"

শুক্রর ওর কথা শনুনে বলল, "তনুমি চাও আমি তোমাকে কিছু টাকা দেই, আর সেই টাকা দিয়ে তনুমি শালোয়ার তৈরী করাও।"

স্বলতানা সঙ্গে সঙ্গে প্রতিবাদ করল, "না, আমি তা বলছি না, আমি বলছি যদি সম্ভব হয় ৩মুমি আমাকে একটা শালোয়ার এনে দাও।"

শংকর হাসল, "আমার পকেটে সংযোগ থেকেই কিছু স্ভিট হয়। তব

আমি চেন্টা করব। মহরমের প্রথম দিনেই তুমি শালোরার পেরে বাবে। এখন খুশী তো?" তারপর স্থলতানার কানের দ্বলের দিকে তাকিরে বলল, "এই দ্বল জোড়া তুমি আমাকে দেবে?"

স্থলতানা হেসে বলল, 'এ তুমি কি করবে ? রুপোর সাধারণ দলে। খুব বেশী হলে পাঁচ টাকা দাম হবে।''

শৃৎকর বলল, "আমি তোমার কাছে দুল চেয়েছি, এর দাম জিপ্তেস করিনি। বল, দেবে কিনা ?"

"নিয়ে যাও।" বলে স্থলতানা দলে খলে শংকরকে দিয়ে দিল। দিয়ে ওর আফসোস হল, কিশ্তু শংকর তখন চলে গিয়েছিল।

সন্দতানা একেবারেই বিশ্বাস করতে পারেনি শঙ্কর তার কথা রাথবে। কিন্তু আট দিন পর, মহরমের প্রথম দিন সকাল ন'টায় ওর ঘরের দরজা কেউ খটখটাল। সন্দতানা দরজা খালে দেখল শঙ্কর দাঁড়িয়ে আছে। খবরের কাগজে মোড়া একটা জিনিস সন্দতানার হাতে দিয়ে বলল, "সাটিনের কালো শালোয়ার আছে…দেখে নিও, খাব সম্ভব লম্বা হবে…আমি এখন বাছিছ।"

শংকর শালোয়ার দিয়ে চলে গেল। স্বলতানার সঙ্গে আর বেশী কোন কথা বলল না। ওর প্যাণ্টে ক্রিজ পড়ে গিয়েছিল। চুল উস্কো-খুন্স্কো। দেখে মনে হচ্ছিল এই মাত্র ঘুমু থেফে উঠে সোজা এখানে এসেছে।

সূলতানা কাগজের মোড়ক খুলল। খুলে দেখল সাটিনের কালো শালোয়ার। মুখতারের কাছে যেমন শালোয়ার দেখেছিল হুবহু তেমনি। সূলতানা খুব খুশী হল। দুল আর সেই সওদার জন্যে ওর যে আফসোস ছিল তা দুর হয়ে গেল এই শালোয়ার এবং শঙ্করের ওয়াদা রাখার জনো।

দুপুরে ও নীচের লাস্ত্র থেকে রঙ করানো কামিজ এবং ওড়না নিয়ে এল। শালোয়ার কামিজ এবং ওড়না যখন ও পরে নিল তখন দরজার কড়া ধরে কেউ নাড়ল। স্লতানা দরজা খুললে মুখতার ভেতরে এল। সে স্ল,তানার দিকে তাকিয়ে বলল, "কামিজ আর ওড়না তো দেখছি রঙ করা হয়েছে, কিম্তু এই শালোয়ার তো নতুন। ……কবে তৈরী করিয়েছ?"

স্লতানা বলল, "আজ দজি দিয়ে গিয়েছে।" বলতে বলতে ওর চোৰ ম্থতারের কানের ওপর পড়ল—"এই দ্ল তুমি কোখেকে নিয়েছ?"

মুখতার বলল, "আজকেই আনিয়েছি।" এরপর দু'জনেই কিছুক্ষণ কোন কথা বলতে পারল না। ইদন বাঈ আগরাওয়ালীর জন্ম ছোট ইদের দিন। আর তাই ওর মা জোহরা জান ওর নাম রাথে ইদন। তার কালে জোহরা জান খুব নামকরা গাইয়ে ছিল। বহু দ্রে দ্রে থেকে পয়সাওয়ালা লোকরা তার মজবুরা শুনতে আসত।

গলপ আছে মিরাটের, এক লাখোপতি, তাজব আব্দুলাহ-এর প্রেমে জোহরা জান মশগলে হয়ে যায়। তাকে ভালোবেসে জোহরা জান তার নিজের পেশা পর্যাত ছেড়ে দেয়। এতে আব্দুলাহ ভীষণ অভিভৃত হয়ে পড়ে। ওর সন্যে তিনশ টাকা মাসোহারার ব্যবস্থা করে দেয়। সে সপ্তাহে তিন দিন ওর কাছে আসত। সারারাত জোহরার সঙ্গে কাটাত, আর ভোর হতে না হতেই চলে যেত।

আগরায় যারা থাকে, তারা প্রায় সবাই জানে, জোহরা জানকে সত্যি সতি যে প্রদয় দিয়ে চাইত, সে ছিল এক স্তোরমিন্দ্র। কিন্তু জোহরা জান তার দিকে ফিরেও তাকাত না। ওর যা প্রয়োজন, তার চেয়ে অনেক বেশী পরিশ্রম করত স্তোরমিন্দ্র। তিন-চার মাস ধরে পরিশ্রম করে যে টাকা জমত, সেই টাকা নিয়ে সে জোহরা জানের কাছে আসত। কিন্তু জোহরা জান তাকে কোন রকম পাতাই দিত না।

অবশেষে একদিন সাতোরমিদির জোহরা জানের সঙ্গে খোলাখালি কথা বলার সাযোগ পেল। তথা ওর সারা চে।খে-মাথে ভালোবাসার এক পাগলপন সৌন্দর্য ছেয়েছিল। তাই সে প্রথমে একটি কথাও বলতে পারল না। কিন্তু একটা পরে সে সাহস সপ্তর করে বলল, 'জোহরা জান, আমি খাবই গরীব, জানি, তোমার কাছে এক থেকে এক ধনী শেঠরা আসে আর তোমার প্রতিটি ঠমকের জন্য তারা হাজার হাজার টাকা দা' হাতে উজাড় করে চেলে দের। কিন্তু তুমি হয়তো জানো না, গরীব মানুষের ভালোবাসা,—

যাদের ধনদোলত আছে, তাদের চেয়ে অনেক বড়, অনেক মহান। আমি তোমাকে ভালোবাসি। তুমি নিশ্চরই তা জানো । ''

ওর কথার জোহরা জান বিদ্রুপভরে হো হো করে হেসে উঠল। ওর হাসি দেখে স্বতোর্মিন্দির স্থান ভেঙে খান খান হয়ে গেল। "তুমি হাসছ? আমার ভালোবাসাকে তুমি ব্যক্ত করছ ? আমি গরীব,—কাঠ চেরাই করে: জীবন চালাই বলে ? জোহরা জান, শোন, অজস্র মানুষ, যারা তোমাকে নিরে: থেলা করছে, আমার হৃদয় তোমার জন্যে যে ভালোবাসা আছে, সে ভালোবাসা ভারা তোমাকে দিতে পারবে না।"

ওর কথায় জোহরা জান বিরক্ত বোধ করল। সে তার পাহারাদার লোকটিকে বলল, স্তোরমিস্ফিকে ঘর থেকে বের করে দিতে। কিম্তু তার আগেই স্তোরমিস্ফি বেরিয়ে গেল।

এই ঘটনার ঠিক এক বছর পর ইদনের জন্ম হয়। ওর বাবা আন্দ্রস্লাহ, না অন্য কেউ, তা হলফ করে বলা খ্বই কঠিন। নিন্দ্করা বলত, ইদন হচ্ছে গাজিয়াবাদের এক হিন্দ্র শেঠের মেয়ে। যারই ঔরসে ওর জন্ম হোক না কেন, ওর সৌন্দর্যের কোন তুলনাই হয় না।

এদিকে জোহরা জানের বয়স ঢলে পড়ছিল, আর ইদন ক্রমেই যৌবনেয় দিকে পা বাড়াচ্ছিল। ওর মা ওকে গান বাজনায় খুব ভালো করে তামিল দিতে লাগল। মেয়েও ছিল তেমনি তুগোড়। বেশ কয়েকজন ওস্তাদের কাছ থেকে ও শিক্ষা নিল। আর তাদের প্রত্যেকর কাছ থেকেই ও বাহবা কুড়োল।

জোহরা জানের বয়স এখন চল্লিশ ছুই ছুই করছে। একজন বেশ্যার যে পথ অতিক্রম করার পর দেহে আর সামান্য শান্তি অবশিণ্ট থাকে, ও সেসব পথ অতিক্রম করে এসেছে। এখনও ওর একমাত্র মেয়ে ইদনকে আশ্রয় করেই বে*চে আছে। কিশ্তু এখন পর্যাণ্ড ইদনের মুজরা হয়নি। ওর ইচ্ছে, এই মুজরা উপলক্ষে এক বিরাট সমারোহের আয়োজন করবে। আর সে সমারোহ উদ্বোধন করবে কোন রাজা-মহারাজা বা নবাব।

ইদনের সোন্দর্য নিয়ে চার্রাদকেই চর্চা হত। বহু দরে দ্রোন্তের ধনী ব্যক্তিরা জোহরা জানের কাছে তাদের দালাল পাঠাত। তার 'নথ-খোলার' অনুমতি চেয়ে উপহার পাঠাত। কিন্তু ওর এত তাড়াহাড়া ছিল না। ওর ইচ্ছে 'নথ-খোলার' উৎসব বেশ জাঁকজমকের সঙ্গে হোক। আর যাতে ও একটা বেশ বড় রকমের দাও মারতে পারে। ওর মেয়েও দেখতে লাগে এক। সমস্ত এলাকার ওর মতো আর ন্বিতীয় স্থানরী ছিল না।

ওর সৌন্দর্য মান্বকে কীভাবে অভিভত্ত করে, তা দেখার জন্যে প্রতি

শারুবার সন্ধ্যায় ও ইদনকে নিয়ে বেড়াতে বের হত। যে সব পারুষরা প্রেম করতে ভালোবাসে, ওকে দেখলেই তাদের প্রদয় ধড়াক করে উঠত।

একদিন সত্যি সত্যি জোহরা জানের সে ইচ্ছা প্র' হল। একজন নবাব ইদনকে পাওয়ার জন্যে জান কবলে করে দিল। সে ইদনের জন্যে যে কোন দাম দিতে প্রস্তৃত ছিল। জোহরা জান তাই এই আনশ্দে এক স্থাদর ভবা সমারোহের আয়োজন করল। তাদের কাছে এ ছিল এক বিরাট উৎসব।

সন্ধ্যার সময় নবাব তার নিজের টাঙ্গায় করে এল। জোহরা জান তাকে বিরাট সন্বন্ধ'না জানাল। নবাব সাহেবের খুশী হল। ইদন কনে সেজেছিল। নবাব সাহেবের ইচ্ছা মুতাবিক ইদনের মুজরা শুরে হল।

সেদিন সন্ধ্যায় ইদনকে আরও স্থানর দেখাচ্ছিল। ওর প্রতিটি কুণিশা প্রতিটি চলন প্রতিটি চং আর গান এক আশ্চয় অনুভ্তি স্থিট করছিল। নবাব সাহেব পাশ বালিশে হেলান দিয়ে বসে ছিল। নবাব সাহেবের মনে হচ্ছিল, আজকে রাত্রে সে স্বর্গে বিচরণ করবে। কার ভাগ্যে এমন স্থাজোটে!

সে যখন এসব ভাবছিল, ঠিক তখন হঠাৎই, এই সমারোহে একেবারে বেমানান একজন ঘরে ঢ্রুকল। ঢুকে জোহরা জানের পাশে বসল। ওকে দেখে জোহরা জান ঘাবড়ে গেল। লোকটি ছিল সেই স্কুতোরমিদ্রি। ওর প্রেমিক। ওর পরনে ছিল দুর্গাধ্ময় জামা-কাপড়। ওকে দেখে নবাব সাহেবের গা গুলিয়ে উঠল। সে জোহরা জানকে বলল, 'এই বেয়াদপটি কে ?''

স্বতোর্মিন্দি ম্কাক হেসে বলল, 'হ্কেরে, তামি এর প্রেমিক।"

স্তারিমিন্দি তার থলি থেকে করাত বের করল। তারপর বেশ জোর করে জোহরা জানকে চেপে ধরে ওর ঘাড়ের ওপর করাত চালাতে লাগল। নবাব সাহেব এবং জোহরা জানের পাহারাদার লোকটি এই বীভংস কাণ্ড দেখে ভয়ে পালাল। ইদন অজ্ঞান হয়ে পড়ল। স্ত্রারিদিন্ত অত্যান্ড নিপ্রণতার সঙ্গে তার কাজ সারল। রক্তমাথা করাতটা সে তার থলেতে ভরে সোজা থানায় হাজির হল। নিজের অপরাধ কবলে করল। শোনা যায় তার বাবক্জীবন সাজা হয়েছিল।

নথ-খোলা—বেশ্যাদের নাকের নথ যে খুলবে, সেই প্রথম কুমারীছ ভাঙবে।.

মার এই হত্যা, ইদনের মনের ওপর এমন চাপ স্থিত করল যে, ও প্রায় দ্ব'-আড়াই মাস অস্কুহ হরে পড়ে রইল। হাসপাতালে ওর খোঁজথবর, দেখাশোনা ওর ওস্তাদ এবং পাহারাদার লোকটিই করে। নবাব আর পয়সাওয়ালা লোকরা যারা ওর জন্যে জান কব্ল করে দিয়েছিল, তারা ওকে ভূলেও দেখতে যায়নি। ও কেমন উদাস হয়ে রইল। শরীর একট্ ভালো হলে ও আগরা থেকে দিল্লি চলে এল। ওর দেহ এবং মন দ্ব-ই এমন অস্কু হয়ে পড়েছিল যে, ও ম্কুরা করতে চাইল না। ওর কাছে হাজার বিশ-প'চিশ টাকার অলংকার ছিল। এর অধে কটাই ছিল ওর মৃত মা জোহরা জানের। এই অলংকার বিক্রি করে ও ওর দিন গ্রুজরান করতে লাগল।

সেসময়ে পাকিস্তানের জন্যে জারদার আন্দোলন চলছিল। ইদন একদিন রেডিওতে শ্নল, হিন্দুন্তান দ্ব' ট্বেরো হয়ে গিয়েছে। এর পরেই দাঙ্গা শ্রুর হয়ে গেল। হিন্দু মুসলমানকে, মুসলমান হিন্দুকে মারতে লাগল। এ ছিল এক অম্ভূত পরিস্থিতি। রক্ত যেন জলের চেয়েও সন্তা হয়ে গেল।

মুসলমানরা স্রোতের মতো পাকিস্তানের দিকে রওনা হল। ইদন ঠিক করল সে আর দিলিতে থাকবে না। লাহোরে চলে যাবে। অনেক কণ্টে সে তার অবশিষ্ট যৎসামান্য গয়নাগাটি বিক্লি করে লাহোরে এল। ওর কাছে যে দামী দামী জিনিস এবং সামান্য গয়না ছিল, তা পথেই ওর মুসলমান ভাইরা লুটে করে নিল। ও যখন লাহোরে পে'ছিল, তখন ও একেবারে নিঃন্ত। কিন্তু ওর সৌদ্দর্য তেমনি অটুট ছিল। দিল্লি থেকে লাহোরে পে'ছিতে না পে'ছিতেই হাজার হাজার মানুষ ওর দিকে লোলুপ দ্ভিটতে তাকিয়ে রইল। কিন্তু ও ভাবল, জীবন কীভাবে নিবাহ করবে ? চানা বিক্লি করার মতো দু'টো কানাকড়িও ওর কাছে নেই। ইদন ছিল বুন্দ্মিতি। সে সোজা সেই জায়গায় গিয়ে উঠল, যেখানে তার মতো মেয়েরা দেহ বে'চে জীবিকা চালায়। সেখানে সবাই তাকে স্বাগত জানাল।

সেই সময় লাহোরে প্রসার ছড়াছড়ি। হিন্দ্রা যা ফেলে গিয়েছিল তা এখন মুসলমানদের। হীরামণ্ডির জৌলুসও খুলে গিয়েছে।

ইদনকে যার। দেখল তারা তার প্রেমে হাব্যুব্র খেতে লাগল। সারা রাত ধরে অসংখ্য গান গেয়ে সে তাদের আবেদন-নির্ভিদন প্রেণ করতে লাগল। এই ভাবে বছর দেড়েক কেটে গেল। এরপর সে আলাদা বাড়ি ভাড়া নিয়ে গানের মহমিল শুরে করল।

নিজস্ব ঘর থাকার জন্য ওর আমদানীও বেড়ে গেল। সব রক্ষ সূখ-সূবিধাই এখন ও ইচ্ছে করলে পেত। দ্-চারটে গয়নাও ও বানাল। ভালো ভালো জামা-কাপড়ও ও তৈরি করে নিল।

এই সময়েই, একজনের সঙ্গে ওর পরিচয় হল। সে ছিল কালোবাজারের বাদশা। লোকটি কম করে হলেও দু'কোটি টাকা কামিয়ে নিয়েছিল। দেখতেও ছিল সমুপ্রায় । প্রথম যে দিন ও ইদনকে দেখে, সেদিনই ওর সৌন্দরে ও এমন অভিভত্ত হয়ে পড়ে যে, ওর হ্যুড-খোলা সাদা পেকার্ড গাড়িটা ওকে উপহার দেয়। প্রতিদিনই সন্ধ্যার সময় ও ইদনের কাছে আসতে লাগল আর দু শ' থেকে আড়াই শ' টাকা ওকে নজরয়ানা দিয়ে যেতে লাগল। একদিন সন্ধ্যার সময় ও ইদনের কাছে এল। ইদনের ফরাস ছিল নোংরা। সে ইদনকে জিজ্ঞাসা করল, "তোমার চাদর এত নোংরা কেন ?"

ইদন কুণি'শ করার ভঙ্গিতে বলল, "আজকাল আর মাকি'নের থান কোথায় পাওয়া যায় ?"

পরের দিনই বাদশা চল্লিশ থান মার্কিন কপেড় ইদনের কাছে পাঠিয়ে দিল। এর তিন দিন পর ইদন আড়াই হাজার টাকা খরচ করে তার ঘর সাজানোর আসবাবপত্র কিনে আনল।

ইদন ভালো এবং মোলয়েম মাংস খ্ব পছন্দ করত। ও যখন আগরা এবং দিল্লিতে থাকত, সেখানে ও ওর মনের মতো ভালো মাংস পেত না। কিন্তু লাহোরের কাদরা কসাই ওকে ভালো মাংস দিয়ে যেত। আঁশহীন মাংস। মাংসের প্রতিটি ট্করো এমন নরম, মনে হত যেন রেশম দিয়ে তৈরি।

দোকানে চেলাকে বসিয়ে রেখে কাদরা ভোর-ভোর ইদনের কাছে আসত। আর ইদনকে দেড় সের মাংস দিয়ে যেত। মাংস দিতে এসে কাদরা অনেকক্ষণ ধরে ওর সঙ্গে গল্প-গা্জব করত। আর সে গল্প সাধারণত মাংস নিয়েই হত।

কালোবাজারের বাদশা জাফর শাহ ইদনের প্রেমে ভীষণভাবে ডুবে গিয়ে ছিল। একদিন সংধ্যায় সে ইদনকে বলল, ইদন যদি তাকে বিয়ে করে, তবে সে তার সমস্ত সম্পত্তি ইদনকে দিয়ে দিবে। কিন্তু ইদন ওর প্রস্তাবে রাজি হল না। জাফর শাহ উদাস হয়ে গেল। ও বেশ কয়েকবার চেন্টা করল, ইদন যাতে ওর একান্ত হয়। কিন্তু প্রতিবারই ও বিফল হল। মুজরা শেষ হওয়ার পর, রাগ্রি প্রায় দুটো-তিনটের সময় ইদন বেরিয়ে পড়ত। কোথার যেত কে জানে?

একদিন রাত্রে মদের নেশার ভুল করে জাফর শাহ হে টৈ ফিরছিল। হঠাংই সে দেখল, 'সাই কে তকিয়ের' বাইরে ইদন খুবই সাধারণ কুসিং একজন লোকের পা জড়িয়ে ধরে বলছে, "খোদার কসম, তুমি আমার প্রতি মেহেরবান হও। আমি সমস্ত মনপ্রাণ দিয়ে তোমাকে ভালোবাসি। তুমি এমন প্রদর্হীন—এমন জালিম কেন?"

জাফর শাহ ভালো করে সেই লোকটির দিকে তাকাল। দেখল লোকটি ক্রী কাদরা কসাই। কাদরা কসাই বেশ বিরক্তির সঙ্গে ইদনকে বলছে, "যা যা… আমি আজ পর্যশ্ত কোন খারাপ মেয়ের দিকে তাকাইনি। আমাকে জ্যালাস না…"

কাদরা ওকে পা দিয়ে ঠোকর মারছিল—আর ইদন যেন সেই ঠোকর থেরে।
এক সম্ভূত আনন্দ অনুভব করছিল।

অথে ক নারী

জ্ববেদার যখন বিয়ে হয় তখন ওর বয়স প*চিশ বছর। ওর বাবা-মার ইচ্ছে ছিল সতেরো বছর বয়সেই ওকে বিয়ে দেয়। কিশ্চু মনের মতো তেমন কোন সম্বশ্ধ আসেনি। যখনই ওর বিয়ের কথা প্রায় ঠিক হয়ে এসেছে, তখনই কোন না কোন সমস্যা হাজির হয়েছে। ফলে তা আর পরিণয় স্ত্রে আবন্ধ হয়নি।

যথন জ্ববেদা প*চিশ বছরে পা দিল, তখন ওর বাবা এক বিধ্র ব্যক্তির সঞ্চে ওর সম্বন্ধ-ঠিক করে ফেলল।

জনবেদা ছিল ওর বাবা-মার খনে বাধ্য মেয়ে। ও নিজেই এই ফরসালা মেনে নেয় বলে বিয়ে হয়; এবং জবেদা শ্বশন্তর বাড়ি চলে যায়।

ওর স্বামীর নাম ইলম্দিন। খ্বই সংপ্রকৃতির মান্য, এবং স্বামী হিসেবে প্রেম কীভাবে করতে হয় তা সে জানত। জ্বেদার স্থ-দ্বংথের প্রতি নজর রাখত।

প্রতিমাসেই একবার করে জ্ববেদা তার বাবা-মার কাছে যেত। একদিন সে যথন বাবার বাড়ি গেল এবং সদর দরজায় পা রাখতে না রাখতেই বাড়ির ভেতর কান্নার রোল উঠল, বাড়ির ভেতর চ্বকতেই ও ব্বঝতে পারল, ওর বাবা হঠাংই স্থদরোগে আকাশ্ত হয়ে মারা গিয়েছে।

জ্ববেদার মা এখন বাড়িতে একলাই থাকে। বাড়িতে চাকর-বাকর ছাড়া আর অন্য কেউ ছিল না। তাই সে তার স্বামীকে বলল, সে যদি অন্মতি দের তবে সে তার বিধবা মাকে এখানে নিয়ে আসবে।

ইলম্বিদন জ্ববেদাকে বলল, "এতে অনুমতি নেয়ার কি আছে? এতে। তোমার নিজের বাড়ি, তোমার মা আমারও মা। গিয়ে উনাকে নিয়ে এস। উনার জিনিসপত আনার ব্যবস্থা আমি করে দিচ্ছি।"

জনুবেদা খনুব খন্দী। বাড়িও বিশাল। দু-তিনটে ঘর খালিই পড়েছিল। ও টাঙ্গায় গেল, সঙ্গে মাকে নিয়ে ফিরে এল।

একদিন ওর মা ওকে বলল, আমি এখানে দশ মাস হতে চলল এসেছি। একটি পরসাও খরচ করিনি। তোর বাবা দশ হাজার টাকা আর গয়না রেখে গিয়েছে।" জনুবেদা উনন্নে পাতলা পতলা রুটি সে'কছিল। বলল, 'মা, তুমি কিবলছ।"

"কি এবং কেন টেন আমি বৃক্তি না আমি সব কিছুই ইলম্ভিদনকেই দিয়ে দিতাম, কিন্তু আমার ইচ্ছে, তোর কোন বাচ্চা হলে তাকেই আশীবাদে সব দেব।"

জনুবেদার মার একটি কথা বারবার মনে হয় ওর কেন বাচ্চা-কাচ্চা হচ্ছে না। বিয়েও তো প্রায় দ্ব'বছর হল হয়েছে। কিন্তু বাচ্চা-কাচ্চা হওয়ার কোন লক্ষণই দেখা যাচ্ছে না।

ওর মা ওকে হেকিমের কাছে নিয়ে গেল। কত রকম পাউডার, কত রকম ওষ্ট্রধ ওকে খাওয়াল। কিন্তু তাতেও কোন কিছু হল না।

অবশেষে সে জাবেদাকে পার-ফাকিরের কাছে নিয়ে গেল। কতরকম টোটকা হল। তাবিজ পরাল। কিন্তু তা সম্ভেও তার মনস্কামনা প্রেণ হলনা।

টোটকা-টা্টিকি করতে করতে জাবেদার এসবের ওপর বিভ্ঞা জন্মাল। একদিন সে ভীষণ চটে গিয়ে তার মাকে বলল, 'মা এসব নিয়ে আর মাথা ঘামিও না, বাচ্চা না হয় নাই হবে।''

ওর মা ঠোঁট উলটে বলল, "মা, তুই জানিস না, কেন একটা মেয়ের বাচ্চ-কাচ্চা দরকার। তোর মাথাটাথা কি খারাপ হয়ে গিয়েছে? বাচ্চা-কাচ্চা হলে মানুষের জীবনের বাগিচা পল্লবিত হয়ে ওঠে। তা হলে…"

জ্ববেদা ফ্লকো রুটি বাটিতে রাখতে রাখতে বলল, 'মা, বাচ্চা যদি না হয় তবে আমি কি করতে পারি ? একি আমার অপরাধ ?''

ওর বৃদ্ধা মা বলল, "এ অপরাধ কারও নয়।…শৃধ্ আল্লাহতাল্লার মেহেরবানী দরকার।"

জুবেদা শুখু খোদাতাল্লার সেবায়ত্বই করেনি। অজস্রবার তাঁর কাছে প্রার্থনাও করেছে। খোদা যেন তাকে কৃপা করে, তার কোলে সম্তান দেয়। কিন্তু ওর এত প্রার্থনাতেও কোন কিছু হয়নি।

ওর মা প্রতিদিন যখন ওর সঙ্গে বাচ্চার জন্ম নিয়ে কথা বলত, তখন ওর মনে হত, ও এক অনাবদী জমি; যে জমিতে কোন গাছ-গাছালি কোনদিন অষ্ক্রিত হবে না।

রাত্রে জ্ববেদা অশ্ভতে ধরনের সব স্বান দেখত। প্রতিটি স্বাংনর

দৃশ্যই ছিল আবোল-তাবোল। কখনও দেখত, ও জনমানব শ্না মর্-ভূমিতে একাকী দাঁড়িয়ে আছে। ওর কোলে এক স্থান্ট শিশ্ব। ও সেই শিশ্বকে নিয়ে এমন ভাবে শ্নো ছ*বড়ে দিল যে, শিশ্বটি আকাশে পে*ছৈ কোথায় যেন হারিয়ে গেল।

কখনও বা ও স্বংন দেখে, ও এমন এক বিছানায় শুয়ে আছে, যে বিছানা ছোট ছোট শিশুদের জীবত এবং স্পাদিত মাংস দিয়ে তৈরি।

এসব স্বশ্প দেখতে দেখতে ও ওর চিত্ত-ভাবনার ভারসামা খ্ইয়ে বসল। ও যখন বসে থাকত, সব'ক্ষণ শ্ধ্ বাচ্চাদের কান্না ওর কানে এসে বাজত। একদিন সে তার মাকে জিজ্জেস করল, "এ কার বাচ্চা কাঁদ্ছে মা ?"

ওর মা কান খাড়া করে কালার আওয়াজ শোনার চেণ্টা করল। কিন্তু কোন রকম কোন কালার আওয়াজ শ্নতে না পেয়ে বলল, "কোথায়? কোন বাচ্চা তো কাঁদছে না।"

'না মা, কাঁদছে। কাঁদতে কাঁদতে নেতিয়ে পড়ছে।"

ওর মা ওকে বলল, "হয় আমি কানে কম শ্বনছি, আর না হয় তোর কানে কিছু হয়েছে।"

জাবেদা আর কোন কথা না বলে চুপ হয়ে গেল। কিন্তু অনেকক্ষণ ধরে এক নবজাত শিশার ডুকরে ডুকরে কানার আওয়াজ ওর কানের পদার ধানা দিতে লাগল। আর বেশ কয়েকবার ওর মনে হল, যেন ওর বাকের দাধ এখনও টপটপ করে পড়ছে। কিন্তু ওর এই অন্ভব, ও ওর মাকে বলল না। কিন্তু ও যখন নিজের শোবার ঘরে বিশ্রাম করার জন্যে গেল, সেখানে সে বাটেজ খালে তার নতনের দিকে তাকাল। দেখল, ওর নতন ভরাট হয়ে আছে।

ও হামেশাই বাচ্চার কাল্লা শ্নত। কিন্তু ও ব্ঝতে পারল, এসব মনের ভুল। আদতে সবসময়েই ওর মহিতন্কের মধ্যে হাতুরির ঘা পড়ত, কেন ওর বাচ্চা-কাচ্চা হচ্ছে না!

ও নিজেও ভীষণভাবে একাকীৎ অন্ভব করত। আর সে একাকীৎ ষে কোন বিবাহিত নারীর জীবনে আসা খুবই স্বাভাবিক।

ও এখন হামেশাই উদাস হয়ে পড়ত। পাড়ার বাকা-কাকারা কেউ হটোগোল করলে ওর কান যেন ফেটে পড়ত। ইচ্ছে করত, বাইরে গিয়ে ওদের গলা টিপে মেরে ফেলে। কিন্তু ওর ন্বামী ইলম্নিদনের সন্তান- টশ্তানের জ্বন্যে চিশ্তা-ভাবনা ছিল না। ওর কাপড়ের ব্যবসা দিনের পর দিন রমরমা হচ্ছিল। ওর মাসিক আয় আগের চেয়ে দুগুন বেড়ে গিয়েছিল। ওর এই আয় ব্রিধতে জ্বেদার মধ্যে এতটুকু খুশীর সঞ্চার হয়নি। ওর দ্বামী ওর হাতে টাকার ব্যান্ডিল দিলে, ও সে টাকা থালিতে রেখে গুন গুন করে ঘুম-পাড়ানি গান গাইত, তারপর কোন কাল্পনিক দোলনায় টাকা রেখে দোলনা দিত।

একদিন ইলম্বিদ্দন দেখল, সে যে টাকা তার স্থাকৈ দিয়েছিল তা দুধের হাড়ির মধ্যে রাখা। সে বিক্ষিত হল, এ টাকা দুধের হাড়ির মধ্যে কিভাবে এল। তাই সে জুবেদাকে জিজ্জেদ করল, এ টাকা হাড়ির মধ্যে কে রেখেছে? জুবেদা বলল, ''খোকা ভীষণ দুফু হয়েছে। মনে হয় এই দুফুমি

ও-ই করেছে।"

ইলম্বিদন আশ্চয হল। বলল, "এখানে বাচ্চা-কাচ্চা কোথায় ?"

জ্ববেদাও তার দ্বামীর চেয়ে আরো বেশী আশ্চর্য হল, "কেন আমাদের বাড়িতে কি বাকা নেই ? তুমি এসব কি বলছ ? খোকা এখননি ইন্কুল থেকে ফিরবে। ও এলে জিজ্জেস করব এ দুক্তিমি কে করেছে ?"

इलम् निन व ब्रांट भावन, जात म्हीत माथा थाताभ स्टा शिराह ।

ও মনে মনে জ্বেদার মথা গাডগোল হওয়ার জন্যে আফসোস করতে লাগল। কিল্তু কিভাবে ওর চিকিৎসা কর ব তা ও জানত না। সে তার বন্ধ বান্ধবদের সঙ্গে পরামশ করল। কেউ পরামশ দিল, স্তাকৈ পাগলা-গারদে পাঠানোর জন্যে। কিল্তু এই পরামশ ওর কাছে হাদয়হীন মনে হল। ও দোকানে যাওয়া-আসা ছেড়ে দিল। সব সময় বাড়িতে থেকে জ্বেদাকে দেখাশোনা করতে লাগল। যাতে ও কোন ভয়ঙ্কর ধরনের কোন কাণ্ড করে না বসে।

ইলম্পিদন সব সময় বাড়িতে থাকার জন্যে জ্ববেদার অবস্থা কিছ্টা উন্নত হল। কিন্তু ওর ভীষণ চিন্তা হতে লাগল বাবসাপত কে চালাচ্ছে। সে বেশ কয়েকবার তার স্বামীকে এ ব্যাপারে জিজ্ঞেসও করেছে, "তুমি দোকানে কেন যাচ্ছ নঃ ?"

ইলম্পিন অত্যত ভালোবাসার সঙ্গে জ্ববেদাকে বলল, "কাজ করতে করতে ক্লাত হয়ে পড়েছি, তাই কয়েক দিন বিশ্রাম নিচ্ছি।"

"কিন্তু দোকানের ভার ষার ওপর দিয়েছ, সে বিশ্বাসী তো ?"

"হ'া, খুব বিশ্বাসী। পাই পাই পয়সার হিসেব দেয়। কোন চিশ্তা কর না।"

জুবেদা বেশ চিণ্ডিত কণ্ঠে বলল, "আমি কেন চিণ্ডা করব না? সংতানের মা, নিজের জনো কোন রকম চিণ্ডা করি না, কিণ্ডু সংতানের জনো তো চিণ্ডা হয়…যদি তোমার কর্মচারী টাকা নিয়ে পালিয়ে যায় তবে খোকার কি…।"

ইলমন্দিনের চোথ ছলছল করে উঠল, "জুবেদা ওর জন্যে ডেব না। ওর রক্ষাকত'া আল্লাহ। আর আমার কম'চারীও বিশ্বাসী।"

"আমার কেন চিণ্তা হবে না...সণ্তানের জন্যে মা চিণ্তা-ভাবনা না করলে। স্মার কে করবে।"

ইলম্নিদন খ্বই চিন্তিত ছিল, কি করবে ব্ঝতে পারছিল না।
জ্বেদা সারা দিন ধরে তার কলপনার সাতানের জন্যে জামা-কাপড় সেলাই করত, সোয়েটার ব্নত। বেশ কয়েকবার সে তার ন্বামীকে দিয়ে ভিন্ন ভিন্ন মাপের অনেকগ্রলো সাণ্ডেল কিনিয়ে এনেছিল। প্রতি মাসে সে নিজেই এই সব সাণ্ডেলে পালিশ করত।

ইলম্দিন ওর সব কাজই দেখত। ওর প্রদয় কামায় ভেঙে পড়ত। মনে মনে ভাবত, সে নিজে যে পাপ করেছে, এখন সেই পাপের প্রায়শ্চিত করছে। কিশ্তু কি সে পাপ? সে নিজেই সে পাপের কোন হদিশ খ'রজে পায় না।

একদিন ইলম্বিদনের তার এক বন্ধার সঙ্গে দেখা হল। তাকে অত্যত উদ্বিশ্ব দেখাছিল। ওর এই উদ্বিশ্বের কারণ জিজ্ঞেস করায় সে জানতে পারল, একটি মেয়ের সঙ্গে তার প্রেম আছে। মেয়েটি মা হতে চলেছে। গর্ভাপাতের সব বাবন্ধা করেছে, কিন্তু এখনও করা হয়নি। ইলম্বিদন তাকে বলল, "গর্ভাপাত করিস না, বাচ্চা হোক।"

ওর বন্ধ বলল, যে বাচ্চা হবে, তার প্রতি ওর কোন মমতা নেই। বাচ্চা দিয়ে আমি কি করব ?

''বাচ্চা আমাকে দিয়ে দিস।''

বাচ্চা হওয়ার আর কিছুদিন বাকি ছিল। তাই এই সময়টাকে ইলমুদিন কাজে লাগাল। জুবেদার মধ্যে বিশ্বাস স্থিত করাল, সে গর্ভবিতী। মাসখানেকের মধ্যে তার বাচ্চা হবে। ওর বশ্বর প্রেমিকার একটি পুর-সাতান হল। জ্বেদা যথন ঘ্রিমরে ছিল, ইলম্বিন তার পাশে বাচ্চটাকে শাইরে দিল। তারপর জ্বেদাকে জাগিরে বলল, "জ্বেদা, কতক্ষণ আর এভাবে বেহুশ হয়ে পড়ে থাকবে, এই দেখ, তোমার ব্বের কাছে কে শারে আছে ?"

জ্বেদা তার পাশে এক স্থন্দর বাচ্চাকে দেখল। বাচ্চাটা হাত-পা ছ'কুছিল। জ্বেদাখ্ব খুশী হল, "এ বাক্তা কখন হল ?"

ইলম্বিন বলল, "ভোর সাতটায়।"

"বাঃ, আমি জানতেই পারিনি। মনে হচ্ছে প্রসবের ব্যাথায় আমি বেহনুশ হয়ে গিয়েছিলাম।"

পরের দিন ইলম্ দিন দোকানে যাওয়ার আগে স্থাকৈ দেখতে গেল। দেখল ওর স্থার সারা গায়ে রস্ত। ওর হাতে চাকু। চাকু দিয়ে সে তার স্তন কাটছে। ইলম্ দিন ওর হাত থেকে এক ঝটকায় চাকুটা ছিনিয়ে নিল। "এ কি করছ?"

জনবেদা তার পাশে শোয়া বাচ্চাটার দিকে তাকিয়ে বলল, ও সারা রাত কে দৈছে। আমার স্তন থেকে দুখে বের হচ্ছে না। তাই…়"

এর বেশী আর একটি কথাও ও নলতে পারল না। রক্তে-ভেজা একটা আঙ্কল ও বাচনার মুখে ছোঁয়াল আর চিরদিনের জন্যে এ দ্বনিয়া ছেড়ে চলে গেল। ঘোড়া-গাড়ির আন্ডায় মঙ্গু কোচওয়ানকে সবাই চৌখস বর্ণিথমান বলে মনে করে। লেখাপড়া বলতে যা বোঝায়, তার ধারে কাছে সে কোন দিন যায়নি—এ ্যাপারে সে একেবারে অন্টরম্ভা। কোনদিন ইম্কুলের দোরগোড়া সে মারায়িন, কিম্তু সারা দ্বনিয়ায় সমস্ত খবরাখবরই তার নখদপন্ন। আন্ডায় যত কোচওয়ান, যায়া সায়া দ্বনিয়ায় কি কি ঘটনা ঘটছে জানতে চাইত, তায়া তা ওম্তাদ মঙ্গুর কাছ থেকে জেনে নিত।

করেক দিন আগে ওদতাদ মঙ্গ্র যখন তার এক সওয়ারির কাছ থেকে দেপনের যুদেরর কথা শোনে, তখন সে গামা চৌধারীর প্রসদ্হ কাঁধ চাপড়াতে চাপড়াতে বেশ বুদ্ধিদীপ্ততার সঙ্গে ভবিষ্যংবানী করে, "চৌধারী দেখ, আর দিন কয়েকের মধ্যে দেপনে যুদ্ধ শ্রুর হয়ে যাবে।"

গামা চৌধারী যখন তাকে জিজ্ঞেস করল, দেপন কোথায়, তখন ওস্তাদ মঙ্গু বেশ গম্ভীরভাবে তার সে প্রশেনর জবাবে বলল, ''বিলাইতে, আবার কোথায়?''

শ্বেন যুন্ধ শ্বের হওয়ার কথা তথন সবাই শ্বনল, তথন দেটশনে কোচ-ওয়ানদের এক আছায় সব কোচওয়ানরা গোল হয়ে বসে হ্কো থাচ্ছিল। তাদের সবার চোখে ওদতাদ মঙ্গ্ব তখন এক মহান ব্যক্তি। আর ঠিক তখন, মাল রোডের শান-বাঁধানো ঝকঝকে তকতকে রাদতার ওপর টাঙ্গা চালাতে চালাতে ওদতাদ মঙ্গব্ব আলোচনারত তার সওয়ারিদের কাছ থেকে হিন্দ্ব-ম্সলমানদের যে বিবাদ, সেই বিবাদের কথা শ্বনছিল।

সেদিন সন্ধ্যার সময় সে যখন আন্ডায় এল, তখন তার সারা চোখ-মুখ রাগে লাল। এক হাত থেকে আর এক হাতে হুকো ঘুরতে ঘুরতে যখন হিন্দু-মুসলমানের বিবাদের কথা উঠল, তখন ওস্তাদ মঙ্গু মাথা থেকে পাগড়ি খুলে বগলের নিচে চেপে ধরে বলতে লাগলঃ

''এ নিশ্চরই কোন পীরের অভিশাপ, তাই হিন্দ্-মনুসলমান পরস্পরকে চাকু মারছে। আমি আমার বাপ-ঠাকুরদার কাছে শুনেছি, বাদশা আকবর কোন এক দরবেশের মনে দৃঃখ দিয়েছিলেন। দরবেশ তাই অভিশাপ দেন, তোর হিন্দ্ঃস্তানে সব সময় দাঙ্গা-হাজামা লেগে থাকবে। বাদশা আকবরের রাজত্ব শেষ হওয়ার সঙ্গে সঙ্গে হিন্দুফ্তানে দাঙ্গা-হাঙ্গামা শ্রুর হয়ে ধায়।"
কথা কটি বলে মঙ্গু বৃক ভরে এক দীর্ঘ ঠাণ্ডা শ্বাস নেয়। তারপর হ্কোতে
এক জার দম লাগিয়ে বলতে শ্রুর করে, "এই কংগ্রেসীরা হিন্দুফ্তানকে
আজাদ করতে চায়! কিন্তু আমি বলছি, এয়া যদি হাজার বছর ধরে মাথা
কুটে মরে, তব্ব কিছুর হবে না। বড় জাের ইংরেজরা দেশ ছেড়ে চলে যাবে।
ইতালিয়ান বা রাশিয়ানরা আসবে। আমি যতট্কু শ্রুনেছি, ওয়া খ্ব
শক্তিশালী। তাই বলছি, হিন্দুফ্তান চিরদিনই অনাের গোলালী করবে।
ওঃ, হাঁ, আমি বলতে একেবারেই ভুলে গিয়েছি, পীর নাকি এই অভিশাপও
দিয়েছিল, বাইরের শক্তি চিরদিনই হিন্দুস্তানের ওপর রাজত্ব করবে।"

ওশ্তাদ মঙ্গর ইংরেজদের ভীষণ ঘৃণা করত। কেন সে এত ঘৃণা করত? সে বলত, তাদের হিন্দুস্তানে ইংরেজরা নিজেদের সিকা চালাচ্ছে, আর নানা ধরনের জন্ম করছে। কিন্তু তার এই ঘৃণা করার সবচেয়ে বড় কারণ, সৈনিক ব্যারাকের গোরা সৈন্যরা তাকে খ্র জনলাতন করে। এমন ব্যবহার করে, যেন সে কোন বেয়াদপ কুন্তা। তাছাড়া সে তাদের গায়ের সফেদ রগুও পছন্দ করে না। যখন সে গোরাদের লাল ও কুষ্ঠ রগ্তের মতো সাদা দেহের দিকে তাকায়, তখন ওর গা গ্লিয়ে ওঠে। জানি না ও কেন বলত, লাল কোঁচকানো চামড়া দেখলেই, আমার মনের মধ্যে সেইসব গলিত লাশের ছবি ভেসে ওঠে।

যেদিন কোন মাতাল গোরার সঙ্গে ওর কথা কাটাকাটি বা ঝগড়া হত, সেদিন সারাক্ষণ ওর মন অশাশ্ত থাকত। আর সাখ্য-আন্ডায় সিগারেট টানতে টানতে বা হাকোয় জোর দম লাগাতে লাগাতে মন উজার করে গোরাদের খিম্ভি দিত।

অশ্লীল গালিগালাজ করতে করতে ও তার ঢিলে পাগড়িতে এক ঝটকা টান মেরে বলত, "শালারা আগন্ন চাইতে এসে এখন ঘরের মালিক হরে বসেছে। আর এমন রোয়াব দেখায় যেন আমরা ওদের বাপ-দাদার চাকর।"

এত গালিগালাজ দেয়ার পরেও ওর রাগ কমে না। ওর কোন সাথী ওর পাশে বসে থাকলে, ও ওর ব্রকের গভীর থেকে আগ্রনের হলকা বের করে আনতে থাকে।

"ওদের তো দেখেছিস···যেন কৃষ্ঠ রোগী•••একেবারে মরা মান্য ।" শ্নের এক জোর ঘ্রিস চালিয়ে ও সমানে বকবক করে চলে। যেন ওদের মেরে ফেলবে। তোর জানের কসম খেয়ে বলছি, "একেক সময় ইচ্ছে হয়, মেরে ওদের মাথা ছাতু করে দিই। কিন্তু মরা-মান্যকে মারা পাপ, তাই চুপ করে যাই।"

এসব বলতে বলতে ও ক্ষণিকের জন্যে চুপ হয়ে যায়। খাকি শার্টের আহ্তিন দৈয়ে নাক পরিস্কার করে ও আবার বিড়বিড় করতে থাকে।

"আল্লার কসম খেয়ে বলছি, এই লাট সাহেবদের খোশামদ করতে করতে কেমন একটা বিরন্ধি ধরে গিয়েছে। এদের প্রেতের মতো চেহারা দেখলে শিরায় শিরায় রক্ত টগবগ করে ওঠে। যদি কোন নয়া কাননে পাশ হয়, তবেই এদের হাত থেকে মন্তি। তোর কসম, তখনই ধড়ে প্রাণ আসবে…মন আনশ্দে ভরে উঠবে।"

একদিন ওস্তাদ মাজ কোট' থেকে তাঁর টাঙ্গায় দা'জন সওয়ারি তালল। ওদের দা'জনের কথাবাত'। থেকে ও জানতে পারল, হিন্দাস্টানে খাব শিগাগিরিই নতুন আইন চালা হবে। শানে ওর মন আনশেদ নেচে উঠল।

দ্ব'জনেই ছিল মারোয়াড়ি। দেওয়ানি মামলার ব্যাপারে আদালতে এসেছিল। আদালতের কাজ সেরে ঘরে ফেরার পথে টাঙ্গায় বসে তারা নতুন আইন অর্থাৎ হি তিয়া এয়ারু নিয়ে কথা বলছিল।

"শুনেছি, পয়লা এপ্রিল থেকে হিন্দু হতানে নয়া কান্ত্রন চালত্ব হবে; সতিয় ?···সব কিছাই কি তবে পালেট যাবে ?''

"না স্বকিছ্ম পাল্টাবে না, তবে অনেক কিছ্ম্ই পাল্টাবে। হিন্দ্ম্কানীরা আজাদ হবে।"

"স্থদ-ট্রদ নিয়ে কি কোন নতুন আইন পাশ হবে ?"

"জানতে হবে। কালকে না হয় কোন উকিলকে জিঞ্জেস করব।"

এই দ্ব'জন মারোয়াড়ির আলাপ-আলোচনা শ্বনে ওদতাত মদ্বর প্রদয়ে এক খুশী ও আনন্দের চেউ খেলতে শ্বর্করল। ও হামেশাই ওর ঘোড়াকে খিদিতখেউড় করে চাব্ক দিয়ে ভীষণ পেটায়, কিন্তু সেদিন টাঙ্গা চালাতে চলাতে সে বারবার পিছন ঘ্রে তার দ্বই মারোয়াড়ি সওয়ারিকে দেখছিল। আর তার ঘন বড় বড় গোঁফ এক আঙ্বল দিয়ে তা দিতে দিঙে ঘোড়ার লাগাম ঢিলে করে দিছিল। আর খ্ব আদরের সফে তার ঘোড়াকে বলছিল, "চল, বেটা চল। হাওয়ার সক্ষে একট্ব পালা দিয়ে চল।"

মরোয়াড়িদের নামিয়ে দিয়ে সে সোজা আনারকলিতে এল। সেখানে

দীন, হাল,ইকারের দোকানে আধসের দইয়ের লাস্যি খেয়ে সে এক বিরাট তেকুর তুলল। আর তার বড় বড় গোঁফ দ, ঠোঁটের ফাঁকে চেপে ধরে চুষতে চুষতে জার গলায় হেসে উঠল, 'দ্রে, তোর নিকুচি করেছি।"

সন্ধ্যার সময় সে যখন টাঙ্গার আন্ডায় ফিরে এল, সেখানে তার পরিচিত কোন কোচওয়ান ছিল না। ফলে তার বাকের মধ্যে এক অন্ভাত ধরনের কড়ের তান্ডব শারা হল। আজকে সে তার দোস্তদের এক বিরাট খবর শোনাতে চাইছিল। সে সেই খবর তার বাকের গভীর থেকে উৎসারিত করার জন্যে ভীষণ অস্বস্থি অন্ভব করতে লাগল। কিন্তু কোন পরিচিতকে সে পেল না।

প্রায় আধ ঘণ্টার মতো চাব্ক বগলে চেপে ধরে দেটশনের টিনের শেভের নিচে এক অস্ত্ত অস্বিদিত নিয়ে সে পায়চারি করতে লাগল। ওর সারা মিদত্তক জবড়ে একটি স্কচার্ স্থানর 'বিচারধারা' বারবার ঘ্রপাক খাচ্ছিল। নয়া কান্নের খবর তাকে এক নতুন জগতে উপস্থিত করল। পয়লা এপ্রিল থেকে নয়া কান্নে হিন্দুস্তানে চাল্ব হবে। ফলে ওর মিদত্তেকের সমস্ত দীপ প্রজন্তিত হয়ে চিন্তা করতে শ্রুর করল। মারোয়াড়িদের কথাগ্রিল বারবার ওর কানের মধ্যে গ্রুনগ্রুন করছিল। স্বদের ব্যাপারেও কি নয়া কান্নে চাল্ব হবে? আর সঙ্গে প্র সারা দেহ-মনে এক আনন্দের কিহরণ খেলে গেল। সে তার ঘন গোঁফের আড়ালে বার কয়েক মৃচ্চিক হাসল। সে মারোয়াড়িদের উদ্দেশ্যে খিদিত দিল, গরীবদের রম্ভচোষা ছারপোকা কোথাকার! নতুন আইন-কান্ন যাই আস্ক্রক সব এদের কাছে ভাল বরাবর।

ও ভীষণ আনন্দিত। যথন ও ভাবত, এই গোরারা সফেদ ই'দ্রের থুথনি (গোরাদের সে এই নামেই ভাবত), বিশেষ করে তথন ওর মনের মধ্যে একটা শীতল হাওয়া থেলা করত। নতুন আইন চাল্ম হলেই এই সফেদ ই'দ্রেরা স্থরস্থর করে সব চিরদিনের মতো গতে দুকে যাবে!

টেকো নত্থ্ব পাগড়ি বগলে দাবিয়ে যখন আন্তায় এল, ওগ্তাদ মঙ্গব্ তখন ওর দিকে প্রায় ছুটে গেল। ওর হাত নিজের হাতের মধ্যে জড়িয়ে ধরে বেশ চিৎকার করে বলতে লাগল, ''নে হাত মেলা, সাজ তোকে এমন খবর দেব যে, তোর স্থদয় খুশীতে নেচে উঠবে। খবর শুনে আনশ্দে তোর

এই টেকো মাথায় চুল গজাবে।"

বেশ রসিয়ে রসিয়ে কথাগালি বলে মঙ্গান্ব নতুন আইন সম্পকে তার দোষ্ট্রকে বলতে লাগল। নতুন আইন সম্পর্কে বলতে বলতে ও কয়েকবার টেকো নত্থ্রে হাতে জার চাটি মারল। "দেখিস, কি হতে চলেছে। এই রুশ বাদশারা নিশ্চয়ই একটা কিছ্ব করবে।"

সমাজতান্ত্রিক রাশিয়ায় উত্তেজনার যে সব ঘটনা ঘটেছে সে সম্পকে ওছতাল মঙ্গু কিছু শিলেছে। সেখানকার নতুন আইন-কান্ত্রন, আর সেখানকার নতুন নতুন ঘটনা তার কাছে খুব ভালো লাগছিল। তাই সে 'রুশ বাদশার' সঙ্গে 'ইণ্ডিয়ান এাইকে',—মানে নয়া কান্ত্রকে মিলে মিশিয়ে একাকার করে ফেলল। প্রেনো বাবছরে মধ্যে পয়লা এপ্রিলে যে নতুন পরিবর্তন আনছে, সেই পরিবর্তনকে সে 'রুশ বাদশার' প্রভাবে হচ্ছে বলে মনে করত।

বেশ কিছুদিন হয় পেশওয়ার এবং অন্যান্য শহরে 'লাল-কুত'ার' আন্দোলন হচ্ছিল। ওদতাদ মঙ্গু সেই আন্দোলনকে 'রুশ বাদশা' এবং নতুন আইনের সঙ্গে গুলিয়ে ফেলল। এসব ছাড়াও, ও যথন শ্নত, ওম্ক শহরে বোমা বানাতে গিয়ে গ্রেফতার হয়েছে বা ওম্ক জায়গায় বিদ্রোহ করার অপরাধে এতজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে, তখন ও ভাবত, এ সমস্ত কিছুই নতুন আইনের সঙ্গে জড়িত। আর ও মনে মনে খুশীতে টগবগ করত।

একদিন দু,'জন বারিস্টার তার টাঞ্চায় বসে নতুন আইন-কান্ন নিয়ে বেশ মশগলে হয়ে আলোচনা করছিল। আর ও চুপচাপ বসে তাদের সেই আলোচনা শুনছিল। বারিস্টারদের একজন আর একজনকে বলছিল।

"নতুন আইনের একটা দিক হচ্ছে ফেডারেশন। এই ফেডারেশন যে কি বদতু, তা আমি এখনও ঠিক বুঝে উঠতে পারছি না। এরকম ফেডারেশনের কথা দুনিয়ার ইতিহাসে কোন উল্লেখ নেই, বা দেখাও যায়নি। রাজনৈতিক দুণ্টিকোণ থেকে বিচার বিশ্লেষণ করলে এই ফেডারেশন সম্পূর্ণভাবে ভ্রুল, বরং বলা যায় এ কোন ফেডারেশনই নয়।"

এই দ্ব'জন বারিস্টারের নিজেদের মধ্যে যে আলাপ-আলোচনা হচ্ছিল, তার অধিকাংশই হচ্ছিল ইংরেজিতে। তাই ওস্তাদ মধ্য এই বিশেষ বিশেষ ইংরেজি শুন্দবালি কোনরকমে বোঝার চেণ্টা করছিল। ব্যুতে পারছিল ভারতবর্ষে যে নতুন আইন-কাননে আসছে, তা এরা ভালো চোখে দেখছে না চ আর ভারতবর্ষ দ্বাধীন হোক তাও তারা চায় না। এই দ্ব'জন বারিস্টারের দিকে ঘুণাভরে তাকিয়ে সে বলল, ''দাঁড়াও টোরির বাচ্চারা।''

ও যখন কাউকে নিচু গলায় 'টোরির বাচ্চা' বলে গালিগালাজ-করত তখন ওর খাব আনন্দ হত। কারণ ও মনে করত, ঠিক জায়গা মতো ও এই শব্দটি প্রয়োগ করতে পেরেছে। ভালো মান্য আর টোরির বাচ্চার মধ্যে যে ফারাক, সেই ফারাক বোঝার মতো অণ্তত ওর ক্ষমতা ছিল।

এই ঘটনার তিন দিন পরে গভর্নমেণ্ট কলেজের তিনজন ছাত্র ওর টাঙ্গা করে মজংগ যাচ্ছিল। তারা নিজেদের মধ্যে-আলোচনা করছিল ঃ

"নতুন আইন আমার আশাকে আরও উজদীবিত করল। যদি সাহেব এসেশ্বলির মেশ্বার হতে পারেন, তবে কোন সরকারী অফিসে আমার একটা-না-একটা চাকরি হয়ে যাবে।"

"আশা আমারও আছে। হয়তো এই নতুন আইন চাল্বর হৈ-হটুগোলে আমারও কিছু একটা হয়ে যেতে পারে।"

''অবশাই।''

"আমরা যারা বেকার গ্রাজ্মেট, চাকরির জন্যে হন্যে হয়ে ঘ্রছি, অণ্তত তার সংখ্যা তো কিছ্ব কমবে।"

এই সব আলাপ-আলোচনা নতুন আইন সম্পর্কে ওচতাদ মঙ্গুর মনে নতুন আশা এবং গ্রেম্ সণ্ডার করল। আর সে এই নতুন আইনকে এমন এক বচতা বলে মনে করত, যা উড্জ্বল। নত্বন আইন—তাই সে এই নত্বন আইন নিয়ে যখনই সময় পেত তখনই ভাবত। আর যখনই ভাবতে বসেছে, তখনই ওর চোখের সামনে ভেসে উঠেছে তার ঘোড়ার নতুন সাজ, যে সাজ সে বছর দ্রেক আগে চৌধ্রী খোদাবক্সের কাছ থেকে দাম-দহত্বর করে কিনেছিল। এই সাজ যখন নত্বন ছিল, তখন সেই সাজের মাঝে মাঝে নিকেল-করা লোহার পেরেক বসানো ছিল। আর সে নিকেল-করা পেরেকগ্রলো ঝলমল করত। এই সাজের যেখানে-যেখানে পেতলের কার্কার্থ ছিল, তা সোনার মতো জ্বল জ্বল করত। তাই নত্বন আইনও তার কাছে জ্বল জ্বল করাছিল।

পরলা এপ্রিল পর্যান্ত ওম্ভাদ মঙ্গন নাত্রন আইনের বিপক্ষে এবং সপক্ষে অনেক আলোচনা শোনে। কিম্ভান এই নাত্রন আইন সম্পর্কে যে ভার মনের

মধ্যে যে কম্পনার জাল বানেছিল, যে সেই কম্পনার জাল ছি ড়তে চাইল না। ওর ধারণা ছিল, পরলা এপ্রিল নতান আইন চালা হলেই সমসত কিছা সমস্যার সমাধান হয়ে বাবে। আর ওর বিশ্বাস ছিল, এই আইন চালা হলেই, ওর দ্'চোথে যা পড়বে, তাতে ওর চোখা হিম শীতল হয়ে যাবে।

মার্চ মাসের একটিশ দিন শেষ হয়ে গিয়েছে, এপ্রিল মাস শ্রুর হওয়ার আর মান্ত কয়েক ঘণ্টা নিস্তব্ধ রাত্তির বাকি। কিন্তু মরশ্ম যে রক্ম হওয়া উচিত, তা না হয়ে বরং ঠাণ্ডা ছিল। আর তাজা হাওয়া বইছিল।

পরলা এপ্রিলে, কাক-ডাকা ভোরে ও তাদ মঙ্গর ঘ্রম ভাঙল। উঠে আম্তাবলে গেল, ঘোড়ায় গাড়ি যুতল। যুতে বাইরে এল। আজকে ওর মন এক অম্ভূত ধরনের আনন্দে ভরপ্র। আজ ও নতুন আইন স্বচক্ষে প্রতাক্ষ করবে।

ও ভোরের এই ঠা ভা ঠা ভা হাওয়ার নিজের মধ্যে একটা উত্তেজনা অন্ভব করতে করতে গলি এবং বাজারে একটা চকর কাটল। কিংতু সমদত কিছুই আগে যেমনটি ছিল, তেমনি প্রনো-প্রনো ঠেকল। আকাশের মতো প্রনো। আজকে ও ওর চোথ দিয়ে বিশেষ একনতুন র্পও রঙপ্রতাক্ষ করতে চাইছিল। শহুর ওর ঘোড়ার মাথায় লাগানো রঙ বেরঙের কলগি বা ঝুমকো ছাড়া আর কোন কিছুই ও রঙিন দেখল না। সমদত কিছুই যেমন প্রনো ছিল, তেমনি প্রনো দেখল। নতুন আইন চালু হবে এই আনশেদর আতিশয্যে ও চৌধুরী খোদাবজের দোকান থেকে সাড়ে চোদ্দ আনা দিয়ে এই নতুন কলগি কিনে এনেছিল।

ঘোড়ার খুরের টগবগ আওয়াজ, পিচ-কালো সড়ক, সড়কের আশ-পাশ, কিছু দ্রের দ্রের লাইট পোষ্ট, দোকানের সাইন বোড', ওর ঘোড়ার গলায় বাঁধা ঘুঙুরের শব্দ, বাজারের চলাত মানুষ—এসব কি নত্ন। না, কোন কিছুই নত্ন নয়। কিশ্তু তবু ওম্তান মন্ধু এতটুকু নিরাশ হল না।

"এখন সবে ভোর। দোকানপাট এখনও খোলেনি।" এসব প্রশ্নের উত্তর ওব মনকে শাশ্ত করল। ও আরও ভাবছিল, "হাইকোটে তো নটার পরেই কাজ শ্রের হয়। এর আগে নয়া কাননে কিভাবে বোঝা যাবে ?"

টাঙ্গা চালিয়ে ও যখন গভন'মেণ্ট কলেজের সামনে এল, তখন কলেজের বড় ঘড়ি বেশ দেমাক নিয়ে নটার ঘণ্টা বাজাল। যে সব ছার্ত্রা কলেজের গেট দিয়ে বাইরে আসছিল, তাদের বেশ হাসিখ্যাই দেখাছিল। কিংড কেন বেন ওদের জামা-কাপড় ওদতাদ মঙ্গর ময়লা-মন্নলা ঠেকল। বোধ হয় ওচাইছিল, উজ্বল কোন জিনিস ওর চোথকে ধাঁধিয়ে দিক।

ওশ্তাদ মঙ্গা আবার তার টাঙ্গাকে ডাইনে ঘারিয়ে এগিয়ে চলল।
একটা বাদেই ও আনারকলির কাছে এল। এতক্ষণে বাজারের অর্থেক দোকান
খালে গিয়েছিল। লোকজনের চলাচলও বেড়েছে। হালাইকারের দোকানের
সামনে খারিন্দারের বেশ ভীড়। স্টেশনারি দোকানের কাঁচের শো কেসে
সাজানো দামী ও স্থন্দর জিনিসগালো পথ চলতি মান্ষের নজর কাড়ছিল।
আর বৈদ্যাতিক তারের ওপর পায়রাগালি বকম-বকম করে ঝগড়া করছিল।
কিন্তু এ-সমন্ত কিছার প্রতিই ওন্তাদ মঙ্গার কোন ভ্রাক্ষেপ ছিল না। তর্নীয় কান্ন সেইভাবে দেখতে চাইছিল, ঠিক যেভাবে ও ওর ঘোড়াকে
দেখছিল।

ওদতাদ মঙ্গুর বাড়িতে যখন বাচ্চা পয়দা হওয়ার কথা, ঠিক সেই সময়
প্রায় চার-পাঁচ মাস ওর এমনই উৎস্থকতা নিয়ে কেটেছিল। ও জানত,
একদিন-না-একদিন বাচ্চা হবেই। সময় এবং দিন যেন আর কাটছিল না।
ও তখন চাইছিল, নিজের সন্তানকে এক ঝলক অন্তত দেখতে পায়। তারপর
অনেক দিন ধরে সন্তানের জন্ম হতে থাকুক না কেন তাতে কোন ক্ষতি নেই।
আর এই অস্বাভাবিক ইচ্ছার আবেগে সে তার অস্কৃষ্ক স্ত্রীর পেট টিপে টিপে
এবং পেটের ওপর কান রেখে না-তানের অস্তিষ্ক সম্পর্কে কিছ্ জানতে চাইত।
কিন্তু কিছ্ই জানতে ব্রুতে পারত না। অপেক্ষা করতে করতে একদিন
ওর মেজাজ এমন তিরিক্ষি হয়ে উঠল য়ে, ও ওর স্ত্রীকে মেরে বসল।

"তুই তে। দেখছি, হরবকত মরার মতো পড়ে রয়েছিস। উঠে দাঁড়া, হাঁটা-চলা কর। শরীরে একট্র তাগদ তো আস্কন। শ্রকনো কাঠ দিয়ে কি হবে! তুই কি মনে করিস, এরকম শ্রেয় থাকলেই বাচ্চা পয়দা হবে।"

ওদ্তাদ মঙ্গার দেহের গড়ন যেমন ছিল, তার চেয়ে সে ছিল অনেক বেশী চটপটে। প্রতিটি জিনিসের আসল রূপ কি, তা দেখার জন্যে ওর শাধ্য আগ্রহই ছিল না, তার অনুসন্ধানও করত। ওর দ্বাং গঙ্গাদেবী ওর এই ধরনের অহেতুক আগ্রহ দেখে সব সমযেই ওকে বলত, ''কুয়ো খোরা শেষ না হতেই, তুমি জলের জন্যে ছটফট কর।''

যা কিছুইে ঘটকে না কেন, ওর স্বভাব অনুযায়ী যতথ**ি উদ্বিশ্ন হও**য়ার কথা ছিল, নতুন আইনের জন্যে ও ততথানি উদ্বিশন ছিল না। ও আজ নতুন আইন দেখার জন্যে বাড়ি থেকে বেরিয়ে পড়েছিল। ষেমন ও গাণ্ধী বা জওহরলালের মিছিল দেখার জন্যে বেরিয়ে পড়ত।

ওশ্তাদ মঙ্গ হামেশাই নেতারা কত বড় মাপের তা উপলব্ধি করত, তাদের মিছিলের হাঙ্গামা এবং গলার মালা দেখে। যদি কোন নেতার গলার গাদা ফুলের মালা থাকত, তবে সে ওশ্তাদ মঙ্গুর কাছে বিরাট নেতা। যে নেতার মিছিলের ভীড়ের জন্যে দাঙ্গা-হাঙ্গামা হওয়ার উপক্রম হত, সে ওর কাছে আরও বিরাট নেতা। তাই সে আজ নতুন আইনকে তার অনুভব এবং উপলব্ধির দাড়িপাল্লায় চাপিয়ে ওজন করতে চাইছিল।

আনারকলি থেকে বেরিয়ে ওশ্তাদ মঙ্গ মাল রোডের ঝকঝকে তকতকে রাশতার ওপর দিয়ে ঢিমে তেতলায় টাঙ্গা নিয়ে এগিয়ে চলল। মটরের দোকানের কাছে সে ছাউনির এক সওয়ারি পেল। ভাড়া ঠিক হওয়ার পর, ও ওর ঘোড়ার পিঠে চাবক কশল। আর মনে মনে ভাবল, 'য়য়ক, ভালোই হল।…হয়তো ছাউনি থেকে নতুন আইন সম্পর্কে কোন খবর টবরও পাওয়া য়েতে পারে।''

ছাউনিতে সে তার সওয়ারিকে নামাল। তারপর পকেট থেকে সিগারেট বের করে বাঁ হাতের দ্ব' আগুলের ডগায় চেপে ধরে আগ্বন জনলাল এবং টাঙ্গার পিছনের সিটে গিয়ে বসল।

ওশ্তাদ মঙ্গর যথন কোন সওয়ারির প্রতাশা করত, বা ঘটে-যাওয়া কোন ঘটনা নিয়ে গভীর চিশ্তা করত, তথন সে সামনের সিট থেকে পিছনের সিটে গিয়ে বসত, আর ঘোড়ার লাগাম ডান হাতের মুঠোয় চেপে ধরত। ফলে ঘোড়া প্রথমে একট্ চি*হি চি'হি করে উঠত, তারপর চিমে তালে চলতে লাগত। ব্রুবতে পারত, কিছ্কুক্ষণের জন্যে তাকে আর জোর কদমে ছুটতে হবে না।

ঘোড়ার দুলকি চাল, আর ওদতাদ-মঙ্গুর ভাবনা ধীরে ধীরে পাক খেত। ঘোড়া যেমন দুলকি চালে চলার সময় ধীর ছন্দে পা-ওঠায়-নামায়, ঠিক তেমনি ওদতাদ মঙ্গুর সারা দেহে মনে আইন সম্পর্কে নতুন অনুভূতি ধীরে ধীরে সঞ্চারিত হচ্ছিল।

নতুন আইন জারি হওয়ার পর মিউনিসিপ্যালিটি থেকে টাঙ্গার নন্বর যে-ভাবে দেয়, সে সেই নন্বর দেয়ার পন্ধতিকে নতুন আইনের আলোকে বিচার-বিশ্লেষণ করে দেখার চেন্টা করতে লাগল। ও এই বিচার-বিশ্লেষণের মধ্যে এমন ডুবে গিয়েছিল যে, হঠাৎ ওর মনে হল কোন সওয়ারি যেন ওকে ডাকছে। পিছনে ঘ্রের তাকাতেই রাস্তার ও-পারে একজন গোরাকে ও দেখতে পেল। গোরা তাকে হাতের ইশারা করে ডাকছিল।

ওগ্তাদ মঙ্গ গোরাদের ভীষণ ঘ্ণা করত। নতুন সওয়ারি গোরা দেখে ওর মধ্যে প্রচ'ড ঘ্ণার ভাব জেগে উঠল। প্রথমে ওর ইচ্ছে হল, ও কোন সাড়াই দেবে না,—ওকে পিছনে ফেলে এগিয়ে যাবে। কিন্তু পর মুহুতেই ওর মনে হল, ওর কাছ থেকে পয়সা খি চৈ না-নেয়া বোকামী হবে। কলগির জনো অযথা যে সাড়ে চোন্দ আনা খরচ হয়েছে, সেই পয়সা ওর পকেট থেকে উস্লল করতে হবে।

জনশনো রাশ্তায় ও বেশ কায়দা করে টাঙ্গা ঘোরাল। ঘোড়ার পিঠের ওপর হাওয়ায় চাব্রকের শব্দ তুলল। আর পলক ফেলতে না ফেলতেই ল্যাম্প পোস্টের কাছে ঘোড়ার লাগাম টেনে ধরে গাড়ি দাঁড় করাল। পিছনের সিটে বসেই গোরাকে জিজ্ঞেস করল ঃ

"সাহাব বাহাদরে কোথায় যাবে ?"

ওর এই প্রশ্নের মধ্যে একটা প্রচ্ছয় ব্যঙ্গের ভাব ছিল। 'সাহাব বাহাদ্রর' উচ্চারণের সময় ওর গোঁফওয়ালা ঠোঁট নিচের দিকে ঝ্কে পড়ল, আর ওর। গালের পাশে যে সামান্য কাটা দাগ ছিল, তা নাকের দিকে ঠেলে উঠল, এবং কাপতে কাপতে সে-দাগ আরও গভীর ক্ষতে প্যাবসিত হল। যেন কেউ ধারালো চাকু দিয়ে ধ্সর শিশের পাতে ধার দিছে। ওর সারা চোখেন্থে একটা হাসির ঝিলিক খেলছিল, যেন নিজের ব্কের আগ্নন দিয়ে সে সেই গোরাকে ভাষাভাতে করছিল।

ল্যাম্প পোস্টের আড়ালে দাঁড়িয়ে হাওয়া বাঁচিয়ে গোরা সিগারেট ধরাছিল। সিগারেট ধরাতে ধরাতে সে ঘ্রের দাঁড়িয়ে টাঙ্গার পা-দানির দিকে পা বাড়াল। কিন্তু সঙ্গে সঙ্গে ওম্তাদ মঙ্গার চোথ ওর চোথের ওপর পড়ল। মঙ্গার মনে হল, তারা দ্ব'জন সামনা-সামনি দাঁড়িয়ে পরম্পরের দিকে গার্লি ছ" ভুড়ছে। আর সে গালি যেন ঠোকাঠ্বিক লেগে আগান্নের এক পিশ্ড হয়ে আসমানের দিকে উড়ে গেল।

ওদতাদ মঙ্গন তার ডান হাতের মন্টোর-ধরা লাগামকে একটন চিলে করে টাঙ্গা থেকে নামল। নামতে নামতে ও তার সামনে দাঁড়ানো গোরাকে তার চোথ দিয়ে এমন ভাবে চিবিয়ে খাচ্ছিল, আর গোরা তার নীল রঙের প্যাশ্ট থেকে কি যেন কেড়ে ফেলছিল, দেখে মনে হচ্ছিল, সে যেন ওপ্তাদ মঙ্গরে আক্রমণ থেকে এভাবে নিজেকে বাঁচানোর চেন্টা করছে।

গোরা সিগারেটের ধোঁরা ছাড়তে ছাড়তে মঙ্গুকে জিজ্ঞেস ক্রবল, 'ধানা মাংগটা, ইয়া ফির গড়বড় করেগা।''

'যা বলো'—এই শব্দটি ওস্তাদ মঙ্গুর মগজে হঠাৎ গজিয়ে ওঠে। এবং তার প্রসন্থ ব্রেকরে মধ্যে নাচতে শ্রুর করে। ''যা বলো''—এই শব্দটি সে তার জিভের ডগায় বারবার নাচাতে লাগল। নাচাতে নাচাতে ওর দৃঢ় বিশ্বাস জন্মাল, এই সেই গোরা; গত বছর যার সঙ্গে ওর তুম্ল কগড়া হয়েছিল। সেদিন গোরা বেহেড মাতাল ছিল, মেজাজও ছিল তিরিক্ষি। তাই সেদিন বাধ্য হয়ে তাকে অনেক গালাগালি হজম করতে হয়েছিল। ওসতাদ মঙ্গুর এখন ইছে করলে গোরার মেজাজ দ্রুর্সত করে দিতে পারে, ওকে বাঙ্গ-বিদ্রুপে এ-ফোঁড় ও-ফোঁড় করতে পারে, কিন্তু অন্য কিছু ভেবে সে নিজেকে গানিয়ে নিল। ও জানে এ ধরনের কগড়াঝাটি বা লড়াই-ফরাই হলে আদালতের কাছে সে-ই দাষী সাবাস্ত হবে।

গত বছরের ঝগড়া এবং পয়লা এপ্রিলের নতুন কান্বনের ওপর ওদতাদ মঙ্গ্ব তার সমস্ত মন নিবন্ধ করে গোরাকে জিজ্জেস করল, "কোথায় যাবে?" ওদ্তাদ মঙ্গ্বর এই দ্ব'টি উচ্চারিত শব্দের মধ্যে চাব্বকের শনশন আওয়াজ ছিল।

গোরা বলল "হীরামণ্ডি যাব।"

ওদতাদ মঙ্গুর গোঁফ থরথর করে কেসে উঠল, "পাঁচ টাকা লাগবে।"

ভাড়ার হাঁক শানে গোরা অবাক হয়ে গেল। চিৎকার করে বলে উঠল, "পাচ টাকা! ঘোডার নাদ কোথায়।"

"হাঁ, পাঁচ টাকা।" বলতে বলতে ওদতাদ মঙ্গ্ল তার লোমশ ডান হাত নিমেষে মৃতিবন্ধ করল। ওদতাদ মঙ্গু বেশ কঠিন দ্বরে গোরাকে বলল, "যেতে হয় চল, মিছেমিছি কথা বাড়িও না।"

গত বছরের ঘটনার কথা গোরার মনে হতেই, সে ওস্তাদ মঙ্গুর চওড়া বুকের দিকে তাকাল। ও মনে মনে ভাবল, ওর মগজে আবার পোকা কিলবিল করছে। ওস্তাদ মঙ্গুকে একটা শিক্ষা দেরার জন্যে ও টাঙ্গার দিকে দ্ব পা এগিয়ে গেল এবং ছড়ি দিয়ে ইশারা করে ওস্তাদ মঙ্গুকে টাঙ্গা থেকে নামতে বলল। পালিশ-করা বেতের ছড়িটা ওল্ডাদ মদ্দর পাছায় আলতো ভাবে স্পর্শ করল। ওল্ডাদ মদ্দ দাঁড়িয়ে দাঁড়িয়েই বে'টেখাটো গোরাকে মাথার চুল থেকে পায়ের নথ পর্যন্ত চোখ দিয়ে লেহন করল। সে তার চোখ দিয়ে গোরাকে পিষে ফেলতে চাইল। আর সঙ্গে সঙ্গে হাত মুখিবস্থ হল আর কামানের গোলার মতো তা গোরার চোয়ালের ওপর পড়ল। এক ঝটকায় সে গোরার পা সরিয়ে দিল। গাড়ি থেকে এক লাফে নেমে গোরাকে বেধরক পেটাতে লাগল।

গোরা হকচকিয়ে গেল। ওদতাদ মঙ্গুর ওজনদার ঘ্রিস থেকে নিজেকে বাঁচাবার জন্যে সে ছোটাছ্রটি করতে লাগল। যথন ও দেখল, ওদতাদ মঙ্গুইন্মাদের মতো হয়ে উঠেছে, চোখ দিয়ে আগ্রনের হলকা বেরুছে, তথন ও আতঞ্চে চিংকার করতে লাগল। ওর এই চিংকার-চেট্চামেচিতে ওদতাদ মঙ্গুর হাত আরও দ্রুত চলতে লাগল। ও মনের আনশ্দে গোরাকে পেটাতে পেটাতে বলতে লাগলঃ

"বুঝলে, এ হচ্ছে পয়লা এপ্রিল, এখন আমাদের রাজত্ব।"

ওদের ঘিরে ভিড় জমে গিয়েছিল। পর্বলশ অনেক কণ্টে ওদতাদ মঙ্গর হাত থেকে কোন রকমে গোরাকে বাঁঢাল। ওদতাদ মঙ্গর দর্'জন সিপাই-এর মাঝখানে দাঁড়িয়ে। ওর বর্ক দ্রুত ওঠা-নামা করছিল। মর্থ দিয়ে ফোনা গড়াচ্ছিল, আর ওর হাসি হাসি চোখ ভিড়ের দিকে তাকিয়ে হাফাতে হাফাতে বলছিলঃ

"ও-সব দিন চলে গিয়েছে, যা ইচ্ছে তা করার দিন ফর্রিয়ে গিয়েছে।… এখন নয়া কান্বন জারি হয়েছে…নয়া কান্বন, ব্যুবলে।"

আর বেচারা গোরা তার মার-থাওয়া চেহারা নিয়ে অবাক হয়ে একবার ওস্তাদ মস্কুর দিকে আর একবার ভিড়ের দিকে তাকাচ্ছিল।

পর্বিশ ওগতাদ মঙ্গুকে থানায় ধরে নিয়ে গেল। রাস্তার যেতে যেতে এবং থানায় সে সমানে চিংকার করে চলল, "নয়া কান্ত্রন, নয়া কান্ত্রন।" কিন্তু কেউই তার কথায় কোন কর্ণপাত করল না।

"নয়া কান্ত্রন, নয়া কান্ত্রন, কি আবোল-তাবোল বকছিস। তেসই একই প্রবনো কান্ত্রন।"

তাকে থানা হাজতে আটকে রাথা হল।

স্বরাজের জন্যে

কোন, সাল আমার ঠিক মনে নেই। তবে সেই দিনগর্বল শর্ধর 'ইনক্লাব জিন্দাবাদ' ধর্নিতে সারা অমৃতসর গমগম করত। এই শ্লোগান আমি ভূলতে পারিনি, কারণ এই শ্লোগানে এক জন্ভূত জোস—এক অন্ভূত ধরনের যৌবনের মাদকতা ছিল। সেই জোস সেই মাদকতা ছিল অনেকটা অমৃতসরের ঘ্টেওয়ালীদের মতো, যারা মাথায় ট্রকরি নিয়ে বাজারে যেত তা বিক্রির জন্যে। দিনগর্মলি সত্যিই স্থন্দর ছিল। জালিয়ানওয়ালাবাগের সারা পরিবেশে এতদিন যে রক্তাক্ত ঘটনার ভয় জমাট বেধে ছিল তা যেন কোথায় মিলিয়ে গিয়েছিল। আজ সেখানে চলেছে এক নিভ'নিক তড়পানি। যে তড়পানি ছিল উন্দেশ্যহীন দৌড়-ঝাঁপের মতো—যার কোন মিজল—কোন নিশানা ছিল না।

মান ষ শ্লোগান দিত, মিছিল বের করত আর শরে শরে গ্রেফতার হয়ে যেত। এ এক স্থাদর গ্রেফতার গ্রেফতার থেলা হয়ে দাঁড়িয়েছিল। সকালে গ্রেফতার করা হত আর সাধ্যায় ছেড়ে দেওয়া হত। মোকাদমা চলত, কয়েক মাস জেলে কাটিয়ে বেরিয়ে আসত। আবার শ্লোগান দিত, আবার জেলে যেত।

দিনগর্বলি ছিল জীবনে ভরপরে। একটা ছোট্ট ব্রুদব্রদ ফাটলেও তা ঘর্ষণিপাকে পরিণত হত। কেউ চকে দাঁড়িয়ে ভাষণ দিয়ে বলল, "হরতাল করতে হবে," সঙ্গে সঙ্গে হরতাল হয়ে গেল। হঠাৎ এক গ্রেপ্তনের ঢেউ উঠল, প্রত্যেককে খাদি পরতে হবে। খাদি পরলে ল্যাঙকশায়ারের সমন্ত কারখানা বন্ধ হয়ে যাবে। সঙ্গে সঙ্গে বিদেশী কাপড় বয়কট আন্দোলন শ্রের হয়ে গেল। আর প্রতিটি চকে আগ্রন জ্বলতে লাগল। মান্য সেখানেই দাঁড়িয়ে দাঁড়িয়ে গা থেকে কাপড় খ্রলে সেই আগ্রনে ছরু ড়ে দিতে লাগল। কোন কোন মহিলারা বারান্দায় দাঁড়িয়ে তাদের অপছন্দ শাড়িগ্রলি ছরু ড়ে দিত, আর ভিড়ের লোকজন তালি মেরে হাত লাল করে তুলত।

আমার মনে আছে, কোতরালির সামনে, টাউন হলের কাছে এক আন্নি উৎসব চলছিল। আমার সহপাঠী শেখ উৎসাহে তার রেশমের কোট খুলে কাপড়ের এই জ্বলম্ভ চিতায় দিয়ে দিল। তালির সম্ভ্র গর্জন করে উঠল। কারণ শেখ্য ছিল এক 'টোডি বাচ্চার' ছেলে। তালির গর্জনে শেখ্র জ্ঞাস বেড়ে গেল। বোস্কির জামা খ্লে সে আগ্লনে উৎসর্গ করল। পরে তার মনে পড়ে গেল ঐ জামার সঙ্গে সোনার বোতাম ছিল।

আমি শেখুকে নিয়ে ঠাট্রা করছি না। সেই সব দিনগৃলিতে আমার অবস্থাও এই রকম ছিল। মনে হত, হাতে যদি একটা পিশতল থাকত তবে জ্যামি বিপ্লবী পার্টি বানিয়ে ফেলতাম। বাবা সরকারী পেনসন পেতেন, কিশ্তু সে কথা আমি কোন দিন ভাবিনি। আমার ভেতরে এক অশ্ত্রত ধরনের উত্তেজনা টগবগ করত। ফ্যাস খেলার সময় যে ধরনের উত্তেজনা টগবগ করে অনেকটা সেই রকম।

শ্বল সম্পর্কে আমার তেমন কোন মমতা ছিল না, তাই পড়শোনার সঙ্গে আমার বেশ শত্তা স্থিত হল। বাড়ি থেকে বই-খাতা নিয়ে বেরিয়ে জালিয়ানওয়ালাবালে যেতাম। শ্বল ছুটি না হওয়া পর্যশ্ত কোন গাছের ছায়ায় বসে বসে সেখানকার সরগরম দেখতাম বা দ্রের বাড়িগর্লোর জানালায় দাঁড়ানো মেয়েদের দিকে তাকিয়ে তাকিয়ে ভাবতাম এদের মধ্যে কোন একজনের সঙ্গে আমার প্রেম হবে। কেন এধরনের চিণ্তা আমার মাথায় আসত তা আমি জানি না।

জালিয়ানওয়ালাবাগ তখন খাব জাঁকজমকে ভরা ছিল। চারদিকে লাইন-বন্দী তাব আর সামিয়ানা খাটানো থাকত। সবচেয়ে বড় সামিয়ানাতে দ্ব একদিন পরপরই এক একজনকে ডিকটেটর করে বসিয়ে দেওয়া হত। অনর সেই ডিকটেটরকে সমসত স্বয়ংসেবকরা কুণি শ করত। দ্ব-তিন দিন বা খ্ব বেশী হলে দশ-পনেরো দিন সেই ডিকটেটর খ্ব গাম্ভীয়ের সঙ্গে খম্দরের পোশাক-পরা মহিলা এবং পারয়য়দের কাছ থেকে কুণি শ আদায় করত। লঙ্গরখানার জন্যে শহরের ব্যবসায়ীদের কাছ থেকে চাল এবং আটা সংগ্রহ করত। জালিয়ানওয়ালাবাগে এত আম থাকতে খোদাই জানে তারা কেন এই লপসি খেত আর হঠাং একদিন গ্রেফতার হয়ে জেলখানায় চলে যেত।

আমার এক সহপাঠী ছিল—নাম শাহজাদা গ্রনাম আলী। আমার সঙ্গে তার ব'ধ্বত্ব কত গভীর ছিল তা শব্ধ্ব আপনারা এর থেকেই সহজে আন্দাজ করতে পারবেন। আমরা দ্ব'জনে দ্ব' দ্ব'বার একসঙ্গে ম্যাণ্ডিক পরীক্ষা দিয়ে ফেল করেছিলাম, আর একবার আমরা পালিয়ে বোন্বাই গিয়েছিলাম। ইচ্ছে ছিল রাশিয়াতে যাব, কিন্তু পয়সা শেষ হয়ে যাওয়ায় আমাদের ফ্রটপাতে

কাটাতে হয়েছিল, তাই ক্ষমা চেয়ে বড়িতে চিঠি লিখে ফিরে আসতে হয়।

শাহজাদা গ্লোম আলীর চেহারা ছিল খ্ব স্থনর। লন্বা, গায়ের রঙ কাদনীরীদের মতো লাল টকটকে। তীক্ষা নাক, টানা টানা চোখ। চাল-চলনে এমন এক আভিজাত্য ছিল যে, সেই আভিজাত্যে পেশোয়ারী গ্রুডাদের মেজাজের এক হাক্বা আভাস ঝিলিক দিয়ে উঠত।

আমার সঙ্গে সে যখন স্কুলে পড়ত তখন সে শাহজাদা ছিল না। কিন্তু শহরে যখন ইনক্লাবের হৈ চৈ পড়ে গেল তখন সে দশ পনেরোটা সমাবেশে এবং মিছিলে যোগ দিল। শ্লোগান দিয়ে, গলায় গাদা ফ্লের মালা পরে, প্রেরণা-দীত গান গেয়ে এবং স্বয়ংসেবকদের সঙ্গে প্রকাশ্য আলাপ-আলোচনা করে সে এক আধ-পাকা বিপ্লবীতে পরিণত হল। একদিন সে নিজেই বন্ধৃতা দিল। পরের দিন খবরের কাগজ দেখে আমি ব্রুতে পারলাম গ্লোম আলী শাহজাদা হয়ে গিয়েছে।

শাহজাদা হয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে গালাম আলী সারা অমাতসরে প্রসিশ্ধ হয়ে গেল। ছাট শহরে স্থনাম আর দানাম ছড়াতে বেশী দেরী লাগে না। অমাতসারর সমসত মানামের চারিত্রিক বৈশিষ্ট হচ্ছে তারা খাব সমালোচক। একজন আর একজনের দোষ এবং কলৎক খালি বেরায়। কিল্তু রাজনৈতিক এবং ধর্মায় নেতাদের ব্যাপারে তারা একেবারে অন্য মানাম । আসলে তাদের জন্যে সবসময় বজ্তা এবং আশেদালনের প্রয়োজন। আপনি তাদের নীল বর্ণাই বানান আর মিস বর্ণাই বানান তাতে তাদের কিছ্ আসে যায় না। একই নেতা শাধ্য চোগা-চাপকান পালটিয়ে অমাতসরে বহাদিন পর্যালত বেলাচে পারেন।

কিন্তু সেই দিনগালি ছিল সম্পূর্ণ অন্য রকম। বড় বড় নেতারা সব জেলে ছিলেন। ফলে তাদের গদিগালি খালি পড়ে ছিল। সেই সময় নেতাদের অভাব মান্য তত বেশী করে অনুভব করত না। যে আশ্দোলন তখন চলছিল তার জন্যে এমন সব মান্যের প্রয়োজন ছিল, যারা দ্ব-একদিন খন্দরের জামা কাপড় পরে জানিয়ানওয়ালাবাগে সামিয়ানার নীচে বসে দ্ব-একটা ভাষণ দিতে পারে এবং ভাষণ দেওয়ার পর গ্রেফতার হতে পারে।

তথন ইউরোপে সরে ডিকটেটরসিপ চাল্ব হয়েছিল। হিটলার আর মুসোলিনীর নাম-ডাক শ্রুর হয়েছিল। স্থতরাৎ এর ফলশ্রুতি হিসেবে কংগ্রেসও ডিকটেটর তৈরী করতে শ্রুর করল। শাহজাদা গ্রুলাম আলীর

সময় আসার আগে চল্লিশ জন ডিকটেটর গ্রেফডার হয়ে গিয়েছিল।

আমি যখন ব্রুতে পারলাম গ্রুলাম আলী ডিকটেটর হয়ে গিয়েছে, তখন আমি তড়িছড়ি করে জালিয়ানওয়ালাবাগে হাজির হলাম। বড় সামিয়ানার নীচে স্বয়ংসেবকদের পাহারা বসানো ছিল। কিন্তু গ্রুলাম আলী আমাকে দেখতে পেয়ে ভেতরে ডেকে নিল—মাটিতে একটা গদি পাতা ছিল, আর তার ওপর একটা খন্দরের চাদর বিছানো ছিল। আর এই গদির ওপর একটা পাশ বালিশে হেলান দিয়ে শাহজাদা গ্রুলাম আলী জনা কয়েক খন্দরের পোশাক-পরা ব্যবসায়ীর সঙ্গে কথা-বাতা বলছিল। খ্রুব সম্ভব তরিতরকারি নিয়ে আলোচনা চলছিল। কয়েক মিনিটের মধ্যে তাদের সঙ্গে কথা-বাতা শেষ করে শাহজাদ স্বয়ংসেবকদের হরুম দিল। হরুক্ম দিয়ে সে আমার দিকে তাকাল। তার এই অসাধারণ গাম্ভীর্য দেখে আমার ফিকফিক করে হাসি পাছিল। স্বয়ংসেবকরা চলে গেলে আমি হেসে বললাম, "এই শালা শাহজাদ।"

আমি অনেকক্ষণ ধরে ঠাট্য-তামাশা করতে লাগলাম, কিণ্তু অলপক্ষণের মধ্যেই ব্রুকতে পারলাম গ্লোম আলীর মধ্যে অনেক পরিবতনে হয়েছে। এই পরিবতনে তাকে অনেক কিছু শিথিয়েছিল। কয়েকবারে সে আমাকে বলল, ''সাদত, এমন হাসি-ঠাট্য করো না। আমি জানি আমার ব্লিধ তেমন নেই, কিণ্তা যে ইঙ্জত আমি পেয়েছি তা তালনাহীন, তাই আমি এই টাপি পরে থাকতে চাই।''

তারপর সে আমাকে বড় গ্লাসের এক গ্লাস দই-এর লাস্যি খাওয়াল। সন্ধ্যার সময় তার ভাষণ শ্নতে আসব বলে কথা দিয়ে আমি বাড়ি ফিরলাম।

সংধ্যার সময় জালিয়ানওয়ালাবাগ লোকে থৈ থৈ করছিল। আমি একট্ব আগে-ভাগেই এসেছিলাম বলে স্টেজের কাছে জায়গা পেয়ে গিয়েছিলাম। হাত তালির সঙ্গে সঙ্গে গ্লাম আলী স্টেজের ওপর এসে দাঁড়াল। সাদ! ধবধবে খাদির পোশাক পরে থাকার জন্যে তাকে আরও স্বন্দর এবং আকর্ষক মনে হচ্ছিল। যে মেজার কথা আমি আগে বলেছি সেই মেজাজ বারবার বিশিলক দিচ্ছিল বলে তাকে সারও আকর্ষণীয় করে ত্বাছিল।

প্রায় ঘণ্টাখানেক ধরে সে এক নাগারে বলে চলল,—এর মধ্যে কয়েকবার আমার গায়ের লোম খাড়া হয়েছিল। শ্বনতে শ্বনতে দ্ব-একবার আমার মনে হয়েছিল আমি বোমার মতো ফেট্টে পড়ি। খ্ব সম্ভব সেই সময় আমার

মনে হরেছিল ফেটে গেলে হিন্দুছান স্বাধীন হয়ে যাবে।

একমাত খোদাই জানে কত বংসর কেটে গিয়েছে। সেই সময়কার ভাবনা এবং ঘটনাগর্নল কিভাবে প্রভাবিত হয়েছিল তা এত বংসর পর হ্বহ্ তুলে ধরা খ্বই মুশ্কিল। কিণ্তু এই গলপ লেখার সময় যখন গ্লাম আলীর ভাষণের কথা মনে পড়ছে তখন গোটা একটা তার্ণ্য যেন আমার সামনে ভেসে উঠছিল। রাজনীতিতে সেই তার্ণ্য ছিল পবিত্র, ছিল সাচ্চানিভীকতা। তা যেন পথ-চলতি কোন মেয়ের হাত ধরে বলেছিল, 'আমি তোমাকে পেতে চাই। কিণ্তু পরক্ষণেই যেন আইনের নাগপাশে গ্রেফতার হয়ে গেল। এই ভাষণের পর আমার ওর আর দ্ব-একটি ভাষণ শোনার স্বযোগ হয়েছিল। ওর আধ-পাকা পাগলামী উঠতি যৌবন বাচালতা দাড়ি-গোঁফহীন আহ্বান, যে আহ্বান আমি গ্লাম, আলীর কণ্ঠে শ্বনেছিলাম, তার সামান্যতম গ্লেজনও আজ আর শোনা যায় না। এখন যে ভাষণ শ্বনি তা হচ্ছে ঠাণ্ডা গশ্ভীরতায় ভরপ্র—প্রনো রাজনীতি এবং কাব্যিক কাব্যিক ভাবে জড়ানো।

আসলে সেই সময় দুটি পাটিই কাঁচা ছিল। সরকারও কাঁচা ছিল—প্রজাও। ফলে কেউ কাউকে পরওয়া না করে পরস্পরের খটাখটি লেগেছিল। সরকার জেলখানার গারুছে না বুঝে লোককে বন্দী করে চলেছিল—তারাও ধরা দিচ্ছিল। জেলখানায় যাওয়ার আগে জেলখানায় তারা কেন যাচ্ছে তাও জানত না।

এ এক ধোকা ছিল, সেই ধোকার মধ্যে আগন্ধনের এক আভাসও ছিল।
মান্য স্ফ্রিলঙ্গের মতো জন্লছিল—নিভছিল, আবার জনলে উঠেছিল।
এই জনলা আর নেভা, নেভা আর জনলা গোলামীর বৈরাগ্য উদাস এবং
হাই-তোলার মধ্যে এক উষ্ণ কম্পন স্থিত করে দিয়েছিল।

গ্রলাম আলীর ভাষণ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে সারা জালিয়ানওয়ালাবাগ জাের জাের তালি এবং শ্লাগানের আগ্রনে জনেল উঠেছিল। ওর মুখ
জন্ল জন্ল করছিল। আমি যখন আলাদাভাবে ওর সঙ্গে দেখা করলাম
এবং ধন্যবাদ দেওয়ার জন্যে ওর হাত নিজের হাতের মধ্যে নিয়ে চাপ দিলাম
তথন ও থরথর করে কাঁপছিল। ওর এই উষ্ণ কম্পন ওর উষ্জনল মুখের
চেয়েও উত্তপ্ত ছিল। ও ঘন ঘন নিঃশ্বাস নিচ্ছিল। ওর দুং চােখে উৎসহে
দীপ্ত ভাবনার দমক ছাড়াও এক শ্লান্ত চাহনি আমি দেখতে পেলাম—ষেন ও

কাউকে খ^{*}্বজে বেড়াচ্ছে। আমার হাত থেকে নিজের হাতকে ছাড়িয়ে নিরে ও চামেলি ঝাড়ের নিচে এগিয়ে গেল।

চামেলি ঝাড়ের কাছে একটি মেয়ে দাঁড়িয়েছিল। তার পরনে সাদা শ্ববধবে খন্দরের শাড়ি।

পরের দিন আমি ব্রুতে পারলাম শাহজাদা গ্রুলাম আলী প্রেমের ফাঁদে আটকা পড়েছে। আমি যে মেয়েটিকে চামেলি ঝাড়ের কাছে দাঁড়িয়ে থাকতে দেখেছিলাম তার সঙ্গে ও প্রেমে করছিল। এ এক তরফা প্রেম ছিল না, নিগারও ওর প্রেমে পাগল হয়ে উঠেছিল। নিগার নাম থেকে বোঝা যায় সেছিল মুসলমান। অনাথ। মেয়েদের হাসপাতালে নার্সের কাজ করত, খ্র সম্ভব অম্তসরে প্রথম মুসলমান মেয়ে, যে বোরখা ফেলে দিয়ে কংগ্রেসের আন্দোলনে যোগ দিয়েছিল।

খন্দরের কাপড় পরে, কিছুটা কংগ্রেসের সরগরমে যোগ দেওয়াতে এবং হাসপাতালে কাজ করার দর্ন নিগারের ইসলামী প্রকৃতি অর্থাং সেই উগ্র জিনিস যা মুসলমান মেয়েদের স্বভাবে লীন হয়ে আছে তা কিছুটা পরিমাণে নন্ট হয়ে গিয়েছিল—কিছুটা নমু হয়ে গিয়েছিল।

দেখতে ও স্থন্দর ছিল না, কিন্তু নারীষের অনিন্দাস্থন্দরতা নমতা ভালো-বাসা এবং শ্রন্ধায় ও ছিল ভরপরে। আদর্শ হিন্দু মেয়েদের যে ন্বভাব তা নিগারের মধ্যে অলপ-বিস্তর ঝিলিক দিচ্ছিল এবং যা তার ব্যক্তিষের মধ্যে রস্তের উষ্ণতা সন্ধার করার জন্যে রঙ ভরে দিয়েছিল। খুব সন্ভব নিগারকে নিয়ে আমি সেই সময় এমন করে ভাবিনি। কিন্তু এখন লেখার সময় যখন আমি নিগারকে নিয়ে কল্পনা করছি তখন ওকে নমাজ আর আরতীর এক রুদয়-সঞ্চম বলে আমার মনে হচ্ছে।

ও শাহজাদা গ্লাম আলীর প্জা করত আর শাহজাদা ওর জন্যে জান দিয়ে দিত। নিগারকে নিয়ে আমি যখন ওর সঙ্গে কথা বলি তখন জানতে শারি কংগ্রেসের আন্দোলনের জন্যে ওদের দ্বজনের পরিচয় হয়। আর পরিচয়ের অন্প দিনের মধ্যে ওরা দ্বজন জনের হয়ে যায়।

গ্রলাম আলীর ইচ্ছা ছিল জেলে যাওয়ার আগে ও নিগারকে বিয়ে করে।
আমার এখন ঠিক মনে নেই, জেলে যাওায়ার আগে ও কেন বিয়ে করতে
চেয়েছিল। জেল খেকে ফিরে এসেও তো বিয়ে করতে পারত। সেই সময়
তো খ্র বেশী দিন জেল হত না। খ্র কম হলে তিন মাস আর বেশী

হলে এক বংসর। অনেককে তো পনেরো-বিশ দিন পরেই ছেড়ে দেওয়া হত, যাতে অন্য কয়েদীদের জায়গার অভাব না হয়। যাই হোক ওর নিজের ইচ্ছা নিগারের ওপরও প্রভাব ফেলেছিল এবং নিগারও সম্পূর্ণভাবে প্রস্তৃত ছিল। শুধু মাত্র বাবাজীর কাছে গিয়ে আশীবদি নেওয়াটাই বাকী ছিল।

বাবাজী সম্পর্কে আপনি যাই জাননে না কেন, তাঁর ছিল অসাধারক ক্ষমতা। শহরের বাইরে লাখপতি সরাফ হরিরামের জাঁকজমক বাড়িতে তিনি উঠতেন। পাশের এক গ্রামে তিনি যে আশ্রম করেছিলেন সাধারণত সেখানেই থাকতেন, কিন্তু অমৃতসরে এলে তিনি হরিরাম সরাফের বাড়িতে থাকতেন। আর বাবাজী এলেই তাঁর ভন্তদের কাছে এই বাড়ি পবিষ্ট হয়ে উঠত। সারাদিন দর্শন প্রাথীদের ভিড়ে জমজমাট থাকত। প্রতিদিন বিকালের দিকে আমগাছের শীতল ছায়ায় একটা বেঞ্চের ওপর বসে তিনি জনসাধারণকে দর্শন দিতেন এবং আশ্রমের জন্যে চাঁদা সংগ্রহ করতেন। তারপর ভজন ইত্যাদি শানে প্রতিদিন তাঁর মতামত নিয়ে এই সভা ভেঙে দেওয়া হত।

বাবাজী খ্ব পরোপকারী ঈশ্বর বিশ্বাসী, বিশ্বান এবং প্রভাবশালী ব্যক্তি ছিলেন। হিন্দু মুসলমান শিখ এবং অচ্ছ্রুং—প্রত্যেকেই তাঁকে মান্য করত এবং নিজেদের নেতা হিসেবে গ্রহণ করে নির্ছেল।

রাজনীতির ব্যাপারে বাবাজীর কোন আগ্রহ ছিল না, কিন্তু সবাই জানত পাঞ্জাবের সমস্ত রাজনৈতিক আন্দোলন তাঁরই ইচ্ছায় শ্রুর হত এবং তাঁরই ইচ্ছায় খতম হত।

সরকারের কাছেও এই ব্যাপারটা ছিল অস্পণ্ট। এ এমন এক রাজনৈতিক চাল ছিল যে রিটিশ সরকারের বড় বড় রাজনীতিকরাও এর কারণ খাঁবজে পার্মান। বাবাজীর পাতলা-পাতলা ঠোটের একবলক হাসির হাজার রকম অর্থ হত। কিন্তু তিনি যখন স্বয়ং সেই হাসির এক নতুন অর্থ ব্যাখ্যা করতেন তখন ভক্ত-জনরা আরও বেশী প্রভাবিত হয়ে পড়ত।

অমৃতসরে এই যে অসহযোগ আন্দোলন চলছিল এবং ঝপাঝপ গ্রেফতার হচ্ছিল এর পেছনে আর যাই-ই থাক বাবাজীর ইচ্ছাই যে কাজ করছিল সে সম্পর্কে কোন সন্দেহ নেই। প্রতিদিন সন্ধ্যার সময় তিনি যখন জনসাধা-রণকে দর্শন দিতেন তখন তিনি সারা পাঞ্চাবের আন্দোলনকে এবং সরকারের নিত্য নতুন কঠোরতা সম্পর্কে ফোকলা মুখে ছোটু—খুব ছোটু একটা শব্দ ছ**্রেড়ে দিতেন। আর হোমরা-**চোমরা নেতারা সঙ্গে সঙ্গে তা নিজেদের গলায় তাবিজ করে ঝুলিয়ে দিতেন।

লোকে বলত, তাঁর চোখে চুম্বুকের মতো এক অসাধারণ শক্তি ছিল।
তাঁর কণ্ঠদ্বরে ছিল বাদ্ । তাঁর মদিত্বক এত ঠান্ডা এবং উপদ্থিত
বৃদ্ধিতে ঠাসা ছিল যে, তাঁকে অশ্লীল থেকে অশ্লীলতর গালিগালাজ আর
তীক্ষা থেকে তীক্ষাতম বাঙ্গ করলেও মুহুতের জন্যেও তিনি উর্জেজত
হতেন না। বিরোধীদের কাছে তাঁর এই চারিত্রিক বৈশিষ্ঠ ছিল এক প্রচম্ড
তাসের জিনিস। অমৃতসরে বাবাজীর অনেক মিছিল বের হয়েছিল। কিন্তু
আমিই বোধহয় একমাত্র মানুষ ছিলাম, যে অনেক নেতাকে দেখেছিলাম,
একমাত্র তাঁকেই দ্রে থেকে বা কাছে থেকে দেখিনি। তাই যথন গ্রলাম
আলী তাঁকে দর্শন করার জন্যে এবং বিয়ের বাপোরে তাঁর মতামত নেওয়ার
কথা আমাকে বলল, তখন আমি তাকে বললাম তাদের দ্রজনের সঙ্গে আমিও
যাব।

বাবাজী স্নান-টান সেরে এবং ভোরের প্রার্থনা শেষ করে এক স্থাদরী ব্রাহ্মণ কন্যার কপ্টে জাতীয় সঙ্গীত শ্নেছিলেন। চীনা মাটির সাদা ধবধবে টাইল বসানো মেঝের ওপর থেজুরের চাটাই বিছিয়ে বাবাজী বসে ছিলেন। এক ধারে পাশ বালিশ পড়ে ছিল। কিশ্তু সেই পাশ বালিশে তিনি হেলান দেননি।

বাবাজী যে চাটায়ের ওপর বসে ছিলেন সেই চাটাই ছাড়া ঘরে আর কোন ফার্নিচার ছিল না। ঘরের এক কোণ থেকে আরেক কোণ পর্যন্ত সাদা টাইলগালো ঝকঝক করছিল। যে ব্রাহ্মণ কন্যা জাতীয় সঙ্গীত গাইছিল তার হাল্কা গোলাপী মাখশ্রীকে এই টাইলগালোর ঝকমক আরও স্থানর করে তুলেছিল।

বাবাজীর বয়স কম পক্ষে সত্তর-বাহাত্তর হবে। এত বয়স হওয়া সত্ত্ও (তিনি গের য়া রঙের একটা ছোট ল ফি পরেছিলেন) বয়সের কোন ছাপ তাঁর ওপর পড়েনি। তাঁর শরীরে এক অম্ভূত ধরনের ঔম্জন্লা এবং লাবণ্য ছিল। পরে আমি জানতে পাার প্রতিদিন দনান করার আগে সারা গায়ে তিনি অলিবয়েল মালিশ করতেন।

শাহজাদা গ্রলাম আলীর দিকে তাকিয়ে তিনি ম্রচিক হাসলেন। সঞ্চে সঙ্গে আমার দিকেও এক ঝলক তাকালেন। এবং আমাদের তিন জনের দেলামের উন্তরে তিনি তেমনি মুচকি হেসে ইশারায় আমাদের বসতে। বললেন।

চেতনার চশমায় আমি যখন সেই ছবি সামনে আনতাম তখন মজার ব্যাপার না হয়ে বরং ভাবনার ব্যাপার হয়ে দাঁড়াত। খেজবুরের চাটাই-এর ওপর এক অর্ধনান বৃদ্ধ যোগীর মতো বসে আছেন। তাঁর বসার তওঁ, তাঁর টাক মাথা, তাঁর অর্ধ নিমীলিত চোখ, তাঁর শ্যামবর্ণ মস্ণ শরীর, তাঁর দেহের প্রতিটি শিরা থেকে এমন এক শান্তিতে ভরপরে সন্তোষ—এক নিশ্চিত বিশ্বাস জাহির হচ্ছিল য়ে, দুনিয়া তাঁকে য়েখানে বসিয়েছে সেথান থেকে কোন ভূমিকম্পই ছিটকে ফেলে দিতে পারবে না।

আর তাঁর কাছ থেকে সামান্য কিছুটো দুরে ফুটে ছিল কাশ্মীরের এক পাহাছী কলি। কিছুটা সেই প্রবীণের নৈকটাকে সন্মান দেওয়ার জনো, কিছুটা জাতীয় সঙ্গীত আর কিছুটা নিজের ভরাট যৌবনের জন্যে সে ঝাঁকে ছিল। জাতীয় সঙ্গীত ছাড়াও শাদা শাড়ির ভেতর থেকে সে তার যৌবনের সঙ্গীতকে উচ্চগ্রামে গাইতে চাইছিল। যে ভরাট যৌবন এই প্রবীণের নৈকটাকে আপ্যায়িত করার সঙ্গে তার দেহ তার যৌবনের শান্তি সংকার করার জন্যে অবনত হতে চাইছিল—সেই যৌবন তাকে ঘাড় ধরে জীবনের দাউ দাউ আগ্রনে লাফিয়ে পড়ার জন্যে উংসাহ যোগাছিল। তার হালকা গোলাপী চেহারা থেকে, তার বড় বড় কালো চঞ্চল চোখ থেকে, তার খন্দরের খসখসে ব্যাউজে-ঢাকা উচ্ছ্যলিত বুক থেকে সেই বুন্ধ যোগীর গভীর বিশ্বাস এবং সন্তোষের বিরুদ্ধে এক নীরব আত্রান্দ উচ্চারিত হাছিল। যেন বলেছিল, এস, আমি এখন যেখানে আছি সেখান থেকে আমাকে টেনে নীচে নামাও, না হয় আমাকে ওপরে নিয়ে চল।

আমরা তিনজন একধারে সরে বসেছিলাম—আমি নিগার আর শাহজাদা গুলাম আলী। আমি চুপচাপ বোকার মতো বসে ছিলাম। বাবাজীর ব্যক্তিথে যেমন আমি প্রভাবিত হয়েছিলাম, তেমনি রাহ্মণ কন্যার অনন্য সৌন্দ্রেও। মেঝের ঝকমকে টাইলগুলো এবং তার ওপর বিছানো খসংসে চাটাইও আমাকে আকর্ষিত করেছিল। একেকবার মনে হচ্ছিল এই রক্ষ একটা টাইল-বসানো বাড়ি যদি আমি পেতাম তাহলে কত ভালোই না হত।

একেকবার মনে হচ্ছিল এই ব্রাহ্মণ কন্যা আমাকে আর কিছ্ করতে না না দিক অভতত একবার তার চোথের ওপর আমার চুম্বনের স্পর্শ নিক। এই ইচ্ছা আমার সমস্ত শরীরে এক থরথর কম্পন স্ভিট করল আর সচ্ছে সামার বাড়ির ঝির কথা মনে হল, যার সচ্ছে আমার 'সেই' সম্পক' এখনও সজীব হয়ে আছে। মনে হচ্ছিল ওদের দ্'জনকে এখানে ফেলে রেখে আমি সোজা বাড়ি যাই, আর সবার নজর বাচিয়ে ওকে ওপরের বাথরুমে নিয়ে গিয়ে তিকত যখন বাবাজীর দিকে তাকালাম এবং কানে জাতীয় সঙ্গীতের উদ্দীপক শব্দ গ্রেপ্থরিত হয়ে উঠল তখন অন্য আরেক ধরনের কম্পন আমার মধ্যে শ্রুর হল। মনে হল কোথাও থেকে যদি একটা পিস্তল পেয়ে যাই তবে সিভিল লাইনসে গিয়ে ইংরেজদের ওপর ঝাঁপিয়ে পড়ব।

আমার মতো এই বৃদ্ধৃর পাশেই নিগার আর শাহজাদা বসেছিল। ভালোবাসার দৃটি স্থদ্য—ভালোবাসায় একাকীম্ব হাঁফাতে হাঁফাতে খুব সম্ভব এখন উদগ্রীব হয়ে উঠেছে। আর তাই তারা তাড়াতাড়ি একজন আর একজনের প্রেমের রঙ দেখার জন্যে এক হয়ে যেতে চাইছিল। অন্য ভাষায় কলা যায়, তারা তাদের একমাত্র রাজনৈতিক পিতা বাবাজীর কাছ থেকে বিয়ে করার জন্যে অনুমতি নিতে এসেছিল। ওপর ওপর আর যাই থাক তাদের দুজনের মনে সেই সময় রাষ্ট্রীয় সঙ্গীতের জায়গায় তাদের জীবনের স্থাদরতম এক অগ্রুত সঙ্গীত গুনুগানুন করছিল।

সঙ্গীত শেষ হলে বাবাজী খাব স্নেহ বিগলিত দঙে ব্রাহ্মণ কন্যাকে হাত তুলে আশীবাদ করলেন। এবং মাচুকি হেসে নিগার এবং গালাম আলীর দিকে তাকালেন। আমাকেও এক ঝলক তাকিয়ে দেখে নিলেন।

খাব সম্ভব পরিচয় করিয়ে দেওয়ার জন্যে গালাম আলী নিগারের নাম বলতে চাইছিল। কিন্ত্র তার আগেই বাবাজী মিন্টি কণ্ঠে জিজ্ঞেদ করলেন, ''শাহজাদা, তুমি এখনও গ্রেফতার হওনি ?''

গ্লোম আলী হাত জোড় করে বলল, "আছে না।"

বাবাজী কলমদানী থেকে একটা পেশ্সিল তালে নিয়ে লিখতে লিখতে বললেন, "কিংতা আমি ভেবেছিলাম তামি গ্রেফতার হয়ে গিয়েছ।"

গলোম আলী তার এই কথার অর্থ ঠিক ধরতে পারল না। বাবাজী এক ঝলক ব্রহ্মণীর দিকে তাকিয়ে নিগারের দিকে ইশারা করে বললেন, 'নিগার আমাদের শাহজাদাকে গ্রেফতার করে ফেলেছে।''

লঙ্জায় নিগার লাল হয়ে উঠল। গ্রন্থাম আলী আশ্চর্বে হা হয়ে রইল, আর বাহ্মণীর গোলাপী মুখের ওপর আশীর্বাদ-ভরা এক চমক খেলে গেল। ও গুলাম আলী আর নিগারের দিকে এমন ভাবে তাকাল যেন সেই তাকানোর অর্থ ভালোই হয়েছে।

বাবান্দী আর একবার ব্রাহ্মণীর দিকে তাকালেন। এবং বললেন, "এরা আমার কাছে বিয়ের অনুমতি নিতে এসেছে—কমল, তুমি কবে বিয়ে করছ?"

জানলাম রাহ্মণীর নাম কমল। হঠাৎ বাবাজীর প্রশন শানে ও অবাক হয়ে গিয়েছিল। ওর গোলাপী মাখ মান হয়ে গেল। কাঁপা-কাঁপা কপ্ঠে ও বলল, "আমি তো আপনার আশ্রমে যাচ্ছি।"

কমলের এই উত্তরের মধ্যে কেমন একটা কর্ণভাব জড়িয়ে ছিল। যে কর্ণতা—ব্যথা বাবাজীর হৃশিয়ার মন সঙ্গে সঙ্গে নোট করে নিল। ওর দিকে তাকিয়ে বাবাজী যোগীর মতো একটা মাচিক হাসলেন। হেসে গালাম আলী আর নিগারকে বললেন, "তা তোমরা দাজনে সব ঠিক করে ফেলেছ।"

দ্বজনে অস্ফাট কণ্ঠে জবাব দিল, "জী হাঁ।"

বারাজী ভাসাভাসা চোখে তাদের দিকে তাকালেন, "মান্য যেমন ফরসালাও করতে পারে তেমনি তা আবার পালটাতেও পারে।"

এই প্রথম গ্লোম আলী বাবাজীর গশভীর অটলতার বিরুদের—না, গ্লোম আলী নয়, তার দৃঢ় এবং সমগ্র কণ্ঠে উত্তর দিল, 'ধিদি এই ফরসালা কোন কারণে পালটানো হয় তব্ও আমি আমার জায়গায় ঠায় দাঁড়িয়ে থাকব।''

বাবাজী তাঁর চোখ বাধ করে যেন মহাশ্নোর কাছে জিজ্জেস করলেন, "কেন?"

এই প্রশ্নে গ্রেলাম আলী একট্রও ঘাবড়াল না। নিগারের সঙ্গে তার যে সাচ্চা প্রেম ছিল তা যেন বলে উঠল, "বাবাঙ্গী, আমি হিন্দর্ভানে আজাদী আনার জন্যে যে সিম্পান্ত নিয়েছি তা যদি কোন কারণে ম্লুলতবি রাথার চেন্টা হয় তাতে কি আসে যায়, আমরা যে সিম্পান্ত নিয়েছি তা তো নড়চড় হবার নয়।"

যেহেতু আমি সেখানে বর্সোছলাম তাই বাবাছা এই বিয়ে নিয়ে তক' করা উচিত মনে করলেন না। তিনি হেসে দিলেন। তাঁর এই হাসিও তাঁর অন্য হাসিরই মতো। যে হাসির মানে একেক জন একেক ভাবে অর্থ' করবে। যদি বাবান্ধীকে এই হাসির অর্থ জিপ্তেস করা হত আমার বিশ্বাস তবে তিনি আমাদের প্রত্যেকের থেকে ভিন্ন অর্থ এক করে দিতেন।

এই হাজারো অর্থ-ভরা মাচকি হাসি নিজের পাতলা পাতলা ঠোঁটের ওপর আর একটা প্রসারিত করে বাবাজী নিগারকে বললেন, "নিগার তুমি আমার আগ্রয়ে আস, অলপ দিনের মধোই শাহজাদা গ্রেফতার হয়ে যাবে!"

নিগার মৃদ্র কণ্ঠে বলল, ''জী আচ্ছা।''

এরপর বাবাজী বিয়ের কথা আর না তুলে জালিয়ানওয়ালাবাগের কান্পের যে সরগরন সে সম্পর্কে জিজ্জেদ করতে লাগলেন। অনেকক্ষণ ধরে গ্রেলাম আলী নিগার আর কমল গ্রেফতার মুক্তি দুধের লিদ্য এবং তরিতরকারি নিয়ে আলোচনা করতে লাগল। আর আমি বেকুবের মতো চুপচাপ বসে ভাবছিলাম বাবাজী বিয়ের অনুমতি দিতে এত কুন্ঠিত কেন! গ্রেলাম আলী আর নিগারের ভালোবাস।কে কি বাবাজী সন্দেহের চোথে দেখেন? গ্রেলাম আলীর সততার ওপর তাঁর কি সন্দেহ আছে? নিগারকে কি তিনি তাঁর আশ্রমে এই জন্যেই আমন্তিত করছেন যে ঐখানে থাকলে সে তার স্বামীকে—যে গ্রেফতার হতে চলেছে তাকে ভুলে যাবে? তার করছ?" কমল কেন বলল, —''আমি আপনার আশ্রমে যাচ্ছি।''

কেন আশ্রমে কি নারী এবং পরের্য বিষে করে না ? আনার মন এক অম্ভর্ত সমস্যায় ফে'সে গেল। সেখানে এই ধরনের কোন্ ব্যাপার আছে যে, পাঁচ শ' স্বয়ংসেবকের জন্যে স্বয়ংসেবিকারা চাপাটি তৈরী করে ? ক'টা উন্ন আছে ? আর তা কত বড় ? কেন এমন কি হতে পারে না, বিরাট একটা উন্ন বানিয়ে তার ওপর বিরাট এক তাওয়া রেখে ছ'জন স্বয়ংসেবিকা একই সঙ্গে রুটি বানায় ?

আমি ভাবছিলাম ব্রাহ্মণ কন্যা কমল আশ্রমে গিয়ে কি শুধু বাবাজীকে জাতীয় সঙ্গীত এবং ভজন শোনাবে? আমি আশ্রমে পরেষ স্বয়ংসেবক দেখেছি। তারা প্রতাকে সেখানকার কায়দা অনুযায়ী 'দনান' করত, ভোরে ঘুম থেকে উঠে দাতন করত, বাইরের খোলা হাওয়াতে থাকত, ভজন গাইত, তব্ তাদের জামা-কাপড় থেকে ঘামের গণ্ধও আসত। অনেকের দাতে আবার বিশ্রী গণ্ধ। আর খোলা হাওয়ায় থাকার দর্শ মানুষের মধ্যে যে খুশী-খুশী ভাব দেখা যায় তা তাদের মধ্যে একেবারেই দেখা

যেত না।

বে বৈ ষাওয়া, পাংশ্র মুখ, গতে বিসা চোখ, ভীর ভীর চেহারা—
গর্র নিংরানো বাটের মতো চুপসে-ষাওয়া আশ্রমের এই নিজ্পাণ লোকগর্লিকে আমি কয়েকবার জালিয়ানওয়ালাবাগে দেখেছি। বারবার মনে
হয়েছে এরা কি ধরনের মরদ যাদের গা থেকে ঘামের দ্বর্গাধ আসে! আর এই
রাহ্মণী, যার শরীর দ্বধ মধ্য এবং কেশর খেয়ে তৈরী,—তাকে এই মান্ষগর্লি
পিচুটি-ভরা চোথে চাটবে! এরা কি ধরনের মরদ যারা তাদের মুখের কট্র
গাধ নিয়ে স্থগাধে ভরপার এই সব নারীদের সঙ্গে কথা বলবে ? কিল্তু আমি
ভেবে দেখলাম, না, হয়তো হিল্বভানের স্বাধীনতা এই সব জিনিসের অনেক,
অনেক ওপারে।

আমি এই 'হয়তো' দেশভক্তি এবং আজাদীকে আমার সমস্ত চেতনা দিয়েও ঠিক ব্যুবতে পারিনি, কারণ আমি নিগারের কথা ভাবছিলাম। নিগার আমার পাশে বসে বাবাজীকে বলছিল, শালগম সেন্ধ হতে দেরী লাগে। কোথায় শালগম আর কোথায় বিয়ে, যে বিয়ের জন্যে ও আর গ্লাম আলী তাঁর কাছে অনুমতি নিতে এসেছিল।

আমি নিগার এবং আশ্রম সম্পকে ভাবছিলাম। আশ্রম আমি দেখিনি, কিব্তু আশ্রম স্কুল জমায়েতখানা তীর্থস্থান দরগাহ প্রস্থৃতি সম্পকে আমার বিরুপতা আছে। কেন তা আমি জানি না।

আমি কয়েকটি অন্ধ দ্কুল, অনাথ আশ্রমের ছেলে এবং সেখানকার পরিচালকদের দেখেছি। রাদতার ওপর তাদের সার বে'ধে ভিক্ষা করতে দেখেছি। জনায়েতখানা আর দরগাহ দেখেছি। দেখেছি তাদের হাঁটরে ওপর ওঠানো পায়জামা। ছোটদের মাথার ওপর বড় বড় মেহরা, আর যারা বয়সে বড় তাদের ম্থে এক রাশ ঘন দাড়ি, যে দাড়ি ক্রমে বেড়েই চলেছে। আর গালের ওপর মোটা মোটা মোলায়েম চলুল। নমাজ পড়তে চলেছে। মুথের ওপর কেমন একটা নিষ্ঠুর ভাব, যে নিষ্ঠুর ভাব সহজেই চোখে পড়ে।

নিগার ছিল নারী। হিন্দু মাসলমান শিখ বা খ্রীস্টান নারী নয়—-ও ছিল শ্বেমার নারী। না, ও ছিল নারীর প্রার্থনা, যে প্রার্থনা সাচ্চা স্থানয়ে পেতে চায় তাকে, যে তাকে ভালোবাসে আর যাকে সে নিজে চায়।

আমার মাথায় ত্কছিল না বাবাজীর আশ্রমে,—যেখানে প্রতিদিন এক

বিশেষ ঢঙে প্রার্থনা হয়, সেখানে এই মেয়েরা কেমন করে হাত উঠিয়ে প্রার্থনা করবে ! কারণ যারা নিজের।ই এক একটি প্রার্থনা।

আমি এখন যখন বাবাজী নিগার গ্লোম আলী ব্রাহ্মণী আর অমৃতসরের সেই পরিবেশ, যা স্বাধীনতা আন্দোলনের এক রঙীন নেশায় মেতেছিল ভাবি, তখন তা স্বংন বলে মনে হয়। এমন এক স্বংন, যে স্বংন একবার দেখলে আর একবার দেখার জন্যে মন আকুল হয়ে ওঠে।

বাবাজীর আশ্রম আমি এখন পর্য'ত দেখিনি, কিন্তু যে বিরুপ ধারনা আমার আগে ছিল তা এখনও আছে।

এ সেই জায়গা যেখানে দৃ্রভাগ্যকে সম্বল করে মানুষ এক সারিতে হে টে চলে। আমার কাছে এর কোন দাম আছে বলে মনে হয়নি। আজাদী নিশ্চয়ই লাভ করতে হবে। আর তা লাভ করার জন্যে যারা প্রাণ দান করে তাদের আমি বৃক্তে পারি। কিশ্তু তার জন্যে সেই হতভাগাদের যদি তরকারির মতো ঠাণ্ডা এবং নিজ্ঞীব বানানো হয়, তবে তাকে আমি কিবলব? এ আমার বৃদ্ধির সম্পূর্ণে বাইরে।

বৃশ্বিতে থাকা, আরাম আয়েশের বদলে কঠিন পরিশ্রম করা, ভগবানের গ্রন-কীত ন করা, জাতীয় শ্লোগান দেওয়া—এ সমস্ত কিছুই নিশ্চয়ই সঠিক। কিশ্তু মানুষের যে স্বাভাবিক সৌন্দর্য এবং ভালোবাসা-বোধ তাকে ধীরে ধীরে হত্যা করা কেমন ব্যাপার! এরা কেমন মানুষ যাদের মধ্যে সৌন্দর্যে আকাজ্ফা এবং দাঙ্গা-হাঙ্গামার ছটফটানি নেই! এ ধ্রনের আশ্রম মাদ্রাসা আর স্কলের সঙ্গে মুলোর থেতের পার্থক্য কোথায়?

বাবাজী অনেকক্ষণ ধরে গ্র্লাম আলী এবং নিগারের সঙ্গে জালিয়ান-ওয়ালাবাগের সরগরম নিয়ে আলাপ-আলোচনা করতে লাগলেন। তারপর তিনি, যারা তাদের আসল উদ্দেশ্য ভূলে যায়িন সেই ভালোবাসার যোটক— গ্রলাম অলৌ আর নিগারকে বললেন, পরের দিন তিনি জালিয়ানওয়ালা-বাগে যাবেন, আর তাদের স্বামী-স্বীর মর্যাদা দেবেন।

গ্নলাম আলী আর নিগার খ্ব খ্শী হয়েছিল। এর চেয়ে বেশী তাদের আর কি সোভাগ্য হতে পারে! কারণ বাবাজী স্বয়ং তাদের বিয়েতে অংশ নেবেন। গ্নলাম আলী আমাকে পরে বলেছিল ও এত খ্শী হয়েছিল যে, যে মহেতে ও এ কথা শ্নল, মনে হচ্ছিল যেন ভ্লে শ্নছে। কারণ বাবাজীর সরু সরু টেরা-বে কা হাতের আলতো স্পর্শও এক ঐতিহাসিক

ঘটনায় পরিণতি হত। এত বড় একজন শক্তিধর মান্য, বিনি শ্বা মাত্র ঘটনার সংযোগে কংগ্রেসের ডিকটেটর হয়েছেন, তিনি একজন সাধারণ মান্যের জন্যে জালিয়ানওয়ালাবাঁগে যাবেন—তার বিয়েতে অংশগ্রহণ করবেন। এ ঘটনা ভারতবর্ষের সমস্ত পত্ত-পত্তিকার প্রথম প্টায় লাল অক্ষরে লেখা থাকবে।

স্থা ছ'টায় যথন জালিয়ানওয়ালাবাগের নাইট কুইন ফ্লের ঝাড়গুলো তার গণ্ধকে ছড়িয়ে দেওয়ার জন্যে উসখ্স করছিল, আর স্বয়ংসেবকরা যথন বর কনের জন্যে একটি ছোটু সামিয়ানা খাঁটিয়ে চামেলি গাঁদা এবং গোলাপ দিয়ে সাজাচ্ছিল তখন বাবাজী জাতীয় সঙ্গীতের গায়িকা সেই রাহ্মণী, তাঁর সেক্রেনরী এবং লালা হাররাম সরাফের সঙ্গে লাঠি ঠুকতে ঠুকতে এলেন। সদর ফটকের কাছে হাররামের গাড়ি এসে যখন থামল শুধুমাত্র তখনই স্বাই জানতে পারল তিনি জালিয়ানওয়ালাবাগে এসেছেন।

আমিও সেথান ছিলাম। স্বরংসেবিকারা অন্য আর একটা তাঁবতে নিগারকে সাজাচ্ছিল। গ্রেলাম আলী তেমন কোন সাজ-সঙ্জা করেনি। সারাদিন সে শহরের ব্যবসায়ীদের সঙ্গে স্বয়ংসেবকদের খাবার-দাবার নিয়ে কথাবাতা বলছিল। কথাবাতা শেষ হয়ে গেলে এক মৃহত্তের জন্যে সেনিগারের সঙ্গে একাতে কিছু কথা বলল। তারপর যতট্কু আমি জানি সে তার ওপরতলার কমাকতাদের শ্রেষ্ বলল, বিয়ের পার্বন শেষ হয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে সে আর নিগার দ্বজনে ঝাওা তুলে ধরবে।

বাবাজীর আসার থবর যথন গ্লাম আলী পেল তখন সে কুয়ার কাছে দাঁড়িয়েছিল। খুব সম্ভব সেই সময় আমি তাকে বলেছিলাম, গ্লাম আলী তুমি কি জান, যখন জালিয়ানওয়ালাবাগে গ্লিল চলেছিল তখন এ কুয়ো মৃতদেহে ভরে গিয়েছিল। আজকে সবাই এর জলপান করে।—এর জল দিয়েই এই বাগানের সমস্ত ফ্ল গাছ সিগুন করা হয়। মানুষ এখানে এসে সেই ফ্ল ছি ড়ে নিয়ে যায়। জলের একটি ফোটাতেও রস্তেয় নোনা স্বাদ নেই, ফ্লের একটি পাঁপড়িতেও রস্তের লালিমা নেই—এ কেমন কথা?

আমার বেশ মনে আছে, শাহজাদাকে এই কথাকটি বলে আমি সেই বাড়ির জানালার দিকে তাকালাম। বলা হয় এই বাড়ির জানালার কাছে বসে নি' বছরের এক কিশোরী মজা দেখছিল। মজা দেখতে দেখতেই জেনারেল ডায়ারের গ্রিলতে সে বিশ্ব হয়েছিল। তার ব্রুক থেকে প্রবাহিত সেই রক্তের ধারা আজ পরোনো প্রাচীরের ওপর মনান হয়ে চলেছে।

এখন রস্ত এও শস্তা হয়ে গিয়েছে যে, রস্ত দেওয়া আর নেওয়া কোন কঠিন ব্যাপার নয়। আমার মনে আছে তথন আমি তৃতীয় কি চতুর্থ শ্রেণীর ছাত্র। জালিয়ানওয়ালাবাগের এই ব্যাপক হত্যাকান্ডের ছ-সাত মাস পর আমাদের মাস্টার মশায় ক্লাশের সমস্ত ছেলেদের সেখানে নিয়ে গিয়েছিলেন। সেই সময় জালিয়ানওয়ালাবাগ বাগান ছিল না—ছিল উজাড়, নিস্তম্ব। আর উর্কু-নীচ্ব এক ট্বকরো জমি—যে জমিতে মাটির ছোট কেটি তেলায় হেচিট খেতে যেতে আমরা এগ্বছিলাম। হঠাৎ মাটির ছোট একটি ঢেলায় খ্ব সম্ভব পানের পিকের বা অন্য কিছ্বর ছোপ দেখে আমাদের মাস্টার মশায় সেই ঢেলাটা উঠিরে নিয়ে বললেন, 'দেখ, এর ওপর এখনও আমাদের শহীদদের রত্তের দাগ লেগে আছে।'

এই কাহিনী যখন লিখে চলেছি তখন আমার স্মৃতির পদ'ায় অসংখ্য ছোট-ছোট কথা এসে ভিড় করছে। কিন্তু আমাকে তো নিগার আর গ্লাম আলীর বিয়ের কাহিনী বলতে হবে।

গ্রলাম আলী যথন খবর পেল বাবাজী এসে গিয়েছেন, তখন সে দৌড়ে সমস্ত স্বয়ংসেবকদের একগ্রিত করল। তারা ফৌজি ঢঙ-এ বাবাজীকে সেল্ট করল। তারপর অনেকক্ষণ ধরে তিনি আর গ্লোম আলী সমস্ত ক্যাম্প ঘ্রে ঘ্রে দেখতে লাগলেন। এর মধ্যে বাবাজী, যাঁর বিনোদ-প্রিয়তা সম্পর্কে সবাই জানত, তিনি স্বয়ংসেবিকা এবং অন্যান্য কর্মকর্তাদের সঙ্গে কথা বলার সময় দ্র-চারটি হাসির কথাও বললেন।

আশ-পাশে বাড়িগনুলোতে যথন আলো জনুলে উঠতে লাগল এবং জালিয়ানওয়ালাবাগ অদপণ্ট অন্ধকারে ছেয়ে গেল তখন দ্বয়ংসেবিকারা একসঙ্গে ভজন গাইতে শ্রের্ করে দিল। কয়েকজনের কণ্ঠ স্থরেলা ছিল, বাকী সবার বেস্থরো। কিন্তু মিলিত এই স্থরের পরিবেশ খ্ব স্থনর ছিল। বাবাজী চোখ বন্ধ করে শ্রেছিলেন। কম করেও হাজারখানেক মান্য চন্তরের চারদিকে মাটিতে বসে ছিল। ভজন যারা গাইছিল সেই সব মেয়েরা ছাড়া আর সবাই চুপ ছিল। ভজন শেষ হওয়ার পর অনেকক্ষণ পর্যত একটা নিশ্চ্পতা ছেয়ে ছিল। যে নিশ্চ্পতা ভেঙে যাওয়ার জন্যে উন্মুখ হয়ে উঠেছিল। বাবাজী তখন চোখ খ্লে তাঁর দ্বভাবসিন্ধ মিল্ট কপ্ঠেবলুলেন, "তোমারা নিশ্চয়ই জান, আজ আমি এখানে এসেছি আজাদীর দুই

দেওয়ানাকে এক করার জন্যে।" বলার সঙ্গে সঞ্চে সারা বাগ আনন্দে গ্রন্ধরিত হয়ে উঠল।

কনে সেজে নিগার চক্তরের এক কোণে মাথা নত করে বর্সেছিল। খন্দরের তেরঙা শাড়িতে ওকে খুব স্থান্দর দেখাচ্ছিল। বাবাজী ইশারা করে ওকে ডেকে গুলাম আলীর পাশে বসিয়ে দিলেন। আর সঙ্গে সঙ্গে জনতা খুশীতে শ্লোগান দিতে লাগল।

গ্রলাম আলীর মূথ অস্বাভাবিক লাল হয়ে উঠন। আমি লক্ষ্য করে দেখলাম, এক বন্ধুর হাত থেকে বিয়ের কাগজ নিয়ে সে যখন তা বাবাজীর হাতে দিচ্ছিল তখন তার হাত থরথর করে কাঁপছিল।

চত্তরে একজন মোলভী সাহেবও উপস্থিত ছিলেন। কোরাণ থেকে তিনি কয়েকটি বয়াত পড়লেন, যে বয়াতগালৈ সাধারণত বিয়ের সময় পড়া হয়। বাবাজী চোখ বন্ধ করে নিলেন। নিকার পর্ব শেষ হয়ে গেলে বাবাজী তাঁর নিজস্ব ভঙ্গীতে বর কনেকে আশীর্বাদ করলেন। তারপর চারদিক থেকে যখন ছাহারা বর্ষণ হতে লাগন তখন তিনি শিশার মতো ঝাঁপ দিয়ে দশ পনেরোটা ছাহারা কুড়িয়ে পাশে রাখলেন।

নিগারের এক হিশ্দ্ব বাশ্ববী লাজ্বক হেনে গ্র্লাম আলীকে একটা ছোট কোটো দিয়ে কি যেন বলল। গ্র্লাম আলী কোটো খ্র্লে নিগারের সাদা গি*থিতে সি*দ্বর দিয়ে ভরিয়ে দিল। জালিয়ানওয়ালাবাগের রক্তিম পরিবেশ আর একবার জোর জোর তালির আওয়াজে ভরে উঠল।

এই তালির আওয়াজের মধ্যে বাবা জী উঠে দাঁড়ালেন। তিনি একেবারে স্তব্য হয়ে গিয়েছিলেন।

াইট কুইন আর চামেলির সোঁদা সোঁদা গাব মিলে মিশে সাধ্যার ফ্র-ফ্রের হাওয়ায় নাচছিল। খ্র মনোরম পরিবেশ স্থিট হয়েছিল। বাবাজীর কণ্ঠ আজ আরও মিণ্টি ছিল। গ্রেলাম আলী আর নিগারের বিয়েতে বাবাজী নিজের হুরয় আরও খ্শীতে ভরিয়ে তোলার পর বললেন, "এই দুটি তর্ণ-তর্ণী অগের চেয়ে আরও বেশী উৎসাহ এবং উদ্দীপনার সঙ্গে তাদের দেশ এবং জাতির সেবা করবে। কারণ বিয়ের অসল উদ্দেশ্য হচ্ছে নারী এবং প্রেম্বের সত্যিকারের বন্ধ্র । তারা—নিগার আর গ্রেলাম আলী পরস্পরের বন্ধ্য—এক অভিন হৃদয় হয়ে স্বরাজের জন্যে কাজ করতে পারে। ইউরোপে এ রকম কিছু বিয়ে হয়েছে, যার উদ্দেশ্য হচ্ছে বন্ধ্যু—

শাধ্য মাত্র বন্ধর। এই ধরনের মান্যই ইঙ্জতের যোগ্য। কারণ তারা জীবন থেকে কাম-বাসনাকে ছ*্বড়ে ফেলে দেয়।"

বাবাজী অনেকক্ষণ ধরে বিয়ের উদ্দেশ্য সম্পর্কে বলতে লাগলেন। তাঁর বিশ্বাস, বিয়ের সতিয়কারের আনন্দ তখনই উপভোগ করা সম্ভব যখন নারী এবং প্রেমের মধ্যে শ্র্মান দৈহিক সম্পর্কই থাকে না। প্রেম্ব আর নারীর দৈহিক সম্পর্ক তাঁর কাছে তত বেশী গ্রেম্বপূর্ণ ছিল না, যা সাধারণত ভাবা হয়ে থাকে। হাজার হাজার মান্ম জিভের স্বাদ নেওয়ার জন্যেই থায়। তার মানে, এই স্বাদ গ্রহণ করাই হচ্ছে মান্মের কত'ব্য। খ্রে কম লোকই আছে যারা শ্র্ম বে'চে থাকার জন্যে থায়। আসলে তারাই থাওয়া-দাওয়ার ব্যাপারে কায়দা জানে। ঠিক সেই রকম এই ধরনের মান্মই বিয়ের পবিত্র ভাবনার বাজবিকতা এবং সম্পর্কের পবিত্রতা সম্পর্কেও ওয়াকিবহাল হয়ে দাম্পত্য-জীবনের আনশ্দ উপভোগ করতে পারে।

বাবাজী তাঁর নিজের এই বিশ্বাসকে অনেকটা এমনি ভাবে উপলব্ধি করেন। তাই তিনি মনকে দপশ করে এমন কোমল ভাবনার সাহায্যে যখন তাঁর বিশ্বাসকে ব্যাখ্যা করলেন তখন শ্রোতাদের কাছে সম্পূর্ণ এক নতুন দ্বিয়ার দরজা খালে গেল। আমি নিজেই খাব প্রভাবিত হলাম। গালাম আলী আমার সামনে বসেছিল। সে বাবাজীর ভাষণের প্রতিটি শব্দকে যেন পান করছিল। বাবাজী যখন ভাষণ বন্ধ করলেন তখন গালাম আলী নিগারকে কি যেন বলল। তারপর সে উঠে কাঁপা-কাঁপা কণ্ঠে বলল ঃ

"আমার আর নিগারের বিয়ে এমন এক আদশ বিয়ে, যতদিন হিন্দুতানে স্বরাজ না আসবে, ততদিন আমার আম নিগারের সম্পর্ক হবে বন্ধর মতো।"

জালিয়ানওয়ালাবাগের রক্তিম পরিবেশ বহুক্ষণ ধরে বেপরওয়া তালির শব্দে মুখরিত হয়ে উঠল। শাহাজাদা গর্লাম আলী ভাব্ক হয়ে উঠল। তার কাশ্মীরী মুখের ওপর লালিমা খেলতে লাগল। অসংখ্য ভাবনার তুফানের মধ্যে সে নিগারকে উচ্চ কশ্ঠে বলল, "নিগার, তুমি কি গোলাম সন্তানের মা বলে নিজেকে স্বীকার করে নিতে পারবে ?"

খানিকটা বিষের জনো খানিকটা বাবাজীর ভাষণ শ্বনে নিগার পাগলের মতো হয়ে গিয়েছিল। গ্রলাম আলীর এই রুঢ় কথা শ্বনে ারও উন্মন্ত হয়ে উঠল। ও শ্বন্ব বলল, "জী—জী—আজ্ঞে—আজ্ঞে না।"

ভীড় আবার তালি বাজাল। আর গলোম আলী আরও ভাবকে হয়ে

উঠল। নিগারের গোলাম সন্তানকে লঙ্জার হাত থেকে বাঁচিয়ে গ্লাম আলী খ্লীতে মশগলে হয়ে গেল। সে আসল কথা থেকে দ্রে সরে গিয়ে স্বাধীনতা হাসিল করার জন্যে এক আঁকা-বাঁকা গাঁলর মধ্যে গিয়ে দাঁড়াল। প্রায় ঘণ্টা খানেক ধরে সে উদাস আর ভাব্কতার সঙ্গে বলে চলল। হঠাৎ তার চোখ নিগারের ওপর পড়ল। না জানি তার কি হয়ে গেল—তার সমস্ত কথা ভ্রিরের গেল। মান্য যেমন মদের নেশায় কোন হিসেব না করে টাকা বের করে এবং ব্যাগ খালি করে দেয় তেমনি তার ভাষণের ব্যাগ খালি দেখে সে খ্ব উদ্বিশন হয়ে উঠল। সঙ্গে সঙ্গে বাবাজীর দিকে তাকিয়ে বলল, ''আমাদের দ্ব জনকে আপনি আশীবাদ কর্ন। যে কথা আমরা দিয়েছি তা যেন রাখতে পারি।''

পরের দিন ভোর ছ'টায় শাহজাদা গ্রেলাম আলী গ্রেফতার হয়ে গেল। কারণ স্বরাজ কায়েম না করা পর্য'ত সম্তানের জন্ম বন্ধ করার যে অঙ্গীকার তার ভাষণে ছিল তাতে ইংরেজের গদি উলটে দেওয়ার ধমকও ছিল।

গ্রেফতারের করেক দিন পরে গ্রেলাম আলীকে আট মাসের সাজা দেওরা হল এবং তাকে জেলে পাঠানো হল। সে ছিল অম্তসরের বিপ্লবী ডিকটেটর আর চল্লিশ হাজার বন্দীর মধ্যে একজন। কারণ যতদরে আমার মনে আছে এই আন্দোলনে যারা বন্দী হয়েছিল তাদের সংখ্যা সম্পর্কে সমস্ত কাগজই চল্লিশ হাজার বলেছিল।

সবারই ধারণা ছিল স্বাধীনতার মঞ্জিল আর মাত্র হাত দুই দুরে। ফিরিঙ্গী রাজনীতিজ্ঞরা এই আন্দোলনকে দুধের মতো ফুটতে দিয়েছিল। কিন্তু যথন ভারতবর্ষের বড় বড় নেতাদের সঙ্গে সমধোতা হল তথন সেই ফুটন্ত দুধ ঠাণ্ডা হয়ে লস্যিতে পরিণত হয়ে গেল।

আজাদী-পাগলরা জেল থেকে বাইরে এসে জেলখানার কন্ট এবং নিজেদের নন্ট হয়ে যাওয়া ব্যবসা সামলাতে লেগে গেল। সাত মাস পরে শাহজাদা গ্র্লাম আলী ছাড়া পেল। সেই সময় তার মধ্যে আর আগের উৎসাহ ছিল না, কিন্তু তা সত্ত্বেও অম্তসর স্টেশনে তাকে স্বাগত জানানো হল। আমি এগ্রলাতে উপস্থিত ছিলাম। কিন্তু এই মহফিলগ্রনিতে কোন আনন্দ ছিল না। স্বার ওপরে এক অন্ত্তুত ধরনের ক্লান্তির ভাব ছেয়ে ছিল। যেন এক লন্বা দৌড়ের অংশগ্রহণকারীদের হঠাৎই বলা হল, দাঁড়াও, দৌড় আবার প্রথম থেকে শ্রন্থ হবে। আর যারা দৌড়াছিল তারা কিছ্কেণ ধরে হাঁফানের পর

ষেশান থেকে আবার দৌড় শ্রের হবে সেদিকে উৎসাহহীন ভাবে এগিয়ে চলল 🗈 বেশ কয়েক বছর কেটে গিয়েছিল। কিণ্ডু রসকসহীন এই ক্লান্ডি ভারতবর্ষ থেকে এখনও যায়নি। আমার নিজের জগতেও এর মধ্যে বেশ करस्रकि छाउ-थाटो विश्वव घटि शिर्साइन । माँ फि-लाँक छेटि ह । कल्लाख ভতি হয়েছি। এফ এ তে দ্ব' দ্বার ফেল করেছি। বাবা মারা গিয়েছেন। রুজি-রোজগারের জন্যে বহু জায়গায় ঘুরেছি। এক থার্ড ক্লাস পত্রিকায় অনুবাদকের কাজ করেছি, এখানে মন না বসায় আবার পড়া-শোনার কথা ভেবেছি। আলিগড ইউনিভার্নিটিতে ভতি হওয়ার তিন মাস পর টি বি-তে আক্রাণ্ড হলাম। আক্রাণ্ড হয়ে কাশ্মীরের গ্রামগুলোতে ভবঘুরের মতো ঘ্রতে লাগলাম। সেখান থেকে বোম্বাই এলাম। এখানে দ্ব বংসরে তিন তিনবার হিন্দ্র-মুসলমানের দাঙ্গা দেখলাম। মন ভেঙে যাওয়ায় দিল্লী চলে এলাম। বোম্বাইয়ের তুলনায় এখানে সমস্ত কিছুতেই কেমন একটা প্লথ প্লথ ভাব। কোথাও কোন গণেডাগোল বা হাঙ্গামা হলে তাতে কোন পৌরুষ থাকত না-কেমন একটা মেয়েলিপনা। পরে মনে হল, এর থেকে বেল্বাই অনেক ভালো। সেখানে পাড়া-পড় িশদের নাম জিজ্ঞেস করার কোন ফ্রুরসং পাওয়া ষায় না, কিন্তু তাতে কি আসে যায় ় যেখানে অঢেল অবসর থাকে সেখানেই ছল কপট চালবাজী বেশী হয়। দু বংসর দিল্লীর উৎসাহ উদ্দীপনা হীন জীবন কাটানোর পর প্রাণ-চণ্ডল বোম্বাইতে আবার ফিরে এলাম।

বাড়ি থেকে বেরোনোর পর আট বংসর হতে চলল। বংশ্ব-বংশব এবং আন্তসরের রাণ্টা এবং গালগ্রলোর অবস্থা কি তা আমি জানি না। কারো কাছ থেকে চিঠি-পরও পেতাম না যে জানতে পারব । ফলে এই আট বংসরে আমি আমার অতীত থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়েছিলাম। কে তার অতীতের দিনগ্রলো নিয়ে ভাবে ? আট বংসর আগে যে দিনগ্রলো খরচ হয়ে গিয়েছিল তার হিসেব-নিকেশ করে এখন কি লাভ ? জীবনের টাকায় সেই পাই-পয়সারই বেশী দাম আছে, যা তুমি আজকে খরচ করছ, আর আগামীকাল যার ওপর অন্যে নজর দেবে।

আজ থেকে ছ'বংসর আগের কথা বলছি, যখন জীবনের টাকার ওপর আর রুপোর টাকার ওপর রাজার ছাপমারা ছিল তখন আমি এক পাই-পয়সাও খরচ করিনি। আমি এত গরীব ছিলাম না যে ফোটে গিয়ে কম দামের এক-জোড়া জনুতাও কিনতে পারতাম না। 'আমি' এয়াড নেভি স্টোর'-এর এই দিকে হার্ণবি রোডের ওপর এক জ্বতোর দোকান ছিল। তার শো কেশ আমাকে বহন্দ্রণ ধরে আকৃষ্ট করে রেথেছিল। আমার স্মৃতি খ্ব কম জ্বোড় বলে এই দোকান খ্ব'জে বের করতে বেশ সময় লেগে গিয়েছিল।

আমি তো নিজের জন্যে কম দামের এক জোড়া জনুতা কিনতে এসেছিলাম। আর আমার যেমন অভ্যেস সেই অভ্যেস বসে অন্য দোকানের
সাজানো জিনিস দেখেছিলাম। একটা দোকানে সিগারেট কেস দেখলাম,
আর একটায় দেখলাম পাইপ। এইভাবে দেখতে দেখতে একটা ছোট্ট দোকানের
সামনে হাজির হলাম। ভাবলাম এখানে দ্বকেই কিনে নিই। দোকানদার খ্ব
উৎসাহের সঙ্গে আমাকে স্বাগত জানিয়ে জিজ্ঞেস করল, "কি চান সাহেব?"

আমি একটা চিল্তা করে মনে করার চেন্টা করলাম আমি কি চাই, "হাঁ,— ক্লেপ সোল স্থ!"

—''না, আমি রাখি না।'

বর্ষা এসে গিয়েছিল। ভাবলাম, গাম বৃটই কিনে নিই—'গাম বৃট বের করে।'

— "পাশের দোকানে পাওয়া যাবে। রবারের কোন জিনিস এখানে রাখা হয় না।"

আমি এম।ন জিজ্ঞেস করলাম, 'কেন ?'

—"সেঠজীর মজি"।"

এই স্পন্ট এবং খুলাখুলি জবাব শুনে আমি দোকান থেকে যেই বেরুতে যাব তথনি একজন হাঙ্গি-খুণি মানুষের ওপর আমার নজর পড়ল। সে বাজা কোলে নিয়ে ফুটপাতে ফলওয়ালার কাছ থেকে ফল কিনছিল। আমি বাইরে এলাম আর সে দোকানের দিকে মুখ ফেরাল। আমি চকমে উঠলাম, "আরেগুলাম আলী।"

'সাদাত', বলে ও বাচ্চা নিয়েই আমাকে ব্বেকর মধ্যে জড়িয়ে ধরল। বাচচার এটা পছন্দ হল না, তাই সে কে'দে উঠল। গ্রেলাম আলী সেই লোকটাকে ডাকল, যে আমাকে বলেছিল, রবারের বোন জিনিস এখানে রাখা হয় না। তাকে বাচ্চা দিয়ে বলল, 'ষাও, একে ঘরে নিয়ে যাও।' তারপর সে আবার আমার দিকে ফিরে বলল, ''কতদিন বাদে আমাদের দ্জনের দেখা হচ্ছে।" আমি গ্রেলাম আলীকে খ্র ভালো করে লক্ষ্য করলাম—আগের সেই মেজাজ, সেই অলপ-অলপ গশ্ভীরভাব, যা তার নিজস্ব আভিজাত্য ছিল তার কোন চিহ্ন আমি খ্রু জৈ পেলাম না। সেই আশ্নবষণী বস্তা, সেই খন্দরখারী নওজায়ানের জায়গায় আমার সামনে দ । ডি্রেছিল এক সাধারণ গ্রুম্হ। তার শেষ ভাষণের কথা আমার মনে পড়ে গেল। যে উন্দীণত ভাষণে জালিয়ানওয়ালাবাগের রক্তিম পরিবেশকে সে থরথর করে ক । পিষে তুলেছিল, "নিগার, তুমি কি এক গোলাম সশ্তানের মা বলে নিজেকে স্বীকার করে নিতে পারবে ?" সঙ্গে সঙ্গে আমার গ্রেলাম আলীর কোলে যে বাঙ্কাছিল তার কথা মনে পড়ল।

আমি তাকে জিন্ডেস করলাম, "গ্রলাম আলী, এই বাচ্চা কার ?"

গ্রলাম আলী যেন সংকোচ না করেই বলল, "আমার। এর বড় আর একটি আছে। তোমার কয়টি আছে ?"

এক মুহুতের জন্যে মনে হল, গুলাম আলী নয়, অন্য কেউ কথা বলছে।
অসংখ্য চিন্তা আমার মনে খেলে পেল। গুলাম আলী কি তার কসম ভূলে
গিয়েছে? আর সেই বিপ্লবী জীবন থেকে কি সে এখন সম্পূর্ণ বিচ্ছিন্ন?
হিন্দুস্তানকে আজাদী দেওয়ার সেই জোস সেই উচ্ছাস কোথায় গেল? সেই
দাড়ি-গোঁফহীন আহ্মনের কি হল?…নিগার এখন কোথায়?…সেও কি
দ্বিটি গোলাম সন্তানের মা হওয়া স্বীকার করে নিয়েছে।

"কি ভাবছ? দু-একটা কথা অশ্তত বল। এতদিন পরে দেখা হল।" গুলাম আলী আমার কাঁধে খুব জোরে একটি চাপড় মেরে বলল!

আমি কেমন বাকর্মধ হরেছিলাম। ওর কথায় চমকে উঠলাম। 'এ'।' বলে ভাবতে লাগলাম কিভাবে কথা শর্র্কর বির। কিশ্তু গ্লাম আলী আমার কথা বলার অপেক্ষা না করে বলতে লাগল, "এই দোকান আমার। দ্ব বংসর ধরে আমি এখানে—এই বোশ্বাইতে আছি। কারবার খ্ব ভালোই চলছে। মাসে তিন-চার শ'হয়ে যায়। তুমি কি করছ? শ্নেছি তুমি মঙ্গত গলপকার হয়েছ। মনে আছে একবার আমরা পালিয়ে এখানে এসেছিলাম। দোঙ্গত, সেই বোশ্বাই আর এই বোশ্বাই-এর মধ্যে অনেক ফারাক বলে মনে হয়। যেন তাছিল ছোট, আর এটা বড়।"

এমন সময় একজন খন্দের এল। সে টেনিস স্থ চাইল। গ্রেলাম আলী

তাকে বলল, "রবারের জিনিস এখানে পাওয়া যায় না। পাশের দোকানে যান।"

খদের চলে গেলে আমি গ্রেলাম আলীকে জিজ্ঞেস করলাম, "রবারের জিনিস তুমি কেন রাথ না? আমিও তো এখানে ক্রেপ সোল নিতে এসেছিলাম।"

আমি এমনিই এই প্রশ্ন করেছিলাম। কিন্তু গ্রলাম আলীর মুখ একেবারে ফ্যাকাসে হয়ে গেল। খুব আন্তে সে বলল, "আমার পছন্দ নয় তাই।"

''কেন পছন্দ নয় ?''

"এই রবার—এই রবারের তৈরী জিনিস," বলে সে হাসার চেণ্টা করল। কিন্তু হাসতে না পেরে ও জোর করে শৃক্ক হেসে বলল, "আমি তোমাকে বলব। এ একেবারে ফালতু জিনিস, কিন্তু……কিন্তু আমার জীবনে এ কতখানি গভীরতা নিয়ে জড়িয়ে আছে, তোমাকে কি বলব।"

গভীর একটা চিন্তার রেখা গ্রাম আলীর মুখে ফ্রটে উঠল। ওর চোখ, যে চোখে এখনও অন্নিস্ফ্রলিঙ্গের রেশ আছে তা ক্ষণিকের জন্যে নৈরাশ্যে ভরে উঠল। কিন্তু সঙ্গে সঙ্গে আবার তাতে আগ্রন ঝিলিক দিরে উঠল, ''দোস্ত এ জীবন হচ্ছে কথার ফ্রলঝ্রি।……সত্যি বলছি সাদাত, আগের দিনগ্রনিল, যে দিনগ্রনিতে আমার চিন্তার ওপর লিডারি চেপে বসে-ছিল তা ভূলে গিরেছি। চার-পাঁচ বংসর ধরে আমি ভালোই আছি। স্লী আছে, বাল-বাচ্চা আছে, আল্লার রহম আছে।

গ্রলাম আলী বলতে লাগল, আল্লার রহমে কত প্র*জি নিয়ে কি ভাবে সে বিজনেশ শ্রের করল, এক বংসত্ত্বে কঁত টাকা লাভ হল এবং এখন ব্যাঙক কত টাকা আছে। আমি তার কথার মান্ত্রখানেই খোটা দিয়ে বললাম, "কিন্তু ভূমি কোন্ ফালতু জিনিস নিয়ে শ্রের করেছিলে, যা তোমার জীবনের সঞ্চে গভীরভাবে যুক্ত।"

গ্লাম আলীর মুখ আর একবার ফ্যাকাসে হয়ে গেল। সে এক দীর্ঘদ্বাস নিয়ে বলল, "হ"্যা, এক সময় গভীর ভাবে যুক্ত ছিল,—কিন্তু এখন তা নেই ·····বলতে গেলে তোমাকে এক দীর্ঘ গলপ বলতে হয়।

এর মধ্যেই তার চাকর এসে গেল। দোকানের ভার তাকে দিয়ে গ্রেলাম আলী আমাকে ভেতরের ঘরে নিয়ে গেল। সেখানে বসিয়ে সে আমাকে বলতে

লাগল রবারের জিনিস সম্পর্কে তার এত বিরূপ মনোভাব কেন।

"আমার বিপ্লবী জীবন কিভাবে শ্রহ্ হয় তা তো তুমি ভালো ভাবেই জান। আমার ক্যারেক্টর কেমন ছিল তাও তোমার জানা আছে। আমরা দ্বজনে প্রায় একই রকম ছিলাম। এ কথা আমার বলার উদ্দেশ্য হছে, আমাদের মা-বাবাও জাের দিয়ে বলতে পারতেন না যে আমার ছেলে ভালাে। জানি না, আমি তোমাকে এসব কথা কেন বলছি। কিল্তু তুমি নিশ্চয়ই ব্রুতে পারছ আমি দ্যু চরিত্রের লােক ছিলাম না। আমার ইছাে ছিল আমি কিছ্ব করি। সেজনােই বিপ্লবের সঙ্গে আমার এত অল্তর্ক্লতা গড়ে উঠেছিল। কিল্তু আমি খােদার কসম খেয়ে বলছি, আমি মিথাাবাদী ছিলাম না। উদ্দেশ্য সফল করার জনাে আমি জীবনও দিতে পারতাম। এখনও তাই আছি। কিল্তু আমি ব্রুছে—অনেক চিল্তা-ভাবনার পর এই সত্যে পেণছৈছি যে, হিল্কুতানের বিপ্লব এবং তার লিভাররা সব শিশ্ব। আমি ধেরকম ছিলাম ঠিক তেমনি আমার মতাে তারাও শিশ্ব। একটা ঢেউ উঠলে তাতে উৎসাহ-উদ্দীপনা শান্ত হৈ চৈ সবই থাকত, কিল্তু লঙ্গে সঙ্গে তা আবার নিক্তেজ হয়ে পড়ত। আমার ধারণা টেউ স্ভিট করা হত কিল্তু তা আপনা থেকে হত না। নিশ্চয়ই আমি তোমাকে ঠিক ভাবে বাঝাতে পারলাম না।''

গুলাম আলীর চিণ্তাধারার মধ্যে একটা প্রচণ্ড জনালা ছিল। আমি তাকে সিগারেট দিলাম। সিগারেট জনালিয়ে সে কসে কসে তিনবার টান দিয়ে বলল, "তোমার কি মনে হয় না আজাদী লাভের জনো হিন্দুস্তানের প্রতিটি প্রচেন্টা নেহাতই দুর্ভাগ্য। প্রচেন্টা না বলে বলা যায় প্রতিবারই তার পরিবাত হচ্ছে দুর্ভাগ্য। কেন আমরা আজাদী পাচ্ছি না? আমরা কি সবাই নপংশুক? না। আমরা সবাই মরদ। কিন্তু আমরা এমন এক পরিবেশে আছি যে, আমাদের কাজের হাত আজাদী পর্যণ্ড পেশিছুতে পারেনি।"

আমি তাকে জিজ্ঞেস করলাম, "তোমার কি মনে হয়, আজাদী আর আমাদের মধ্যে এমন কি আছে যা ব্যারিকেডে মনে গ দাঁড়িয়ে আছে।"

গ্লাম আলীর চোথ ঝিলিক দিয়ে উঠল, "নিশ্চয়ই, কিন্তু তা কোন কংক্রিটের দেয়াল নয়, কোন কঠিন প্রান্তরও নয়—এ হচ্ছে আমাত্রের বিশ্বাসের এক পাতলা জাল। এ হচ্ছে আমাদের নকল জীবনের—যেখানে মান্য অন্যকে প্রতারণা করার সঙ্গে সঙ্গে নিজেকেও প্রতারিত করে।" ওর মেজাজ তিরীক্ষি হয়ে উঠল। মনে হল ও ওর জীবনের অতীত ঘটনাগ্রেলাকে নিজের মধ্যে ঝালিয়ে নিছে। সিগারেট নিভিয়ে ও আমার দিকে তাকিয়ে গলা ছেড়ে বলল, "মান্য যেমন আছে তাকে তেমন ভাবেই থাকা উচিত। ভালো কাজ করার জন্যে নিজের মাথা নেড়া করা, গেগর্মা কাপড় পরা বা গায়ে ভন্ম মাথার কি দরকার। তুমি হয়তো বলবে, এ তার ইছো। কিন্তু আমার মনে হয় তার এই ইছো—তার এই অন্ভূত জিনিস্থেকেই সে বিপথগমী হয়। উর্নরের মান্য হয়েও তার ইছো মান্যের সাধারণ দ্বিলতা ছাড়িয়ে এগিয়ে যায়। কিন্তু সে ভূলে যায় তার ক্যারেঈর তার চিন্তা-ভাবনা তার বিশ্বাস একদিন হাওয়ার সঙ্গে মিলিয়ে যাবে। কিন্তু তার নেড়া নাথা তার গায়ের ভন্ম, তার গেরয়া কাপড় সহজ সরল মান্যের মনে চিরদিন জাগরক হয়ে থাকবে।"

বলতে বলতে গুলাম আলী আরও উত্তেজিত হয়ে উঠল, ''দুনিয়াতে এত সংস্কারক জন্মেছে যে মানায় তাদের উপদেশ ভূলে গিয়েছে: রয়ে গিয়েছে শ্বে তাদের ··· স্থতো, দাড়ি, বালা আর বগলের চুল। এক হাজার বৎসর আগে যারা এখানে থাকত তার থেকে আমরা অনেক বেশী অভিজ্ঞ। কিন্তু আমি ব্রুতে পারি না আজকের সংস্কারকরা কেন এ কথা চিন্তা করছেন না যে তাঁরা শুধ্, মানুষের মুখের আদলটাকুই পালটাচ্ছেন। একেকবার মনে হয় চাংকার করে বলি, খোদার নামে মান্যকে মান্য হিসেবে থাকতে দাও। তার যে মাথের আদল পালটিয়েছ তা থাক, এখন তার ওপর একটা রহম কর। ত্মি তাকে খোদা বানানোর চেণ্টা করছ, বেচারা তার মনুষত্ব হারাচ্ছে সাদাত, আমি খোদার কসম খেয়ে বলছি, এ আমার অত্তরের কথা। আমি যা উপলব্বি করেছি তাই বলছি। আমার এই উপলব্বি যদি মিথা হয় তবে কোন কিছুই সাচ্চা নয়। আমি দু'বংসর মনের সঙ্গে জোড় কুম্তি লড়েছি। আমি আমার মন আমার উপলব্ধি আমার বিশ্বাস আমার প্রতিটি তন্ত্রীর সঙ্গে পাঞ্চা কষে ব্রুতে পেরেছি মান্ত্রেকে মান্ত্রই হতে হবে। হাজারের মধ্যে একজন দল্লন মান্য যোন-ভাবনা থেকে মন্ত । সবাই যদি যৌন-ভাবনা থেকে মৃক্ত হয় তবে ভদ্ম কার কাজে লাগবে ?"

এই পর্য'ত বলে সে একটা সিগারেট নিল এবং সিগারেট জ্যালিরে ঘাড়কে একটা আলতো ভাবে ঝটকা দিয়ে বলল, ''না সাদাত, তামি জান না আমি দেহে আর মনে কী জ্যালাই না সহা করেছি। প্রকৃতির বিরুদ্ধে যেই

যাক না কেন তাকে কণ্ট সহা করতেই হবে।…সেই দিন, সেই দিনের কথা তোমার নিশ্চয় মনে আছে --জালিয়ানওয়ালাবাণে আমি আর নিগার অঙ্গীকার করেছিলাম, গোলাম সন্তানের জন্ম দেব না। অঙ্গীকার করে এক অভ্ত ধরনের – বিদ্যাতের মতো এক আনন্দ অনুভব করেছিলাম। মনে হয়েছিল এই অঙ্গীকার করে আমার মাথা উ'চু হয়ে আকাশকে স্পর্শ করেছে। কিন্ত্র জেল থেকে ফিরে এসে আমি এই কথার জন্যে দেহের যে क्रामा जा भौत्र भौत्र अनुख्य क्रामाश माजनाम । आमात प्रत्य क्रामाश অনুভব হতে লাগল, আমার দেহ আমার রক্ত সব কিছ্ব বার্থ হয়ে গিয়েছে। নিজের হাতে নিজের জীবনের বাগিচার সবচেয়ে স্থন্দর ফ্লেকেই ছি'ড়ে কুটি কুটি করেছি। ····প্রথম প্রথম এই ভাবনা আমার মধ্যে এক অশ্ভৃত ধরনের সাম্বনা স্থিত করেছিল যে আমি অনোর থেকে প্থক, কারণ আমি এমন কাজ করেছি যা অন্যের পক্ষে সম্ভব নয়। কিন্তু ধীরে ধীরে আমার চেতনার তন্ত্রী জাগরিত হতে লাগল এবং বস্তুত আমার দেহের প্রতিটি লোম তীব্র জ্যালায় ভরে উঠল।জেল থেকে ফিরে এসে আমি নিগারের সঙ্গে দেখা করলাম। হাসপাতাল থেকে তখন ও বাবাজীর আশ্রমে চলে গিয়েছিল ····সাত মাস জেল খাটার পর আমি যখন ওর সঙ্গে দেখা করলাম, দেখলাম ওর রঙ ওর মন ওর শরীর কেমন পালটে গিয়েছে। মনে হল আমি ভুল দেখছি।

"কিন্তু এক বংসর—এক বংসর ওর সঙ্গে কাটানোর পর।" বলতে বলতে গ্রুলাম আলীর ঠোঁটের ওপর এক কর্ণ হাসি খেলে গেল—"হ"্যা এক বংসর ওর সঙ্গে থাকার পর আমি ব্রুতে পারলাম আমার মতো ওরও অবস্থা…… না ও আমার কাছে তা প্রকাশ করতে চাইল, না আমিও ওর কাছে প্রকাশ করতে চাইলাম।……আমরা দ্বুজনেই নিজের নিজের শৃংখলে শৃংখলিত হয়ে রইলাম……এক বংসরের মধ্যে বিপ্লবী জোস ধীরে ধীরে ঠাণ্ডা হয়ে গেল। খন্দরের পোশাক এবং তেরঙ্গা ঝাণ্ডার প্রতি আগের সেই দরদ আর রইল না। কখনও কখনও যদিও ইনক্লাব জিন্দাবাদ শ্লোগান উঠত কিন্তু তাতে আগের সেই তেজ সে ঝাঁঝ ছিল না।…জালিয়ানওয়ালাবাগে একটি তান্ব্র আর ছিল না……প্রনো ক্যান্পের খ্টি কোথাও কোথাও চোখে পড়ত……রক্তে টগবগ বিপ্লবী উক্তেলনা প্রায় শেষ হয়ে গিয়েছল…… আমি তখন অধিকাংশ সময়েই ঘরে স্কীর কাছে বসে থাকতাম।"

গলেম আলীর ঠোঁটের ওপর আর একবার কর্ব হাসি খেলে গেল। আমিও কোন কথা বললাম না, কারণ আমি তার ভাবনার জাল ছি*ড়তে চাইলাম না।

অনেকক্ষণ বাদে সে তার কপালের ঘাম প্রছল এবং সিগারেট নিভিয়ে বলতে শ্বের করল, "আমরা দ্বন্ধনে এক অদ্ভূত ধরনের ধিকারে বন্দী ছিলাম। নিগারকে আমি কত গভীর ভাবে ভালোবাসতাম তা তো তুমি জান। আমি ভাবতে লাগলাম, এই ভালোবাসা কি জিনিস? আমি ওকে ম্পর্শ করলে ওর শরীর থরথর করে কে'পে উঠত। আমি সেই কম্পনকে শেষ পর্য'ত এগাতে দিতে চাইতাম না ।·····কোন পাপ হবে বলে কি আমি ভয় করতাম? নিগারের চোথ আমার খুবে ভালো লাগত। একদিনের কথা বলছি, খুব সম্ভব সেদিন আমার অবস্থা ভালোই ছিল, প্রতিটি মানুষের যে ইচ্ছ হয় আমার মধ্যেও সেই ইচ্ছা জেগে উঠল, আমি নিগারকে ছুমো খেলাম। ও আমার বাহতে আবন্ধ ছিল—আমার বাহতর মধ্যেই ও থরথর করে কে'পে উঠল । আমার রক্ত যেন পাথির মতো ডানা মেলে আকংশের দিকে উড়ে যেতে ঢাইল, আর আমি ওকে জোরে জড়িয়ে ধরলাম। তারপর—এনেক অনেকক্ষণ পর এবং কয়েক দিন পর্যণ্ড আমি আমার এই কাজের জন্যে নিজেকে সান্থনা দেওয়ার চেন্টা করলাম। আমার এই বাহাদারী কাজে আমার রক্তে এমন এক ভৃত্তি এসেছিল যা খাব কম মানাষেরই আসে। কিন্তু যা সত্য তা হচ্ছে আমি অপারক ছিলাম আর এই অপার-কতাকেই আমি মহান কাজ বলে মনে করতে চাইছিলাম। খোদার কসম, আমার হৃদয়ের পবিত্ততা ছিল বলে আমি ভাবতাম আমার মতো দুখি মানুষ প্রথিবীতে আর দুটি নেই। কিন্তু মানুষও তো কোন না কোন ভাবে পথ খে'ছে—আমিও একটা পথ খ'ছে নিলাম। আমরা দুরুনে এতেই সুখী ছিলাম—কিণ্ডু ভিতরে ভিতরে আমাদের সমস্ত তুপ্তি এবং কোমলতার ওপর পরত জমতে লাগন। আমাদের জীবনে এ ছিল এক বিরাট ট্রাজেডি। আমরা পরম্পরের কাছে পর হয়ে রইলাম। আমি ভাবতে লাগলাম—অনেক অনেক দিন ধরে ভাবার পর আমি আমার প্রতিজ্ঞাকে ঠিক মনে করলাম—নিগার গোলাম সম্তানের জন্ম দেবে না ।"

এই কথাগ্রিল বলতে বলতে তার ঠোঁটের ওপর তৃতীয়বার সেই কর্ণ হাসি খেলে গেল। কিণ্তু সঙ্গে সঙ্গে সে উচ্চ হাসির রোল তুলল, যে হাসিঙে भिर्म हिल रेर्नारक ज्वानात এक अम्बूज आकाश्का। निर्फारक मामरन নিয়ে গলোম আলী বলতে লাগল, "আমাদের বিবাহিত জীবনের এক অভত দৌড় শ্রে হল। যেন অব্ধ একটি চোখ ফিরে পেয়েছে। আমি সামান্য আলোকেই এক পা তুললাম। কিন্তু এই আলোও অলপক্ষণের মধ্যে ম্যান হতে লাগল। প্রথম প্রথম মনে হত···" গ্লোম আলী ঠিক প্রতিশন্দের জন্যে হাতড়াতে লাগল · · · · 'প্রথম প্রথম আমরা ঠিক-ঠাকই ছিলাম। অর্থাৎ আমি বলতে চাইছি প্রথম প্রথম আমার একোবারেই মনে হয়নি যে অলপ দিনের মধ্যে আমি পাগল হয়ে উঠব…এক চোখ ভিক্ষা চাইতে লাগল আরেকটি চোথও যেন ঠিক হয়ে যায়। প্রথম প্রথম আমরা যেভাবে দৈহিক শুম্বতা বজায় রাখলাম তাতে আমাদের চেহারা খুলে গেল—নিগারের চোথে মুখে চমক খেল উঠল। আমার দেহ থেকেও সেই কাট-খোট্রা ভাব দুর হয়ে গেল; যে শ্বন্ধতা আমাকে কর্ট দিচ্ছিল। কিন্ত্র ধীরে ধীরে আমাদের দ্বজনের ওপর আবার এক অদ্ভূত মৃত-মৃত ভাব ছেয়ে যেতে লাগল। এক বংসরের মধ্যে আমরা দ্বজনে রবারের প্রতুলের মতো হয়ে গেলাম। আমার আকাৎক্ষা নিগারের চেয়ে বেশী তীর ছিল। তুমি আমার কথা বিশ্বাস করবে না সেই সময় আফি হাতের মাংসে যদি চিমটি কটেতাম মনে হত আমি রবার ধরে টানছি। মনে হত শরীরের কোন রক্তের তন্ত্রী নেই। যতট্যকু আমি জানি নিগারের অবস্থা আমার থেকে একটা পুথক ছিল। ওর চিন্তা ভাবনা অন্য রক্ম ছিল। ও মা হতে চাইছিল। পাড়াতে কারো কোন ছেলে-পেলে হলে ও ওর দীর্ঘাদা নিজের বাকের মধ্যেই চেপে রাখত। কিন্তা আমার বাচ্চা সম্পর্কে কোন আগ্রহ ছিল না। বাচ্চা না হয়েছে তো কি হয়েছে। পূথিবীতে লক্ষ লক্ষ মানুষ আছে যাদের কোন বাচ্চাকাচ্চা নেই। একি কম কথা যে আমি আমার প্রতিজ্ঞা পালন করছি ? এতে আমি হয়তো খানিকটা আরাম বোধ করে ছিলাম সত্যা, কিন্তু আমার মনের ওপর যখন রবারের তির তির জ্বালা শুরু হল তথন আমি খুব ঘাবড়ে গেলাম। ···আমি সব সময় রবারের কথাই ভাবতে লাগলাম। ফলে আমার মনের সঙ্গে রবার চিপটে গেল। त्र्वि तथरा रातन त्र्वि आमात माँराज्य नीर्क कठक कत्र ।" वनरा वनरा গুলাম আলীর সারা শরীরের লোম দাঁড়িয়ে গেল, "জানি, খুবই বাজে এবং ভুল ব্যাপার ছিল, আছেলে সব সময় মনে হত সাবানের মতো কিছু

একটা লেগে আছে ... নিজের ওপরই বিতৃষ্ণা এসে গেল। মনে হচ্ছিল আমার শরীরের সমস্ত রসকস শ্বিকের গিয়েছে আর রয়ে গিয়েছে শৃব্ধ খোলসট্বকু। রবারের জিনিস ব্যবহার করলে যেমন হয় ঠিক সেই রকম।"

···গ্লাম আলী হাসতে লাগল,···'ভাগ্যিস,···'এই ঘিন ঘিনে ভাবটা দ্রে হয়ে গিয়েছিল, সাদাত, কিল্তা তা গিয়েছিল অনেক কণ্টের পরে।... জীবন শ্রেকিয়ে একেবারে কুচকে গিয়েছিল। সমস্ত ইণ্দ্রিয় মরে গিয়েছিল, ... কিন্ত: এই স্পর্শকাতর ইন্দ্রিয় অস্বাভাবিক ভাবে তেজি হয়ে উঠেছিল… তেজি বললে ভলে হবে স্প্রেফ তা একটা রবার হয়ে গিয়েছিল স্কাঠ আয়না লোহা কাগজ পাথর-সমস্ত জায়গায় রবারের সেই প্রাণহীনতা দেখতাম। আর তা এত নরম ছিল যে বমি এসে যেত। এই কণ্ট ছিল আরও গভীর আরও মম'ান্তিক। আমি এর কারণ যখন ভাবতাম --- দু আঙ্গুল নিয়ে তা উঠিয়ে হয়তো ছ*়ুড়ে ফেলতে পারতাম, কিন্ত্র আমার মধ্যে সেই হিন্মত ছিল না। চাইতাম, কেউ আমকেে এ ব্যাপারে সাহায্য করুক। কণ্টের এই অতল সমন্ত্রে যদি এক টকেরো খড়ও যদি পাই তবে কিনারায় পে*ছিতে পারি ... অনেক দিন পর্যণ্ড আমি হাত-পা ছাঁ্ডতে লাগলাম। ... একদিন আমি ছাদের রোদে বসে যখন একটা ধর্মের বই পড়ছিলাম, পড়ছিলাম বললে ভুল হবে এমনি চোথ বুলোচ্ছিলাম, হঠাৎ আমার চোখ হাদিসের এক ছত্তে পডল। আমি আনন্দে লাফিয়ে উঠলাম। আমার চোশের সামনেই তো অবলম্বন ছিল। আমি বারবার সেই পংতিগ**েলো** পড়লাম, আমার শান্তক জীবনে ফুলের গন্ধ ছড়িয়ে গেল•••লেখা ছিল, বিয়ের পর স্বামী-স্বীর স্তান জন্ম দেওয়া কত'ব্য

সা-বাবার জীবন যদি বিপদস

কুল হয় একমাত তখন্ই বংশ বৃদ্ধি রোধ করা উচিত, তা ছাড়া নয়। আমি দ্ব আঙ্গলে সেই কল্টকে जुल এकि पक्ष क^{*}रू एक एक कि नाम ।

এ কথা বলে সে শিশরে মতো হাসতে লাগল। আমিও হেসে দিলাম। কারণ দর আঙ্গরল দিয়ে সিগারেটের ট্করোটা সে এমনভাবে ছ*্ডে দিল যেন তা কোন ঘ্ণার জিনিস।

হাসতে হাসতে গ্র্লাম আলী হঠাৎ গশ্ভীর হয়ে গেল, "সাদাত আমি জানি, আমি এতক্ষণ তোমাকে যা বললাম, তুমি তা নিয়ে গলপ ফে'দে বসবে। কিশ্তু আমার অনুরোধ, তুমি আমাকে নিয়ে ঠাটা কর না। খোদার কসম খেয়ে বলছি, যা অনুভব করেছি তাই তোমাকে বলেছি।

এ নিয়ে তোমার সঙ্গে আমি ঝগড়া করব না। যা কিছু আমি পেয়েছি তা

দুর্ভাগ্যের বিরোধিতা করেই পেয়েছি—কিন্তু সে বিরোধিতায় কোন

বাহাদর্নর নেই। এর কি অর্থ আছে যে তুমি ভূখা থাকতে থাকতে মরে যাও

বা বে চে থাক ··· কবর খ ডুড়ে সেখানে নিজেকে গোড় দাও আর কয়েকদিন ধরে

তার মধ্যে দম বন্ধ করে থাক, তীক্ষা শর শ্যায় মাসের পর মাস শুয়ে থাক,

বছরের পর বছর এক হাত ওপরে উঠিয়ে রাখ বা শ্রকিয়ে শ্রকিয়ে একেবারে

কাঠি হয়ে যাও—এই রকম মাদারি খেলা খেলে না খোদাকে পাওয়া যায়, না

স্বরাজ পাওয়া যায়। আমার বিশ্বাস হিন্দৃ্র্যতান যে স্বরাজ পাডেছ না তার

কারণ এখানে মাদারি খেলওয়ারের সংখ্যাই বেশী—লিডার কম। যা চলছে

তা দুর্ভাগ্য ছাড়া আর কিছু নয় ··· সত্য আর সাচচা হাদয়ের বার্থ কণ্টোল

করার জন্যে তারা বিশ্লবকে গ্রহণ করেছে। এ এমন এক বিশ্লব, যে

বিশ্লব স্বাধীনতার গর্ভ-নাডির মুখকেই বন্ধ করে দিয়েছে ··· "

গ্রলাম আলী আরও কিছু বলতে চাইছিল, এমন সময় তার চাকর ভেতরে এল। তার কোলে গ্রলাম আলীর আর একটি বাচ্চা ছিল। বাচ্চাটির হাতে একটি স্থানর রঙীন বেলনে ছিল। গ্রলাম আলী পাগলের মতো সেই বেলনেটির ওপর ঝাঁপিয়ে পড়ল।—ফটাশ করে বেলনেটি ফেটে গেল। বাচ্চার হাতে স্থতোর সঙ্গে ছোট্ট একটা রবার ঝ্রলতে লাগল। গ্রলাম আলী দ্ব আঙ্গলে দিয়ে সেই রবারের ট্করোটা নিয়ে এমন ভাবে ছব্ডে ফেলে দিল যেন তা একটা ঘ্লার ছিনিস। ভাইজান, এ হচ্ছে উনিশ শ' উনিশ সালের ঘটনা। যথন রাওলাট এাক্টের বিরুদ্ধে সারা পাঞ্চাবে এজিটেশন চলছে। আমি অমৃতসরের কথা বলছি। স্যার মাইকেল ওডবাইন ডিভেন্স অব ইণ্ডিয়া রুলের বলে গান্ধীজীর পাঞ্চামে আসা বন্ধ করে দিয়েছে। পাঞ্চাবের আসার পথে পলবলে গান্ধীজীকে গ্রেফতার করা হয় এবং তাঁকে বোন্বাই-এ ফেরং পাঠিয়ে দেয়া হয়। ভাইজান, আমার যতট্বুকু রাজনৈতিক জ্ঞান আছে, তাতে মনে হয়, ইংরেজরা যদি এ ভূল না করত তবে জালিয়ানওয়ালাবাগের এই মসি লিপ্ত ইতিহাসের মমান্তিক ঘটনা হয়তো ঘটনা না।

কি মনুসলমান কি হিন্দ্ কি শিখ সবাই অন্তর দিয়ে গান্ধীজীকে সম্মান করত। সবাই তাঁকে মহাত্মা মনে করত। লাহোরে যখন তাঁর গ্রেফতারের খবর পে ছিল, তখন সঙ্গে সজে সমস্ত দোকান-পাট বন্ধ হয়ে গেল। লাহোর থেকে খবর যখন অমৃতসরে পে ছিল, তখন মৃহত্তের মধ্যে যেখানে হরতাল হয়ে গেল।

শোনা যায় নয়ই এপ্রিল, সন্ধায় ডক্টর সত্যপাল এবং ডক্টর কিচলরে জন্বলাময়ী ভাষণ এবং বন্ধব্য ডেপন্টি কমিশনার পর্যন্ত পে"ছিয়। কিন্তু ডেপন্টি কমিশনার তা স্বীকার করে নিতে রাজী হয় না। কারণ সে জানত, অম্তসরে দাঙ্গাহাঙ্গামা হওয়ার কোনরকম সন্ভবনা নেই। অম্তসরে মান্য অত্যন্ত স্থসংগঠিতভাবে প্রোটেস্ট, জনসভা ইত্যাদি ইত্যাদি করছে। এইসব প্রোটেস্ট এবং জনসভা যেভাবে হচ্ছে, তাতে হিংসার কোন প্রশনই ওঠে না। আমি নিজের চোথে যা যা প্রত্যক্ষ করেছি, তা বলছি। সেদিন ছিল রামনবমীর দিন। মিছিল বেরিয়েছিল, কিন্তু কার এমন হিম্মত ছিল যে হক্মতের বিরুদ্ধে এক পা ওঠায়। কিন্তু ভাইজান, স্যার মাইকেল ছিল এক আধ-পাগলা মান্য । সে ডেপন্টি কমিশনারের কোন কথাই শন্নল না। কারণ তার মগজে একটি কথাই গ্রুজিরত হচ্ছিল, লিডর মহাত্মা গান্ধীর সামান্যতম ইশারায় রিটিশ সামাজ্যের ভিত কে'পে উঠবে। আর যে হরতাল চলছে, জনসভার যে আয়োজন হচ্ছে—এ সব কিছুর অন্তরালে রয়েছে একটিই উন্দেশ্য—তা হচ্ছে রিটিশ শাসনকে উৎথাত করা।

ডক্টর কিচল এবং ডক্টর সত্যপালের জনলাময়ী ভাষণের খরব মহেতের মধ্যে সারা শহরে আগন্ধনের মতো ছড়িয়ে পড়ল। প্রত্যেকের মধ্যেই কেমন একটা উদাসী উদাসী ভাব। প্রতিটি মহেতে মনে হচ্ছিল, এই বর্নি কোন ঘটনা ঘটল। কিন্তু ভাইজান, কি বলব, সারা শহরে কি উত্তেজনা আর উৎসাহ। দোকান-পাট সব বন্ধ। দেখে মনে হচ্ছিল শহর নয়, য়েন কবরখানা। কিন্তু সেই কবরখানার নিজ্ঞতার মধ্যেও যেন একটা শৃন্দ—একটা ধর্নিন গ্রেপ্পরিত হচ্ছিল। যথন ডক্টর কিচল এবং ডক্টর সত্যপালের গ্রেফতারের খবর এল, তথন হাজার হাজার মানুষ মিছিল করে ডেপ্রেটি কমিশনারের কাছে আজি পেশ করল,—তাদের প্রিয় নেতাদের যেন মর্ক্তি দেয়া হয়। কিন্তু ভাইজান, সে জামানায় আজি শোনার মতো কোন পরিবেশ ছিল না। স্যার মাইকেল ছিল ফ্রাউনওয়ালা হাকিম। আজি শোনার বদলে সে জনতার এই ভিড়কে বেআইনী ঘোষিত করল।

অম্তসর ছিল একদিন স্বাধীনতা আন্দোলনের সবচেরে বড় প্রাণকেন্দ্র।
অম্তসরের বুকের ওপর ছিল গর্ব করার মনো জালিয়ানওয়ালাবাগের এক
গভীর ক্ষত চিহ্ন। সেই অম্তসর আজ কোথায় এসে দাঁড়িয়েছে। ছাড়ুন,
এসব কাহিনী। ভাবলে সমস্ত অন্তরাঝা দুঃথে উজ্জল হয়ে উঠে। লোকে
বলে আজ থেকে পাঁচ বছর আগে এই পবিত্র শহরে যা ঘটেছে তার জন্যে দায়ী
ইংরেজরা। হয়তো তাই-ই হবে ভাইজান, কিন্তু সাত্যসত্যি বিদ্ধিজ্ঞস করেন,
তবে আমি বলব, এই রক্তে আমাদের নিজেদের হাতই রঞ্জিত হয়েছে।
আর…

ডেপর্টি কমিশনারের বাংলো ছিল সিভিল লাইন্সে। হোমরা-চোমরা অফিসার আর বড় বড় টোডিরা শহরের এই এলাকায় থাকত। আপনি বদি অমৃতসর দেখে থাকেন, তবে নিশ্চয়ই জানেন শহর আর সিভিল লাইন্সের মধ্যে যোগস্ত্রের জন্যে রয়েছে একটি পর্ল। এই পর্ল পার হলেই শাশ্ত এবং ছায়ানিবিড় পথ। আর হাকিমরা যেন তা স্বর্গ বানিয়ে রেখেছে।

মিছিল যখন প্রলের কাছে এসে পে'ছিল, সবাই দেখল প্রলের ওপর ঘোড়সওয়ার গোরা সৈনারা টহল দিছে। মিছিল কিল্তু থাকল না,—এগিয়ে চলল। ভাইজান, সেই মিছিলে আমিও সামিল ছিলাম। উৎসাহ আর উদ্দীপনা কতখানি ছিল তা আমি ব্রিষয়ে বলতে পারব না। তবে সবাই ছিল নির্দ্র। কারও হাতে একটা লাঠিও ছিল না। সবাই তো মিছিলে এ-জন্যে সামিল হয়েছিল, তারা তাদের প্রতিবাদী কণ্ঠস্বর হাকিমের কাছে পেশছে দেবে। আজি পেশ করবে, ডক্টর কিচলা এবং ডক্টর সত্যপালকে যেন বিনাশতে মাল্লি দেয়া হয়।

মিছিল প্রলের দিকে এগিয়ে চলল। প্রলের কাছে পে*ছিরতে-নাপে*ছিরতে গোরাই সৈন্যরা ফায়ারিং করতে আরুল্ভ করে। ফায়ারিং শ্রন্
হওয়ার সঙ্গে সঙ্গে গাডগোল এবং হাঙ্গামা শ্রন্থ হয়ে য়য়। খ্র বেশী হলে
গোরা সৈন্যদের সংখ্যা ছিল বিশ থেকে প*চিশ। আর মিছিলে ছিল হাজার
হাজার লোক। কিল্তু ভাইজান, গর্মলি চলার সঙ্গে সকাই সক্ত হয়ে
উঠল। খোদার নামে কসম খেয়ে বলছি, গর্মলতে কেউ কেউ আহত হল,
আর কেউ কেউ বা ছাটে পালানোর সময় জখম হল।

ডান দিকে ছিল পচা নদ'মা। কারো সঙ্গে ধাকা থেয়ে আমি সেই পচা নদ'মার মধ্যে পড়লাম। মিছিল ছহভদ হয়ে গিয়েছিল। আহতরা রাস্তায় পড়েছিল। আর তাই দেখে গোরারা দাঁত বের করে হাসছিল। ভাইজান, আমি ঠিক বলতে পারব না, সেই সময় আমার অবস্থা কি রকম হয়েছিল। পচা দ্বগ'ধ্যয় নদ'মায় পড়ে যাওরার সময় আমার কোনরকম হ্মেছিল না। নদ'মা থেকে উঠে যা যা ঘটেছিল তা সামার চোথের সামনে ভেসে উঠল এবং সমস্ত অবস্থাটা আমার মগজের মধ্যে ধীরে ধীরে দানা বাধতে লাগল।

দরের চিংকার-চে চামেচি শোনা যাচ্ছিদ। যেন অসংখ্য মানুষ একসঞ্চেরাগে ঘূণায় চিংকার করছিল। পচা নদমা পার হয়ে পীর কে তকিয়েকে পিছনে ফেলে হাল দরওয়াজের কাছে যখন পে ছিলাম, দেখলাম চিণ-চল্লিশ জন যুবক এক প্রচণ্ড উৎসাহ এবং উত্তেজনায় বড় বড় পাথর হাল দরওয়াজের যে বড় ঘড়ি, সেদিকে ছ কুড়ে মারছে।

ঘড়ির কাঁচ টাকুরো টাকুরো হয়ে যথন ভেঙে ছড়িয়ে পড়ল, তখন একটি ছেলে বলল, "চল, রাণীর মাতি" ভাঙি।"

অন্য একজন বলল, "না, বংধ্বগণ···চল থানায় আগান লাগাই " আর একজক বলল, "বরং ব্যাঙ্কগানি জনালিয়ে পাড়িয়ে দিই।"

আর একজন বলল, "এসব করে কি হবে ? তার চেয়ে বরং চল, প্রলের ওপর টহলদার গোরাদের ঠেঙাই।"

সামি ছেলেটিকে চিনতে পারলান। ও ছিল থেলা কল্পর। ভালো নাম মহম্মদ তুফারেল। কিন্তু ও থেলা কল্পর নামেই সবার কাছে পরিচিত ছিল।

ওকে সবাই কল্পর বলত, কারণ ও ছিল এক বেশ্যার ছেলে। ও ছিল ভবঘুরে। ছেলে বেলাতেই জুরা আর নেশাভাঙের প্রতি ওর প্রচম্ড আসন্থি জন্ম। ওর দু'জন বোন ছিল। নাম শমশাদ এবং অলমাস। তাদের কালে তারা দু জনেই ছিল নামকরা স্থানরী বেশ্যা। শমশাদের কন্ঠান্থর ছিল খুব মিছিট স্থরেলা। ওর মুজরা শোনার জন্যে দুর দুরাণ্ত থেকে প্রসাওয়ালা লোকরা আসত। ভাইয়ের কাশ্ডকারখানায় জন্যে ওরা দু' বোনই চিণতত থাকত। শহরের সবাই জানত, ওরা ওদের ভায়ের সঙ্গে সম্পর্ক প্রায় ছিল্ল করেই দিয়েছে। কিন্তু ওর যখন হাত টানাটানি চলত, তখন ও দু' বোনের কছে থেকেই কিছু না কিছু নিত। এমনি থেলা খুব হাসিখুশি ছিল। ভালো খেত, ভালো পরত। খুব পরিজ্কার-পরিচ্ছন্ন থাকতে ভালোবাসত। হাসির আর মজাদার গল্প বলতে ও ছিল ওদ্তাদ। কিন্তু হিজরেদের মতো কোন রকম ভাঁড়ামি ও করত না। লাশ্বা, পারুছ্ট হাত, শান্ত-সমর্থ দেহ, চোথ-মুখও তেমনি স্থানর।

উৎসাহী ছেলের। ওর কথায় কোন কান দিল না। তারা রাণীর মৃতিরি দিকে এগিয়ে চলল। ও আবার ওদের বলল, "বেশী জোস দেখিও না, আমার কথা শোন। আমার সঙ্গে চল। যে গোরারা আমাদের বেকসরে ভাইবরাদারদের হত্যা এবং জথম করেছে, তাদের আক্রমণ করি। খোদার কসম খেয়ে বলতে পারি, আমরা সবাই এক জোট হলে পায়রার মতো ওদের গলা টেনে ছি'ড়ে ফেলতে পারি…'

কেউ কেউ মৃতি ভাঙতে চলে গেল। কেউ কেউ বা থমকে দাঁড়াল। থেলা পুলের দিকে এগিয়ে গেল। অন্যরাও ওর পেছনে পেছনে চলল। আমি বৃশতে পারলাম, ওরা নিশ্চিত মৃত্যুর মুখের দিকে এগিয়ে যাছে। ফোয়ারার পেছনে নিজেকে আড়াল করে আমি দাঁড়িয়ে ছিলাম। আমি সেখানে দাঁড়িয়েই চিংকার করে থেলাকে বললাম, "থেলা ওদিকে যেও না… কেন মিছেমিছি নিজের আর অন্যদের মৃত্যু ডেকে আনছ…।"

আমার হাঁক শানে থেলা এক অশ্ভুত কপ্টে আমাকে চিংকার করে বলল, "থেলা শাধ্য জানাতে চায়, থেলা গানিকে ভয় করে না।" তারপর সে তার সঙ্গীসাথীদের দিকে ঘারে দাঁড়াল। বলল, "তোমরা যদি ভয় পাও, তবে ফিরে যেতে পার।"

এরকম এক অবস্থায় যে পা সামনের দিকে এগিয়ে চলেছে, সে পা কিভাবে

ঘ্রে দাঁড়ায়। আর এমন এক সময় তা কি করে সম্ভব যখন লিডার নিজের প্রাণ হাতে করে সামনের দিকে এগিয়ে যাচ্ছে? থেলা দ্রত পদক্ষেপে এগিয়ে চললে ওদের পদক্ষেপও দ্রত হল।

হাল দরওয়াজে থেকে প্রলের দ্রম্থ খ্ব একটা বেশী নয়। বেশী হলে ঘাটসত্তর গজের মতো। থেলা ছিল সবার সামনে। যেখান থেকে প্রলের শ্রু,
তার ঠিক পদেরো-বিশ পা পেছনেই দ্'জন গোরা-ঘোরসওরার দাঁড়িয়েছিল।
শ্লোগান দিতে দিতে থেলা যখন প্রলের রেলিং-এর কাছে পে'ছিল, ঠিক
তখনই ফায়ারিং শ্রুর হয়ে গেল। ভাবলাম, থেলার গ্র্লি লেগেছে। কিন্তর্
দেখলাম, না, সে তেমনি ভাবে সামনের দিকে এগিয়ে চলেছে। সে মরেনি।
ওর অন্যান্য সাথীরা ভয়ে পালাল। ও পেছন ফিরে তাকাল। চিৎকার করে
বলল, "পালাছে কেন—চলে এসে।"

ও আমার দিকে মুখ করে ঘুরে দাঁড়িয়েছিল। এমন সময় অবার গুর্নিল চলল। ও ঘুরে গোরাদের দিকে তাকাল। তারপর পিঠের ওপর হাত রাখল। ভাইজান কী বলব, আমি যেন চোখে কিছুই দেখছিলাম না। দেখলাম, ওর সাদা ধ্বধবে জামা ছোপ ছোপ লাল রক্তে ভিজে উঠেছে। ও আরও লম্বা বড় বড় পা ফেলে আহত বাঘের মতো গোরদের দিকে এগিয়ে গেল। আবার গুনিল চলল। ও টলতে লাগল। কিল্তু ওর প্রতিটে পদক্ষেপ তেমনি দৃঢ়ে। ও এক গোরা-ঘোড়সওয়ারের ওপর ঝাঁপিয়ে পড়ল। পলক পড়তে না পড়তেই তুমুল কাম্ড শুরুই হয়ে গেল। গোবা মাটিতে ছিটকে পড়ল। আর ওর বুকের ওপর থেলা। কাছেই ছিল আর একজন ঘোড়সওয়ার। সে হকচিকয়ে গিয়েছিল। এক হাতে ঘোড়ার রাশ টেনে সে গুনি চালাতে লাগল। তারপর কি হয়েছিল, আমি জানি না। আমি ফোয়ারার কাছে বহুশ পড়েছিলাম।

ভাইজান, যখন আমার জ্ঞান ফিরল, দেখলাম আমি নিজের ঘরে শুরে আছি। আমার পরিচিতরা আমাকে ফোয়ারার পাশে অজ্ঞান হয়ে পড়ে থাকতে দেখে বাড়িতে নিয়ে আসে। ওদের কাছ থেকে জানতে পারলাম. গুলি চলার পর জনতা ভাষণ উর্জেজত হয়ে উঠে। উর্জেজত জনতা রাণীর মৃতি ভাঙার চেন্টা করে। টাউন হল এবং তিনটি ব্যাঙ্কে জনতা আগুন লাগায়। পাঁচ-ছ'জন ইউরোপিয়ান এই হাঙ্গামায় নিহত হয়। শহরে লুটপাট চলো।

লন্টপাটের ঘটনাকে ইংরেজ অফিসাররা তেমন কোনা গ্রির্বেষ দেরনি।
কিন্তু যে পাঁচ-ছাজন ইউরোপিয়ান নিহত হরেছিল, তার বদলা হিসেবে
তারা জলিওয়ালাবাগের নিরস্ত মান্বের ওপর নিবিচারে গর্লি চালাল।
ডেপর্টি কমিশনার শহরের শাসনভার জেনারেল ডায়ারের হাতে তুলে দিল।
জেনারেল ডায়ার বারোই এপ্রিল সেনাবাহিনীর সঙ্গে শহরের বিভিন্ন অঞ্চল
টইল দিল। অসংখ্য নিদেশ্য এবং নিরীহ মানুষকে গ্রেফতার করল।
তেরোই এপ্রিল জালিওয়ানালাবাগে জনসভা হয়। প্রায় প*চিশ হাজার
মানুষ জমায়েত হয়েছিল। সন্ধার দিকে জেনারেল ডায়ার সশস্ত গোর্থা
এবং শিখ সৈন্য নিয়ে সেখানে হাজির হল। নিরস্ত মানুষের ওপর গর্লি
চালাতে শুরুর করল।

ঠিক কত মানুষ নিহত হয়েছিল, ঠিক সেই মুহূতে' তা বোঝা যায়নি। কিন্তু পরে যথন অনুসন্ধান হয়, তথন জানা যায় এই গ্রুলি চালনায় এক হাজার মানুষ মারা যায়, আর তিন থেকে চার হাজারের মতো মানুষ জ্থম হয়…। হ'া, অাম তে থেলার কথা বলছিলাম। ভাইজান নিজের চোখে যা দেখেছি, তাতো আপনার কাছে বলেছি। আমি একজন নির্ভেজাল সাদাসিধে মান্য। কিন্তু মাতের মধ্যে চারটি দোষ অবশাই মজতে ছিল। একজন বেশ্যার গভে জন্ম হওয়া সত্তেও ওর মধ্যে ছিল প্রচন্ড প্রাণ প্রাচুষ। আমি এখন গভীর বিশ্বাসের সঙ্গে বলতে পারি, ঐ বদমাশ গোরাদের প্রথম গুলি ওর বুককেই বিদ্ধ করেছিল। গুলির শব্দ শুনে ও যথন ঘাড় ফিরিয়ে ওর বন্ধ্বদের সাবধান করে দিচ্ছিল, তখন ও উত্তেজনার নেশায় এমন বেহুশ ছিল যে, বুঝতেই পারেনি তপ্ত লোহার বুলেট ওর বুককে বিন্ধ করেছে। ন্বিতীয় গ্রাল ওর পিঠকে বিন্ধ করে। তৃতীয় গ্রাল আবার ওর ব্বকে এসে লাগে। ... আমি দেখিনি, কিন্তু শ্বনেছি, থেলা এমন ভাবে তার দ্ব'হাতের পাঞ্জা দিয়ে গোরা সৈন্যের গলা টিপে ধরেছিল যে, সেই পাঞ্জা খুলে গোরাকে মৃত্তু করতে বেশ বেগ পেতে হয়েছিল। যখন মুক্ত করা হল তথন দেখা গেল সেও মৃত।

পরের দিন দফন-কফনের জন্যে থেলার লাশ যথন তার আত্মীয়স্বজনদের দেয়া হল, দেখা গেল ওর সারা শরীর গৃহলিতে গৃহলিতে ঝাঁঝরা করে দিয়েছে। সাথীর অবস্থা দেখে অন্য গোরা সৈন্য তার পিদতলের সমস্ত গৃহলিই থেলার ওপর খর্চ করে। আমার ধারণা সেই সময় থেলার রক্ত আর তার দেহের মধ্যে ছিল না। কিন্তু তব্ৰে ঐ শয়তান খেলার মৃত দেহের ওপর চাঁদমারি। খেলে।

শোনা যায়, থেলার লাশ যখন মহল্লায় নিয়ে আসা হয়, তখন সারা মহল্লায় হৈ-চৈ শ্রে হয়ে যায়। ওর প্রতিবেশীদের মধ্যে ও এমন কোন কেউকেটা ছিল না, কিন্তু তা সম্বেও, গ্রিলতে ঝাঁঝরা হয়ে যাওয়া ওর লাশ দেখে সবাই কল্লায় ভেঙে পড়ে। ওর দ্বই বোন শমশাদ আর অলমাস ওকে দেখে জ্ঞান হারায়। যখন জানাজা ওঠে, তখন ওরা এমন বিলাপ করতে শরে, করে যে, সেখানে যারা ছিল তাদের চোখ দিয়েও যেন অগ্রের বদলে উপটপ করে রক্ত পড়তে লাগল।

ভাইজান, আমার ঠিক মনে নেই, কোথায় যেন পড়েছিলাম, ফাম্পে যখন ইনক্লাব শ্বন্ হয়, সেই সময় প্রথম গ্রেলি যার ব্বকে লাগে সে ছিল এক-জন নগণ্য মান্য। মরহ্ম মহম্মদ তুফায়েল দিল একজন বেশ্যার সংতান। ইনক্লাবের এই ঝড়ঝঞ্জার মধ্যে যে প্রথম গ্রেলি ওকে বিন্ধ করে, তা কতোতম গ্রেলি ছিল সে খবর কেউ রাখেনি। রাখিনি তার কারণ হয়তো সোসাইটিতে এই গরীবের কোন ছান নেই। আমার বিশ্বাস, পাঞ্জাবের এই রক্তে যারা অবগাহন করেছে, সেই অবগাহনের তালিকাতে থেলা কঞ্জরের কোন নাম-নিশানাই থাকবে না। অবশ্য আমি জানি না, এ ধরনের কোন তালিকাতে বি হয়েছিল কিনা।

সে-সময় ছিল প্রচম্ড দাঙ্গা-হাঙ্গামার মরশ্বন। একটার পর একটা সামরিক আইন লাগাতার জারি হচ্ছে। যাকে মার্শাল ল বলে। আর মার্শাল ল শহরের অলিতে গলিতে আওয়াজ তুলে জানান দিয়ে যাচ্ছিল। আর তাই এই গরীব বেচারাকে খ্ব তাড়াতাড়ি দফন করা হল। ওর এই মৃত্যুতে ওর জন্যে শোক করাও ছিল ওর আত্মীয়ন্দ্রজনদের কাছে বেআইনী। তাই এই শোকের চিহু ওরা এক লহমায় মৃছে ফেলতে চাইল।

ভাইজান, থেলার মৃত্যু হয়েছিল। থেলাকে দফনও করা হয়েছিল। আর…আর…বলতে বলতে আমার সফরের সাথী এই প্রথম ক্ষণিকের জন্যে থামল এবং কেমন নীরব হয়ে গেল।

গাড়ি ঝ্কুমক খটখটাৎ আওয়াজ তুলে দ্রেণ্ত বেগে ছাটে চলেছিল। আর রেল লাইনে যে খটখটাৎ আওয়াজ হচ্ছিল, সেই দোদাল আওয়াজের সঙ্গে নিজের কণ্ঠকে মিলিয়ে দিয়ে সে আবার বলতে লাগল, "থেলা মারা গিয়েছে অথলাকে দফন করা হয়েছে অথলা মারা গিয়েছে অথলাকে দফন করা হয়েছে অথলাক দফন করা হয়েছে লাগল থেলাকে দফন করা হয়েছে। থেলা এখানে মারা গিয়েছে, আর এখানে থেলাকে দফন করা হয়েছে। থেই খটখটাং আওয়াজের মধ্যে ওর কথাগনলৈ এমনভাবে মিলেমিশে একাকার গিয়েছিল যে, আমার মিন্তিকের কোষ থেকে তা বিচ্ছিন্ন করার জন্যে আমি সচেষ্ট হয়ে উঠলাম। তাই আমার সফরের সাথীকে বললাম, "আপনি ষেন আরও কিছন্ন বলতে চাইছিলেন।"

চমকে সে আমার দিকে চাইল, "হাঁ, এই কাহিনীর দৃঃখের শেষ অংশট্যুকু এখনও বাকী আছে।"

আমি জিজ্ঞেস করলাম, "িক বাকী আছে ?"

ও বলতে শ্রুর্ করল, "আমি আপনাকে বলেছি থেলার দুই বোন হিল।
শমশাদ আর অলমাস। দ্ব'জনেই ছিল অপ্রে স্থাদরী। শমশাদ ছিল
লম্বা, একহারা। চোথ দুর্বি ছিল চলচল। থুব স্থাদর ঠুমরি গাইত।
শ্বিতীয় জন অলমাস। ওর কাঠ তেমন স্বুরেলা ছিল না। কিন্তু ওর
কাঠে এক অসামান্য ভিলমা ছিল। যথন ম্জুরা করত, তথন মনে হত ওর
সারা অল যেন কথা বলছে। ওর প্রতিটি ভাবের মধ্যে একটা নিজম্ব
অভিক্রিক ছিল। তর চোথে ছিল যাদ্ব। আর সে যাদ্ব প্রত্যেকের
মন্তিকের মধ্যে গোঁথে বসত।

আমার সফরের সাথী ওদের প্রশংসার এমন মশগুল ছিল যে, ওদের প্রশংসার জন্যে যতটাকু সময় দরকার তার চেয়ে অনেক, অনেক বেশী সময় নিল। আমি ওকে থামানো ঠিক মনে করলাম না। কিছুক্ষণ পর সে নিজেই সে প্রশংসার ঘোরপাক থেকে অনায়াসে বেরিয়ে এল। বেরিয়ে এসে সে তার গলেপর দ্বংথের যে অংশ, সেই অংশের দিকে ধীরে ধীরে এগতে লাগল। "ভাইজান, তারপর, হয়তো কোন জাে হুজুর ফােজি অফিসারদের কানে থেলার দুই বােনের সৌন্দর্যের কথা তােলে। ক্লাবের এক মেম, কি নাম যেন ছিল সেই ডাইনির….ও হাঁ, মিস…মিস শরোদ। মারা গিয়েছে…ঠিক করা হল ওদের ক্লাবে ডাকা হবে…আক…জি ভরে গ্রহণ করা হবে ওদের স্বাদ—ভাইজান, আপনি নিশ্চয়ই ব্যাপারটা অন্ভবকরতে পারছেন।

বললাম "আজে হাঁ, তা পারছি।"

আমার সঙ্গী বুক ভরে নিশ্বাস নিল। বলল, "এ এক ভীষণ দ্বংথের ঘটনা। বেশ্যাদেরও তো মা-বোন আছে। কিশ্চু ভাইজান, আমার ধারনা, এই দেশ ইণ্জত বলতে কি তা বোঝে না। যথন ওপরওয়ালার হুকুম এল, সঙ্গে সঙ্গে থানার লোক তৈরি হল। থানার লোক যেহেতু শমশাদ আর অলমাসের বাড়ি জানে, সেজন্যে তারা নিজেরাই তাদের কাছে গেল। বলল, সাহেবরা তোমাদের ডেকে পাঠিয়েছে। তারা তোমাদের মুজরা শ্বনতে চায়।… ভাই-এর কবরের মাটি তথনও শ্বেকায়নি। আল্লাহর প্রিয় বান্দাদের সবে দ্ব দিনই অতিবাহিত হয়েছে। এরই মধ্যে সাদর অভ্যর্থনা এল, – নাচো গাও। তার চেয়ে যশুনার আর কি ব্যথা হতে পারে। তারা বিশ্বাস এমন ঘটনা আর কোথাও কোনদিন ঘটেনি তারা হকুম দিয়েছিল, তারা কি জানে বেশ্যারও দ্বংখ-কণ্ট আছে। তালছে নিশ্চয়ই তাকেন থাকবে না । সে নিজেই নিজের কাছে প্রশ্ন করল, আদতে সে আমাকেই প্রশ্ন করল।

আমি বললাম, "হয়তো আছে !"

"…থেলা তো তাদেরই ভাই। কোন জুয়োর আভায় মায়পিট করে সে মরেনি, মাদ থেয়ে দায়াহাঙ্গামা করেও সে জান দেয়নি। সে তার দেশের জনা বীরের মতো লড়াই করতে করতে মাতার মিদরা পান করেছে। এক বেশার গভে তার জন্ম। ওর মা ছিল বেশা। আর সে বেশার দুই মেয়ে —শমশাদ আর অলমাস। আরা দুলেই ছিল থেলার আপন বোন। অথমে বোন, তার পরে হচ্ছে তারা বেশা। আরা থেলার লাশ দেখে জ্ঞান হারিয়েছিল। যখন ওর জানাজা উঠল তখন ওরা এমন ভুকরে কে দৈ ছিল সে, দেখে প্রতিটি মানুষের চোখ দিয়ে যেন টপটপ করে রক্ত-অশ্রু ঝরে পড়েছিল। …"

আমি ওকে জিজেস করলাম, "ওরা গিয়েছিল?"

আমার এই প্রশেনর উত্তরে আমার সফরের সঙ্গী ক্ষানিকক্ষণ চুপ করে থেকে উদাস ভাবে বলল, "হাঁ গিয়েছিল…খুব সেজেগ্রুজেই গিয়েছিল।" ওর কথার মধ্যে তীর ব্যঙ্গের একটা রেশ ছিল। "ষোল-শৃঙ্গার করে তারা সেখানে হাজির হয়েছিল।…শর্নেছি মহফিল খুব জমেছিল।…দ্ব' বোনই তাদের অসাধারণ কলানৈপ্না দেখায়।…ওদের দ্ব'জনকে ষেন স্বগের অংসরার মতো মনে হাছিল।…মহফিল মদের দরিয়ায় ভাসছিল, ওরা নাচছিল গাইছিল । দেনু-ই সমানে চলছিল। মদ নাচ আর গান। শোনা বার রাত দ্ব'টোর সময় একজন হোমরা-চোমরা অফিসারের ইচ্ছেয় মহফিল বৃষ্ধ হয়।" বলতে বলতে ও উঠে দাঁড়াল। ক'বুকে ছবুট্টত রেল লাইনের দিকে তাকাল।

রেল লাইনের ওপর ছাট্টত রেলের যে ঘটাং ঘটাং দালকি শব্দ, সেই শব্দের সঙ্গে ওর কথাগানিও যেন দালতে লাগল, "মহফিল বন্ধ হয়…মহফিল বন্ধ হয়।"

আমি আমার মঙ্গিতদ্ব থেকে এই দুর্লাক শব্দের অশ্ভূত চালকে সরিয়ে ফেলতে ফেলতে তাকে জিজ্ঞেস করলাম, "তারপর কি হল ?"

ছাটাত রেল লাইন আর পোস্টান্লি থেকে সে তার দ্ভিট সরিয়ে বেশ দঢ়ে কণ্ঠে বলল, "ওরা ওদের ঝলমল দামী পোশাক এক টানে ছি ড়ে সম্পূর্ণ উলঙ্গ হয়ে বলল, "…নে দেখ, কি দেখবি, দেখ …আমরা থেলার বোন।… আমরা সেই শহীদ থেলার বোন, যার সমসত দেহ তোরা গালিতে গালিতে ঝাঝরা করে দিয়েছিল। কারণ সে তার দেশকে ভালোবাসত। তার দেহেছিল মাতৃভ্মির রক্ত। …আমরা ওর স্থানরী বোন। তোরা তোদের লালসার উষ্ণ রক্ত দিয়ে আমাদের দেহের খালবাকে তোরা ক্ষতবিক্ষত কর …কিন্তু একাজ করার আগে শাধাতোদের মাখের ওপর আমাদের থাছিটোতে দে।"

এই কথা কটি বলে সে চুপ হয়ে গেল। যেন সে আর কোন কথাই বলবে না। সঙ্গে সঙ্গে তাকে জিজ্ঞেস করলাম, "তারপর কি হল ?"

ওর চোথ জলে ভরে উঠল, 'ওদের গর্নল করে হত্যা করা হল।''

আমি কোন কথাই বলতে পারলাম না। গাড়ি ধীরে ধীরে গতি কমাতে কমাতে স্টেশনে এসে থামল। ও কুলি ডেকে নিজের মালপত্র ওঠাল। ট্রেন থেকে নামার সময় আমি ওকে বললাম, "আপনার গলেপর শেষ অংশটি আপনার বানানো।"

ও চমকে আমার দিকে তাকাল। বলল, "আপনি কি করে ব্রুলনে ?" বললাম, "আপনার কথা বলার ভঙ্গির মধ্যে এক অম্ভূত এক অজানা বেদনার রেশ ছিল।"

আমার সফরের সঙ্গী তার গলার মধ্যে দলা-পাকানো একগাদা থকে গিলতে গিলতে বলল, ''আজ্ঞে ••হাঁ •• এই হারাম •• 'গালি দিতে দিতে ও থেমে গেল। "ওরা ওদের শহীদ ভাই-এর নামের ওপর কলঙ্ক লেপন করেছে।"••• বলতে বলতে ও প্লাটফর্মে নামল।

শাহদোলার ই'দুর

সলিমার যথন বিয়ে হয় তথন তার বয়স একুশ। তারপর পাঁচ বংসর কেটে গিয়েছে, কিল্তু তার কোন ছেলেপেলে হয়নি। তাই মা এবং শাশন্ডি চিল্তিত। মার একটা বেশীই চিল্তা ছিল, কারণ সলিমার দ্বামী নজিব আর একটা বিয়ে করে না ফেলে। বেশ কয়েকজন ভান্তারের প্রামশ্ত নেওয়া হয়, কিল্তু তাতে কোন ফল হয় না।

সলিমার নিজেও খবে চিশ্তিত ছিল। বিয়ের পর খবে কম মেয়েই আছে যার স্তানের ইচ্ছা হয় না। সে তার মার সঙ্গে এ নিয়ে কয়েকবার প্রামশ্ত করেছে। মার বৃদ্ধি মতো চলেও কোন লাভ হয়নি।

একদিন তার এক বাশ্ধবী, যাকে বাজা বলা হত, সলিমার সঙ্গে দেখা করতে এল। তার কোলে একটা নাদ্স-ন্দ্সে ছেলে দেখে সলিমা খ্ব আশ্চর্য হয়ে গেল। সলিমা তার সেই আশ্চর্য ভাব নিয়েই জিজ্জেস করল, "ফাতেমা, তোমার এই ছেলে কেমন করে হল ?"

বয়সে ফাতেমা তার থেকে পাঁচ বংসরের বড় ছিল। সে মুচকি হেসে বলল, "এ হচ্ছে শাহদোলা সাহেবের মেহেরবানি। একজন মহিলা আমাকে বলে, তুমি যদি সন্তান চাও তবে গ্রেজরাটে গিয়ে শাহদোলা সাহেবের মাজারে প্রাথনা করে বল, "আমার প্রথম যে বাচ্চা হবে তা আপনার মাজারে উৎসর্গ করব।"

সলিমাকে সে আরও বলল যে শাহদোলা সাহেবের মাজারে প্রার্থনা করার পর প্রথম যে বাচ্চা হবে তার মাথা খুব ছোট হয়। ফাভেমার এই কথা সলিমার ভালো লাগল না। কিন্তু সে নজিবকে বলল যে প্রথম বাচ্চা যদি শাহ-দোলা সাহেবের ই*দুরের গতে দিয়ে আসতে হয় তবে তা খুবই দুঃখজনক।

সে মনে মনে ভাবল, এমন কোন, মা আছে যে নিজের বাচ্চার কাছ থেকে চিরদিনের জন্যে আলাদা হয়ে থাকবে! তার মাথা ছোট হোক, নাক চ্যাপ্টা হোক, চোথ কানা হোক—মা তাকে কিছুতেই দুদ্রশার মধ্যে ছুঁতে ফেলে দিতে পারে না। যাই-ই করতে হোক না কেন, সন্তান তার চাই-ই। তাই সে তার চেয়ে বয়সে বড় বান্ধবীয় কথা দ্বীকার করে নিল। কারণ যে গ্রেজরাঁটে শাহনোলার মাজার সেথানকার সে মেয়ে ছিল। সে তার

স্বামীকে বলল, "ফাতেমা বারবার বলছে গ্রেজরাটে আমার সঙ্গে চল। তুমি যদি বল তবে ওর সঙ্গে যাই।" তার স্বামীর এতে কি আপত্তি থাকতে পারে! তাই সে বলল, "যাও, তবে খ্রে তাড়াতাড়ি ফিরে এস।"

সে ফাতেমার সঙ্গে গ**ু**জরাটে চলে গেল।

সে ষেমন ভেবেছিল তা নয়। শাহদোলার মাজার বহু মূল্য পাথরে তৈরীছিল না। বেশ খোলা-মেলা জায়গায় ছিল। সলিমার খুব ভালো লাগল। কিন্তু এক ভিড়ের মধ্যে সে শাহদোলার ই'দুর দেখতে পেল। তার নাক দিয়ে সিকনি পড়ছিল। বৃদ্ধিশৃদ্দিধ একেবারেই ছিল না। দেখে সলিমা শিউরে উঠল।

তার সামনেই একটি যাবতী দাঁড়য়েছিল। যোবন তার সারা শরীরে চলমল করছিল, কিন্তু সে এমন ভঙ্গী করছিল যে খাব গদভীর মান্যও না হেসে থাকতে পারবে না। তাকে দেখে সলিমা মাহতের জন্যে হাসল। কিন্তু সঙ্গে সঙ্গে তার চোথ জলে ভরে উঠল। ভাবতে লাগল, না জানি এ মেরের কি হবে ? এথানকার মালিক একে কারো কাছে বিক্রি করে দেবে। আর সে তাকে বাদর সাজিয়ে নানান জায়গায় ঘোরাবে। এই হতভাগী তার রাটি-রাজির উপায় হবে।

মেয়েটির মাথা খুব ছোট ছিল। সে ভাবল মাথা ছোট হলে তো মানুধের ভাগ্য আর ছোট হয় না। পাগলদেরও তো মাথা আছে:

শাহদোলার এই মেয়ে ই দুটি দেখতে খুব স্থানর ছিল। তার প্রতিটি অঙ্গ ছিল নিখ দুত। মনে হচ্ছিল তার চেতনা-শান্তি ইচ্ছে করেই নাট করে দেওয়া হয়েছে। সে এমন ভাবে হাঁটা-চলা করছিল এবং হাসছিল যেন কলের একটা খেলনা। সলিমার মনে হচ্ছিল এই উদ্দেশ্যের জন্যেই তাকে এমন করা হয়েছে।

কিন্তু এসব অনুভব সম্বেও সে তার বাশ্বনী ফাতেমার কথা মতো শাহদোলা সাহেবের মাজারে প্রার্থনা করন, তার বাদ্যা হলে সে তাকে এখানে উৎসর্গ করবে।

ভাস্তারের চিকিৎসা সলিমা বাধ করল ন।। দুনাস পর বাচ্চা হওয়ার লক্ষণ দেখা গেল। সে খুব খুশী হল। সময় মতো তার একটা ছেলেও হল। ছেলেটা দেখতে খুব খুশর ছিল। গর্ভবিতী হওয়ার সময় চন্দ্রগ্রহণ হয়েছিল। ভাই ছেলেটির ডান গালে ছোটু একটা কালো দাগ ছিল, যে দাগটির জন্যে ছেলেটিকে দেখতে খারাপ লাগত না।

ফাতেমা এসে বলল, "বাচ্চাকে তাড়াতাড়ি শাহদৌলা সাহেবকে দিয়ে দেওয়া উচিত। সলিমা নিজেও তা স্বীকার করে নিরেছিল। কিন্তু তা সত্ত্বেও সে টালবাহানা করতে লাগল। তার মন কিছুতেই মানছিল না কি ভাবে সে তার চোথের মনি এই ছেলেকে ছ'ুড়ে দিয়ে আসে।

তার যুবি ছিল, শাহদোলা সাহেবের কাছে যে সন্তান চায় তার সেই প্রথম সন্তানের মাথা ছোট হয়। কিন্তু তার ছেলের মাথা তো বেশ বড়সর। ফাতেমা তাকে বলল, ''সব সময় যে তা হবে এমন কোন কথা নয়, তুমি মিছেমিছি বাহানা করছ। তোমার বাচ্চার ওপর শাহদোলা সাহেবের হক আছে। এর ওপর তোমার কোন অধিকার নেই। তুমি যদি তোমার কথা না রাখ তবে তোমার ওপর এমন গজব হবে যে তুমি জীবনে তা ভূলতে পারবে না।"

দ্বংখে ভরপরে হৃদয় নিয়ে সমিলা তার নাদ্বস-ন্দ্রস ছেলেকে, যার ডান গালে একটা ছোট্ট তিল ছিল—গর্জরাটে গিয়ে শাহদৌলা সাহেবের মাজারের সেবকদের হাতে তুলে দিতে হল ।

সে খুব কাঁদল। দ্বংথে সে অসুস্থ হয়ে পড়ল। এক বংসর ধরে জীবন আর মৃত্যুর মধ্যে টানা পোড়েন চলল। সে তার সংতানের কথা কিছুতেই ভূলতে পারছিল না। বিশেষ করে ডান গালের কালো তিলের কথা সালমার বারবার মনে পড়ছিল, যে তিলের ওপর হামেশাই সে চুমু দিত। কারণ এ তিল তাকে আরও সাক্ষর করে তুলেছিল।

এই সময়টাকুর মধ্যে সে এক মাহাতের জন্যেও তার সংতানকে নিজের কাছ থেকে বিচ্ছিন করেনি । সে অস্তুত ধরণের সব স্বংন দেখত । শাহদোলা ই'দারের রপে নিয়ে তাকে ভীত-সম্বংত করে তুলত। তার শরীরের মাংসকে তীক্ষা দাঁত দিয়ে কাটত। সে চীংকার করে তার স্বামীকে বলত, "আমাকে বাঁচাও, ই'দার আমার মাংস কাটছে।"

কখনও কখনও বা তার উদ্বিশন মণ্ডিডেক মনে হতে তার সন্তান ই দ্বরের গতে দ্বকে বাছে। কিন্তু গতের স্বধ্যে যে বড় বড় ই দ্বগ্রেলা আছে, তারা তার থাথনি কার্মাড়য়ে ধরেছে। আর তাই সে তাকে টেনে বাইরে বের করতে পারছে না।

কখনও কখনও বা সে সেই মেরেটিকৈ মানস চোখে দেখতে পেত ৷

পরিপর্ণ ষোবনে-ভরা সেই মেরেটি—যাকে সে শাহদেশিলার মাজারের কাছে দেখেছিল। সলিমা হাসতে শ্রের করে দিত। কিন্তু একট্র পরেই সে কাঁদতে লাগত। সে এমন কাঁদতে শ্রের করত যে তার স্বামী নজিব ব্রুতে পারত না কিভাবে সে তার কালা থামাবে।

সলিমা বিছানার ওপর রামা ঘরে বাথরুমে সোফার ওপর প্রদয়ে কানে সব জারগাতেই ই দুরে দেখতে লাগল। কখনও কখনও বা নিজেকেই তার ই দুরে বলে মনে হত। তার নাক থেকে সিকনি ঝরছে। সে শাহদৌল্লার মাজারের বাসিন্দানের মধ্যে তার ছোট—খুব ছোট দুবলে মাথা নিয়ে এমন ভাব-ভঙ্গী করছে যে দেখে তারা হাসতে হাসতে গাড়িয়ে পড়ছে। তার অবস্থা খুব দুঃখ-জনক হয়ে উঠল।

সমস্ত স্থির মধ্যেই সে কালো কালো দাগ দেখতে লাগল। জ্বর একট্ব কমলে সলিমার শরীর কিছুটা স্থন্থ হল। নজিব খানিকটা আশ্বস্ত হল। সে সলিমার অস্থথের কারণ জানত। নজিব খুব গশ্ভীর প্রকৃতির মান্ব ছিল। প্রথম সম্ভানকে উৎসর্গ করার জন্যে তার কোন দৃঃখ ছিল না। যা কিছু ঘটেছিল তা সে মেনে নিয়েছিল। সে বিশ্বাস করত তার যে ছেলে হয়েছিল তা তার নয়, শাহদোলা সাহেবের।

সলিমার জরে একেবারে কমে গেলে এবং মন ও মস্তিকের ঝড় থেমে গেলে নজিব তাকে বলল, "সলিমা, নিজের বাচ্চার কথা ভূলে যাও, ও আমাদের দঃখের ধন ছিল।"

সলিমা খাব দাংথের সঙ্গে বলল, "কিন্তু মন যে মানছে না । সারা জীবন ধরে নিজের মমতাকে ধিকার দিয়েই চলব, কারণ আমি আমার চোখের মনিকে মাজারের চাকরের হাতে তুলে দিয়ে এসেছি। এযে কত বড় পাপ! চাকর ক্ষমনও মা হতে পারে না।"

ি একদিন সে পালিয়ে সোজা গ্রেজরাটে চলে গেল। এবং সাত-আট দিন সেখানে থাকল। সে তার বাচার খোঁজ-খবর করল। কিন্তু খবর পেল না। নিরাশ হয়ে সে ফিরে এসে তার স্বামীকে বলল, "আমি আর ওর কথা কখনও ভাবব না।"

কিন্তু সে ওর কথা ভূলতে পারল না। মনে মনে ভাবত। তার বাচার ডান গালের দাগ তার প্রদয়ের দাগ হয়ে রইল। এক বংসর পর তার এক মৈরে হল। তার চেহারা হ্বহ্ম তার প্রথম সম্তানের মতো ছিল। শ্রু ওর ডান গালে কোন তিল ছিল না। তার নাম সে মনুজিবা রাখল, কারণ প্রথম সম্তানের নাম সে মনুজিবা রাখবে ভেবেছিল। যখন তার মাস দুই বয়স তখন একদিন সলিমা স্থম দানী থেকে স্থরমা নিয়ে তার ডান গালে একটা তিল এ কৈ দিল। আর মনুজিবের কথা ভেবে কাদতে লাগল। দ্'গাল বেয়ে যখন গড়াতে লাগল তখন সে তা তার ওড়না দিয়ে মনুছে হাসতে লাগল। সে তার দৃঃখ ভূলে যাওয়ার জন্যে চেন্টা করছিল।

এরপর সলিমার আরও দুটি ছেলে হয়। তার স্বামী খুব খুশী ছিল।
একবার তার এক বাশ্ধবীর বিয়ে উপলক্ষে সলিমাকে গুলুরাটে যেতে
হয়েছিল। এই স্থযোগে সে আর একবার মুজিবের খোঁজ-খবর নিল। কিল্তু
কোন খবর পেল না। সে ভাবল, হয়তো মারা গিয়ে থাকবে। তাই
বৃহস্পতিবার সে খুব ধুমধাম করে তার অল্ত্যেভিটিক্রয়া করল।

আশ-পাশের সমস্ত মহিলারা আশ্চর্য হয়ে গিয়েছিল, সে কার জনো এমন বঞ্জাট করছে। কেউ কেউ সলিমাকে জিজ্ঞেস করল, কিন্তু সে কাউকে কোন জবাব দিল না।

সন্ধার সময় সে তার দশ বংসর বয়সের মেয়েকে ভিতরের ঘরে নিয়ে গেল। স্বরমা দিয়ে তার ডান গালে তিল দিয়ে সেই তিলের ওপর খ্র চুম্ব খেতে লাগল।

মর্ক্তিবাকে সে তার হারিয়ে যাওয়া ছেলে মনে করত। এখন থেকে সে তার কথা ভাবা একেবারে ছেড়ে দিল। তার অন্তেগিট-ক্রিয়ার পর ওর মনের বোঝা অনেকটা হাল্কা হয়ে গেল। সে তার হৃদয়ের দর্বনিয়াতে তার কবরও রচনা করে নির্দেছিল। আর সেই কবরের ওপর সে তার ভাবনার ফ্লেছড়িয়ে দিতে লাগল।

তার তিন ছেলে-মেয়ে স্কুলে পড়াশোনা করত। প্রতিদিন ভোরে সলিমা তাদের তৈরী করে দিত। তাদের জন্যে জলখাবার বানাত। তাদের প্রত্যেককে এক এক করে দেখত। স্কুলে চলে যাওয়ার পর মুহুতের জন্যে তার মুলিবের কথা মনে পড়ত। যদিও সে তার অপ্তোগটি ক্রিয়া করেছিল—তার হৃদয়ের বোঝা হালকা হয়ে গিয়েছিল, তব্ও মাঝে মাঝে তার মনে হত মুজিবের ডান গালের কালো তিল তার মন জুড়ে বসে আছে।

একদিন তার তিন ছেলে-মেয়ে দৌড়তে দৌড়তে এসে তাকে বলল, "আম্মা, আমরা তামাশ্য দেখব।" সে খুব স্নেহের সঙ্গে বলল, "কৈ তামাশা ?"

স্বচেয়ে বড় মেরে বলল, "আন্মা, একটা লোক কি সন্পর তামাশা দেখাছে।"

সলিমা বলল, "যাও ওকে ডেকে আন। ঘরের মধ্যে যেন না আসে, বাইরেই যেন তামাশা দেখায়।"

বাচ্চারা দৌড়ে সেই লোকটাকে ডেকে এনে তামাশা দেখতে লাগল। খেলা শেষ হয়ে গোলে মুজিবা তার মার কাছে গেল পয়সা আনতে। মা পাস' খুলে চার আনা বের করে করে বারান্দায় এসে দাঁড়াল। সদর দরজার কাছে গিয়ে সে দেখল শাহদোলার ই'দ্বে এক বিচিত্র মুদ্রায় নিজের মাথা দুর্নিয়ে চলেছে। সলিমার হাসি পেয়ে গেল।

দশ-বারোটি বাচ্চা তাকে ঘিরে দাঁড়িয়েছিল। তারা এমন হটুগোল করিছিল যে কোন কথাই শোনা যাছিল না। সলিমা চার আনা হাতে নিয়ে সামনে এগিয়ে গেল। শাহদোলার সেই ই দ্রের হাতে পয়সা দিতে গিয়ে এক ঝটকায় সে পিছনে সরে এল, যেন বিদ্যুতের তারে সে হাত দিয়েছে। সেই ই দ্রের ভান গালে একটা কালো তিল ছিল। সলিমা খ্ব ভালোভাবে তাকে দেখল। তার নাক দিয়ে সিকনি ঝরছিল। মুজিবা তার পাশেই দাঁড়িয়েছিল। সে তার মাকে বলল, "আম্মা,—এই—এই ই দ্রের মুখের সঙ্গে আমার মুখের কি মিল, তাই না? আমি কি ই দ্রের?"

সলিমা শাহদেশির সেই, ই দ্বরের হাত চেপে ধরে বাড়ির মধ্যে টেনে নিয়ে গেল। দরজা বন্ধ করে তাকে চুম্ দিল—তাকে আদর করল। সে ছিল তার ম্বাজিব। কিন্তু সে এমন ভঙ্গী করছিল যে সলিমার দ্বংথের স্বদয়েও হাসি এসে থেমে যাছিল।

সে মুজিবকে বলল, ''খোকা, আমি তোমার মা।''

শাহদোলার ই দ্র খ্ব জোরে হেসে উঠল। নাকের সিকনি জামার আদিন দিয়ে মুছে তার মার দিকে হাত বাড়িয়ে বলল, "একটা পয়সা।" মা পাস খুলল, কিন্তু তার দু'টোথ আগেই জলে ভরে গিয়েছিল। সে একশ' টাকার নোট বের করে বাইরে গিয়ে যে তার ছেলেকে নিয়ে তামাশা দেখাছিল সেই লোকটাকে দিল। সে এত কম টাকা নিয়ে তার রুটি-রুজিকে বিক্রী করতে অস্বীকার করল। অবশেষে সলিমা তাকে পাঁচশ' টাকায় রাজী করাল। টাকা দিয়ে সে ভিতরে এসে দেখল মুজিব সেখানে নেই। মুজিবা তাকে বলল সে পেছনের দরজা দিয়ে পালিয়ে গিয়েছে।

সলিমার অত্যর চীংকার করে বলতে লাগল, মুন্জিব ফিরে এস। কিন্তু সে এমন ভাবে হারিয়ে গেল যে আর কখনও ফিরে এল না। আমি কেন লিখি? এ যেন এমন এক প্রণন, কেন আমি খাই—কেন তেন্টা মেটাই। যদি এই দ্ভিটকোন থেকে এ প্রণেনর বিচার করা রায়, তবে খাওয়া-দাওয়া এবং তেন্টা মেটানোর জন্যে অবশ্য পয়সা খরচ করতে হয়। যথন আমি গভীর থেকে গভীরতায় প্রবেশ করি তখন ব্রুতে পারি, আমি ভূল, কারণ টাকার জন্যেই আমাকে লিখতে হয়।

খাদ্যবস্তুই যদি সংগ্রহ করতে না পারি তবে আমার দৈহিক অবস্থা এমন থাকবে না,—কলমও ধরতে অক্ষম হব। হয়তো বা উপোস দিয়ে মগজকে চাল্ল রাখা থেতে পারে, কিল্তু হাতকেও তো সচল রাখা দরকার। হাত যদি না চলে, তবে অন্ততঃ মুখের বাতই চাল্ল থাক! এ এমন এক ট্রাজেডি ষে, মানুষ ভূখা পেটে কিছুই করার ক্ষমতা রাখে না।

মান্য শিল্প-কলাকে অনেক উধে স্থান দিয়েছে। এর যে ঝাণ্ডা তা স্বগে গিয়ে ঠেকেছে। কিন্তু এ কথা কি অবিস্কুন্বাদীভাবে সত্য নয় য়ে, প্রতিটি শ্রেণ্ঠ এবং মহান জিনিসই এক ট্রকরো শ্রকনো রুটির জন্যে উদগ্রীব?

আমি লিখি, তার কারণ আমি কিছু বলতে চাই। আমি লিখি এই জন্যে যে, লিখে আমি কিছু রোজগার করি এবং রোজগার করি বলেই অনেক কিছু বলতে পারি।

রুটি এবং শিল্প-কলার যে সম্পর্ক তা আপাত দৃষ্টিতে অদ্ভূত বলে মনে হয়। কিন্তু কি করা যাবে, খোদাতাল্লা যে এই দুয়ের সম্পর্ক এভাবেই মঞ্জুর করেছেন। তিনি স্বয়ং নিজেকে সমস্ত বস্তু নিরপেক্ষ বলেছেন, কিন্তু তা সম্পূর্ণ ভাবে মিথ্যা। এই নিরপেক্ষতা এবং নির্লিপ্ততা ঠিক নয়। এর জন্যে এবাদত বা প্রার্থনা প্রয়োজন। আর এই এবাদত যেন খুবই কোমল এবং স্পর্শকাতর রুটির মতো। বরং বলা যেতে পারে, এ যেন ঘি-চুবানো রুটি, আর যে রুটি দিয়ে তিনি নিজের উদর প্তিণ করেন।

আমার প্রতিবেশী কোন মহিলা যদি প্রতিদিন তার শ্বামীর হাতে প্রস্তুত্তর, এবং প্রস্তুত হওয়ার পরমূহতে যদি তার জ্বতা সাফ করতে বসে, তবে তার জন্যে আমার প্রদরে কী অনুকম্পা বা দরদ ধাকতে পারে ? কিণ্ডু আজ-

কাল আমার প্রতিবেশী অনেক মহিলাই তার স্বামীর সঙ্গে লড়াই-কগড়া এবং আত্মহত্যার হুমকি দেখিয়ে সিনেমা দেখতে যায়। আর ঘণ্টা দুয়েক ধয়ে যখন তাদের স্বামীদের আমি ব্যতিবাস্ত বা হয়রান অবস্হায় দেখি, তখন তাদের দুঝনেরই জন্যে আমার মধ্যে এক অভ্যুত ধরণের বেদনা স্থিট হয়। যদি কোন ছোকরা-ছাকরির মহন্বত হয়, আমি সদি হয়েছে বলে তা কখনও মনে করি না। কিল্তু ঐ ছোকরা আমার সমস্ত মন-প্রাণ তার দিকে আকৃত্ট করে, যেন তার জনা হাজার হাজার মেয়ে জান দিতে প্রস্তুত। আসলে সে ভালোবাসার এতই কাঙাল যেন বাঙলার দুর্ভিক্ষ পর্ীড়ত মানুষ। এই প্রেমিক তার ভালোবাসার রঙীন কথার ফালঝ্রিরর মধ্যে যে কর্ণ গুমরে হুমরে ওঠা কালাকে ধরে রাখে, তা আমি আমার হৃদয়ের কান দিয়ে শ্নব

চাকি-পেষাই কারী যে মহিলারা দিন-রাত পরিশ্রম করে এবং রারে নিশ্চিণ্ড ঘুমোয়, তারা আমার কাহিনীর হিরোইন হতে পারে না। আমার হিরোইন হচ্ছে বেশ্যা পট্টীর দুঃখী বেশ্যা, যে সারারাত জেগে কাটায় আরা দিনে ঘুমোয়। আর ঘুমতে ঘুমতে কখনও কখনও বা ভয়াত দ্বণন দেখে জেগে ওঠে, যেন সে বৃদ্ধা হয়ে গিয়েছে, আর বুড়ো বয়সের দিনগর্ভা ষেন তার ঘরের দরজায় সমানে টোকা মারছে। তার ভারি ভারি চোখের পাতার ওপর বহু—বহু বছরের ঘুম জমাট বে ধে আছে। আর এইসব আমার আফ সানা—আমার কাহিনীর বিষয়বদ্তু। ওর ক্লিডটতা ওর অস্ক্রহতা ওর খিটখিটে মেজাজ ওর গালি গালাজ—এসব কিছু আমাকে মুণ্ধ করে। আর তাই আমি ওদের জন্যে লিখি।…ঘরোয়া মেয়েদের যে আলসেমি, তাদের স্কেবাস্থ্য তাদের ন্যাকামি আমার পছণ্দ হয় না।

সাদাত হোসেন মণ্টো লেখে। সে লেখে কারণ সে খোদার মতো মন্তবড় কাহিনীকার বা কবি নয় বলে। তার ভালোবাসা—তার মমতা তাকে লেখার জন্যে প্রেরণা জোগায়।

আমি জানি, আমার খ্ব খ্যাতি আছে। উদ্'সাহিত্যে আমার ভীষণ নাম। যদি জীবনে এই আনন্দ এবং উংফ্কল্লতা না থাকত, তবে জীবন আরও অসাড় হয়ে যেত। আমার দেশ—পাকিস্তান, যেখানে আমি থাকি, সেখানে আমার কোথায় দাঁড়াবার স্থান, তা আজও আমি গতীর ভাবে উপলব্ধি করতে পারিনি। সেজনো আমার রক্ত সব সময় চণ্ডল। তাই আমি কখন পাগলা গারদে কখনও বা হাসপাতালে দিন কাটাই।

আমাকে হামেশাই জিল্পেস করা হয়, আমি কেন মদ ছাড়তে পারছি না ? আমি আমার জীবনের তিন চতুর্থাংশ খারাপ সংসর্গে উৎসর্গ করে দিয়েছি। এখন আমার এমন এক অবস্হা 'খারাপ সংসর্গ থেকে দ্রে থাকা' শব্দটি আমার ডিকশেনারি থেকে গারেব হয়ে গিয়েছে।

আমার বিশ্বাস, খারাপ সংসর্গ বাঁচিয়ে আমি যদি এখন দিন গ্রেম্বরাই তবে আমার জীবন হয়ে উঠবে কয়েদখানার বন্দীর মতো। আর যদি খারাপ সংসর্গ কেটে যায়, তবে তাও আমার কাছে জেলখানার অতিরিক্ত কিছন নয়। তাই কোন না কোন ভাবে যদি আমি মোজার স্থতোর একটা দিক টানতে টানতে বে*চে যাই, তবে তা আমার পক্ষে মঙ্গলকর।